তান্ত্রিক সাধনা ও সিদ্ধান্ত

প্ৰথম খণ্ড

মহামহোপাধ্যায় শ্রীগোপীনাথ কবিরাজ, এম্-এ, ডি-লিট্ পশ্মবিভ্রেণ



Tantrik Sadhana O Sidhanta by Dr. Gopinath Kabiraj

দ্বিতীয় সংস্করণঃ শ্রীপঞ্চমী ১৩৬৪ বর্ণান্দ

প্রকাশক : রথান্দ্রক্মার পালিত, পাবলিকেশন্স্ অফিসার বর্ধমান বিশ্ববিদ্যালয়

মনুদ্রক ঃ এস. কর্ম্ড্র, জয়গরের প্রিশ্টার্স ৪এ, বৃম্পাবন বোস লেন, কলিকাতা-৬



মনীষী মহামহোপাধায় ডঃ গোপীনাথ কবিরাজ জন্ম ৭ সেপ্টেশ্বর ১৮৮৭

তন্ত্রের স্বরূপ, আবির্ভাব ও ভেদ

ভারতীয় সংস্কৃতির আলোচনা করিতে হইলে বৈদিক ও তান্ত্রিক সাধনার স্বর্প উপলব্ধির জন্য প্রাসণিকভাবে তাজিক দৃষ্টিতে বেদ ও তন্ত্রের অন্সধান আবশ্যক। বর্তমান সময়ে এই দুইটি সাধনার কোনটিই সাংকর্যদোষ হইতে মৃত্রু নহে। শৃথ্যু তাহাই নহে, বৈদিক সাধনামূলক স্মার্ত ও পৌরাণিক ধারাও বিশাংশভাবে পাওয়া যায় না—সর্বাহই মিশ্রণ লক্ষিত হয়। যে প্রকার বৈদিক সাধনার বিকাশক্রমে অবাশ্তর ধারার উদ্ভব ও বিকাশ ঘটিয়াছে, ঠিক সেইপ্রকার তান্ত্রিক সংধনার ক্রমেও বিভিন্ন ধারার আবিভাবি ও সাংকর্য ঘটিয়াছে। প্রাচীনকাল হইতে মধ্যযুগ এবং বর্তমান সময় পর্যশ্ত নানা বিষয়ে ভারতের সাংস্কৃতিক ধারাতে বাহ্য ভাবধারার আগশ্তুক প্রভাব অন্পাবিশ্বর পতিত হইয়াছে। ইহা ঐতিহাসিক গবেষণার বিষয়। তাজিক আলোচনাতে ঐতিহাসিক দৃষ্টি উপযোগী নহে; কারণ, তম্ব ও তাহার উল্মেষক্রম কালের ক্রমবিকাশ ও তদ্গত নিয়মের অধীন নহে। যদিও ইহা সত্য যে তল্বন্বেয়ণেরও ক্রমবিকাশ আছে, তথাপি উহা ঐতিহাসিক গবেষণার বাহিরের বিষয়।

প্রাচীন কালের ন্যায় মধ্যযাগে ও বর্তামান সময়েও বৈদিক সাধনার আলোচনা এবং মনন চলিতেছে। ঐতিহাসিক, শান্দিক, পৌরাণিক এবং অন্যান্য দা্লিকোণ হইতে এই বিষয়ে পর্যাপত অন্যান্যন হইতেছে। ইহার মহন্ব ও আবশাকতা অস্বীকার করা চলে না। আধানিক যাগে যোগবিজ্ঞানের দাল্টিকোণ হইতে শ্রীঅরবিন্দ এবং তাঁহার কতিপর অন্যায়ী এই বিষয়ে প্রচার পরিশ্রম করিতেছেন। ইহাও অত্যাত মহন্বপর্ণ কার্য। কিন্তা ইহা সন্বেও এই রহস্যাময় ক্ষেত্রে বহু রহস্য অন্যাতিতই রহিয়াছে।

তান্ত্রিক সাধনা বিষয়েও কিছুদিন হইতে কাষ্যিক্ত হইয়াছে। মহাআ শিবচন্দ্র বিদ্যাণবি, তাঁহার শিষ্য স্যার জন্ উড্রফ্, পরমশ্রশাপদ দ্বামী প্রত্যগাত্মানন্দ প্রভৃতি মনীবিগণ এই বিষয়ে বিপ্ল পরিশ্রম করিয়াছেন। কিন্তু ইহা দিগ্দেশনিমান্ত। প্রাচীন বৈদিক সাধনার ক্রমবিষয়ক অনুশীলন যেমন বহিমুখি, ঠিক সেইপ্রকার তান্ত্রিক সাধনা বিষয়ক আলোচনাও অধিকাংশ ক্ষেত্রে বহিমুখিই রহিয়াছে। তান্ত্রিক সাধনা সম্পর্কে অধিক আলোচনা এখনও হয় নাই। যাহা কিছু হইয়াছে তাহা হইতেও উহার নিগতে রহস্যের উপর আলোকপাত হয় না।

বশ্ত্বরপ জানিতে হইলে তাহার অশ্তরণা জ্ঞান আবশ্যক। সংস্কৃতির প্রতি বিভাগেই একটা দিক্ আছে যাহা রহস্যাচ্ছর বালয়া শৃষ্থ বিশিষ্ট অধিকারীর অধিগম্য। জগতের সকল সংস্কৃতি সম্বন্ধেই ইহা সত্য।

তান্দ্রিক অথবা বৈদিক সাধনার আপেক্ষিক প্রাচীনন্দ্র এখানে আলোচ্য নহে। 'তান্দ্রিক সাধনা' শব্দ ঘারা এখানে শান্তসাধনা ও আনুষণ্যিকরুপে শৈবসাধনা লক্ষিত হইতেছে। কিন্তু মনে রাখিতে হইবে যে বৈষ্ণব ও সৌরাদি সাধন-প্রণালীও বন্তুতঃ তান্দ্রিক পরশ্পরার প্রকাবভেদ মার। সাধনার সকল ক্ষেত্রেই বাহ্য প্রভাব পড়িয়াছে। কিন্তু ক্ষেত্রের বৈশিন্ট্য অনুসারে তং তং প্রণালীর নামকরণ হইয়াছে। বৈষ্ণবন্ধমে পাগুরার ও ভাগবতধারা প্রাচীনকাল হইতেই প্রচলিত আছে। ক্রমশঃ উভয়ের মধ্যে কিছু কিছু মিশ্রণ ঘটিয়াছে। পাগুরার তন্ত্র, সাদ্বত তন্ত্র প্রভাবি গ্রন্থ প্রাচীনকাল হইতেই বৈষ্ণব সমাজে সন্মানিত। বর্তমান সমার পাগুরার সংহিতা লাভতায় হইলেও প্রায় দাইশত সংহিতা গ্রন্থ এখনও উপলব্ধ হয়। বর্তমান নিবন্ধে বৈষ্ণব অথবা অন্য কোনো তন্ত্রের আলোচনা অভিপ্রেত নহে। শৈব ও শান্তগণের তান্ত্রিক সাহিত্য এবং সংস্কৃতির বিভিন্ন অংশের কিন্তিং আলোচনাই উদ্দেশ্য।

বেদ ও তন্ত্র শন্দাত্মক হইলেও বংতত্তঃ উহা জ্ঞানেরই প্রকারভেদ মাত্র।
এই জ্ঞান দিব্য ও অপোর্বেষয়। বহিম্বি দ্বিট অন্সারে বেদ শব্দের
তাৎপর্য যাহাই হউক্ না কেন, বংতত্তঃ বেদের ধ্বর্পে হইল অতীন্দ্রিয়
শব্দাত্মক স্ক্রেয় জ্ঞানবিশেষ। মন্ত্রদশী ঋষিগণ এই জ্ঞান প্রাণত হইয়া সর্বজ্ঞ
হইতেন এবং চরমান্থিতিতে আত্মজ্ঞান প্রাণত করিয়া জ্লীবন সফল করিতেন।
এইজন্য প্রাক্তেপ লিখিত আছে—

'যাং সক্ষাং নিত্যামতীন্দ্রিয়াং বাচং ঋষয়ঃ সাক্ষাংকৃতধর্মাণো মন্দ্রদৃশঃ পশ্যনিত, তাম অসাক্ষাংকৃতধর্মেভ্যঃ পরেভ্যঃ প্রতিবেদয়িষ্যমাণা বিলাং সমামনন্ত, শ্বন্ব্যিমব দৃষ্টশ্রতানভ্তেমাচিখ্যাসতে ।'

অর্থাৎ যাঁহারা ধর্মতন্ত্বের সাক্ষাৎকার করিয়াছিলেন এমন সব ঋষিব দৈ নিত্য ইন্দ্রিয়াতীত সক্ষা বাক্যের প্রদর্শন করেন। যাঁহারা ধর্মতন্ত্ব সাক্ষাৎকার করেন নাই, তাঁহারা উহা দর্শন করিতে পারেন না। সকল ব্যক্তিকে সক্ষা বাকের জ্ঞান দান করার জন্য ঋষিগণ ঐ অতীন্দ্রিয় বাক্কে ইন্দ্রিয়গোচর বেদ-বেদাণ্য-রুপে প্রকট করেন। এই বেদ ও বেদাণ্যই বিল্যাপদবাচ্য।

শ্বণনান্ত্তি প্রকাশিত করিবার জন্য যেমন স্থালেন্দ্রিয়গোচর বাণীর আশ্রয় নেওয়া হয়, ঠিক সেইপ্রকার অতীন্দ্রিয় সক্ষ্মে বাকের নির্পোণ্ড আবশ্যক। এই সক্ষেম বাক্ই পরাবাক্। বদ এই অতীন্দ্রিয় নিভাবাকের অবতীর্ণ রপেমান্ত—ম্বর্প নহে। কারণ, মশ্রদ্রণী ব্যতীত অন্য কাহারও নিকটে বেদের ম্বর্প প্রকট হইতে পারে না। বঙ্গত্তঃ বেদ এক এবং ম্বর্পতঃ অভিন্ন। উহা বোধাত্ম কিন্তু অভিব্যক্তির সময়ে বাগাত্মক হইয়া শুনক্রমে প্রকাশিত হয়। এই বেদই রক্ষপ্রাণ্ডির উপায়। অহংকার গ্রন্থি—অহম্ (আমি) এবং মম (আমার) রপে প্রকাশিত হয়। এই গ্রন্থি ছিন্ন করিয়া উত্তীর্ণ হওয়াই রক্ষপ্রাণ্ডি। প্রচলিত বেদের বিভিন্ন আন্নায় রহিয়াছে। এই সকল ঐ অনাশ্নাত অখন্ড বেদের অন্করণমান্ত। আচার্য ভত্ত্রিও প্রচলিত বেদ সকলকে অনুকার বিলিয়া বর্ণনা করিয়াছেন।

বেদের ন্যায় তন্দ্রক্ষত বোধাত্মক ও বাগাত্মক। শিবসমবেতা শক্তির দুইটি রশে আছে—একটি জ্ঞান, অপরটি ক্রিয়া। জ্ঞানর্পা শক্তি পর ও অপরভেদে দুইপ্রকার। পরজ্ঞান বোধাত্মক ও অপরজ্ঞান বাগাত্মক। বাগাত্মক জ্ঞান শাদ্দ-ম্বর্পে প্রতিষ্ঠিত। বোধাত্মক পর্জ্ঞান, বাগাত্মক অপরজ্ঞান বা শন্দের উপর আর্ঢ়ে হইয়া অর্থপ্রকাশনে প্রবৃত্ত হয়। সাত্মত সংহিতাতে পরজ্ঞানকে শিবের সাক্ষাংশক্তি ও অপরজ্ঞানকে তন্দ্র বিলিয়া বর্ণনা করা হইয়াছে। বিশ্বস্থিত উন্মেষকালে ভগবান্ পরাপর মুক্তি সম্পাদনের জন্য জ্ঞানের প্রকাশ করেন। স্বর্পপ্রম প্রস্কারণ নিত্কল শিব হইতে অব্বোধর্পে জ্ঞানের নাদাত্মক প্রসার

১ স্ক্রা বাক্ বলিতে প্রবাক্ই ব্রিতে হইবে। এই সংগ্রুণ দুইটি মত আছে

—শব্দুলারাদীর মতে স্ক্রা বাক্ বিন্ধুর কার্ণ ও শব্দুল্ভাত স্ক্রা বাক্
স্বান্ধানত শৈবমতে স্ক্রা বাক্ বিন্ধুর কার্ণ ও শব্দুল্ভাত । শৈবদ্দিউতে স্ক্রা বাক্
প্র্যুসমবেতা শত্তি নহে। উহা আত্মতে অবিভব্তর্পে অবন্ধান করে। প্রবাক্ কারণ
ও নিত্য নহে, কিন্তু কার্ব এবং অনিত্য। ইহারই নাম শব্দুল্লার্ক বর্ণি অথবা স্বাণ
ইহাকে ভেন করিতে পারিলেই বিকেক-জ্ঞানের উদ্য় হয় ব্রিতে হইবে। শব্দুল্লার্ক হইকে
হইলেই মাল্রের উদ্য় হইল ব্রিতে হইবে। শব্দুল্লান্ধার মতে স্ক্রা বাক্ পশান্তী হইতে
অভিনে কিন্তু শাল্তমতে উহা আত্মার অথবা প্রমাশ্বের প্রাণ্ডিন্বর্প। যথন আত্মন্বর্পে
নিজের ন্বর্পদর্শন করিবার ইচ্ছা উৎপন্ন হয়, তথন প্রকাশাংশ ও বিমশ্যেশ অথাৎ শান্তা ও
অন্বিকাশ্বি উভ্যের মধ্যে সামরস্য ঘটে। ইহারই নাম প্রাবাক্ অথবা প্রামাত্কা, বাহার
মধ্যে ছিন্তা তত্ত্বসমন্থিত বিশ্ব বীজ্যিথত ব্লের ন্যায় অব্যুর্পে বিদ্যান থাকে এবং
স্তিকালে অভিব্যক্ত হয়।

২ বঙ্গতঃ বেদের যথার্থ প্রর্পই প্রণব—''স হি সব'ং শব্দার্থপ্রক্তি।'', 'সবা বাচো বেদমন্ত্রিকটাঃ' । 'নাবেদবিশ্যন্তে ব্রহ্ম কিজিং' ।

ঘটিরা থাকে । তাহার পর নাদাত্মক জ্ঞান সদাশিব রুপে আশ্রম্ন করিয়া তক্ত অথবা শান্টের রুপে গ্রহণ করেন । এইজন্য পৌন্টকরাগমে শান্টকে নাদর্পে বলা হইয়াছে । নাদর্পে প্রসৃত এই অববোধাত্মক বিমল্জ্ঞানের পাঁচটি ধারা আছে—প্রে, দক্ষিণ, পশ্চিম, উত্তর ও উধর্ব । নিক্ষ্কল পরমশিবে বাগাদি ইন্দ্রিরের সম্ভাবনা না থাকিলেও নাদের সম্ভাবনা থাকে । অয়ম্কান্তের যেমন লোহাকর্ষণ সামর্থ্য, ইহাও কিয়দংশে তাহারই অন্তর্প । শাস্ত্র শৃন্ধ আত্মবর্গকে ভবসমন্ত্র হইতে উম্ধার করিয়া থাকে ।

শাস্তভানের প্রকাশ এইপ্রকারে হইরা থাকে। তন্তান্সারে এই জ্ঞান পর ও অপর ভেদে দ্ই প্রকার। বন্তাভঃ ইহা অনন্ত। যে জ্ঞানের দ্বারা পশা বা জীবের তত্ত্ব জ্ঞানা যাইতে পারে অথবা পাশ বা মায়িক জগতের অর্থাবোধ হইতে পারে উহার নাম অপরজ্ঞান। ভগবৎতত্ত্বের প্রকাশক জ্ঞানই পরস্ক্ঞান। ভগবৎতত্ত্বের শিবাত্মক প্রকাশ হইতে প্রবৃত্তি শিবের প্রকাশক জ্ঞানই শিবজ্ঞান। আগব আত্মার মায়াখ্য এবং কামা বন্ধন ছিল্ল করিয়া আত্মাকে আগবমল হইতে মাজিদান করা শিবজ্ঞানের মহত্ব। ইহা প্রকাশিত হইলে শিবত্বের অভিব্যান্ত হয়। পারেরি পশা অথবা পাশজ্ঞান হইতে শিবজ্ঞান সর্বদা প্রথকা, ইহা স্মরণ রাখিতে হইবে।

অন্বৈত মতান্সারে জ্ঞানের অবতরণক্রম এইপ্রকারঃ পরাবাক্ অবশা সকলের মলে। ইহা বোধন্বর্প ও প্রেন্থিতি। যাবতীর ভাব এই শ্রিতিতে প্রে থাকে। ইহাকেই পরমপরামশ বলে। অনন্ত শাস্ত পরবোধর্পী পরাবাকে বর্তমান থাকে। স্থিতির উন্মেষকালে পরাশ্রিত শাস্তাদি ক্রমশঃ নিন্দভ্রিমকাতে অবতীর্ণ হয় অথবা বহিম্ব থ রপে লইয়া প্রকাশিত হয়। সর্বপ্রথমে পরমবোধর্পে অহংজ্ঞানের উদয় হলয়াভান্তরে ঘটিয়া থাকে। এই অবশ্রায় পরমবোধ অস্ফ্ট থাকে। এই বিমশ স্ভাবে বাচ্যবাচকভাব থাকে না। পশ্যান্তীভ্রির অবশ্রায় আশ্তর পরামশ অসাধারণর্পে উদিত হয়। এইজন্য প্রত্যবমশনকারী অংখা বাচ্যার্থের পরামশন ব্যাপারে অর্থকে অহন্তা ন্বায়া আচ্ছাদিত করিয়া অভিবাস্ত করে। ইহার পর মধ্যমা ভ্রির অন্তরালে বাচ্যবাচক স্বভাবসহকারে উদিত হয়। কিন্ত্র এই উল্লাস বেদ্যবেদক প্রপঞ্জের উদয় হইতে ভিল্ন। এই মধ্যমা ভ্রিতে পরমেন্বর আপন স্বর্পকে দ্বই অংশে বিভন্ত করিয়া স্বয়ংই গ্রুর ও শিষ্যর্প ধারণ করেন। এই কলিপত গ্রুর্-শিষ্য ভাবের সাহায্যে গ্রুত্ভক্তান প্রকট করেন। তা ঐ সময়ে সদাশিব নামক

গ্রা কে, শিবাই বা কে? বস্তাভঃ অংবয়মার্গে পরমার্থসন্তার প সংবিদ্ধ সব
কিছা। প্রশন্ত শিব্য এবং প্রতিবভা গ্রের বসতাভঃ অভিল। পারমার্থিক ও প্রেপ্রভাব

গর্র এবং ঈশ্বর নামক শিষ্যের আবিভবি হয়। গ্রের অথবা সদাশিবে পরমেশ্বর নিজের পণ্ণান্তি অর্থাং চিং, আনন্দ, জ্ঞান, ইচ্ছা এবং ক্রিয়া পণ্ণ মাথের রংপে প্রকট করিয়া থাকেন। সদাশিবের এই পণ্ণমাথের সংঘটন হইতে পণ্ণস্থোতাময় অভেদ, ভেদাভেদ এবং ভেদদশা প্রকট হইয়া থাকে। তং তং প্রভেদ সহিত বৈচিত্রাময় নিখিলশাশ্ব এই ভাবেই আবিভর্ত হইয়া থাকে। কিশ্তর আবিভর্ত হইয়া থাকে। কিশ্তর আবিভর্ত হইয়া থাকে। কিশ্তর আবিভর্ত হইয়া থাকে। কিশ্বর আবিভর্ত হইয়া থাকে। কিশ্বর আবিভর্ত হইয়া থাকে। কিশ্বর আবিভর্ত হইয়া থাকার বায় এই সকল পরিক্তৃত হইয়া শাশ্বের র্পে এবং আকার ধায়ণ করে।

বস্ত; সংবিদাত্মক । ইহাই পশাশতী প্রজ্যতি জ্মিকে স্পর্শ করিয়। বৈধরী জ্মি প্রযুক্ত স্ফীত হয় । এই স্বসংবিদ্রে সংক্ষিত হইয়া প্রমাত্রে;প শিবজ্মি অবভাসন করিয়। প্রশনকর্তা সাজেন । বস্ত;তঃ সংবিদ্রে প্রশনকর্তা । বস্ত;তঃ প্রশন ও উত্তর অথবা শিষ্য ও গ্রের উভরেই সংবিশ্যাত ।

গ্রের্শিষ্যপদেশ্বেব বেদ্যভেদোহপাতাত্তিরকঃ।

প্রণামী চ প্রতিবন্ধানী চ দ্বরং দেবী ব্যবস্থিতা ।। তদ্মালোক ১০।২৫৬
সংশার ও নিশ্চর ব্যুত্তঃ এক । সামান্য প্রতীতি সংশার।ত্মিকা, বিশেষ প্রতীতি নিশ্চরাত্মিকা।
বেদান্তদেশিকাচার্য 'ভত্তন্ম্বাকলাপে' বলিরাছেন যে ঈশ্বরই অভিনয়ছেলে আচার্য এবং
শিষ্যের ভ্রিকা গ্রহণ করিয়া থাকেন।—

যাজিপ্রশেনান্তরাদেন হি পার্বাভিদাং বান্ধিভেদং চ ভারা।
তদমাদা বাহাদিভেদে কতিচন পার্বায় সায় পরেগানাবংখাঃ।
তদ্ধভিদশীলঃ দ্বর্মাভিন্যতি দ্বান্তাং স্বাবেদী
তদ্ধভিদ্যাদিব তিস্তিস্তিমিহ স্তাং শিক্ষন সান্কংপঃ।।

উদয়নাচার্যের মত এই—মায়াবৎ সময়াদয়ঃ (নায়ক্বস্মাঞ্জাল, ২র মতবক)। মীমাংসকগণ স্থিতপ্রলয় দ্বীকার করেন না। সেইজনা তাঁহাদের দ্থিততৈ বৈদিক সাধনা-পরম্পরার লোপের প্রশনই উঠে না। নৈয়ায়িকগণ প্রলয় এবং প্রলয়ান্তে আজনব স্থিত দ্বীকার করিয়া থাকেন। তথাপি কোন দোবের সম্ভাবনা নাই। স্থিতির আদিতে সকলেই থাকে বলিয়া সময় গ্রহণের প্রদ্ন উঠে। তাই শব্দ বাবহার লপ্প হওয়ার আশংকা থাকে। কারণ, শব্দ বাবহার দ্খা বাবহারের অনুর্প। সেইজনা আদেশ অর্থাৎ প্রদর্শক না থাকার দর্শ ঘটাদির নিমাণ প্রভাতের সংগতি থাকে না। কিন্তু নৈয়ায়িকগণ বলেন 'দ্বগাদে স্বয়মেব পরিস্কৃহতিপ্রয়োজ্যপ্রয়োজকব্দ্ধশ্রীরবাবহারস্য পরমেশ্বরস্য বাবহারত এব স্ক্রঃশ অর্থাৎ ক্রিয়াও ক্রলালাদিবিগ্রহধারী ভগবান্ হইতে সিম্ধ হইয়া থাকে। ইহার তাৎপর্য এই গ্রের্শিষ্যভাব ধারণ করিয়া পরমান্তাই জ্ঞান এবং ক্রিয়ার উপদেশ দান করেন।

মালিনীবিজ্ঞার বাতি কৈ কথিত হইয়াছে যে বিশ্ব বাচ্য এবং বাচক ভেদে দুইপ্রকার। বাচক অংশ শুন্থ অথবা দিব্য এবং মানব ভেদে দুই প্রকার। শৈবাগম দিব্যশন্দ অথবা পরমবিমশের প্রক্রের্প। প্রক্রে মানবীয় বাক্ বিশন্দ বিমশের রূপ।

অন্দৈত আগমের সিম্পান্ত এই যে, যে সকল শান্তের প্রকাশ জগতে হইরা গিরাছে এবং যাহাদের প্রকাশ এখনও হয় নাই এবং যাহারা প্রকাশিত হইরা লাই ত হইরা গিরাছে, সবই পরাবাকে পরবোধরপে নিতা বর্তমান রহিয়াছে। উহাই ত সের পরম শ্বর্প। পশ্যন্তী প্রভৃতি ভ্রিতে পরবোধাত্মক শাশ্য তং তং ভ্রিয়র বৈশিষ্টা সহ অভিবাক্ত হয়।

পরবাধ ক্রমশঃ যে প্রণালীতে নিশ্নতম ভ্রিম পর্যশত অবতীর্ণ হয়, উহাই বাশ্তবিক পক্ষে ভন্মতান্মারে আবিভাবের প্রকার। ইহা কোন ঐতিহাসিক বিশিষ্ট কালে সংঘটিত ঐতিহাসিক ক্রমের ব্যাপার নহে। প্রথমে এই মহাজ্ঞান অহংজ্ঞানের র্পে ধারণ করিয়া অশ্তরে শহ্রিত হয়, ইহা অসাধারণরপে হইয়া থাকে। এই অবশ্থায় বাচ্য ও বাচক অর্থাৎ শন্দ ও অর্থ পরুপর প্রকরপে ভাসমান হয় না। এই অবশ্থাতে ইদংরপে বাচ্যার্থের ভান হয় না। প্রতাবমর্শনকারী প্রমাতা বাচ্য অর্থের পরামর্শ মাত্র করিয়া থাকেন। বাচ্য-বাচক ভাব তথনও থাকে না। ইহা হইল পশ্যশ্তী ভ্রমির কথা। ক্রমশঃ বহিম্ব্রভাবের বৃশ্বি হইলে কিছ্র কিছ্র বিলক্ষণতা অন্ত্রত হয়। সর্বপ্রথম বেদ্যাবেদকরপে প্রপঞ্জের উনয় হয় এবং ইহা হয় অশ্তরে। ইহার পর ঐ মহাজ্ঞানে বাচ্য-বাচক ভাবের আবিভবি হয় কিশ্তু ইহা হয় ভিতরে, বাহিরে নহে। এই ভ্রমিট মধ্যমা পদবাচ্য। এই সময় বিশ্বগ্রহ্ম পর্যমেশ্বর হইতে অনশ্ত শান্তের স্পন্ট অবতরণ ঘটিয়া থাকে, ইহাতে নানাপ্রকার ভেদ প্রভেদ বিদ্যমান থাকে।

উপরিবর্ণিত চিং, আনন্দ, ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া এই পাঁচটি স্রোতের প্রত্যেকটিতে দুইটি অবস্থা আছে। একটি উল্ভব-উল্মুখ বলা যায় এবং দ্বিতীয়টি উল্ভবে। শিবের এই পশুমুখের শাস্ত্রীয় নাম ঈশান, তংপারুষ, সদ্যোজাত, বামদেব এবং অঘোর। বর্তমান প্রবন্ধে 'ঈ', 'ত', 'স', 'বা', 'অ'— এই সংকেত শ্বারা ইহাদিগকে ব্ন্মান হইবে। আগমের মতান্সারে মহেশ্বের স্বর্প এক, কিল্ত্ব শান্তবর্গের স্লব্ধভেদবশতঃ উহাতে অনেকত্ব এবং ভেদের উপচার হইয়া থাকে এবং ইহার ফলে ভেদাভেদ-প্রধান এবং অভেদ-প্রধান অবস্থার উলয় হয়।

মহেশ্বরের ভেদপ্রধান অবন্ধা দশটি এবং ভেদের প্রতিপাদক আগমও ম্**লে** দশটি। ইহাদের আবিভাবি প্রণালী এইপ্রকারে বর্ণিত হইয়া থাকে— উল্ভব-উল্মুখ 'ঈ', 'ড', 'স' এই তিন মুখ হইতে একেকটি এবং উল্ভত্ 'ঈ', 'ড', 'স' এই তিন মুখের একেকটি। তারপর 'ঈ', 'ড', 'স' ইহাদের দ্বিমুখ মিলন হইতে একেকটি, এই প্রকারে মোট নয়টি। 'ঈ', 'ড', ও 'স'-এর বিমুখ মিলন হইতে একটি। সমণ্টিতে এই দশটি ভেদপ্রধান আগম প্রকট হইয়া থাকে। ইহাদের নাম এইপ্রকার—কামিক, যোগজ, চিল্ডা, মুকুট, অংশ্মান্দীত, অজিত, সুক্ষা, সহস্র ও সুপ্রভেদ।

পরমেশ্বরের ভেদাভেদ প্রধান দশা অথবা রোদ্র অবস্থা আঠারোটি। ইহা হইতে প্রবৃত্ত রোদ্রাগমের বিবরণ এইপ্রকার—'বা', 'অ' দুইটি একক, শেষ তিনটি একক 'ঈ', 'ত' ও 'স' ভেদপ্রধান অবস্থার অন্তর্গত ইহা পর্বেহি দেখানো হইয়াছে।

ইহাদের নির্পেণ ভেদপ্রধান তন্তের বিবরণে করা হইয়াছে। 'ত' এবং 'স' এর মধ্যে সংগতি হয় না। ত-বা, স-বা, স-অ, ত-অ এইগ্রিল বাদ গিয়াছে কারণ 'ত', 'স', 'বা', 'অ' ইহাদের মধ্যে দুই দুই অথবা চার চার মিলন হইতে পারে না।

৪ এই স্থানে দশ শিবজ্ঞানের বিবরণ আচার্য জয়রথের বিবরণের আখারে প্রদন্ত ইইল ।
কিরণাগম অনুসারে নাম করটি এইপ্রকার—কামিক, যোগজ, চিল্ডা, কারণ, অজিড, দীপ্ত,
সক্ষা, সহস্য, স্প্রভেদ ও অংশ্মং। কিরণ-আগমের দ্বিটিতে প্রেক্তি শিবজ্ঞান দশটি
আত্মজ শিবের প্রক্ প্রক্ জ্ঞান। কামিক প্রণব শিবের জ্ঞান, যোগজ স্বধাথ্য শিবের
জ্ঞান, চিল্ডা দীপ্তার্থা শিবের জ্ঞান, কারণ কারণাথা শিবের জ্ঞান, অজিড স্বিশ্বের জ্ঞান,
স্ক্রি শিবের জ্ঞান, স্ক্রি শিবের জ্ঞান, সহস্য কালশিবের জ্ঞান, স্প্রভেদ গবেশ শিবের
জ্ঞান এবং অংশ্বাংহ অংশ্বশিবের জ্ঞান।

দ্ধ - স - ত — এক দ্ধ - বা - স — এক দ্ধ - অ - ত — এক দ্ধ - স - বা — এক দ্ধ - স - অ — এক দ্ধ - বা - অ — এক ত - স - বা — এক	এই সবগ্রিল ত্রিক। 'ঈ', 'ত', 'স' ভেদপ্রধান হওয়ার দর্শ বাদ গিয়াছে এবং 'ঈ', 'বা' 'অ' ইহার নিয়োগ সম্ভবপর নহে।
ত - স - অ — এক ত - বা - অ — এক স - বা - অ — এক	}
ঈ - ত - স - বা — এক ঈ - ত - স - অ — এক ঈ - ত - বা - অ — এক	এই চারিটি চত্ত্ত । 'ত', 'স', 'বা', 'অ' ইহার সংগতি হয় না - এবং ইহা দ্বিক বা চত্ত্ত্ত্তে মিলিত হইয়া জ্ঞানের উৎপাদন

করে না।

ঈ - ত - স - বা - অ — ইহা একটি পঞ্চক।

के - म - वा - ख - वक

এইপ্রকারে দুইটি একক, তিনটি দ্বিক, আটটি বিক, চারিটি চত্ত্ব এবং একটি পশুক—ইহাদের মিলন হইতে অন্টাদশ রোদ্র আগম উৎপার হইরা থাকে। ইহাদের নাম এইপ্রকার—বিজয়, নিঃশ্বাস, মদ্গতি, পারমেশ্বর, মুর্থবিশ্ব, সিম্প, সম্তান, নার্রসংহ, চম্নাংশ্ব, বীরভদ্র, আন্নেয়, স্বয়ম্ভ্র, বিসর, রোরব, বিমল, কিরণ, লালত, সোমেয়। কোন কোন স্থানে মদ্গতি স্থানে প্রোদ্যতি নামের উল্লেখ পাওয়া যায়। উধর্বপ্রাতে শিব এবং রুদ্র এই দুইপ্রকার জ্ঞান আছে। ই'হাদের শাস্ত্র আগমর্পে উপরে বর্ণিত হইয়াছে। ভেদপ্রধান দশটি শৈবাগম এবং ভেদভেদ-প্রধান আঠারোটি রোলাগমের উল্লেখ করা হইয়াছে। পরমেশ্বরের অভেদপ্রধান চোর্যাট্ট দশা আছে। ঐগ্রুলি ভৈরবাগমের সহিত সংস্কৃত। শিবের দক্ষিণ মুখকে যোগিনীবন্ধ্র বলা হয়। এইটি শিবশক্তির অম্বর এবং সংঘট্তরপে। অন্যান্য মুখের মধ্যে প্রত্যেকের উদ্ভবোম্মুখ, উদ্ভ্তে, তিরোধানোম্মুখ ও তিরোহিত এই চারিটি স্বর্প আছে। এই চারিটি মুখে যোলটি ভেদ নিহিত আছে।

৫ কির্ণাগমের মতে অন্টাদশ রুদ্রাগম এইপ্রকার—বিজয়, পারমেশ, নিঃখবাস, প্রোদ্পীত, ম্থবিন্ব, সিন্ধমত, সক্তান, নারসিংহ, চন্দ্রহাস, ভদ্র, স্বায়ংভ্বে, বিরস্ত, কৌরব্য, ম্কুট, কির্প, লীলত, আশেনর ও পর।

শধন একই সময়ে চারিটি মুখ অশতলীন হইয়া প্রশ্পর মিলিত হয়, তথন চৌষট্রি প্রকার অম্বয়প্রধান ভৈরবাবন্ধার আবিভাব হয়। এই দক্ষিণ হাদিশিগ সর্বসংহারক বলিয়া কৃষ্ণবর্ণ ও তিমির্পী। ইহা ভেদভাবের মায়ীয় তেজঃ অংশকে গ্রাস করে এবং অশতরে অনশ্ত স্থিটির তত্ত্বসমূহ আরা প্রেণ থাকে। এই দক্ষিণ মুখ বৈস্থিতিক, হাদ এবং শ্বতশ্ত শিবশ্বর্প। যখন ইহাতে একই সময়ে অবশিষ্ট চারি মুখের লয় ঘটে, তখন ভৈরব আগমের আবিভাব হয়। যোল প্রকার ভেদ তখন অশ্তমিত হয়। এইজন্য এই অবশ্বাটিকে অম্বয় বলে।

প্রম্থানভেদে ভৈরবাগমের বিভাগ এইপ্রকার—

- ১। ভৈরবান্টক—শ্বচ্ছন্দ, ভৈরব, চন্ড, ক্রোধ, উন্মন্ত, অসিতাণ্গ, মহোচ্ছ্মে, কণ্কালীশ।
- ২। যামলাণ্টক—ব্রহ্মা, বিষ্কৃ্, রুদ্র, আথব'ণ, রুবৃ্, বেতাল, স্বচ্ছন্দ।
- ৩। মতাখ্যাণ্টক—রক্তাথ্য, লম্পটাথ্য, লক্ষ্মী, মন্ত, চালিকা, পিণ্গল, উৎফ্স্লক, বিশ্বাদ্য।
- ৪। মণালান্টক—ভৈরবী, পিচ্বতন্ত, সম্দ্ভব (দ্ইপ্রকার), রান্ধীকলা, বিজয়া, চন্দ্রখ্যা, মণালা, সর্বমণালা।
- ৫। চক্রাণ্টক মন্ত্রচক্র, বর্ণচক্র, শক্তিচক্র, কলাচক্র, বিন্দু,চক্র, নাদচক্র, গহোচক্র।
- ৬। শিখান্টক—ভৈরবী, বীণা, বীণামণি, সম্মোহ, ডামর্, আথব্বক, কবন্ধ, শিরশ্ছেদ।
- ৭। বহরেপাণ্টক—অন্ধক, র্রেভেদ, অজাখ্য, মলসংজ্ঞক, বর্ণকণ্ঠ, বিভণ্গ, জনালিন, মাত্রোদন।
- ৮। বাগীশান্টক—ভৈরবী, চিহিকা, হংসাথা, কাদন্দিকা, হাল্লখা, চন্দ্রলেখা, বিদ্যান্দ্রাল।

এইটি সদাশিবচক্র—ইহার চৌষটি ভেদই চত্রংযণ্টি আগম। শিবের প্রত্যেক মুখে পাঁচটি অবাশ্তরভেদ আছে। আগমের উপভেদ বশ্তরভঃ অসংখ্য।

একৈকং পণ্ডবন্ধ্ব: চ বন্ধ্ব: যস্যাং প্রগীয়তে । দশান্টাদশভেদশ্চ ততো ভেদেবসংখ্যতা ॥

শ্রীকণ্ঠীতে তন্দ্রাবতার বিষয়ে লিখিত রহিয়াছে যে তংপরুরুষ বন্ধত্র হইতে আটাশ প্রকার গারুড় স্থদয়ের আবিভাব হয়। পশ্চিমবন্ধত্র হইতে ভ্ততন্ত্রের ও দক্ষিণবন্ধত্র ইতে চন্দ্রিশ প্রকার দক্ষিণ মার্গের আবিভাব হয়।

এই আলোচনা হইতে স্পণ্ট বৃত্তিত পারা যায় যে তন্দ্রের মূল স্বর্প পরাবাক্"রপে। ইহাই ভগবানের পরাশক্তি। অবতরণক্তমে নিখিল বেদ্যের স্ফরেণ হয়। এই অবস্থায় কালগত অতীত, অনাগত ও বর্তমানের ভেদ থাকেনা; ভেদ স্বাদ্ধা হইতে অভিন্নরপে বা তদ্রপে ভাসমান হয়।

বঙ্গতাতঃ এইটি আত্মবাধের অবঙ্গা। এথানে বাচক শংশের অভিতন্ধ নাই এবং বাচ্য অর্থেরও অভিতন্ধ নাই। দ্বিতীয় ভ্নিতে অর্থ ইদংর্পে প্রতীভ হয়। এই ভতরে অর্থ বাচ্য, এবং শব্দ, ভিন্নাবংথাতে, বাচকর্পে প্রকাশ পায়। এই ভতরে স্ক্রের্পে ধাবতীয় শাল্য বাচক শংশের আশ্রয়ে আবিভ্রতি হয়। আত্মা শব্দংই বক্তা গ্রের্ এবং শ্রোতা শিষ্যরপে প্রকট হন। এইটি মধ্যমা ভ্রিয় ব্যাপার। এই ভ্রিতে সর্বশাল্য নিত্য প্রকাশমান। ইহার অভ্য অংশ বৈথরীরপে ভ্রেলিন্দ্রের বিষয়ীভ্তের্পে আমাদিগের নিকট প্রকট হয়। অবশিত্ব শাল্য ঐথানেই থাকিয়া যায়। মধ্যমাভ্রিতে অনেকপ্রকার অর্পার্মেয় জ্ঞানবিজ্ঞান বিদ্যমান রহিয়াছে। যোগী এবং জ্ঞানী প্রয়োজন অন্সারে ঐ ভ্রিয় হইতে জ্ঞান আহরণ করিয়া থাকেন। ছান্দোগ্যাপনিষদের দহরবিদ্যাপ্রকরণে এই বিষয়ের কিণ্ডিং আভাস আছে। আচার্য ভত্ত্রির বলেন—'ঋষীণার্মাপ বজ্জ্ঞানং তদ্যাগ্যমহত্ত্বক্ম্'। সাধারণ দৃষ্টিতে প্রতিভ্জ্ঞানকে 'অনৌপ্রদিশিক' বলিয়া বর্ণনা করা হয়। ইহা আগম ও স্বর্ণবিষয়ক।

পর্বপ্রদর্শিত ক্রমে অবতরণের প্রথম ভ্রিষ্ট প্রাতিভজ্ঞান। এই বাচ্য-বাচক বিভাগশ্ন্য পশ্যান্তীভ্রিষতে উপদেশ্যা ও উপদেশ্যে ভেদ থাকে না। অনৌপদেশিক জ্ঞানের মালে আগম আছে, ইহা সত্য, কারণ পরাবাক্ অথবা আগমই পশ্যান্তী অথবা প্রতিভার নিদান। তশ্বের অবতরণক্রম বিষয়ে যোগী অম্তানন্দের দ্বিণ্ট মহন্ত্বপূর্ণ। তিনি বলেন—

বিমশরেপিণী শান্তরস্য বিশ্বগরেরঃ সদা। পরিস্ফরেতি সৈকাপি নানাভাবার্থরিরপিণী।।

মহাম্বচ্ছন্দ তন্ত্রে কথিত হইয়াছে—

গর্র্শিব্যপদে প্রিত্তা প্রয়ং দেবঃ সদাশিবঃ। প্রশোক্তরপদৈবাকৈয়ং তল্তং সমবতারয়ং॥

অমৃতানন্দ আরও বলিয়াছেন—

"প্রকাশাত্মকঃ পরশিবোহহমেব বিশ্বান্গ্রহপরঃ পরা-পশ্যন্তী মধ্যমা-বৈথরীক্রমেণ ব্যাপ্তা বিমশ্থিশেন প্রকটো ভ্রো প্রকাশাংশেন প্রতিবচনদাতাপি সন্ তন্ত্রং সমবতারয়ামি ॥"

তান্ত্ৰিক সংস্কৃতি

এক

আমাদের প্রাচ[্]ন সংক্তির ন্বরূপে সম্বন্ধে অনুসন্ধান করিবার প্রবৃত্তি বর্তমান যাতে আমাদিগের মধ্যে ক্রমশঃ জাগিয়া উঠিতেছে, ইহা আনন্দের বিষয়। বেদ এবং লাক্তপ্রায় বৈদিক-সাহিত্যের পানরান্ধারের জন্য পাশ্চাত্য ও ভারতীয় বিশ্বংসমাজ সুদীর্ঘকাল হইতে অক্লাত পরিশ্রম করিয়া আসিতেছেন, ইহা সকলেরই পরিজ্ঞাত। তংকালীন ভারত সরকার ম্বারা প্রাতম্ববিভাগের প্থাপনার সময় হইতে ভারতের প্রাচীন ইতিহাসের বিভিন্ন ক্ষেত্র—বিশেষতঃ স্থাপতা, ভাস্ক্য', মুদ্রা, শিলালেখ প্রভৃতি বিষয়ে—অসংখ্য বিস্তৃত তথ্য উদুঘাটিত হইয়াছে। দেশের সৌভাগ্যবশতঃ তান্ত্রিক সংক্রতিবিষয়ক অন্বেষণ-কার্য ক্রমশঃ সফলতা লাভ করিতেছে। বর্তমান যাগে বিক্ষাতপ্রায় বৈদিক-সাহিত্যের পনের খার্রবিষয়ক প্রার্থামক উদাম যেমন মোক্ষমলের প্রভাতি পাশ্চাতা মনীষিগণ করিয়াছিলেন, ঠিক সেইপ্রকার বিক্ষাতপ্রায় তান্ত্রিক-সাহিত্যের দিকেও সর্বপ্রথম পাশ্চাতা পশ্ভিতগণেরই দুষ্টি আকৃষ্ট হইয়াছিল। এই বিষয়ে স্যার জন: উড়ারফা ওরফে আর্থার এভালনের কথা আমরা কখনও বিশ্বত হইতে পারিব না। যদিও বিভিন্ন স্থান হইতে আংশিকভাবে তান্দ্রিক গ্রন্থসমহের প্রকাশনকার্য হইতেছে. তথাপি কোনো প্রতিষ্ঠান এখনও পর্য নত সামর্হিকরপ্রে এই মহানু কাষে বতী হয় নাই। ইহা অতান্ত আনন্দের বিষয় যে বত'মান সময়ে বারাণসীর সংস্কৃত-বিশ্ববিদ্যালয় এই মহান্ কার্যে উৎসাহী হইয়াছেন।

এই কার্য কাশীর পক্ষে উপযান্ত সন্দেহ নাই। ভারতীয় আধ্যাত্মিকক্ষেত্র প্রায় সকল সাধনার জন্যই কাশীর বিশিষ্ট স্থান রহিয়াছে। আমার মনে হয় বন্ধদেবের সময় হইতেই—অথবা তাহারও পর্ব হইতে—বিদ্যাক্ষেত্ররেপে কাশী সম্প্রসিক্ষ। ইহা ভারতে আগত বিদেশী প্রযাত্তকগণের বিবরণ হইতে জানা যায়। ঐতিহাসিক গবেষণার ফলে এ-বিষয়ে বহন্ তথ্য জানা যাইতে পারিবে বিলয়া মনে হয়। মধ্যযান হইতে বর্তমান কাল প্র্যান্ত দ্ভিপাত করিলে মনে হয় যে এই সময়েও বহাসংখ্যক বিশিষ্ট তাশ্তিক সাধক ও গ্রন্থকার কাশীতে আবিভাতি হইয়াছেন। উদাহরণস্বর্পে কয়েকজন সাধকের নাম নিন্দে প্রদন্ত হইলঃ—

১। সরুশ্বতীতীর্থ-

ইনি পরমহংস পরিব্রাজকাচার্য ও প্রকান্ড বিন্দান্ ছিলেন। তাঁহার আদি নিবাস ছিল দক্ষিণ-ভারতে। ইনি বেদান্ত, মীমাংসা, সাংখ্য, সাহিত্য ও ব্যাকরণের অধ্যাপনা করিতেন। ই'হার মুখ্যগ্রন্থ ছিল খ্রীণ করাচার্যকৃত প্রপশ্বসারের টীকা।

२। त्राघवछ्डे--

ই'হার পিতা নাসিক (পশুবটী) হইতে কাশী আসিয়া এখানেই স্থায়ীরুপে বাস করেন। ইনি শারদাতিলকের টীকা স্প্রসিম্ধ পদার্থাদর্শ নামক গ্রন্থ ১৪৯৪ শ্রীষ্টাব্দে রচনা করেন।

৩। সর্বানন্দ পর্মহংস-

ইনি প্রেবিণ্গ (অধ্বান বাংলাদেশ) নিবাসী উচ্চকোটির সিম্পপ্রেষ ছিলেন। প্রসিম্পি আছে যে ইনি একসণেগ দশমহাবিদ্যার সাক্ষাং লাভ করিয়াছিলেন। ইহা প্রায় ৪০০ বংসর প্রেবির কথা। ইনি জীবনের শেষভাগে কাশীতে অবস্থান করিতেন। কাহারও কাহারও মতে ইনি রাজগ্রুর্মঠে বাস করিতেন। ইহার বহু অলৌকিক শক্তি ছিল, এর্পে কিংবদশ্তী আছে। স্বেলিগেতত্ব নামক প্রসিম্প তন্দ্রগ্রহ সংকলন।

8। विमानक्रनाथ-

ইনি দক্ষিণ-ভারতের লোক। ই হার নিবাসম্থান ছিল কাণ্ডীরও দক্ষিণে।
ইনি সর্বশাস্তে নিষ্ণাত ছিলেন। তবে তন্ত্রশাস্তেই ই হার অনুরাগ অধিক
ছিল। ইনি তীর্থবারা ব্যপদেশে জ্বলম্বর নামক সিম্পপীঠ দর্শন করিতে
উত্তর-ভারতে গমন করিয়াছিলেন। সেখানে স্কুলরাচার্য অথবা সচিদানন্দনাথ
নামক একজন সিম্পমহাপ্রের্ষের দর্শন লাভ করেন। পরে তাঁহার নিকট
শাস্ত্রবিহিতক্তমে দক্ষি গ্রহণ করেন ও বিদ্যানন্দনাথ নামে পরিচিত হন। তাহার
পর গ্রের আদেশ অনুসারে কাশী আসিয়া বাস করিতে আরম্ভ করেন। কাশী
বাসকালে ইনি তন্তুশাস্তে বহুসংখ্যক বিশিষ্ট গ্রন্থ প্রণয়ন করেন। ইহা প্রায়
৪০০ বংসরের প্রের কথা।

৫। মহীধ্ব--

ইনি অহিচ্ছের হইতে কাশী আসিয়া অশ্তিমসময় কাশীতেই অতিবাহিত করেন। "নৌকা" টীকা সহিত মন্ত্রমহোদীধ ই'হার প্রসিম্ধ তাশ্তিক গ্রন্থ। ইহার রচনাকাল ১৫৮৮ প্রীন্টাম্দ। ই'হার শক্তেমজরু বৈদের টীকা সম্প্রসিম্ধ।

৬। নীলক-ঠচত্বর্ধর-

ই হার আদিনিবাস ছিল প্রতিষ্ঠানপরে বা পৈঠান। ইনি আজীবন কাশীতেই ছিলেন। মহাভারতের টীকাকাররপে ই হার ব্যাপক প্রসিম্থি আছে। তন্ত্রশান্তে ইনি শিবতান্ডব নামক গ্রন্থের অন্পারাম নাম্নী টীকা রচনা করিয়াছিলেন। ইহার রচনাকাল ১৬৮০ প্রীষ্টান্ত।

৭। প্রেমনিধি পশ্থ-

ইনি ক্মাচল (ক্মায়ন্ন) হইতে আসিয়া কাশীতে বাস করেন। ইনি জীবনের শেষ পর্যশ্ত কাশীতেই ছিলেন। ইনি বহুসংখ্যক তান্ত্রিক গ্রন্থ প্রণয়ন করেন। তন্মধ্যে মন্ত্রাদর্শ নামক শিবতান্ডব টীকা উল্লেখযোগ্য। ইনি শারদাতিলক ও তন্ত্ররাজেরও টীকা রচনা করিয়াছিলেন। ইনি প্রায় ২৬০ বংসর প্রের্ব জীবিত ছিলেন।

৮। ভাস্কর রায়-

ইনি দক্ষিণদেশের লোক তথাপি দীর্ঘকাল পর্যাত কাশীতে বাস করিয়াছিলেন। সিম্পপ্রবৃধর্পে ই'হার যথেন্ট খ্যাতি ছিল। ইনি তন্দ্রশাস্ত্রে লালতাসহস্র নামের টীকা, সেত্রবন্ধ, বরিবস্যারহস্য, বরিবস্যাপ্রকাশ প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছিলেন। ই'হার জীবিতকাল ১৮১৯ এটিটন্দের নিকটবতী'।

১। भक्त्रानन्त्राथ-

ই'হার প্রে'নাম ছিল শশ্তন্তটু। ইনি অণ্বিতীয় মীমাংসক খণ্ডদেবের শৈষ্য ছিলেন ও মীমাংসাশাস্তে গ্রন্থ রচনা করিয়াছিলেন। ইনি শ্রীবিদ্যার উপাসক ছিলেন। ই'হার রচিত সন্দ্রীমহোদয় নামক গ্রন্থ প্রসিম্ধ। ১৭০৮ ধ্রীদ্যাব্দ ই'হার সময় বলা চলে।

তান্তিক সংস্কৃতি

'So । भाषवानमनाथ---

ইনি সৌভাগ্যকম্পদ্রমের রচিয়তা। এই গ্রন্থথানি প্রমানন্দতন্ত্রের আধারে লিখিত হইয়াছিল। ইনিও কাশীতে বাস করিতেন। প্রায় দেড়শত বংসর প্রবে ইনি জীবিত ছিলেন।

১১। क्यानम--

ইনি মাধবানন্দের শিষ্য ও তল্ফশাল্টে অভিজ্ঞ ছিলেন। ইনি সোভাগ্য-কম্পলতিকার রচয়িতা।

১২। मृज्यानस्माथ-

ইনিও কাশীবাসী প্রসিশ্ব তান্তিক আচার্য। ইনি কেরলদেশের রা**ন্ধণ** ছিলেন। ই'হার প্রেনাম ছিল শ্রীকণ্ঠ। ইনি কাশীতে তন্ত্র ও বেদের অধ্যাপক ছিলেন। ইনি মাধবানন্দজীর সমসাময়িক।

১০। কাশীনাথ ভট--

ইনি ছোট ছোট বহ**্** তাশ্তিক-গ্রশ্থের রচয়িতা ছিলেন। ইনি প্রায় একশত বংসর প্রের্থকার লোক।

এইপ্রকার গোরবশালী পরশ্পরার মধ্যে কাশীতে এই সাংস্কৃতিক উষ্জীবন স্বাভাবিক।

म,रे

বর্তামান সময়ে আমরা ভারতীয় সংশ্কৃতির যে র্পের সণ্গে পরিচিত তাহা কালপ্রভাবে বিকৃত এবং সংকৃতিত প্রতাত হইলেও এক বিশাল গোরবময় প্রাচীন সংশ্কৃতির উন্ধর্মাধকারী। এই প্রাচীন সংশ্কৃতির আদি রূপ কিপ্রকার ছিল তাহা এখন অনুমান করা অসম্ভব। কারণ এই সম্বেশ্ব আমরা যাহা কিছু জানি তাহা প্রায় ঐতিহাসিক যুগের সহিত সংসৃষ্ট। তথাপি এই সম্বেশ্ব কিছু আভাস জ্ঞান অবশাই আমাদের আছে; কারণ, পশ্ভিতগণ

নিরশ্তর ষে-সকল গবেষণা করিয়াছেন তাহার ফলে বহ[ু] অম্ধকারাবৃত ক্ষেত্রে আলোকসম্পাত হইয়াছে।

বিশাল ভারতীয় সংক্তির বিজ্ঞেষণ হইতে জানা যায় যে ইহার বিভিন্ন অংশ আছে—অংশ-প্রতাণ্যরপে নানা বিভাগ আছে। এই সংক্তিতে বৈদিক সাধনারই মুখ্যম্থান, তাহাতে সন্দেহ নাই। কিশ্তু ইহাও সত্য যে এই মূল ধারাতে বিভিন্ন সময়ে নতেন নতেন বিবর্তন ঘটিয়াছে। ধর্মশান্ত, নীতিশান্ত ও ইতিহাস প্রাণাদি আলোচনা করিলে এবং ভারতীয় সমাজের আন্তরিক জীবনের দিকে লক্ষ্য করিলে প্রেক্তি সিম্পান্ত সম্বন্ধে ঠিক ধারা হইতে পারে। বৈদিক ধারার প্রাধান্য থাকিলেও ইহাতে যে বিভিন্ন ধারার সংমিশ্রণ আছে তাহা অম্বীকার করা যায় না। ব্যাপক দ্ভিতৈ দেখিলে জানা যাইবে যে এইসব ধারার মধ্যে তল্তের ধারাই স্বাপেক্ষা প্রধান।

তান্ত্রিক ধারারও বহু দিক্ আছে। তন্মধ্যে একটি ধারা বৈদিক ধারার অনুকলে ছিল। তবিষ্য গবেষকগণ গভীরভাবে ত্রলনাম্লক আলোচনা করিলে ব্রন্থিতে পারা যাইবে বৈদিকধারার উপাসনাক্রম অনেকাংশে তত্ত্বতঃ তান্ত্রিক ধারার সহিত একসারে গ্রথিত এবং বহু তান্ত্রিক বিষয় অতি প্রাচীন সময় হইতেই পরশ্পরাক্রমে চলিয়া আসিতেছে। আমার বিশ্বাস, উপনিষদাদিতে যে সকল গ্রুণ্ডবিদ্যার পরিচয় পাওয়া যায়—যেমন সন্বর্গ, উদ্গৌথ, উপকোসল, ভ্রমা, দহর, পর্যণ্ড ইত্যাদি—এইসব ইহারই অন্তর্গত। আমার বিশ্বাস, বেদের রহস্য অংশেও এই সকল রহস্যবিদ্যার পরিচয় পাওয়া যায়। ইহা অসশ্ভব নহে যে বেদের ক্রিয়াকান্ডও অধ্যাত্মবিদ্যারই বাহারপে। ইহা অবশ্য নিশ্ন অধিকারীর উপযোগী মনে করা হইত। র্যাদ এই সব রহস্যবিদ্যার তত্ত্বনির্ণায় কোর্নাদন হয়, তখন ব্রিতে পারা যাইবে যে মলেভতে বৈদিক ও তান্ত্রিক বা আগমিক জ্ঞানে বিশেষ ভেদ নাই।

এইখানে প্রসংগতঃ উল্লেখ করা যাইতে পারে যে যদিও সংধারণ দৃণ্টিতে ইহা অসম্ভব মনে হইতে পারে, তথাপি ইহা সতা যে বেদ ও তল্তের নিগঢ়ে রূপ একই প্রকার । উভয়েই অক্ষরাত্মক অর্থাৎ শব্দাত্মক জ্ঞানবিশেষ।

নির্ভ প্রভৃতি গ্রন্থের আলোচনা করিলে জানা যায় যে ঋষিগণ সাক্ষাংক্তধর্মা ছিলেন এবং তাঁহারা ধর্ম সাক্ষাংকার-বিরহিত জনসাধারণকে উপদেশ মন্দ্র দান করিতেন। ঋষিগণ সাক্ষাংক্তধর্মা ছিলেন বলিয়া বস্ত্তঃ শক্তিশালী ছিলেন। তাই তাঁহারা কাহারও উপদেশ শ্রবণ করিয়া ঋষিত্বলাভ করিতেন না, প্রত্যাভ তাঁহারা স্বয়ং বেদার্থ দেশন করিতেন। এইজন্যই তাঁহাদিগকে মন্দ্রন্থটা বলা হইত। মন্দ্রার্থজ্ঞানের মুখ্য উপায় হইল প্রতিভান। ইহারই নামান্তর প্রাতিভ অথবা অনৌপদেশিক জ্ঞান। ইহাকেই লক্ষ্য করিয়া বলা হয়—

গ্রেশেত্র মৌনং ব্যাখ্যানং শিষ্যাশত্র ছিনসংশন্ত্রাঃ।
এখানে 'গ্রুর' শব্দের ভাৎপর্য অন্তগর্রের অথবা অন্তর্যামী। এইপ্রকার উদ্ধ্য
অধিকারিগণকে প্রাচীনকালে 'দ্রুষি'' বলা হইত। শান্তর মন্দতাবশতঃ মধ্যম
অধিকারিগণ দ্রুষি হইতে নিক্ষু ছিলেন। ই'হারা 'গ্রুত্বি' নামে প্রাসম্প্র
ছিলেন। উদ্ধ্য অধিকারী উপদেশ-নিরপেক্ষভাবে দর্শন লাভ করিতেন কিন্ত্র
মধ্যম অধিকারী উপদেশ প্রাপ্ত হইয়া দর্শনের যোগ্যতা লাভ করিতেন। প্রথম
জ্ঞানের নাম আর্যজ্ঞান, ন্বিতীয় জ্ঞানের নাম উপদেশিক জ্ঞান। মন্সংহিতায়
আছে—

আর্যং ধর্মোপদেশণ্ড বেদশাস্ত্র্যাবিরোধিনা। যুস্তকেণান্মসম্পত্তে স ধর্মং বেদ নেতরঃ ॥

কিন্ত্র সামান্য অধিকারীর জ্ঞান হইত সংতক শ্বারা। বেদশাস্তের অবিরোধী তক ই সংতক। তদ্শ্বারা অনুসন্ধান আবশ্যক। আগমশাস্তে—বিশেষতঃ ত্রিপ্রারহস্যে ও ত্রিক দার্শনিক সাহিত্যে—সংতকের বিশেষ আলোচনা আছে। বৈদিক সাহিত্যেও পাওয়া যায় যে ঋষিগণ যখন অন্তর্ধনি করিতে লাগিলেন তখন তকের উপরই জ্ঞানের ভার দিয়া যান। সাধারণ জিজ্ঞাস্মাত্রই নিন্ন্নতরের লোক। আমরা সকলেই তাই। তাই সংতক ই আমাদের সকলের অবলন্দ্বনীয়।

তশ্বশাশ্বান্সারে তশ্বের ম্লাধার কোন প্রুতক নহে। উহা অপৌর্বেয় জ্ঞানবিশেষ। এই জ্ঞানকেই আগম বলে। এই জ্ঞানরপে আগম শব্দর্পে অবতরণ করে। তশ্বমতে পরাবাক্ই অথন্ড আগম। পশাশ্বী অবস্থাতে ইহা স্বয়ংবেদার্পে প্রকাশিত হয়। ইহা শ্বয়ংপ্রকাশর্পে। ইহাই সাক্ষাংকারের অবস্থা। এখানে শ্বিতীয় বা অপরের মধ্যে জ্ঞান-স্পারের কোনো প্রশ্ন থাকে না। এই জ্ঞান মধ্যমাতে অবতীর্ণ হইয়া শব্দের আকার ধারণ করে। এই শব্দ চিশ্বাত্মক। এই ভ্রিমতে গ্রের্-শিষ্য ভাবের উদয় হয়। ইহার ফলে জ্ঞান এক আধার হইতে অন্য আধারে স্পারিত হয়। বিভিন্ন শাশ্ব এবং গ্রের্-পরশ্বরে প্রাকট্য মধ্যমা ভ্রমতে হইয়া থাকে। বৈখরীতে ঐ জ্ঞান বা শব্দ শ্বলের্পে ধারণ করে, তথন উহা অন্যের ইন্দ্রিয়ের বিষয়ীভ্তে হয়।

প্রেন্তি সংক্ষিণত বিবরণ হইতে ব্ ঝিতে পারা যাইবে যে বেদ ও তল্পের মৌলিক দৃণ্টি একই। বেদ এক হইলেও বিভক্ত হওয়ার দর্ণ ইহাকে 'গ্রুমী' বা চত্ববিধ বলা হয়। বৃষ্ঠ্যতঃ বেদ অনুষ্ঠ। "বেদা অনুষ্ঠাঃ", ইহাও বেদেরই বাণী। আগমের ম্থিতিও ইহারই অন্বর্প। অবশ্য তল্পের আরও একটি দিক্ আছে। তবে উহা বেদ হইতে কোনো কোনো অংশে বিলক্ষণ, ইহা ব্রুঝা যায়। তাহা হইতে তাশ্রিক সাধনার বৈশিষ্টাও ব্রুঝিতে পারা যায়। যাহা হোক্, এসব মিলিত হইয়া ভারতীয় সংস্কৃতিরই অণ্গীভতে। যেমন ভিন্ন ভিন্ন জলধারা নিগতি হইয়া নদীর আকার ধারণ করে এবং চরমে মহাসম্দ্রে বিলীন হয়, তদ্রপে বৈদিক, তান্তিক প্রভৃতি অন্যান্য সাংস্কৃতিক ধারা ভারতীয় সংস্কৃতিতে মিলিত হয় এবং উহার বিশালতা উৎপাদন করে।

তিন

ঐতিহাসিক দুন্টিতে ভারতীয় সংক্রতি সম্বন্ধে বিচার করিলে মনে হয় যে প্রাচীন কাল হইতেই বৈদিক এবং তান্ত্রিক সাধন-ধারার মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। ইহা খুবই সতা। সংগে সংগে ইহাও মনে হয় যে উভয়ের মধ্যে আংশিক বৈলক্ষণাও ছিল। অতি প্রাচীনকাল হইতেই শিষ্টগণ তন্তের সমাদর করিয়াছেন. ইহার অসংখ্য প্রমাণ পাওয়া যায়। এরপে প্রাসিন্ধ আছে যে বহাসংখ্যক দেবতা তান্ত্রিক সাধনার প্রভাবে সিন্ধিলাভ করিয়াছিলেন। তান্ত্রিক সাধনার চরম আদর্শ ছিল শাক্তসাধনা। এই সাধনার লক্ষ্য মহাশক্তি জগদন্বাকে মাত্রেপে উপাসনা অথবা শিবোপাসনা। রক্ষা, বিষ্ণু, ইন্দ্র, চন্দ্র, কন্দ্র, বীরভদ্র, লক্ষ্মীশ্বর, মহাকাল, কাম অথবা মন্মথ প্রভাতি সকলেই শ্রীমাতার উপাসক ছিলেন। প্রসিম্ধ ঋষিদের মধ্যে কেহ কেহ তান্ত্রিক মার্গের উপাসক ছিলেন। কেহ কেহ তান্ত্রিক উপাসনার প্রবর্তকও ছিলেন। ব্রহ্মযামলে বহুসংখ্যক শিবজ্ঞানপ্রবর্ত ক ঋষির নামেছের পাওয়া যায়। উপনা, দধীচি, ব্রুম্পতি, সনংক্ষার, নক্লীশ প্রভাতির নাম এই প্রসংগে উল্লেখযোগ্য। **জ**য়দ্রথযামলে মণ্যলান্টক প্রকরণে তল্তপ্রবর্তক বহুসংখ্যক ঋষির নাম আছে। তন্মধ্যে দুর্বাসা, সনক, বিষ্ণু, কাশ্যপ, বিশ্বামিত, সংবর্ত্ত, গালব, গৌতম, যাজ্ঞবেক্কা, শাতাতপ, আপশ্তন্ব, কাত্যায়ন, ভূগা; প্রভূতির নাম উল্লেখযোগ্য।

ইহাদের মধ্যে দ্বর্গসার নামই সর্বপ্রথম উল্লেখযোগ্য। তাল্তিক সাহিত্যে "ক্রোধ ভট্টরেক" নামে দ্বর্গসার পরিচর পাওয়া যায়। এইর্প প্রসিম্ধ আছে যে ইনি শ্রীকৃষ্ণকে চৌষট্ট অন্বৈতকলাবিষরক শিক্ষা প্রদান করিয়াছিলেন। এর্প কিংবদশ্তী আছে যে কলিষ্কাে দ্বর্গসাই আগমশাস্তের প্রকাশকতা ছিলেন। নেপাল দরবারের গ্রন্থালয়ে স্বর্গান্ধত মহিন্দােশতারের এক প্রশ্বিতেই হার সম্বন্ধে লিখিত আছে—"সর্বাসাম্পনিষদাং দ্বর্গসা জয়তি দেশিকঃ প্রথমতঃ"। জয়ল্রথমামল নামক আগমের মতেও তন্তের প্রবর্তক ঋষিদের মধ্যে দ্বর্গসার নাম অগ্রগণ্য। এখন প্রশ্ব: এই দ্বর্গসার ধারা কি প্রকার ছিল ? প্রসিম্ধ আছে যে ব্রন্ধ্যামলান্সারী সকল তন্তের মধ্যে দ্বর্গসার মত অগ্রগণ্য।

এই সিশ্বান্ত দরবার প্রন্থাগারের পিণ্যলাগমে পিণ্যলামতের প্রস্থেগ উদ্লিখিত হইরাছে। চন্দ্রকলা বিদ্যাসমূহের মধ্যেও দর্বাসামত উল্লেখযোগ্য। চন্দ্রকলা বিদ্যাসমূহে কৌল ও কাপালিক (সোম) মতের সংমিশ্রণ। প্রাচীনকালে এইসকল বিদ্যাতে চারিবর্ণেরই অধিকার ছিল। তবে বিশেষ এইমাত ষে ত্রৈবির্ণিকগণ দক্ষিণমাণে অনুষ্ঠান করিতেন এবং অন্যান্য সকলে বামমাণে করিতেন।

দর্বাসা শ্রীমাতার উপাসক ছিলেন। শ্রীমাতার খ্বাদশ উপাসকের মধ্যে তহারও প্রথান আছে। শর্না যায় যে, তাঁহার উপাস্য দেবী ছিলেন ষড়ক্ষরী বিদ্যা। (দ্রুইব্য ঃ ত্রিপর্রাতাপিণী উপনিষদ্ টীকা)। কোন কোন আচার্যের মড়ে তিনি ক্রয়োদশাক্ষরী বিদ্যার উপাসক ছিলেন। সৌন্দর্যলহরীর টীকাতে কৈবল্যাশ্রম কাদি মত অনুসারে এই বিদ্যার উত্থার করিয়াছেন। ইহা সম্বেও দর্বাসার সম্প্রদার আজ্কাল লহুতপ্রায়।

আমার ক্ষরণ হয় ৩৮ বংসর পার্বে সম্ভবতঃ ১৯২৮ শ্রীণ্টাব্দে একটি প্রাচীন গ্রন্থাগার হইতে কৌলসারের একটি প্রতিলিপি পাইয়াছিলাম। উহার প্রারম্ভে লিখিত আছে—

ষড়দর্শনাতিরিক্তেহর্থে স্তেধারো ভ্রবং শ্রিডঃ রন্দাবতারো দ্রব্সাঃ স্ত্রেডে স্পর্শকালধন্ত্ ।

এই গ্রন্থ দুর্বাসার মতান্ত্রসারে কৌলজ্ঞানবিষয়ক ছিল। নিশ্নলিখিত গ্রন্থে দুর্বাসার চর্চা দেখিতে পাওয়া যায়—

(১) ত্রিপারসমুন্দরী (দেবী) মহিন্দেতারটীকাতে নিত্যানন্দ নাথ বালয়াছেন—

সকলাগমাচার্যচক্রবতী সাক্ষাৎ শিব এব অনস্যাগভ সম্ভতঃ ক্রোধভট্টারকাখ্যো দ্বর্বাসা মহামন্নিঃ ম

- (২) ললিতাস্তবরত্ব।
- (৩) পর্রাশবহিস্পক্তোর অথবা পরশন্তঃকর্তি।

দূর্বাসা শ্রীবিদ্যা ও পরশিবের উপাসক ছিলেন। কালীস্থানিধি গ্রন্থ হুইতে জানা যায় যে তিনি কালীরও উপাসক ছিলেন।

প্রসংগতঃ এখানে অগশতা সম্বন্ধেও কিছ্ বলা যাইতেছে। অগশতা বৈদিক ধাষি ছিলেন। পাণ্ডরার ও শাস্তাগমেও অগশতার বিষয় আলোচনা আছে। রামারণ, মহাভারত, প্রাণ প্রভৃতি প্রায় সব প্রাচীন শাস্কেই অগশ্তোর প্রসংগ দেখিতে পাণ্ডরা যায়। তাহার ধর্মপদ্মী ছিলেন বিদর্ভরাজকন্যা লোপাম্রা। লোপাম্রা। লোপাম্রা। লোপাম্রার বিবরণও প্রায় সর্বায় দৃষ্ট হয়। লোপাম্রাও অগশ্তোর ন্যায় বৈদিক ধাষি ছিলেন। রামারণের অরণ্যকাত হইতে জানা যায় যে স্ত্তীক্ষ্ম

মনে ভগবান রামচন্দ্রকে গোদাবরী তটম্থিত অগস্ত্যাশ্রমের পথ দেখাইয়া দিয়াভিলেন। অগৃহত্য শ্রীরামচন্দ্রকে বৈষ্ণব ধন, বন্ধদন্ড নামক শস্ত্র, **অক্ষ**য় ত্রণীর ও খড়গ দান করিয়াছিলেন। বিন্ধাপর্বতের সংগ্যে অগন্তোর সম্বন্ধ সর্বস্কর্নাবদিত। দক্ষিণাদকের সহিত অগশ্তোর সম্বন্ধ উল্লেখযোগ্য। প্রাসিম্ধ আছে যে দক্ষিণভারতে এক বিশিষ্ট সংস্কৃতির প্রসার মহার্য অগস্তোর প্রভাবে ছাটিয়াছিল। অগস্তা শাস্তসতে নামক গ্রন্থের রচিয়তা। ব্রহ্মসতে ও শিবসতের নায়ে ইহারও প্রসার ব্যাপক ছিল। এই ম্লোবান গ্রন্থ ৪ অধ্যায় ও ৩০২ সূত্রে সম্পূর্ণ। এতদ্ব্যতীত শ্রীবিদ্যা ভাষাও অগশ্তোর নামে প্রাসম্প। ইহা হয়গ্রীব হইতে প্রাণ্ড পঞ্চদশী বিদ্যার ব্যাখ্যা। অগশ্তা ও লোপামুদ্রা উভয়েই শ্রীবিদ্যার উপাসক ছিলেন। প্রাসিন্ধি আছে যে বন্ধসত্তের উপরও অগস্ভের ভাষ্য ছিল। কিংবদন্তী এই যে শ্রীপতি পণ্ডিতকতে শ্রীকর ভাষ্য উহারই মতানসোরী। দ্রিপুরো-বহুসোর মাহা**ত্মাথন্ড** হইতে জানা যায় যে অগ্রুতা উচ্চকোটির বৈদিক **খাষ** হওয়া সংৰও মের্ক্লেথত শ্রীমাতার দর্শনের জন্য উৎসকে হইয়াও দর্শনলাভ করিতে পারেন নাই: ইংার কারণ ঐ সময় পর্যন্ত তাঁহার তান্ত্রিক দীক্ষা সম্পন্ন হয় নাই। শ্রীমাতার দর্শনোপযোগী বিশ্বেশ শান্তদেহ তাঁহার ছিল না। শেষে পরাশক্তির গহের উপাসনার উপযোগী অধিকারলাভের জন্য তিনি দেবী-মাহাত্ম্য শ্রবণপরে ক শান্তদীক্ষা প্রাণত হইয়াছিলেন। উপাসনার প্রভাবে পতি ও পত্নী উভয়েই সিম্পেলাভ করিয়াছিলেন। এই সিম্পির মহিমা এত অধিক ছিল ষে ইহার প্রভাবে পতি-পত্নী উভয়েই গ্রেন্সন্ডলে উত্তমম্থান লাভ করিয়াছিলেন। মানসোল্লাস অনুসারে শ্রীবিদ্যার মুখ্য উপাসকের মধ্যে অগশ্তা ও লোপামুদ্রা উভয়েরই স্থান আছে।

দন্তারেরও শ্রীবিদ্যার একজন প্রধান উপাসক ছিলেন। দুর্বাসার ন্যায় ইনিও অনস্কার গর্ভ হইতে উদ্ভৃত হইয়াছিলেন। প্রাসিন্ধ আছে যে ইনি শিষ্যগণের কল্যাণ সাধনের উন্দেশ্যে শ্রীবিদ্যার উপাসনার জন্য শ্রীদন্তসংহিতা নাম ৮ এক বিশাল গ্রন্থ রচনা করেন। পরে পরশ্বাম উহা অধ্যয়ন করিয়া পদ্যাশ খন্ডাত্মক স্ত্রশ্বর্পে পরিণত করেন। শন্না যায় যে ইহার পর শিষ্য স্মেধা দন্তসংহিতা ও পরশ্বামস্ত্রের সারাংশ অবলম্বন করিয়া গ্রিপ্রা-রহস্য রচনা করেন। শন্না যায় যে দন্তাত্রেয় মহাবিদ্যা মহাকালীরও উপাসক ছিলেন।

এই প্রসন্গে শিবভক্ত নন্দিকেশ্বরের কথা মনে পড়ে। ইনিও প্রীবিদ্যার উপাসক ছিলেন। জ্ঞানার্ণবৈ ই'হার উপাসিত বিদ্যার উন্ধার দৃষ্ট হয়। ই'হার রিচিত প্রন্থের নাম কাশিকা। ইহা ক্ষুদ্র কারিকাত্মক গ্রন্থ। উপমন্য ইহার উপর টীকা রচনা করেন। নন্দিকেশ্বরও বট্গিংশং তত্ত্ববাদী ছিলেন। কিল্ডব্ ই'হার তত্ত্বগণনা প্রচলিত মত হইতে বিলক্ষণ। ই'হার অভিমত ৩৬ তত্ত্বের মধ্যে সাংখ্যসম্মত ২৫ তত্ত্ব আছে। তাবাতীত শিবশক্তি, ঈশ্বর, প্রাণাদিপশুক ও গুনুলন্ত্রর অন্তর্গত। তাঁহার মতে প্রধান ও গুনুলন্তর পূথক্ পূথক্। কেহ কেহ মনে করেন যে "অকারঃ সর্ববর্গান্তাঃ প্রকাশঃ পরমঃ শিবঃ" এই কারিকা নান্দিকেশ্বরের কাশিকার অন্তর্গত। কোন কোন গ্রন্থে দেখা যায় যে দুর্বাসা মর্নন শ্রীনন্দিকেশ্বরেরই শিষ্য ছিলেন। ইহাও শ্না যায় যে বীরশৈবাচার্য প্রভুদেবের রচনাবলীর কয়ড ভাষার টীকাকার দুর্বাসার সম্প্রদারের অন্তর্ভূক্ত ছিলেন।

ঐতিহাসিক যুগের দিকে দুণ্টিপাত করিলে মনে হয় যে ভারতীয় সংস্কৃতির বাস্ত্রিক প্রতিনিধিত বিষয়ে শ্রীশন্বরাচার্য ও তাঁহার পরে গামী এবং তাঁহার পরবর্তী আচার্যগণের মধ্যে তান্তিক উপাসকের সংখ্যা কম ছিল না। শ্রীণত্করের পরমগরে শ্রীগোডপাদ ও গরেদেব শ্রীগোবিন্দপাদের স্থান ভারতীয় দার্শনিক-গণের মধ্যে অতি উচ্চ। এই প্রসংগে একটি দক্তেন্যি রহস্যের সমাধান আবশ্যক। শ্রীণম্বরাচার্য একদিকে যেমন বৈদিক ধর্মের সংম্থাপক ছিলেন অপর্রদিকে তেমনই তান্ত্রিক ধর্মের প্রচারক ও উপদেণ্টা ছিলেন। এই রহসোর প্রকৃত মীমাংসা ভবিষাৎ গবেষকগণ করিবেন। উভয় পক্ষেই শংকরাচার্যের প্রাসিন্ধ বর্তমান। তাঁহার উর্ধাতন এবং অধশতন গরে লালপরার দিকে লাক্ষ্য করিলে মনে হয় যে দৃহে-দিকেই আচার্যপরম্পরা প্রায় একই রূপে। কেহ কেহ মনে করেন যে উভয়পক্ষের আচার্যপরম্পরা এক ও অভিন্ন। দ্বিতীয় মত এই যে বৈদিক ও তাল্তিক মতের র্ঘান্ট সম্বন্ধ স্থাপিত হইয়াছিল, ইহাই উভয়পক্ষের আচার্য-নামাবলীর অভেদ হইতে স্ট্রিত হয়। গৌড়পাদ প্রকান্ড বেদান্তী ছিলেন—তাহার মান্ডক্যে কারিকা ব্রন্ধানৈত-সিন্ধানেতর অপর্বে আলে.চনা। গোডপাদ একদিকে যেমন মাধ্যমিক অন্বয়বাদে নিষ্ণাত ছিলেন, অপর্নদকে তেমনি যোগাচার অন্বয় সিম্বান্তেরও পরেণ জ্ঞাতা ছিলেন। তিনি বৌশ্বদর্শনের পরেণ পরিজ্ঞাতা ছিলেন। শ্নোবাদ ও বিজ্ঞ িতমাত্রবাদ উভয় মতই তিনি ভালভাবে জানিতেন। আগম সিম্বান্তেও তিনি সপ্রেবিষ্ট ছিলেন। দেবীকালোভারের কোন বচন তাঁহার কারিকাতে উপলম্থ হয়। অবশ্য এ বিষয়ে অধিক বলা বর্তমান সময়ে সম্ভব নহে। আগমমাণে তিনি সময়াচার অনুসরণ করিতেন, ইহা প্রসিম্ধ। তাঁহার স্কুলোদয়স্ত্রতি প্রাচীন স্তর্হাতসাহিত্যে অতি উচ্চ স্থান অধিকার করে। ইহার উপর অনেক টীকাও ছিল। প্রাসিন্ধি আছে যে শণ্করাচার্যও এক টীকা निथियां ছিলেন। 'শ্রীবিদ্যারত্বসূত্র'ও ই'হারই রচনা—ইহারও বহু, টীকা আছে। শুনা যায় যে গোডপাদ উত্তরগীতার ন্যায় দেবীমাহাত্মারও ভাষ্য রচনা করিরা-ছিলেন। এই টীকার রচয়িতা তান্ত্রিক গোড়পাদও পরমহংস পরিব্রাচ্চক ও আন্বৈত্রিদ্যানিষ্ণাত ছিলেন ।

ভগবান শব্দরাচার্য বিষয়ে চারিখানা প্রাচীন গ্রন্থ হইতে কিছন বিবরণ সংগ্রহ করা হইয়াছে। ইহা আলোচনা করিলে তাঁহার বৈদিক ও তান্ত্রিক নিষ্ঠা সম্বন্ধে আমাদের জ্ঞান পরিক্ষাট হইবে।

(১) প্রথম গ্রন্থের নাম শ্রীক্রমোত্তম।

প্রায় ৪৫০ বংসর পর্বে ইহা রচিত হইয়াছিল। এই প্রন্থে শ্রীণংকরের একটি গ্রন্পরশপরা প্রদন্ত হইয়াছে। ইহাতে আছে যে আদিগ্রন্ শিব হইতে বশিষ্ঠ, শক্তি, পরাশর, ব্যাস, শ্কদেব, গৌড়পাদ, গোবিন্দপাদ ও শংকর—ইহাই পরশপরা। এই প্রন্থে অন্সারে শংকরের শিষ্য ছিলেন বিশ্বদেব। তাহার পর বোধঘন ও প্রন্থেকার মঞ্লিকাজন্ন পর্যন্ত ক্রম আছে। এই প্রন্থের আলোচ্য বিষয় শ্রীবিদ্যা।

(২) দ্বিতীয় গ্রন্থ স্মৃথীপ্জাপদ্ধতি।

—এই গ্রন্থের বিষয় মাতগাীপ্রজা।

এই গ্রন্থ সন্দরানন্দনাথের শিষ্য শঙ্করের রচনা। এই গ্রন্থে শঙ্করের গ্রন্থের পরন্পরার ক্রম শিব হইতে গোবিন্দপাদ প্যন্তি একই প্রকার। শঙ্করের শিষ্য বোধঘন, তারপর জ্ঞানঘন প্রভৃতি হইতে ক্রমশঃ ভারতীতীর্থ প্যন্ত।

(৩) ত্তীয় গ্রন্থ শ্রীবিদ্যার্ণব।

বর্তামান সময়ে এই গ্রন্থে প্রাসিন্ধি লাভ করিয়াছে। ইহা হইতে জানা যায় যে শ্রীণক্ষরের চৌন্দজন শিষা ছিলেন। পাঁচজন ভিক্ষা ও নয়জন গৃহস্থ।

(৪) চত্ত্বর্ণ গ্রন্থ ভ্রবনে বরী রহস্য।

ইহার রচয়িতা প্থীধর শৃষ্করের শিষ্য, গোবিন্দপাদের প্রশিষ্য ও গোড়পাদের বৃদ্ধে প্রশিষ্য ছিলেন।

এইসব দেখিয়া মনে হয় যে শ°কর শ্রীবিদ্যা ব্যতীত মাত°গী ও ভ্রনেশ্বরীরও উপদেষ্টা ছিলেন। আশা করি ঐতিহাসিকগণ এই বিষয়ে অন_সম্ধান করিবেন।

আর এক কথা ঃ শংকরের শিষ্যকোটি মধ্যে বেদাশ্তপ্রস্থানের আচার্য পদ্মপাদ পণ্ডপাদিকার রচিয়তা ছিলেন । তিনিই কি শংকরকৃত প্রপঞ্চসারের টীকাও লিখিয়াছিলেন ? কোনো কোনো প্রাচীন আচার্য ইহা বিশ্বাস করেন, কিশ্তু বর্তমান পশ্ডিতগণ ঐ বিষয়ে সংশ্য়াকৃল । প্রীশংকরের তাশ্তিকরচনাবলী মধ্যে প্রপঞ্চসার প্রধান । ইহার পরই সৌন্দর্য লহরী প্রভৃতি । আনন্দলহরীর সৌভাগ্যবিশ্বনী টীকাতে প্রীশংকরকৃত ক্রমশ্ত্ত্তির উল্লেখ দেখিতে পাওয়া যায় । এই শত্ত্তির একটি প্রসিশ্ব শেলাকের তাৎপর্য এই যে বেদান্সারে মায়াবীক্ষই ভগবতী পরাশন্তির নাম । এই পরাশন্তি জগন্মাতা, বিপ্ররা ও বিযোনির্পা । অভিনবগ্রুণতর পরাবিংশিকাতে যে ক্রমন্তারের কথা উল্লেখ করা হইয়াছে ভাহা কি এই প্রীশংকরকৃত ক্রমশ্ত্তির হইতে অভিন ?

তান্ত্রিক সংস্কৃতিতে মূলগত সাম্য সত্ত্বেও উহাতে দেশকাল ও ক্ষেন্তভেদে বিভিন্ন সম্প্রদায়ের উল্ভব হইয়াছিল। এইপ্রকার ভেদ সাধকগণের প্রকৃতিগত ভেদ অনুসারে স্বভাবতঃই হইয়া থাকে। ভবিষাতে ঐতিহাসিকগণ যথন বিভিন্ন তাশ্বিকসম্প্রদায়ের ইতিহাস সংকলন করিবেন ও গভীরভাবে তত্তাদির বিশ্বেষণ করিবেন তখন ম্পণ্টতই ব্যক্তিত পারা যাইবে যে বিভিন্ন সম্প্রদায়ের বৈষ্ম্য যতই থাককে তাহাতে তাহাদের মর্মাগত সামাভাব নণ্ট হয় না। কত তান্ত্রিক সম্প্রদায় আবিভাতে হইয়াছে এবং কাল্পর্যে কত লা-ত হইয়া গিয়াছে তাহা বলা কঠিন। উপাস্যগত ভেদবশতঃ উপাসনা প্রক্রিয়াতে এবং আচারাদিতে ভেদ হয়। সাধারণতঃ পার্থকোর ইহাই কারণ। শৈব, শাক্ত, গাণপতা সম্প্রদায়ের কথা সর্বত্র প্রসিম্প। এইসকল সম্প্রদায়ের মধ্যে অবাশ্তরভেদ অনেক। শৈব এবং শৈব-শাক্ত মিশ্র সম্প্রদায়ের মধ্যে অবাশ্তরভেদ অনেক আছে। বথা--্রিসম্প্রাশ্ত-শৈব, বীর বা জগমশৈব, রেদ্র, পাশ্পত, কাপালিক অথবা সোম, বাম, ভৈরব ইত্যাদি। অশ্বৈত দুলি অনুসারে শৈব সম্প্রদায়ের ভেদ বিক, অথবা প্রত্যাভিজ্ঞা, স্পন্দ ইত্যাদি। অন্বৈতমতে শক্তির প্রাধান্যম্লে বিভিন্ন সম্প্রদায় আছে—যথা, স্পন্দ, মহার্থা, ক্রম ইত্যাদি। শিবাগম দশটি এবং রান্তাগম আঠারোটি সর্বন্ধ প্রসিম্ধ। ইহাদের মধ্যেও যে পরম্পর কিণ্ডিং কিণ্ডিং ভেদ না আছে এমন নহে। দৈবতমতের মধ্যে কোনো মত খাঁটি দৈবত. কোনো মত দৈবতাদৈবত এবং কোনো মত শুস্থাদৈবত।

ইহাদের মধ্যে সম্প্রদায়ভেদে কেহ শিবসামাবাদ মানিতেন, আবার অন্য কেহ শিখাসংক্রান্তিবাদ মানিতেন। কাম্মীরের শিবাদৈবত অদৈবতভাবে আবিন্ত। শাস্তগণের মধ্যে কৌলগণও তদ্রপে। কোনসময়ে ভারতবর্ষে পাশ্পতমতের খ্ব বিশ্তার হইয়াছিল। ন্যায়বাতিককার উদ্যোতকর সম্ভবতঃ পাশ্পতছিলেন। ন্যায়ভ্ষণকার ভাসবজ্ঞ তো পাশ্পত ছিলেনই। ই'হার রচিত গণকারিকা আকারে ক্ষ্র হইলেও পাশ্পতদর্শনের একটি প্রধান গ্রন্থরপে পরিগণিত হয়। লাক্লীশ পাশ্পতমতও একসময়ে প্রবল ছিল। এই পাশ্পতদর্শন একসময়ে পগার্থবাদ দর্শন ও পণ্ডার্থবাদব্দানায় নামে পরিচিত্ত হইত। প্রাচীন পাশ্পত স্তের উপর রাশীকর কৃতে ভাষ্য প্রসিধ্ধ ছিল। বর্তমান সময়ে দক্ষিণ ভারত হইতে পাশ্পতস্তের উপর কৌণ্ডিণ্য ভাষ্য প্রকাশিত হইয়াছে। লাক্ল মত বাশ্তবিকপক্ষে খ্ব প্রাতন। স্প্রভেদ

ও স্বায়ন্ত্রে লাক্রলাগমের উল্লেখ দৃষ্ট হয়। মহারত সম্প্রদায় কাপালিক সম্প্রদারেরই নামাম্ভর মনে হয়। যামুন মুনির আগমপ্রামাণ্য, শিবপুরাণ প্রভাতিতে বিভিন্ন তান্ত্রিক সম্প্রদায়ের ভেদ প্রদাশিত হইয়াছে। বাচম্পতি মিশ্র চারিটি মাহেশ্বর সম্প্রদায়ের নাম উল্লেখ করিয়াছেন। শ্রীহর্ষ নৈষধচরিতে (১০.৮৮) 'সোমসিখাল্ড' নামে যে মতের উল্লেখ করিয়াছেন, উহা যে কাপালিক সিম্বান্ত তাহাতে সন্দেহ নাই। 'সোম' শব্দের অর্থ 'উমাসহিত' অর্থাৎ শিবশব্দিব,গল। রঘতেম ভাষাচন্দ্র নামক টীকাতে সোমসম্প্রদায়ের নাম উল্লেখ করিয়াছেন। অক.লবীর তন্তেও এবিষয় উল্লিখিত হইয়াছে। নরকপাল ধারণবশতঃ কাপালিক নামের আবিভবি মনে হয়। বস্ততে ইহা বহিরণা ব্যাখ্যা। ইহার অন্তরণা ব্যাখ্যা প্রবোধচন্দ্রোদয়ের 'প্রকাশ' নান্দী টীকাতে প্রকট করা হইয়াছে। তদন, সারে এই সম্প্রদায়ের সাধক কপালম্প অর্থাৎ বন্ধরশ্র উপর্লাক্ষত নরকপালম্থ অমতে অথবা চান্দ্রী পান করিত। কাপালিক নামের ইহাই রহস্য। ই'হাদের ধারণা এই যে ইহা অমৃত পান। ইহারা এই পানের ম্বারাই মহারতের সমাণ্ডি করে। ইহাই রতপারণা। বেশ্বি আচার্য হরিবর্মা ও অসংগের সময়েও কাপালিক সম্প্রদায় বিদামান ছিল। শাবরতন্তে বারোজন काभानिक भारत्व ও जीशास्त्र वारताक्षन भिरमात नाममश वर्गना छेभनन्थ इस । গ্রেবেগের নাম—আদিনাথ, অনাদি, কাল, অমিতাভ, করাল, বিকরাল ইত্যাদি। শিষ্যবগের নাম—নাগাজ্বন, জড়ভরত, হরিন্টন্দ্র, চপটি ইত্যাদি। এইসকল শিষ্য তন্ত্রমাগের প্রবর্তক ছিলেন। পরোণাদিতে মতের প্রবর্তক ধন বা ক বেরের উল্লেখ আছে।

কালাম্থ ও ভট্টনামক সম্প্রদায়ের কথাও শানিতে পাওয়া যায়। কিশ্ত্র ভাহাদের সবিশেষ বিবরণ উপলম্প হয় না। প্রাচীন সময়ে শান্তগণের মধ্যেও সময়াচার ও কৌলাচায়ের ভেদ বিদ্যমান ছিল। কেহ কেই মনে করেন ষে সময়াচার বৈদিকমার্গের সমকালীন ও উহার সহিত সংশিন্নট ছিল। গোড়পাদ শব্দর প্রভাতি সময়াচায়ের উপাসক ছিলেন। কৌলদের মধ্যেও পর্বেকৌল ও উত্তরকৌল নামে দুইটি অবাশ্তর বিভাগ ছিল। পর্বকৌলদের মতে শিব ও শান্ত আনন্দভৈরব ও আনন্দভৈরবী নামে পরিচিত। এই মতে শিব ও শান্তর মধ্যে শেষশেষিভাব শ্বীকৃত হয়। কিশ্ত্র উত্তরকৌলমতে তাহা শ্বীকৃত হয় না। উত্তরকৌলগণ বলেন যে সর্বদা শন্তিরই প্রাধান্য থাকে, তাই শন্তি কথনও শেষ হয় না; শিব তত্ত্বরূপে পরিণত হয় কিশ্ত্র শন্তি সর্বদাই তত্ত্বাতীত থাকেন। যখন শান্ত কার্যাত্মক সমগ্র প্রপঞ্চকে নিজের মধ্যে আকর্ষণ করেন তখন তাহার নাম হয় কারণ। ইহারই পারিভাষিক নাম "আধার ক্রভালনী"। প্রাচীন সময় হইতেই কৌলমতের আলোচনা চলিয়া আসিতেছে। কৌলমতেই মানবের

চরম উৎকর্ষ লক্ষিত হয়। ই'হারা বলেন যে তপস্যা, মন্ত্রসাধনা প্রভৃতি স্বারা চিত্তণনুস্থি হইলেই কৌলজ্ঞান ধারণ করিবার যোগ্যতা লাভ হয়। সেত্রস্থ-টীকাতে (প্রঃ ২৫) বলা হইয়াছে—

পর্বাক্ততপোদানযজ্ঞতীর্থ জপরতৈঃ।
শুন্ধচিন্তস্য শাশ্তস্য ধর্মিণো গ্রন্সেবিনঃ॥
অতিগ্রুক্তস্য ভক্তস্য কৌলজ্ঞানং প্রকাশতে॥
বিজ্ঞানভৈরবের টীকাতে ক্ষেমরাজ বলিয়াছেন—
বেদাদিভ্যঃ পরং শৈবং শৈবাং বামং ত্রু দক্ষিণম্।
দক্ষিণাং পরতঃ কৌলং কৌলাং প্রতরং নহি॥

কিল্ড্র সন্ভাগমপণ্ডকের অল্ডগতি সনংক্রমার সংহিতাতে কোলজ্ঞানের নিন্দা দেখিতে পাওয়া যায়। কোল, ক্ষপণক, দিগশ্বর, বামক প্রভৃতি সম্প্রদায়ের প্রসংগ তাহাতে আছে। শক্তিসংগমতন্তের বিভিন্ন অংশে বিভিন্ন তাশ্তিক সম্প্রদায়ের কিছ্র কিছ্র বিবরণ দৃষ্ট হয়। বেশ্বি ও জৈন তন্তের বিষয়েও অনেক কথা বালবার আছে। কিশ্তুর বর্তমান প্রসংগ তাহা সম্ভব নহে।

এক সময়ে ভারতবর্ষের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত এবং ভারতবর্ষের বাহিরেও তানিক সাধনার বিশ্তার ঘটিয়াছিল। তন্ত মধ্যে 'কাদি' ও 'হাদি' মত ছাণপায়টি দেশে প্রচলিত ছিল। এই দ্বই মতের প্রচারক্ষেত্রের সচ্চী পরস্পর মিলাইয়া দেখিলে কোন্ কোন্ প্রদেশে কাদি ও কোন্ কোন্ প্রদেশে হাদি মত ছিল তাহা ব্রিকতে পারা যায়। এই সকল দেশ ভারতবর্ষের চারিদিকে ও মধ্যভাগে অবস্থিত ছিল। পর্বেদিকে ছিল অংগ, বংগ, কলিংগ, বিদেহ, কামর্প, উৎকল, মগধ, গৌড়, সিলহটু, কীকট ইত্যাদি। দক্ষিণ দিকে ছিল—কেরল, দ্রবিড়, তৈলংগ, মলয়াদ্র, চোল, সিংহল ইত্যাদি। পশ্চমে ছিল—সোরাদ্র, আভীর, কোকণ, লাট মংস্য, সৈন্ধ্ব ইত্যাদি। উত্তরে ছিল—কাশ্মীর, শোরসেন, কিরাত, কোশল ইত্যাদি। মধ্যে ছিল—মহারাদ্ম, বিদর্ভ, মালব, আবশতক ইত্যাদি। ভারতের বাহিরে ছিল—বাহমীক, কান্বোজ, ভোট, চীন, মহাচীন, নেপাল, হ্বণ, কৈকয়, মদ্র, ববন ইত্যাদি।

কাদি ও হাদি উভয়মতেরই নানাপ্রকার অবাশ্তর বিভাগও ছিল।

পাঁচ

তন্ত্রবিস্তারের বর্ণকিঞ্চিং পরিচর দেওরা হইল। ইহা হইতে জানা যায় যে ভারতবর্ষের প্রায় সব ক্ষেত্রেই বৈদিক সংস্কৃতির সমাণ্ডরালভাবে তান্ত্রিক সংস্কৃতির বিস্তার হইয়াছিল। কোনো কোনো সময়ে ইহার স্বতন্ত্র পূথক্ সন্তা ছিল, কখনও তটস্থরপে এবং কখনও অংগীভাত রাপে। কখনও কখনও প্রতিকলে রংপেও এই সংক্ষৃতির প্রচার হইয়াছিল। কিল্ডু সর্বদা ও সর্বত্র ইহা ভারতীয় সংক্রতির অংশরংপেই পরিগণিত হইত। ভারতবর্ষের বাহিরে পরের্ব এবং পশ্চিমে ভারতীয় সংক্ষতির প্রভাববিশ্তার ঘটিয়াছিল। উহা শাধ্য বৌশ্ব সংস্কৃতির স্লোভরপে নহে, বহাুগ্বানে রান্ধণ্য সংস্কৃতির ধারা-রপেও। প্রায় বারোশত বংসর পরের্ব দিবতীয় জয়বর্মার রাজত্বালে কশ্বোজ অথবা কাশ্বোডিয়াতে ভারতবর্ষ হইতে তল্পগ্রন্থ নীত হয়। ঐগ্রাল বৌশ্বতন্ত্র নহে, কিম্ত, ব্রাহ্মণ্য ভারত। ঐগ্রাল শিবাগমের অভ্তর্গত। এইসব গ্রাম্থের নাম-(১) নয়োত্তর (২) শিরশ্ছেদ (৩) বিনয়শীল এবং (৪) সম্মোহ। ঐতিহাসিকগণের মতে নয়োক্তর বোধ হয় নিঃশ্বাস সংহিতার অশ্তর্গত নহে এবং সম্ভবতঃ ইহাই উত্তরসূত্র। শ্রীষ্টীয় অন্টম শতকে গ্রু-তলিপিতে লিখিত নিঃ-বাস তত্ত্বসংহিতা নেপাল দরবার প্রেতকালয়ে আছে। এই গ্রন্থ ষষ্ঠ অথবা সন্তম শতকের হইতে পারে। মনে হয় "শিরখেছদ তদ্দ্র" জয়দ্রথ যামলেরই নামান্তর। শীলকে জয়দ্রথযামলের পরিশিষ্ট মনে করেন। সম্মোহন তন্ত্র পরিশিষ্টরপেই গণ্য হয় । ইহা বর্তমান সময়ে প্রচলিত সম্মোহন তল্কের প্রাচীন রূপে বলিরাই মনে হয়।

ভারতবর্ষ হইতে ধেমন তন্ত্র বা তান্ত্রিক সংক্র্তি বাহিরে গিয়াছে, তেমনই বাহির হইতেও কোন কোন তন্ত্র ভারতে আসিয়াছে। এই প্রসংগ ক্রিজকাতন্ত্রের নাম সমরণ হয়। বিশস্তের উপাখ্যান প্রসংগ শ্রনিতে পাওয়া যায় যে ৮ীন অথবা মহাচীন হইতে উপাসনাক্রম ভারতবর্ষে আনীত হয়, এর্প কিংবদন্তী আছে। তারা, একজটা ও নীল সরস্বতী হইতে অভিন্ন। তারাতন্ত্রে তারা সম্বন্ধে অনেক জ্ঞাতব্য বিষয় নিবংধ আছে।

প্রে ক্ষেনাজ সম্মন্ধে যাহা বলা হইয়াছে তাহা কেবল ক্ষেনাজ সম্বন্ধেই সত্য নহে, নিকটবতী অন্যান্য দেশ সম্বন্ধেও সত্য। দেবরাজ নামে শিবের উপাসনা এবং বিভিন্ন প্রকার শক্তির উপাসনা ভারতবর্ষ হইতে বহিজগতে প্রবর্তিত হইয়াছিল। এই সকল দেবদেবীর নাম ভগবতী, মহাদেবী, উমা, পার্বতী, মহাকালী, মহিষ্মদিনী, পাশ্পত, ভৈরব ইত্যাদি। চীনা ভাষায় লিখিত প্রাচীন ইতিহাস হইতে এইসব বিবরণ উপলম্ব হয়। এই কার্য সম্বন্ধে Andhra Historical Society কিছ্ব কিছ্ব অগ্রসর হইয়াছে।

এখন তন্ত্রপাঠ, বিদ্যাপাঠ, মন্ত্রপাঠ প্রভাতি বিষয়ে কিছ্ কিছ্ আলোচনা করা যাইতেছে। কামর্প, জালখর, প্রেণিগরি ও উচ্ছীয়ান—এই চারিটি পাঁঠ मन्दर्भ किছ; किছ; धात्रना অনেকেরই আছে। काমরপের সংগ মংসোদ্দনাথের সম্পর্ম ছিল। জালন্ধর পীঠের সংগে অভিনব গাণ্ডের গান্তা শান্তানাথের সম্বন্ধ ছিল। ইহা একটি জ্যোতিলিভিগর স্থান। প্রাচীনকালে এইসব স্থান বিদ্যাকেন্দ্র অথবা পঠিম্থান রূপে পরিগণিত ছিল। ইহাদের মধ্যে শ্রীশৈল অথবা শ্রীপর্বত প্রধান ছিল। প্রসিদ্ধি আছে যে স্বরং নাগান্তরেন অন্তিম সময়ে এই ম্থান হইতে তিরোহিত হন। বিভিন্ন তান্ত্রিক বিদ্যার সাধনা, প্রত্যক অন্তেব ও যোগ্য আধারে বিদ্যা-সমর্পণ এইসব পীঠে হইত। পরবতীকালে বৌশ্বগণ নালন্দা, বিক্রমশীলা, উদশ্তপারী প্রভূতি স্থানে এই প্রাচীন পীঠের অন্যকরণ করিয়াছিলেন। তক্ষণিলার নাম সর্বত্ত প্রসিম্প। সম্পূর্ণ দেশে উনপণ্ড:শ অথবা পণার্শটি পীঠ আছে—ইহাদের বিস্তারিত বিবরণ তন্ত্রশাস্কে আছে। এই বিষয়ে ডাঃ দীনেশচন্দ্র সরকার কিছু, কিছু, আলোচনা করিয়াছেন। পীঠতদ্বের রহস্য অত্যন্ত গশ্ভীর। বস্ততেঃ পীঠশন্দে জাগ্রংশারসম্পন্ন স্থানকে বুঝায়। সেখানে মন, বুন্ধি, চিন্ত অহণকারাদির বিষয়, অব্যন্ত অলিণেগর ব্যন্ত জ্যোতিঃম্বরপে, লিশ্বরপে ধারণ করে। অন্বিকা ও শাশ্তা শক্তিবয়ের সামরস্য যে স্থানে তাহা প্রধান পীঠ। সেখানে অলিণ্য অব্যক্ত মহাপ্রকাশ পরমজ্যোতি-**तु.(भ व्यक्तित्र हुए । वह भीक्षेत्र भा**तिकाषिक नाम भतावाकः । वहेश्वकात যেখানে ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া এবং বামা, জ্যোষ্ঠা ও রোদ্রীর সামরস্য হইয়াছে সেই সব স্থান তৎ তৎ পীঠরপে পরিণত হইয়াছে।

एग्र

এখন পর্যশত যাহা কিছু বলা হইল তাহা তান্ত্রিক সংস্কৃতির বাহ্য অংশর একটি লঘ্ চিক্রছায়া মাত্র। কিশত মনে রাখিতে হইবে যে সংস্কৃতির মহন্দ্র উহার বাহ্য অবয়বের আড়ব্রের উপর নির্ভার করে না। সংস্কৃতির মহন্দ্রের পরিচায়ক হইল মানব আত্মার মহনীয়তার আদর্শ প্রদর্শন। যে সংস্কৃতিতে আত্মার শবর্প-স্বাতশ্রের ও সামর্থ্যের অতিশয় যত অধিক পরিমাণে অভিবার হয় ঐ সংস্কৃতির গৌরব তত অধিক স্বীকার করা আবশ্যক। বৈদিক সংস্কৃতির প্রতিনিধি আর্য ঋষিগণ গাহিয়াছিলেন—

শ্বনত্ব বিশ্বে অম্তস্য প্রাঃ আ যে ধামাণি দিবানি তঞ্জঃ। বেদাহমেতং প্রব্ধং মহাত্তম্ আদিতাবণ'ং তমসঃ প্রক্তাং ॥ মানব আত্মাই এই মহান্ আদিত্যবর্ণ প্রেব্র, বাঁহাকে জানিলে মৃত্যু অতিকাশত হয়।

এই মানদন্ড শ্বারাই তান্তিক সংক্তৃতির মহন্ত বোধগম্য হইবে। আত্মার শ্বর্পগত এবং সামর্থাগত প্র্তির আদশহি ইহার মহন্তের অভিবাঞ্জক। আগম শাস্ত ম্পন্ট নিদেশি করে যে যদিও আন্মা শ্বর্পতঃ নিত্য শা্ম্য তথাপি উহার প্রবৃষ্ধ অবস্থা শ্রেণ্ঠ। অপ্রবৃষ্ধ অবস্থা চিংস্বর্প হইলেও চেতন না হওয়ার দর্শ উহা অচিংকলপই বলিতে হইবে। বিমর্শহীন চিং অথবা প্রকাশ চিং হইলেও অচিংসদৃশ, প্রকাশ হইলেও অপ্রকাশবং এবং শিব হইলেও শববং। সেইজন্য ভত্থির বিলয়াছেন—

বাগ্রপেতা চেদ্ংক্রামেদববোধস্য শাশ্বতী। ন প্রকাশঃ প্রকাশেত সা হি প্রতাবমর্শিনী॥

এইজন্য আণব্যলকেই আদিমল মনে করা হয়, এবং উহার অপনয়ন না হওয়া প্য'নত চিৎন্বর্প অবস্থাকে শিবস্থহীন পশ্কেল্প দশা বলা হইয়া থাকে। ঐ সময়ে অ.সা সঞ্জন না হইলেও নির্জ্ঞন পশ্মান্ত।

এই ভিত্তির উপর তাশ্তিক সংক্তির উদান্ত ঘোষণা এই যে মন্যাকে নিদ্রিত থাকিলে চলিবে না, তাহাকে জাগিতে হইবে "প্রবৃশ্ধঃ সর্বদা তিন্তেং।" যে প্রেশ্ব মানবজীবনের লক্ষ্য বলিয়া গ্রীকার করা হয় উহার উপলব্ধির জন্য সর্বপ্রথম আবশ্যক অনাদি নিদ্রা হইতে জাগরণ অর্থাং প্রবোধন। ইহার পর আত্মার ক্রমিক উধর্বগতির মার্গে প্রমশিব, পরাসংবিং অথবা পরম সন্তার সাক্ষাংকার করা।

মান্যকে জাগিতে হইবে ইহাই প্রথম কথা। কিন্তঃ ইহা অত্যন্ত কঠিন ব্যাপার। সাধারণ দ্বিতৈ দেখিতে পাওয়া যায় যে প্রায়্ত সকল আত্মাই সংগতভাবে বিদ্যমান রহিয়াছে। কমী, জ্ঞানী অথবা অন্য যে কোন অবস্থায় অবিস্থিত আত্মা অধিকাংশস্থলেই আত্মবিমর্শশিনো লক্ষিত হয়। মানব আপন বিশান্থ স্থিতিতে অবস্থান করিলে অনবচ্ছিল ঠেতনাময় শিব হইতে অভিয়। অশান্থ অবস্থাতে ঠেতনাের অবচ্ছেদ থাকে। অবচ্ছিল অবস্থায় আত্মা গ্রাহকর্পে অথবি পরিচ্ছিল অহংরপে অথবা পরিমিত বা খন্ড প্রমাতারপে আভবাক্ত হয়। থাক প্রমাতার সন্মাথে যাবতীয় প্রমেয় গ্রাহারপে অনাভতে হয়। গ্রাহক আত্মা গ্রাহাসক্তাকে নিজ সক্তা হইতে পা্থক দেখে। আত্মা গ্রাহাের দিকে উন্মাথ হইলেই বাঝিতে হইবে যে ঠেতনা অবচ্ছিল হইয়াছে। পিন্ডবিশেষের সহিত অথবি দেহের সহিত সম্বন্ধবশতঃ অনাের সহিত অহন্তা অভিমান প্রকট হইতে পারে না। কিন্তঃ প্রেণিজের অবস্থায় অনাচ্ছিত শিব হইতে পা্থিবী পর্যন্ত ছিলে তত্মাত্মক সমগ্র বিশ্বই আত্মার রম্প বা শরীরভাবে প্রকাশিত হয়। অপ্রা

অহংএর পূর্ণস্কলাভ আবশ্যক। ইহাই আত্মার পরম জাগরণ। অন্বৈত সাধনা ইহাকেই পরম লক্ষ্য বলিয়া গ্রহণ করিয়াছে।

অনবচ্ছিন্ন চৈতন্যে নিয়ত বিশেষ রংপের ভান হয় না। যদি হয় তাহা হইলে ঐ অবস্থার অনবচ্ছিন্নতা মানা সম্ভব নহে—উহা তথন আত্মার গ্রাহক অবস্থা। তথন সামান্য সন্তার রংপে প্রণন্ধের ভান হয়। এই সামানাাত্মক মহাসন্তার ভান সবিশেষ এবং নিবিশেষ উভয়রংপেই হইতে পারে। সর্বাতীওঁ রিম্ভরংপ ভামান্ত এবং সর্বাত্মক প্রণর্বার্থণ ভা। উভয়ন্ত ভাস্বর্পতা রহিয়াছে। এই সামান্য সন্তার ভানই 'ফ্কভাব'পদবাচা। ইহা বঙ্গত্বতঃ বহুর মধ্যে একের অন্যুসন্থান। প্রথমে যে গ্রাহক আত্মার প্রতিনিয়ত ভান হইত তাহা তথন থাকে না। এইভাবে ক্রমশঃ অনবচ্ছিন্ন চৈতন্যের দিকে প্রগতি বাড়িতে থাকে।

আত্মা ষতদিন নিদ্রিত থাকে অর্থাৎ কর্-ডাঙ্গনী শক্তি যতদিন প্রবৃশ্ধ না হয় ততদিন উহার গতরভেদ শ্বাভাবিকই থাকে। ঐ সময় উহার অগ্মিতা, যোগ্যতার তারতম্য অনুসারে দেহ, প্রাণ, ইন্দ্রির অথবা শ্নো বা মায়াতে ক্রিয়া করিতে থাকে। মনে রাখিতে হইবে যে এই অগ্মিভাব বাঙ্গতিকি পক্ষে চৈতন্যেরই, গ্রাহকের নহে। অনাগ্রিত হইতে প্রথিবী পর্যন্ত পদের বিঙ্গতারক্ষেত্র বিলয়া পদসংখ্যা অনেক। কিঙ্গত্ব অক্মিতা কোনো পদের ধর্ম নহে, উহা চিতির ধর্ম। যে কোন পদে অস্মিতার ধারণা হইতে পারে। ধারণার অভিপ্রায় দৃঢ় অভিনিবেশ, যাহার প্রভাবে ইছামাত্র হইতে ক্রিয়া প্যন্ত উদ্ভব ঘটিতে পারে।

শান্ধ আত্মার অফ্মিতাজন্য অভিনিবেশ শান্ধাবস্থাতে বিশ্বের সর্বন্ত বিদামান রহিয়াছে; কারণ, শান্ধ আত্মা গ্রাহক নহে, একথা পারেই বলা হইয়াছে। বিন্দা হইতে দেহ পর্যাল্ড বিভিন্ন স্থিতিতে ইহা সর্বন্ত ব্যাপক। তাহা হইলেও ইহার বিকাশ সর্বন্ত নাই, কারণ বিকাশ ভাবনাসাপেক্ষ। যাহাকে আমরা কতর্ব্ব, ঈশ্বর্দ্ধ বা শ্বাতশ্যনামে অভিহিত করি তাহা অহশ্তার বিকাশ ব্যতীত অপর কিছন নহে। তান্ত্রিক সিম্পাণ উহাকেই চিংশ্বর্পতা বলিয়া থাকেন। সকল-প্রকার সিম্পিই অহশ্তা শ্বারা অনুপ্রাণিত।

তান্দ্রিক যোগ অথবা জ্ঞান সাধনার লক্ষ্য স্কৃত আত্মাকে জাগাইয়া তোলা। যে সকল অংখার সংগ্র আমরা পরিচিত তাহারা প্রায় সকলেই স্কৃত, কারণ তাহাদের দৃণ্টিতে চিং ও শক্তি পরস্পর বিলক্ষণ। স্কৃত আত্মার দৃণ্টিতে গ্রাহক চিদ্রেপ এবং গ্রাহ্য অচিদ্ রপে। বস্তত্তঃ সমগ্র বিশ্ব অথন্ড প্রকাশমার এবং আত্মার অন্তঃস্পিত। তথাপি স্কৃত আত্মা মনে করে যে বিশ্ব তাহার বাহিরে। এইসকল স্কৃত আত্মাই সংসারী আত্মা—ইহাদের সংগই সাধারণতঃ আমাদের পরিচয়। যখন আত্মার নিরাভণ্য হয় তখন সংগ্র সংগঠ দ্বিতির পরিবর্তন ঘটিতে আরক্ত হয়। ইহা শক্ষাবিদ্যার প্রভাবে হইয়া থাকে। এইসকল আত্মার

তাংকালিক অবস্থা ঠিক স্কৃতিও নহে অথচ জাগরণও নহে। ইহা উভরের মধাবতী অন্তরাল অবস্থা। এই অবস্থাতে স্কৃতিজনিত ভেদের প্রতীতি থাকে অথচ জাগরণের অভেদজ্ঞানও থাকে। এইসকল লোকের সংসার থাকে না, কিন্তু সংসারের সংস্কারটা থাকে। ইহাদের স্থিতি ভবও নহে, উল্ভবও নহে। কোনো কোনো অংশ এইসকল আত্মা পাতঞ্জলদর্শনে বর্ণিত সম্প্রজ্ঞাতসমাধির অনুর্পু, কারণ এই অবস্থার অবিবেক থাকিয়া যায়। ইহার পর শান্ধ চিতের প্রকাশ হয়—এই অবস্থা কোন কোন অংশ পাতঞ্জল যোগদর্শনের বিবেকখ্যাতির অনুর্পু। ইহা স্বন্ধ অবস্থা—ঠিকঠিক স্কৃতিও নহে, জাগ্রুও নহে। এইজন্য ইহাকে ঠিকঠিক প্রকৃত্ম অবস্থা বলা চলে না। এখানে মনে রাখিতে হইবে যে এই অবস্থার কর্মক্ষয় সিম্প হইয়াছে বলিয়া ইহাকে একদৃণ্টিতে এই সকল আত্মার মৃত্ত অবস্থা বলা যাইতে পারে। কিন্তু তাল্ডিকদৃণ্টিতে ইহা মৃত্ত অবস্থা নহে। তাল্ডিক প্রিভাষাতে এইসকল অন্ত্যাকে র্দ্রাণ্ বলা যাইতে পারে। ইহারাও পশ্বকোটিতে অন্তভ্রে । তবে ইহা সতা যে এই সকল আত্মা সংবিৎ মার্গে সিম্পুনত গ্রহণ করার অধিকারী।

ইহার পরই যথার্থ জাগরণের স্ত্রেপাত বলা চলে। তথন প্রমাতা সতাসতাই প্রবৃশ্ধ হয়। তথন ভেদদ্বিও মোটেই থাকে না। তবে ভেদ ও অভেদ উভয়ের সংশ্কারটা থাকে। তাই এই অবশ্থাতেও ইদংরপে জড়াবদ্ধার প্রতাতি থাকে। এইসকল আত্মা সমগ্র জগৎকে নিজের শরীর বলিয়া অন্ভব করেন। কোনো কোনো অংশে এই অবশ্থা ঈশ্বরের অন্রপে। ইহার মধ্যে অনেক বৈচিত্র্য আছে। কিশ্ত্ব তাহা শ্বান্ভববেদা।

ইহার পর আত্মার জাগরণ আরও শণ্টরপে ঘটে। তথন প্রবৃদ্ধভাবের বৃদ্ধি হয় এবং উহার ফলে ইদং প্রতীতিবেদ্য প্রমেয় অহংরপে আত্মণবর্পে নিমন্ন হইয়া নিমেষবং প্রতীত হয়। কিন্তু এতটা হইলেও ইহাকে স্প্রবৃদ্ধ অবস্থা বলা চলে না। ইহা যে প্রবৃদ্ধ অবস্থা হইতে উৎকৃষ্ট তাহাতে সন্দেহ নাই। তান্দ্রিক যোগিগণ এই সকল আত্মাকে উদ্ভবী নামে বর্ণনা করিয়া থাকেন। এই সকল আত্মা অভেদপ্রতিপত্তি অথবা কৈবলাপ্রাণ্ডি শ্বারা অহমাত্মক শ্বরপে নিমন্ন থাকে। এথানে ইদ্লতা থাকিলেও অহ্লতা শ্বারা আছোদিত থাকে বলিয়া অস্ফন্ট থাকে। এই অবস্থাটিকে কোনো কোনো অংশে সদাশিবের অন্বর্প বলিয়া মনে করা চলে, কিন্তু ইহাও প্রণ্ড নহে।

এইপ্রকার স্কৃষির্ঘ মার্গ অতিক্রম করিবার পর বাঙ্গবিক প্র্ণতার উদর হয়। কিঙ্গত্ব উহা উদয়মাত্র। উহা ঙ্পায়ী হয় না, কারণ তখনও উন্মেষ-নিমেষের ব্যাপার চলিতে থাকে। এই ব্যাপার থাকে বলিয়া ঙ্গিতি হয় কখনও সম্বর্বৎ এবং কখনও স্বাধিববং। যখন উন্মেষ বিদ্যমান থাকে তখনকার ক্ষ্তি

ঈশ্বরসদৃশ, আর যথন নিমেষ বিদ্যমান থাকে তখনকার স্থিতি সদাশিবসদৃশ।
উভর অবস্থাতেই মহাপ্রকাশ অনাবৃত থাকে। শিবাদি ধরণী পর্যশত বিশেবর
ভান কখনও থাকে, কখনও থাকে না। যথন বিশেবর ভান থাকে তখন প্রকাশাত্মক
রপেই উশ্বেষ থাকে। আর যখন বিশেবর ভান থাকে না তখন প্রকাশাত্মক
রপেই নিমেষ থাকে। ইহার পর প্রশ্তা স্থায়ী হয়।

পূর্ণন্দের ক্ষারণের কথা বলা হইল। কিন্তু প্রথমাবস্থাতে পূর্ণন্দ স্থায়ী হয় না, কারণ তাহার সন্দো মনের সন্বন্ধ থাকে। মন থাকিলে, মনের অবস্থানকালে উদ্মেষ হয় এবং মনের সন্বন্ধ না থাকিলে নিমেষ হয়। মন থাকা পর্যন্ত উদ্মেষ ও নিমেষের সন্ভাবনা থাকিয়া য়য়। ইহার পর মন আর থাকে না। তথন উন্মনী অবস্থার আবিভবি হয়। উহার প্রভাবে পূর্ণন্দ স্ক্রিসন্থ হয় বলা ষাইতে পারে। আগমবিৎ আচার্য ইহাকে স্ক্রবন্ধ অবস্থা বলিয়া বর্ণনা করেন। এইবার আত্মার জাগরণ পূর্ণ হইল বলা চলে।

সিম্পিরহস্য সম্বাস্থ দুই একটি কথা প্রসংগতঃ বলা যাইতেছে। মনে রাথিতে হইবে, তম্ব ও অর্থ-এই উভয়ের মধ্যে কোনো একটিকে আশ্রয় করিয়া সিন্ধি উদিত হয়। জাগতিক দুণ্টিতে জগতের প্রত্যেকটি পদার্থের একটি বিশিষ্ট ক্রিয়াকারিত্ব আছে। যোগিগণ সংযমের খারা তং তং পদার্থ হইতে তং তং কর্ম' সম্পাদন করিতে পারেন। তত্ত্বমলেক সিম্পির দুইটি প্রকার আছে—একটি পরা, অপরটি অপরা। পাতঞ্জল যোগণাস্ত্রেও তত্ত্বময় অবস্থা হইতে সিম্পর উদয়ের বিবরণ দুন্ট হয়। অর্থবিশেষে অজ্বভাবনা করিয়া যোগী তদ্রপ্রে ধারণ করেন ও উক্ত কার্য সম্পাদন করেন। যে দেবতা যে কার্য সম্পাদন করেন. যোগী সেই দেবতার সংগ্রে তাদামালাভ করিয়া অর্থাৎ অহংভাবস্থাপন করিয়া সেই কার্য সম্পাদন করিয়া থাকেন। ইহার তাৎপর্য এই যে, যে কোন তত্ত্ব অহম্তার অভিনিবেশ করিলে তদনরেপে সিম্পির উদয় হইতে পারে। মায়া পর্যশ্ত একত্রিশ তত্ত্বকে অবলম্বন করিয়া এইপ্রকার সিম্পিলাভ হইতে পারে। এই সকল সিম্পির নাম গ্রাসিম্পি। 'গ্রেণ শব্দ মায়ার বাচক। মায়াতীত শুদ্রেবিদ্যা অথবা সরম্বতীকে আশ্রয় করিয়া যে সকল সিন্ধির উদয় হয় তাহাদের নাম তত্ত্বমলেক পরাসিশি। লোকিক কার্যের জন্য যে সকল সিশ্বির প্রয়োজন হয় সেগ্রলিকে অপরাসিন্ধি বলে।

এই সকল পরা ও অপরা সিম্পি উভয়ই খণ্ড সিম্পি, মহাসিম্পি নহে।
মহাসিম্পি এই উভয় অপেক্ষা শ্রেষ্ঠ। মহাসিম্পিও দৃই প্রকার। প্রথমটি
সকলীকরণ ও ম্বিতীয়টি শিবস্থলাভ। সকলীকরণ অবস্থায় যোগীর ভীষণ
ভালন অনুভব হয়। তাহার পর শাশ্ত স্নিন্ধ শীতলতার আবিভবি হয়।
যে সময় কালানি যোগীর দেহাবিস্থিত পাশসম্হকে দশ্ধ করে সেই সময় বড়ধার

দাহ সম্পন্ন হয়। ঐ অবস্থায় ভীষণ তাপের অন্ভব হয়। তাহার পর সিনন্ধ অম্তরসে যোগীর সকল সন্তা আন্সাবিত হইয়া যায়। এই সময় যোগী প্রেরপে ইণ্টদেবতার সাক্ষাংকার লাভ করেন। তথন যোগী শোধিত অধ্বা অথবা সমগ্র বিশেবর অনুগ্রাহক হন। এই অম্তন্সাবনের নাম প্রেণিভবেক। যোগী এই অবস্থায় প্রতিষ্ঠিত হইয়া জগদ্দার্ম পদে অধিষ্ঠিত হন। এইপ্রকারে প্রেশ্ব লাভ করিয়া তাহাকেও অতিক্রম করিতে হয়, কারণ ইহাও অপ্রেশিথতি; ইহার পর যথার্থ প্রেশিথাতির উদয় হয়। উহারই নাম শিবদ্ব। ইহা পরমশিবের অবস্থা। ইহাই বাস্তবিক প্রেণ্ড। এই অবস্থায় প্রেণ্ডবাতন্দ্রোর আবিভবি হয়। তথন ইচ্ছামাত ভ্রনরচনা বা বিশ্বরচনার অধিকার জ্বমে। পঞ্চক্তাকারিতার আবিভবি এই সময়েই হয়।

বোশ্বমতে সুখাবতীর রচনা অমিতাভ বুশ্ব শ্বারা হইয়াছিল, রর্প প্রাসিশ্ব আছে। বিশ্বামিত প্রভৃতির জগদ্ রচনার বিষয় শাস্তে বণিত আছে। তান্তিক অধ্যাত্মদৃণ্টির লক্ষ্য এই পরিপ্রেণ অবস্থার প্রাপত। কেবলমাত্ত শ্বগদি উধ্বলাক ও লোকান্তরে গতি অথবা কৈবল্য অথবা নিরঞ্জন ভাবের প্রাণ্ড অথবা মায়াতীত অধিকারী পদলাভমাত্ত নহে। মন্ব্যমাতের এই অবস্থানলাভের স্বর্পযোগ্যতা আছে। ইহাই তান্তিক সংস্কৃতির অবদান—ইহা ত্রছ মনে করা যাইতে পারে না।

অনাদি সুষুপ্তি ও তাহার ভঙ্গ

যে প্রবাংশ বা জাগরিত অবস্থা তাশ্তিক সাধনার মূল লক্ষ্য তাহা ব্রবিভে হইলে জীবের সূম্রণিত ও তাহা হইতে জাগরণ ব্রুঝা আবশ্যক। জীবের প্রথম জাগরণ কখন হয় তাহার কার্লানর্দেশ চলে না। কারণ, যখন জীব প্রথম জাগিয়া উঠে বস্ত্রতঃ তাহার পক্ষে তখনই কালের গতি আরুভ হয়। যখন জীব সাম: ত থাকে তখন কাল স্তম্ভিতবং, থাকিয়াও থাকে না। নিদ্রা বা সূষ্ণিত অনাদি ও আদি ভেদে দুইপ্রকার। আদিস্থির প্রথমে জীব প্রবৃষ্ধ হইরা নিজ নিজ পথে যাত্রা করে। এই জাগরণ যে-নিদ্রা হইতে হইরা থাকে তাহাই অনাদি নিদ্রা, কারণ ঐ নিদ্রার পর্বের্বে জ্বীব জাগিয়া ছিল না-বৃশ্তরতঃ ঐ নিদ্রর পরোবস্থাই নাই। যদি পরোবস্থা স্বীকার করা যায় তাহা হইলে উহাকে আর অনাদি নিদ্রা বলা চলে না। প্রলয়াশেত যে সংখি হয় তাহা সাদি নিদ্রা হইতে জাগরণক্রমে হইয়া থাকে। আদিস্ভির পরের্ব খণ্ডপ্রলয় বা মহাপ্রলয় কিছ.ই ছিল না। তথাপি যদি প্রলয় শব্দের ব্যবহার করিতে হর তাহা হইলে উহাকে অনাদি নিদ্র রই নামান্তর বলিয়া মনে করিতে হইবে। ইহা শ্বীকার না করিলে 'আদিস্ভিট' বলার কোন সার্থকিতা থাকে না। জীবভাবের ক্রমবিকাশের প্রথম স্ত্রপাত আদিস্ভিতেই হইয়া থাকে। অনাদি স্ব্রুণিত অবস্থায় অনশ্ত জীব অপ্থাগ্ভাবে লীন থাকে। অনাদিস্বযু•িতর উধের্ব যেখানে নিতা চৈতন্য বিরাজ করিতেছে সেখান হইতে অব্যক্তাবে সমেণিতমধ্যে অনত জীবের সচনা হয়। এই সুষ্ঠিতটি বিশ্বমাতকা মহামায়া। যিনি এই মহামায়ার উ:ধর্ব সর্বদা বিরাজ করিতেছেন তিনিই পরমেশ্বর-পরমেশ্বরী শিব-শক্তি বা ভগবান:-ভগবতীর নিতামিলিত অন্বয়ংবর্প। ম্বাতন্তাবলে তাঁহার ম্বরপেভতো শক্তি ব্যক্তটেতনারপে আত্মপ্রকাশ করেন। চৈতনোর আত্মপ্রকাশের পরের্ব শক্তি পরমেশ্বরের স্বরূপে গত্তে থাকেন। তথন একদিকে যেমন শক্তির অস্তিত্ব উপলব্দ হয় না, তেমনি অপরদিকে পরমেশ্বরেরও আস্মোপলন্ধি হয় না। শক্তির অভিবাত্তি ব্যতিরেকে পরমেশ্বরের নিতাসিম্ধ স্বর্পের উপলব্ধি সম্ভবপর নহে।

অতএব শক্তির দুইটি অবস্থা বুঝিতে পারা গেল। একটি গৃহ্ণত অবস্থা এবং অপরটি প্রকট অবস্থা। শক্তি যথন গৃহণত থাকে তথন একমাত্র স্বরূপই থাকে, কিশ্তন তাহা না থাকার সমান। শক্তি থাকিলেও তাহার পৃথক্ অশ্তিজ্ব অনুভ্তিগোচর হয় না। ইহাই শিবের 'শব' অবস্থা। ইহা একপ্রকার জড়জ্ব। কিশ্তন শক্তি যথন প্রকট তথন তাহাকে ঠৈতন্য বলে। ইহার প্রভাবেই সৃণ্টি প্রভৃতি ব্যাপারের স্ফ্রেন হইয়া থাকে। শক্তির প্রকট বা ঠেতন্য অবস্থাকে বিশিশ্ত আগমবিদ্গেণ 'পরনাদ' বিলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন। এই অবস্থায় জড় নাই, শন্ধন ঠেতনাই ঠেতন্য। পরনাদ বা ঠেতনার প্রভাবে মহামায়ার ঘ্রমশ্ত সন্তা ঝাকার দিয়া জাগিয়া উঠে। মহামায়ার গতি ঠৈতন্যের প্রভাবেই নিরশতর শক্তির অধীন হইতেছে। দৃত্তিই শক্তি। ক্ষণভেদে অনশ্ত দৃত্তি যেন সেই মহামায়াসন্তায় স্কৃত অনশ্ত জীবর্পে বিলীন রহিয়াছে। একদিকে 'রহিয়াছে' বলা চলে, অন্যদিকে লোকিক প্রজ্ঞার অনুরোধে নিরশ্তর 'ইইতেছে' বলাও চলে। এই বিলীন ভাব বস্তন্তঃ অনাদি নিদ্রারই একটি অবস্থা। ঐ যে পরনাদের কথা বলা হইল উহাই যেন বিশ্বগন্ধন শ্রীভগবানের ডাক। ঐ ডাকেই বিশ্বস্তিই হইয়া থাকে।

পরনাদের প্রভাবে মহামায়া বা বিন্দ**্ব ক্ষ্ব হইলে মহামা**য়ার কার্যর**েপে** অপরনাদের স্ত্রেপাত হয়। অপরনাদ শব্দর্প জ্ঞান, পরনাদ শব্দতীত বোধরপে জ্ঞান।

জ্ঞান বোধরপে ও শব্দরপে—এই দুই প্রকার। বোধরপে জ্ঞানও শব্দর্পে আর্ঢ়ে হইয়া প্রবৃত্ত হয়। নতবো তাহার প্রবৃত্তি থাকিত না। যথন মহামায়া হইতে স্-ত জীবসকল জাগিয়া উঠে, তখন তাহারা থে জ্ঞানভামিতে অবস্থান করে তাহা পরনাদরপে সাক্ষাং চৈতনা নহে এবং মাগ্রিকজ্ঞান, ভেদজ্ঞানও নহে। কারণ, তথন মায়ার ক্ষোভ হয় নাই। উহাই শব্দরূপ জ্ঞান, যাহা বিন্দুজানত নাদ বা অপরনাদের দ্বারা অনুবিদ্ধ। এই অবস্থায় নাদাত্মক মহাজ্ঞান হইতে তাহার পণ্ধারা অবল্যন করিয়া পণ্ডামাতাময় জ্ঞানধারা উপদেশরপে আবিভাতি হয়। ইহাই আদিগার এবং আদি ঈশ্বরকল্প সিন্ধ জীবগণ প্রাণ্ত হইয়া "আদিবিশ্বান্" নামের সাথ'কতা সম্পাদন করেন। প্রনাদর্প চৈতনা হইতে বিন্দুক্ষেভের পর আহতনাদের অভিবাজি হইলে পণ্ডােতাময় শাস্ত্র বা উপদেশাত্মক জ্ঞান আদিদুণ্টিতে আবিভূতে অধিকারী পরেম্বরণ প্রাণত হইয়া থাকেন। প্রশ্ন হইতে পারে—এই মহাজ্ঞানের উপদেশ কাহার জন্য-স্ভিধারায় আবতনিশীল প্রবৃত্তিপ্রধান জীবের জনা, অথবা সংহারধারায় উত্থানশীল নিব্যক্তিপ্রধান জীবের জনা? ইহার উত্তর এই যে উহা উভয়েরই উপযোগী। পতঞ্জলি বলিয়াছেন—''স প্রেবিমাপি গ্রে:।" 'প্রেবিং' শব্দে সূণ্টির আদিকালের ঋষি, সিন্ধ, কার্য-ঈন্বর প্রভূতি সকলকে ব্ঝাইতে পারে। ই'হারা সকলে সেই প্রমুম্থান হইতেই, জ্ঞানের সেই প্রমভান্ডার হইতেই, আপন আপন যোগ্যতা অন্রপ্ জ্ঞান প্রাণ্ড হইয়া থাকেন। এইজনাই ঋণেবদে অণিনকে "প্রেভিঃ ঋষিভিঃ ঈড়াঃ" বলা হইয়াছে। 'প্রেণি
বা 'প্রশ্ব' ঋষি হইলেন তাঁহারা, যাঁহারা স্ভির আদিতে আবিভ্তি হইয়াছিলেন।
নিশ্বে হইলেন তাঁহারা, যাঁহারা স্ভির মধ্যে আবিভ্তি হইয়াছেন বা হইতেছেন।
পরমেশ্বর ব্রশ্বাকে স্ভি করিয়া তাঁহাকে বেদশিক্ষা দিয়াছেন। তারপর ব্রশ্বা
শ্বয়ং বেদার্থ গ্রহণপ্রেণি স্ভিকার্যে প্রবৃত্ত হইয়াছেন। ইহার গ্রাথণি অন্ধাবন
করা আবশ্যক।

মনে রাখিতে হইবে মহামায়ারপে বিন্দুতে দুইপ্রকার জীব সূত্র রহিয়াছে। তক্ষধ্যে একপ্রেণী নিব্রাভিম্খ এবং অপর শ্রেণী প্রব্রাভিম্খ হইয়া বিন্দুকোভের সণ্গে সণ্গে আবিভর্তে হয়। যে সকল জীবাণঃ মায়ারাজ্যে পতিত হইয়া সংসার-জীবন যাপনপর্বেক উহার অবসানে পরনর্বার স্বস্থানে ফিরিবার জন্য নিব্ভিপথে চলিতে আর*ভ করিয়াছে, যুগপং বা ক্রমশঃ সকল তত্বভেদপরে ক মায়াতত্বকেও অতিক্রম করিতে সমর্থ হইরাছে, তাহারা মহামায়াতে স-তভাবে বিলীন থাকে। মায়াভেদ যে প্রকারেই হউক্ তাহাতে কিছু আসে वारा ना । এই मकन की व निवृत्तिका भी । ইহাদের মধ্যে যাহাদের আণবমল প্রলয়ের মধ্যকালেই পরিপক্ত হয় তাহারা ঐথান হইতেই ভগবদনগ্রহ প্রাণ্ড হইয়া প্রেপ লাভ করে। তাহাদিগকে আর নতেন স্পেটতে অধিকারী প্রভাতি রূপে আসিতে হয় না। কিম্ত, যাহাদের অধিকারাদির বাসনা আছে তাহারা ভগবদন্ত্রহ প্রাণ্ড হইয়া বৈন্দবদেহ ধারণপূর্বেক কার্য ঈন্বরাদিরপে অধিকারাদি প্রাণ্ড হন। বাসনা একেবারে না থাকিলে অধিকারলাভ ঘটে না। বাসনাও मल वर्ते, किन्द, देश अनाि मल नर ; देश मािषमल। अहे मकल खीव वा অণ্ম পরনাদের প্রভাবে নিজ্ঞ শ্বরূপ চিনিতে পারে এবং বিন্দুক্ষোভজন্য শ্বেদহে প্রভৃতি লাভ করিয়া ঈশ্বর, দেবতা প্রভৃতি পদে বৃত হয়। পঞ্চ-স্রোতোময় মহাজ্ঞানের উপদেশ ইহারাই প্রাণ্ড হয়। এই উপদেশবশতঃ ইহারা সকলেই বিভাৰ ও সবভিৰে লাভ করিয়া থাকে। সবভিৰ না থাকিলে ইহাদের খারা ভগবানের সুণ্টি প্রভৃতি পঞ্চকুত্যের সম্পাদন সম্ভবপর হইত না। ইহাদের সকলের মধ্যে ভগবানের কর্তৃত্বর্ণান্ত ও করণশান্ত সমর্পে প্রতিফলিত না হইলেও তাঁহার সর্বজ্ঞানশান্ত সমরপেই বিকাশপ্রাণ্ড হয়। প্রাচীন বৈদিক শ্ববির ভাষায় বলিতে পারা যায়—ইহারা সকলেই সাক্ষাৎ পরমেশ্বরের নিকট বেদকান লাভ কবিয়া থাকে।

যে সকল জ্বীব অনাদি স্বৃত্তিত হইতে সর্বপ্রথম জাগিয়া উঠে, তাহারা পরনাদের প্রভাবেই জাগে; কারণ পরনাদর্গিনী চৈতন্যপান্তর আঘাত ব্যতিরেকে মহামায়া হইতে সৃত্তজ্বীবের আবির্ভাব হয় না। ইহারা প্রবৃত্তিমৃথী জীব।

ইহাদের লক্ষ্য এখনও বহিম, খ। ইহারা জাগিয়া উঠিয়াই আত্মবিক্ষাত ভাবে চলিতে থাকে। বশ্ত তঃ এই জাগরণ অর্ম্ম্ জাগরণ। দ্বিতীয় জাগরণের ফলে অশ্তম খে গতি হয়। প্রথম জাগরণের প্রোক্থা অনাদি সুষ্ঠিত। প্রথম জাগরণ হইতেই স্বণ্ন স্ক্রেহ্যু, ইহারই নাম অস্থাজাগরণ, স্বিতীয় জাগরণ হইতে প্রণন সমাণত হইয়া প্রকৃত বা পূর্ণে জাগরণ আরশ্ভ হয়। দ্বিতীয় জাগরণের পরে অশ্তম্বর্খী গতি যেখানে শেষ হয় তাহাই পর্ণেতম জাগরণ। কিশ্ত্র তাহাকে আর জ্ঞাগরণ বলা চলে না। বস্তবুতঃ তাহাই তারীয়। भाषात्रें लारक याद्यारक जातीय वर्ता देश जारा नरह । देशरक मफ़रुवनजारव প্রাণ্ড হইলেই স্ব্রুণিততে প্রবেশ সম্ভবপর হয়। স্ব্রুণিততে প্রবেশ ব্যাতিরেকে ভগবত্তালাভের কথা অলীক কল্পনামার। যেখান হইতে স্বন্ধরূপে সূর্ণিটর প্রারুভ, প্রনর্বার সেইখানেই স্বন্দানেত মহাজাগ্রংকালে প্রনঃপ্রবেশ। এইজন্য নিব্যব্তিপথের যাত্রাটিও ঠিক জাগরণ নহে। প্রথম জাগরণের ফলে সম্মুখে এগিয়ে যাওয়া, শ্বিতীয় জাগরণের ফলে নিজম্বানে ফিরিয়া আসা—তাহার পর আবর্তন পূর্ণে হইলে সম্মুখ-পশ্চাতে যাওয়া আসা, ভিতর-বাহির কিছুই থাকে না। সেখানেই স্বেহ্ণিত ও জাগরণের সমন্বয় হয়। তথন সক্রিয় ও নিষ্ক্রিয়, সগাণ ও নিগাণ, সকল ও নিষ্কল, এক ও অনুন্ত, এইসকল ভেদ চিরদিনের জন্য নিব্তে হইয়া যায়।

আছে, তাহা না থাকিলে কোনপ্রকার গতি হইতে পারিত না। অনাদি সম্মৃতিতেও আত্মাক্সিয়তি থাকে বটে, কিল্ত্র চৈতনার প্রেরণার অভাববশতঃ বহিগাঁতি থাকে না। তদুপে আত্মমৃতিলাভের সংগ্য সংগ্য জীবের গতি অল্তম্বাধী হইয়া থাকে। ইহার মালেও চৈতনার প্রেরণা থাকে। যদি তাহা না থাকিত তাহা হইলে আত্মমৃতির সংগ্য সংগ্রই বিজ্ঞানকৈবলার পৌ সম্মৃতিত অক্থার উদয় হইত। বৈন্দবদেহ লাভ করিয়া অল্তম্বাতির সংকারটি দংধ হইয়া যায়। তথন আর উধানের সাভাবনা থাকে না।

স্থির প্রারশ্ভে প্রমেশ্বরের স্বাতন্ত্যণন্তি, বহু হওয়ায়, খেলিতে থাকে।
বতক্ষণ বহুভাবের সমাক্ বিকাশ না হয় ততক্ষণ এই ইচ্ছা কার্য করিতে থাকে।
ইহা কালের ঈক্ষণরূপে বীজভাব প্রাণত হইয়া মহামায়ার গর্ভে স্কৃত থাকে।
ইহাই স্কৃত জ্বীবসম্থি। এই সম্থিতে অন্ত জ্বীবাণ্ আছে বা পর পর
সাঞ্চত হইতেছে। কিল্ত্ব এই সক্ল জ্বীব স্কৃত বিলয়া একপ্রকার জড় পদার্থের
নায় অন্তিজ্বহীন না হইয়াও অন্তিজ্বহীনের নায় পড়িয়া রহিয়াছে। এই

সকল অণ্য-অনন্তসংখ্যক হইলেও ইহাদের পরম্পর পার্থক্য এখন পর্য^কত বিকশিত হয় নাই।

এইগর্নি সমণিরপ্রে একাকারে স্কৃতভাবে বিশীন থাকে। যে মহা ইছা হইতে ইহাদের আবিভবি তাহার প্র্ণতা এখনও বহুদ্রে। কারণ, সেই পরমপ্রের বহু হইতে ইছা করিয়াই এইভাবে আবিভর্ত হইয়াছেন। যতক্ষণ বহুপ্রের্বের আবিভবি না হইবে ততক্ষণ পরমপ্রেরের বহু হইবার ইছা সার্থ ক হইবে না। সত্য সতাই বহু হওয়ার জন্য জীবকে স্তরে স্তরে ফ্টিয়া উঠিতে হইবে। পরমেশ্বরের ইছা মাত্শিক্তিতে ব্যাপকভাবে গাহুগিত হয়়। স্কুতরাং একিদকে যেমন মহামায়াতে অণ্কুসমণিট সণ্ডিত হয়, অপর্যাদকে তেমন মায়াতেও হয়়। কারণ, মহামায়ার নায় মায়াও মাতৃশক্তি। স্বাতন্যপ্রভাবে কালের দিক হইতে নিরশ্বর আনি হইতে ফ্রুলিংগনিগমের নায় জীবস্থিট হইতেছে। স্থিট হওয়ার স্বেগ সংশ্য মহামায়াতে অথবা মায়াতে অথবা মহামায়া হইয়া মায়াতে এ সকল অণ্কু স্কুত হইয়া পড়িতেছে। মহামায়ার আদি নাই, মায়ারও আদি নাই। তাই এ সকল জীবের স্ব্র্কিতও অনাদি নিদ্রা বলিয়া অভিহিত হয়। সাক্ষাভোবে অথবা পরশ্বরাতে এই নিদ্রা হইতে জীবকে জাগায় প্রেবিণিতি পরনাদ বা ঠেতনা। অথথি ঠৈতনার প্রভাবেই স্কুত জীব স্কুণত হইতে জাগিয়া উঠিতেছে।

প্রেবিণিত স্বাংতি বস্তাতঃ অণ্সকলের রোধ অবস্থা। ঐ অবস্থায় পরমেশ্রের অনবচ্ছিন জ্ঞান ও কিয়া অথিং চৈতনা বা ভগবতা প্রতি অণ্রে মধ্যে গ্রুতভাবে নিহিত থাকে, মল অথবা আবরণের শ্বারা অ চ্ছন হইয়া অবস্থান করে। যে কারণে জীবের অনাদি নিদ্রার কথা বলা হয় ঠিক সেই কারণে তাহার অনাদি মলসম্বন্ধও শ্বীকার করিতে হয়। ইহাকে আপাততঃ পরমেশ্রের নিগ্রহরণে গ্রহণ করিলেও বার্তিবক ইহাও অন্ত্রহেরই প্রকারভেদ। যেখানে মলে সত্তাই মণ্যলময় সেখানে নিগ্রহের উন্দেশ্যও মণ্যলময় না হইয়া পারে না।

ভগবানের প্রতিন্তা কালার্পে থেলিতছে, ইহা বলা হইল। উহা তেমনিই চৈতনার্পেও থেলিতছে। একদিকে কালর্পে জীবান্সকল সম্পন্ন করা হইতেছে, অপরদিকে চৈতনার্পে উহাদিগকে অনাদি নিদ্রা হইতে জাগান হইতেছে। কালের থেলার সংগ যেমন চৈতনার যোগ আছে, তেমনি চৈতনার থেলার সংগও কালের যোগ আছে। কালের থেলা নিগ্রহ, চৈতনাের থেলা অনুগ্রহ। চৈতনাের প্রভাবে অনাদি স্মৃত্যিত ছীব জাগিয়া উঠে সতা, কিম্ত্রু একসংগে সব জীব জাগে না, ক্রমশঃ জাগে। ইহাই চৈতনাের উপর কালের প্রভাব।

এই জাগরণটি যে দুইপ্রকার তাহা পূর্বে বলা হইরাছে। অভিনব জীবসকল যথন জাগিয়া উঠে তখন তাহারা বহিম্ব্ খভাবেই জাগে, কারণ স্থিতকর্তির বহ্ হইবার ইচ্ছা এখনও সমাক্রপে প্রণ হয় নাই। বহিম্ব না হইলে বহ্ হওয়া যায় না এবং নিজের ব্যক্তিছের বিকাশও হয় না। এই সকল জীব বা অণ্ জাগিয়া উঠিয়াই নিজের এবং নিজধামের জ্যোতিমর্য় স্বর্প উপলব্ধি করিয়া থাকে। জীব যখন স্কৃত ছিল, তখন তাহার বোধ ছিল না, সে অচেতন ছিল, তাহাতে আমিছভাব ছিল না। কিল্ট্র যখন সে জাগে তখন আমিভাব লইয়াই জাগে। ইহাই আমিছের প্রথম আবিভবি। এই 'আমি' বা 'বেংধ' পরিল্পামান অনশত জ্যোতির সংগে নিজের অভেদ উপলব্ধি করিয়া থাকে। কিল্ট্র যেটি তার নিজের প্রকৃত স্বর্প, যাহা এই জ্যোতিরও অতীত, তাহা সে ধারণা করিতে পারে না, কারণ জীব এখন বহিম্ব থ। এখন নিজ স্বর্পের উপলব্ধির সম্ভাবনা তাহার নাই। কারণ, বহিম্ব থ গতি পরিসমাণত করিয়া অলতম্ব থ গতি প্রাত্ন না ইল্লে স্বর্পদর্শন হইতে পারে না।

এই যে জ্যোতিঃশ্বর্পে নিজের উপলব্ধি ইহা শ্থায়ী হয় না। জীব জ্যোতিঃশ্বর্পে হইয়াও বহিমুখি বলিয়া উহাতে শ্থিত থাকিতে পারে না। সে বাহিরে তাকাইয়া একটি ছায়ার মত জিনিস দেখিতে পায় এবং নিজেকে উহার সহিত অভিন্ন মনে করিতে থাকে। এইপ্রকারে রন্ধভাব হইতে ক্রমশঃ মহাকারণ, কারণ এবং সংক্ষাভাব ভেদ করিয়া শ্থলে পর্যাশত সে অবতীর্ণ হয়। অবতরণের ইহাই চরম সীমা। ইহার পর ভোগ। তাহার পর নিব্তির মুখে সদ্গ্রুর ক্পায় উধের্ব আরোহণ।

এই আরোহণই প্রেবিণিতি দ্বিতীয় জ্ঞাগরণের তন্ত্ব। ইহার প্রভাবে চরম অবম্থায় নিজের প্রকৃত দ্বর্পে চিনিতে পারা যায়। তখন আর বাহ্য বা আভ্যাতরীণ কোন ভাবের সহিতই সম্বন্ধ থাকে না।

স্থিমথে জীবকে প্রেরণ করা চৈতন্য বা গ্রন্থান্তর কার্য। তিনি জীবকে জাগাইয়া বাহিরে পাঠান, বাহিরে যাইতে যাইতে যেথানে থাহা কিছ্ম গ্রহণ করিবার আছে তাহা গ্রহণ করাইয়া তাহাকে প্র্ট করেন। এইভাবে প্রত্যাকর ব্যক্তিয় প্রথন্ প্রথন্ ভাবে ফ্রটিয়া উঠে। তথন প্রর্থ-আকার প্রাণ্ডির ফলে প্রমপ্রব্যের প্রতিবিশ্বধারণের যোগ্যতা জল্ম। এই অবস্থায় দিবতীয় জাগরণের আবশাকতা হয়। দ্বিতীয় জাগরণের পর প্রব্যুবর্পে তাহার দিবাভাবে বিকাশ প্রণ হইয়া থাকে। এইপ্রকারে ক্রমশঃ সে থাল, স্ক্রের, কারণ, মহাকারণ ও কৈবল্যদেহ ভেদ করিয়া নিজ শ্বর্পে প্রতিষ্ঠিত হয়। অবরোহণের মলে যেমন চৈতন্যের ক্রিয়া অর্থাৎ প্রথম জাগরণ, তেমনই আরোহণের মলেও চৈতন্যের ক্রিয়া বা শ্বিতীয় জাগরণ রহিয়াছে।

প্রথম জাগরণ হইতে অর্থাৎ অলময় কোষের প্রথম গঠন হইতে মনোময় কোষের বিকাশ পর্যশত জীবের গতি বহিমর্খী। মনোময় কোষে থাকিতেই বিজ্ঞানের সঞ্চারবশতঃ দ্বিতীয় জাগরণ আরশ্ভ হয়। তাহার ফলে অশ্তম খী গতি চলিতে থাকে। ব্রহ্ম অবস্থা হইতে যখন মহাকারণ শরীরে অবতরণ হয় তখনই সর্বপ্রথম নরলোকের সাক্ষাৎকার হয়। মহাকারণটি বিশ্ব। ইহাই নর। কিম্তু মনে রাখিতে হইবে নর হইলেও ইহা একপ্রকার প্রতিবিশ্ব, প্রকৃত নরস্বরূপে এখনও বহুদেরে। এই আকার কারণ-অবস্থায় অবতীর্ণ হইয়া লিগ্গাত্মক ভাবরপে বান্ত স্থলেসন্তায় অনুপ্রবিষ্ট হয়। বীন্ধ যেমন ক্ষেত্রে পতিত হয়, ইহাও ঠিক সেইরপে। ইহার পর ক্রমণঃ যোনিভেদে প্রলেরপে অভিবাদ্ধি হইতে থাকে। স্থাবর হইতে মনুষ্যযোনির পরে'প্য'ন্ত চুরাশি লক্ষ যোনির কথা প্রসিম্ধ আছে। উদ্ভিদ্, কীট, পতংগ, পক্ষী, পশ্ব প্রভূতি অগণিত বৈচিত্তা আছে। প্রকৃতির ক্রমবিকাশের অস্তর্গত যে কোন দেহে শুস্খদৃষ্টির সন্তার করা যায় সেখানে অন্তরের অন্তশ্তলে মনুষোর আকার দেখিতে পাওয়া যায়। বাহ্য আকারটি ক্রমবিকাশের ফলে ধীরে ধীরে অল্তঃম্প্রিত আদশরিপ মনুষ্য আকারের সাদৃশ্য লাভ করিয়া থাকে। তখন প্রকৃতির বিকাশ আপাততঃ ম্থাগত হয়। মনুষাদেহ লাভ করা ও অন্নময় কোষ হইতে মনোময় কোষ পর্যশত বিকাশ হওয়া একই কথা। চ্বানি লক্ষ যোনি পর্যশত প্রথমে অনমণ ও পরে প্রাণময় কোষের বিকাশ হইয়া থাকে। শেষদিকে মনোময় কোষের পরেভাস পাওয়া যায়। যথার্থ মনোময় কোষের বিকাশ মনুষ্যদেহেই সম্ভবপর হয়। মনুষ্যদেহ প্রাপত হইলেই কর্মে অধিকার জন্মে। সং ও অসং এর বিচার, পাপ প্রণ্যের বোধ, কর্তব্যনিশ্চয়, আভাসমাত্র হইলেও বিবেক্স্তানের উদয়, কর্ত্যু অভিমান প্রভাতি মনুষ্যদেহের ধর্ম। মনুষ্য নিজে কর্তা সাজে বলিরা প্রকৃতি তাহার গহেরচনার ভার নিজ হাত হইতে প্রকাশাভাবে ত্যাগ করেন। মনোময় কোষ বিকশিত হইবার পর জীবের সংসারদশা চলিতে থাকে। ইন্দ্রিয়াদির স্বার কর্ম করা ও তাহার ফলভোগ করা ইহাই এই অবস্থার বৈশিষ্টা। হে পরিণামপ্রবাহে মনোময় কোষ পর্যশ্ত বিকাশ হইয়াছে তাহা তথন নির**্খ থা**কে। মান্য তথন প্রণনরাজ্যে ভ্রমণ করে। এই প্রণনভ্রমণের নামই সংসার। বিচিত্রবাসনা অনুসারে বিচিত্ত ভোগ সম্পন্ন হয়। যেমন চাওয়া যায়, তেমনই পাওয়া যায়। কর্তা সাজার ফলে প্রক্তির সরল স্পৃষ্টি হইতে সরিয়া আসিয় জটিল বিকারময় জালে জড়িত হইতে হয়। এইভাবে দীর্ঘকাল স্বণনরাজ্ঞা ভোগ করিতে করিতে ক্লাশ্ত হইয়া পড়িনে অতৃণিত ও অবসাদে চিত্ত ভারাক্লান্ড হইয়া উঠে। তখন ভোগ্য পদার্থের প্রতি বৈরাগ্য উৎপন্ন হয়। জ্ঞান ও আনন্দময় একটি নিতাবস্তার জন্য প্রাণ কাদিতে থাকে। স্বশ্নের মোহ আ

তখন ভালো লাগে না। নিব্লে আর তখন কর্তা সাজিয়া থাকার ইচ্ছা হয় না। নিব্লের অজ্ঞান ও অক্ষমতা মৃহ্মুমূহ্ন চিত্তকে ক্লিণ্ট করে। তখন মিথ্যা কর্ত্বেভার ত্যাগ করিয়া প্রনরায় শিশ্র হইয়া প্রকৃতি-জননীর চরণে আত্মসমর্পণ করিতে ইচ্ছা হয়।

ইহার পর দ্বিতীয় জাগরণ আরশ্ভ হয়। গ্রের্র্পা প্রকৃতি তথন তাহাকে জাগাইয়া নিজের কোলে টানিয়া লন। তাহার এতদিনকার শ্বংনর খেলাঘর জাগিয়া চ্র্পে হইয়া যায়। সে তথন শিশ্ব হইয়া মাত্কোলে উপবেশনপ্রেক দ্রুটারপে মায়ের সকল খেলা দেখিতে থাকে। প্রকৃতিমাতা তথন আবার গ্রেরচনায় প্রবৃত্ত হন। এই গ্রেটি বিজ্ঞানময় কোষ। ইহা রচনা করিতে জাতাশত আয়াস শ্বীকার করিতে হয়। জীব তথন আর জীব নহে, ম্রুপ্রের্ষ, কেননা সে সাক্ষী হইয়া প্রকৃতির খেলা নিরীক্ষণ করিতেছে। প্রকৃতি শ্বকার্যে জার বাধা প্রাণ্ড হন না বলিয়া নির্বিঘ্যে রচনাকার্যে অগ্রসর হন। দ্বিতীয় জাগরণ হইতে অশতর্জগতে বিন্দ্র পর্যশত প্রবেশ লাভ করাই বিজ্ঞানময় ও আনন্দময় কোষের বিকাশ। আনন্দময় কোষের বিকাশই ভগবত্তালাভ। মহাকারণ দশায় যে আকারের প্রথম সন্ধান পাওয়া গিয়াছিল, দ্বিতীয় জাগরণের পর অলতম্বিধী গতির শেষে জীব তথন সেই আকারে শ্বিত হয়। প্রথম জাগরণের পর বহিম্বিধী গতি, দ্বিতীয় জাগরণের পর অলতম্বিধী গতি— দ্বুইটি গতি সমান সমান হইয়া গেলে ভিতর ও বাহির এক হইয়া যায়। ইহাই পরম শ্বর্ণে অবস্থান।

অনাদি নিদ্রার পর প্রথম জাগরণের পর বহুবার নিদ্রা আরুমণ করিয়া খাকে, কিল্ উহা সাদিনিদ্রা। দ্বিতীয় জাগরণের পর সাদিনিদ্রাও থাকে না, যাহা থাকে তাহা নিদ্রার আভাসমাত্র। অল্ডমর্থী গতি শেষ হইয়া গেলে আভাসও থাকে না। সন্তরাং সেই মহাজাগরণকে বস্ত্তঃ জাগরণ বলাও চলে না।

শাস্ত্রের আদেশ এই যে, পর্ণেদ্ধ লাভের জন্য ভগবংক্পাপ্রাণ্ড যোগীকে সবদাই প্রবাহ্য অবস্থায় থাকিতে হইবে।

প্রাচী-কোলে বৃশ্বদেব নিজ শিষ্য-বর্গকে অপ্রমন্ত থাকিতে বলিতেন। তিনি বলিতেন,—প্রমাদ মৃত্যুপদ, এবং অপ্রমাদ অমৃতের পদ। অপ্রমন্ত থাকার তাৎপর্য এই যে, যোগীকে সর্বদাই নিজের লক্ষ্যের প্রাত সাবধান অথবা নিবিষ্ট-চিন্ত থাকিতে হয়। গপন্দবাদী শাক্ত যোগিগণ এই বিষয়ে বহু আলোচনা করিয়াছেন। উহার তাৎপর্য গ্রহণ করিতে পারিলে অন্তম্ব্থী যোগীমান্তের পর্ম কল্যাণ অবশান্তাবী।

শান্ত অন্বৈত্যসিন্দান্ত অন্মারে আত্মা এক ও অভিন্ন। আত্মাই শিব এবং আত্মাই পরমশিব। যাহাকে ভগবংতত্ত্ব (অথবা পরমেশ্বর) বলা হয় তাহাও বাশ্তবিকপক্ষে আত্মা ভিন্ন অপর কিছু, নহে। আত্মার দুইটি স্থিতি আছে। তদন, সারে একদিকে ইহা স্বাতন্ত্রাশক্তিসম্পন্ন। ইহাই প্রমশিবরপে। অপর দিকে ইহা স্বাতস্তাহীন চিদাত্মক প্রকাশমার। ইহাই শিবরূপে। স্বাতস্তাশক্তি পরাবাক, পরোহনতা, পরম ঐশ্বর্য প্রভাতি নামে প্রসিম্ধ। আত্মা কথনও পরম স্থিতিতে শক্তিশনো হয় না। এই শক্তি, যাহার অপর নাম স্পন্দ, সামান্য ও বিশেষ ভেদে দুই প্রকার। সামান্য শক্তি সামান্যস্পন্দ নামে অভিহিত হয় এবং বিশেষ শক্তি বিশেষ স্পন্দ নামে পরিচিত। সামান্যশক্তি হইতেই বিশেষ শক্তির আবিভবি হয়। ইহার করেণ আত্মার স্বাতন্দ্রোর উল্লাস। যখন আমরা বিশ্বস্থির দিক হইতে আত্মার স্বর্পের আলোচনা করি তখন আমরা এই বিশেষ শক্তির উল্ভব ও ক্রিয়ার অন্যুভব করিয়া থাকি, কিন্তা তাহার পশ্চাতে স্থির ইচ্ছারপে খ্বাতন্ত্রাশক্তির বিলাস বিদামান রহিয়াছে। এই অবস্থায় আত্মার সামান্য স্পান্দ অক্ষাই থাকে, কিল্ড্র তাহাকে আশ্রয় করিয়া অনুশ্ত বিশেষ স্পন্দের আবিভাব ঘটিয়া থাকে। আমরা জগতে বাহিরে ও ভিতরে বাহ্যপদার্থ ও ভাবর্রেপ যাহা কিছ্ব অন্তব করিয়া থাকি তাহা প্রের্বার্ণত সামান্য স্পন্দ হইতে আবিভা্তে বিশেষ স্পন্দের ফল। সামান্য স্পন্দ বিশাস্থ অহংরপে ক্ষারিত হয় কিল্ডা বিশেষ স্পন্দ 'অহং'রপে ক্ষারিত না হইয়। 'ইদং'রপে ক্ষারিত হয়। কিল্ডা প্রখম হইতে পারে, এই ক্ষারণ কাহার নিকট হয় ? ইহা যে সামান্য স্পন্দাআরু পর্ণে অহং-এর নিকটে হয় না তাহা বলাই বাহলো, কারণ ঐ অহং-এর সঙেগ 'ইদং' ভাবের সম্বন্ধ নাই। উহা পূর্ণে 'অহং'-রপৌ ও অপরিচহন। উহার প্রতিযোগিরপে 'ইদং' থাকিতে পারে না। "একৈবাহং জগতাত্র দিংতীয়া কা মমাপরা" ইহাই উহার প্রকাশ, উহা অধ্বৈত। ঐ স্থিতিতে শ্বিতীয়ের কোনও স্থান নাই। ঐ বিরাট 'অহং'এর নিকট প্রক্ভাবে বিশ্ব বা জগংরপে কিছু থাকিতে পারে না। সাতরাং প্রেরিঙ 'ইদং'রপৌ অর্থ ও ভাব পূর্ণ 'অহং'এর নিকট প্রকাশিত হয় না। পরত্তু পার্রাচ্ছন 'অহং'এর নিকটই প্রকাশিত। এই পরিচিছন 'অহং'ই ক্ষেত্তে, জীব, পশ্ব প্রভাতি বিভিন্ন নামে অভিহিত হয়। যদিও অপারিচিছন্ন 'অহং' বা পরমাত্মা এবং পরিচিছল 'অহং' বা জীবাত্মা মলেতঃ একই আত্মা, তথাপি উভয়ে পার্থ কা আছে। পরমামাতে সংকোচ নাই, কি তা তিনি লীলাচ্ছলে স্ভিকালে সংকোচ গ্রহণ করিয়া জীবরপে আত্মপ্রকাশ করেন। তখন দেহাদি উপাধি অবলম্বনে তাঁহার 'অহং' ভাবের প্রকাশ হয় বলিয়া তাঁহাকে পরিচিছল প্রমাতা বা জীব বলিয়া গ্রহণ করা হয়। শন্যে হইতে প্রথিবী পর্যশ্ত সমগ্র স্থির প্রকাশ অবস্থাভেদে এই জীবের নিকটেই হইয়া থাকে। জীবমারেরই সাধারণতঃ তিনটি অবস্থা থাকেঃ (১) জাগ্রং (২) প্রকান ও (৩) স্ব্যুনিত। এই তিনটি অবস্থার পরস্পর পার্থক্য কি তাহা বলা যাইতেছে। কিন্তু ইহার প্রবে যে বিষয়টি জানিয়া রাখা আবশ্যক তাহা বেদ্য ও বেদকের সম্বন্ধ। বেদ্য বিলতে ব্রুঝায় জ্জেয় এবং বেদকের অর্থ জ্ঞাতা। জ্ঞাতা ও জ্ঞেয় প্রবীকার করিলেই উভয়ের সংযোজকর্পে জ্ঞানও প্রীকার করিতে হয়।

সত্রাং এইভাবে আমরা জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞায় এই ত্রিপ্রটার সন্ধান লাভ করিলাম। বলা বাহনুল্য, এই জ্ঞাতা ক্ষেত্রজ্ঞ বা জীবাঝা ন্বয়ং। পরের্ব বলা হইয়াছে পরমাঝাই ন্বাতন্তাবশতঃ নিজেকে পরিচিছন্ন করিয়া জীবাঝার রূপে গ্রহণ করিয়া থাকেন। এই জীবাঝা দেহাদিতে অভিমানশীল। জ্ঞান ও জ্ঞেয়, পরমাঝারই পরাণান্তির দুইটি রূপ। একটি জ্ঞানশন্তি ও অপর্রাট ক্রিয়াশন্তি। বতক্ষণ পর্যন্ত এই জ্ঞানশন্তি ও লীবাঝা পরিচিছন্ন 'অং'রুপে বিদ্যামান থাকে, ততক্ষণ পর্যন্ত এই জ্ঞানশন্তি ও ক্রিয়াশন্তি তাহার সংগ্র সংগ্রহ থাকে। কিন্তু জীবাঝার দেহাদিতে অভিমান বিগলৈত ইইয়া গেলে জ্ঞানশন্তি ও ক্রিয়াশন্তি একাকার ইইয়া পরাশন্তিতে পরিণত হয়। বলা বাহনুল্য, ইহা জ্ঞানের বা যোগের উন্মেষ অবস্থা, সাধারণ অবস্থা নহে।

সাধারণতঃ জ্ঞাতা জাবাত্মার নিকটে যে জ্ঞেয় অথের ভান হয়, তাহা ম্থির ও অম্থিরভেদে দুই প্রকার। যে অর্থ পরমেশ্বরের পরিক্^{চি}পত তাহা ম্পির এবং যাহা জীবাত্মার প্রয়ং পরিকল্পিত তাহা অম্থির। জ্ঞানের সম্বন্ধ জ্ঞেরর:প স্থির ও অস্থির উভয়ের সংগেই রহিয়াছে। প্রথমটি জাগ্রং অংস্থা ও িবতীয়টি স্বন্নাবস্থা। প্রথম অংস্থায় যে সন্তা প্রকট হয় তাহার নাম ব্যবহারিক সকা। কিল্তু দ্বিতীয় অবস্থায় প্রকাশমান সক্তা প্রাতিভাসিক। স্বণনাবস্থা **गर्फ वशान ग्रन्नका**णीय मकन व्यन्नक्षिट द्वित्र १ देश्व । वह १ देश একদিকের কথা। অপর্রাদকে. জীবাত্মার এমন অবস্থাও আছে যেখানে বেদ্য (জ্জের) পৃথক্তাবে প্রতিভাসিতই হয় না। ইহাকে সাধারণতঃ লোকে সুযুক্তি বলিয়া থাকে। মুচ্ছা প্রভাতি ইহারই অল্তগতি—ইহা মোহের অবস্থা। এই অবন্ধায় জ্বেয়ের ভান থাকে না বালিয়াই জ্বাতা অবন্থিত থাকা সাৰ্ও, তাহার ভান হয় না। জ্ঞাতার ভান হইলে প্রয়ংপ্রকাশ 'অহং' রাপেই ২ওয়ার কথা। কিল্ড সাধারণ সূম্ব্রিণ্ডতে তাহা হয় না। এইজন্য অন্পদ্রভিসম্পন্ন কেহ কেহ মনে করেন যে ঐ অবস্থায় জ্ঞানরপৌ আত্মা আদৌ থাকে না। ইহাদিগকে সাধারণতঃ 'নাঙ্গিকক' বলা হয়। এই মতে 'আমি'-বোধের উদয়ের সংগ্য সংগ্য জাগ্রদাদিতে আত্মারও উদয় হয় এবং উহার তিরোধানের সণ্ডেগ সঙ্গে আত্মারও তিরোধান হয়। এই দৃষ্টিতে আত্মাও অন্যান্য জাগতিক সন্তার ন্যায় আগম ও

অপার ধর্ম বিশিষ্ট প্রতীত হয়। সন্তরাং তাহা নাধ্বর পদার্থ ,—প্রকৃত আত্মানহে। সন্থন্তিতে 'অহং' রূপে জ্ঞাতার ভান না হওয়ার একমার কারণ পারেক্তি মোহের আবরণ। পরমেশ্বরের কৃপার যথন এই মোহ কাটিয়া যায় তথন এই তথাকথিত সন্যন্থিতই যেন অবস্থাস্তররূপে প্রকাশিত হয়। তথন সে অবস্থার নাম ত্রীয়। বস্তন্তঃ সন্মন্থিত ও ত্রীয় এক নহে।

ত্রীয় একটি স্বতশ্ব অবস্থা এবং তাহা জাগ্রং, স্বন্ধ ও স্যৃত্তি হইতে বিলক্ষণ। ত্রীয়াবস্থার উদয় হয় পরমেশ্বরের চিদ্ভাবের প্রকাশে। কিশ্তর পরা চিংশক্তির উশ্মে: হইলে যে অবস্থা আবিভ্তি হয় তাহাই প্রবৃশ্বতা বা প্রবেধ অর্থাং ক্রুডলিনীশক্তির জাগরণ। স্যৃত্তি ও ত্রীয় উভয়াবস্থাতেই আত্মা বা চিদাত্মতত্ত্ব বেদ্যবিরহিতভাবে, বিশান্ধ বেদকর্পে অবস্থান করে ইহা সত্যা, কিশ্তা তংসত্ত্বেও মোহবশতঃ বেদক-আত্মা যখন নিজেকে বেদক বিলয়া চিনিতে পারে না তথন সেই অবস্থার নাম হয় স্যৃত্তি। কিশ্তা যখন ভগবংক্পায় ঐ মোহ অপসারিত হয় এবং বেদক-আত্মা নিজে বেদক-শ্বর্পে স্থিত হয় তথন তাহার নাম হয় ত্রীয়। ইহা প্রকাশাত্মক শিবর্পে পারমাথিক সন্তার অবস্থা। তান্ত্রিক মতে ইহার পরিবতে আমরা পাই শান্ধবিদ্যার উদয় ও অহশতার উদয়ম, যাহার ক্রমবিকাশে পরম শিবর্পে পার্ণতম পরমাথিক স্থাতির উদয় হয়।

এই যে শান্ধ অহম্তার উদ্দেষ ইহাই বাশ্তবিকপক্ষে সামান্য প্রশানর ক্ষারণ। একবার স্ফারণ হইলে আর কথনও ইহার নিব্ছি হয় না। সাম্ব্রণিত অবস্থা আত্মার স্পন্দহীন অবস্থা। উহা যতই চাঞ্চাহীন হউক না কেন, জড়াজেরই প্রকারভেদ মাত্র। তারীয় অবস্থাই বাশ্তবিক চৈতন্য অবস্থা। শক্তিপাত হইলে যে কোন স্থান হইতেই বাশ্তবিক পক্ষে স্পন্দসাধনার আরম্ভ হইতে পারে।

শর্খ অহনতার উদয় অর্থাৎ সামান্য স্পন্দের সন্ধান পাইলেও অনেক সময় যোগী ইহা ধরিয়া রাখিতে পারে না। মন যতক্ষণ পর্যন্ত উহাতে লগন না থাকে ততক্ষণ পর্যন্ত মনের বহিমর্থ ক্রিয়া চলিতেই থাকে। এইজন্য প্রন্থ প্রের সামান্য স্পন্দে মনকে লাগাইয়া রাখিতে হয়। মন ঐ স্পন্দে লগন হইলেও একটি ক্ষণের তাধিক কাল স্পর্শ করিয়া থাকিতে পারে না, কারণ ঐ সামান্য স্পন্দ অশর্খ মনকে স্বভাবতঃই বিকর্ষণ করে, যেন ঠেলিয়া দেয়। বিশ্বস্থিত প্রস্থেগ পর্বেই যে বিশেষ স্পন্দের কথা বলা হইয়াছে, সেই বিশেষ স্পন্দের দিকেই মন স্বতঃ আকৃষ্ট হয়, এজন্য মন বহিমর্থ হয়। বহিমর্থ হইলেও যোগীর কর্তব্য প্রনঃ প্রেঃ উহাকে ইদন্তার দিক্ হইতে প্রত্যাহার করিয়া শর্খ অহনতার্পে সামান্য স্পন্দের দিকে উন্মুখ করা। ইহাই উন্মেষতধ্বের রহস্য। তথন মন প্রবিধ সামান্য স্পন্দের দিকে উন্মুখ করা। ইহাই উন্মেষতধ্বের রহস্য।

একটি ক্ষণের জন্য শ্থিত হইয়া পনুনর্বার বহিমর্শ্য হইয়া পড়ে। এইভাবে পনুনঃ প্রনঃ চলিতে চলিতে মনও চিদাত্মক হইয়া যায় এবং আতাশ্তিকী বিশর্মাথ লাভ করে। তথন মন থাকিয়াও না থাকার মত হইয়া পড়ে—সামান্য শ্পন্দের সহিত লগন হইয়া সামান্য শ্পন্দেই হইয়া যায়। ইহাই উশ্মনী অবশ্থার শ্বর্প।

মন তখন আর বহিম্বি থাকে না, বিশেষ স্পদ্দকে ইদং'রপে ভানও করিতে পারে না। একই সংশ্য মনের নিবৃত্তি এবং বিষয়ের চিক্ময়ভাপ্রাণ্ডি সাধিত হয়। তখন এক বিরাট্ 'অহং'-প্রতীতিই অথিল বিশ্বকে গ্রাস করিয়া প্রকাশিত হইয়া পড়ে। ইহারই নাম প্রেণ্ডিল্ডা অর্থাৎ ভগবানের আত্মপ্রশাণ। এই অবস্থাই স্প্রবৃদ্ধ অবস্থা। প্রবৃদ্ধ হইতে স্প্রবৃদ্ধ অবস্থার প্রাণ্ডিই শান্তের সাধনার লক্ষ্য। শ্রীভগবানের মহাক্পার প্রথম উদ্মেষের ফল প্রবৃদ্ধ দশা লাভ এবং তাঁহার চরম অনুগ্রহের ফল স্প্রবৃদ্ধ অবস্থা প্রাণ্ডি। ইহাই পরমাশবত্ব প্রাণ্ডি বা শান্তমতে জীবন্মন্তি (যাহা দেহে অবস্থান কালেই হইতে পারে)। মধ্যে যোগাঁর শৃদ্ধমার্গা বিস্তৃত্ত রহিয়াছে, যেখানে অবস্থিত হইয়া চিদণ্য যেমন শন্তিরপে ক্রমণঃ অভিবান্ত হয়, তেমনই শন্তিও সংশ্য সংগ শিবরপে আত্মপ্রকাশ করে। চরম অবস্থায় প্রণ্ডি লাভ হইলে দেখিতে পাওয়া যায় যে, অব্যা যেমন শিবর্পী অর্থাৎ বিশ্বাতীত পরমপ্রকাশ, তেমনই উহার সংশ্য পরাশন্তি অভিন্ন হইয়া গেলে আত্মা বিশ্বাতীত হইয়াও পরিপ্রেণ বিশ্বাত্বক প্রকাশ। কারণ, প্রেণিস্থায় শিব ও শন্তি ভিন্ন থাকে না, সামরস্য প্রাণ্ড হয়।

প্রবৃশ্ধ হইতে স্থাবৃশ্ধ অবস্থায় আসিতে হইলে সর্বদা অবহিত হইয়া যথাসাভব প্রতিক্ষণই প্রবৃশ্ধ ভার্বিকে রক্ষা করিতে হয়—"প্রবৃশ্ধ সর্বথা তিষ্ঠেং"। প্রবৃশ্ধ থাকিতে পারিলে, মহাশক্তির ক্পায় স্থাবৃশ্ধ স্থিতি অবশ্যাভাবী। প্রবৃশ্ধ অবস্থার ম্লে যে সমাধি কার্য করিয়া থাকে, তাহার নাম 'নিমীলন সমাধি'। 'উন্মীলন সমাধি'র ফলে প্রবৃশ্ধ হইতে স্থাবৃশ্ধ অবস্থা পর্যন্ত অথক্ত স্থিতিলাভ ঘটে।

গুরুতত্ব ও সদৃগুরু রহস্থ

পর্বোলোচিত জীবের জাগরণ বা প্রবৃদ্ধ, সর্প্রবৃদ্ধাদি অবদ্থা যাঁহার মাধ্যমে ঘটিয়া থাকে, এখন সেই গ্রের বা সদ্গ্রের তত্ত্ব সম্বন্ধে কিছ্ আলোচনা করা যাইতেছে।

গর্বস্থাণামের মন্দ্রে এই দেলাকটি নিবন্ধ রহিয়াছে দেখিতে পাওয়া যায়—
অথন্ডমন্ডলাকারং ব্যাণ্ডং যেন চরাচরম্।
তৎপদং দিশিতং যেন তথ্যৈ শ্রীগর্বনে নমঃ।।
—এর সংগে এই দেলাকটিও পাওয়া যায় এবং উহাও এখানে উল্লেখযোগ্যঃ
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষ্রক্মীলিতং যেন তথ্যৈ শ্রীগর্বনে নমঃ।।

আপাততঃ এই দুইটি শেলাকের তাৎপর্য এইভাবে বর্ণনা করা যাইতে পারে— বিনি অথশ্ডমণ্ডলাকার চরাচর বিশেবর ব্যাপক পরমপদকে প্রদর্শন করেন তিনিই গুরুত্ব এবং যিনি অজ্ঞান্তিমির প্রভাবে অন্ধীভাত শিয়ের নেতকে

জ্ঞানরপে অঞ্জন-শলাকা আরা উম্মীলিত করিয়া দেন তিনিই গ্রের।

এই যে জ্ঞানচক্ষ্র উন্মীলনের কথা বলা হইল ইহাই অখণ্ডমণ্ডলাকার চরাচরের ব্যাপক প্রমপদ দর্শনের একমাত্র উপায়। বঙ্গত্বতঃ এই জ্ঞানচক্ষ্ব ও পরমপদ উপায় ও উপেয়রপে পরিগণিত হইলেও স্বর্পদ্ভিতে একই বঙ্গত্ব। প্রকারান্তরে ঋণ্বেদে একটি প্রাসন্ধ মন্তে এই ভার্বাট অভিব্যক্ত হইয়াছে। যথা—

তিশ্বিষ্ণাঃ পরমং পদং সদা পশ্যান্তি সারেয়ঃ। দিবীব চক্ষারাতভমা ॥

—এই স্থানে বিষ্ণার পরম পদকে অর্থাৎ শ্রীভগবানের পরিপর্ণতিম স্থিতিকে ব্যাপক দিব্য চক্ষ্র সহিত ত্রলনা করায় স্বর্পদ্ধিত দিব্যচক্ষ্ব বা জ্ঞানচক্ষ্ব এবং পরমপদের অভিন্নতাই সিন্ধ হয়।

অনেকে এ প্রশনও করিতে পারেন—জ্ঞানচক্ষ্টি কি প্রকার ? এবং ইহার নিমীলন ও উন্মীলন ব্যাপারের রহস্যই বা কি ? এই প্রশেনর উত্তরে শ্বধ্ ইহাই বলা যাইতে পারে যে—যেমন অজ্ঞানচক্ষ্ব আছে, তেমনই জ্ঞানচক্ষ্বও আছে। অজ্ঞানচক্ষ্বর শ্বারা যেমন অজ্ঞানের জগৎ ও জ্বগতের যাবতীয় পদার্থ ভিন্নরূপে সাক্ষাংভাবে দেখিতে পাওয়া যায় তেমনই জ্ঞানচক্ষ্ "বারা জ্ঞানজগতের সব কিছ্ অভিন্নরূপে সাক্ষাংভাবে দেখিতে পাওয়া যায়। প্রতি মন্বার জ্ঞানচক্ষ্ এবং অজ্ঞানচক্ষ্ উভয়ই বিশ্বপ্রকৃতির দান। যে দ্ইটির সহিত আমরা পরিচিত তাহাদের নাম অজ্ঞানচক্ষ্ । অজ্ঞান অবস্থায় এই দ্ইটি চক্ষ্ ক্রিয়া করে এবং জ্ঞানচক্ষ্ নিমীলিত থাকে। জ্ঞানচক্ষ্র উন্মীলন হইলে সেইপ্রকার জ্ঞানচক্ষ্ ক্রিয়া করিতে থাকে এবং আমাদের পরিচিত অজ্ঞান চক্ষ্ বর্ম নিমীলিত হইয়া যায়। জ্ঞান ও অজ্ঞান উভয়ের অতীত হইয়া উভয়ের অধিকারী হইলে মান্য 'ত্রিনেত্র' পদে অভিষিক্ত হইবার যোগা হয়।

সাধারণ অবস্থায় অজ্ঞান-চক্ষ্র ক্রিয়াশীলতাবশতঃ মান্য দিবনের। নিবিকিলপ সমাধিকালে অথবা যে কোন উপায়ে সম্ভত জ্ঞানের উদ্মেষকালে মান্য ক্রিয়াশীল জ্ঞানচক্ষ্যমপন এবং একনের বালিয়া অভিহিত হয়। উদ্ভ অবস্থার তিরোভাব হইলে পন্নবার অজ্ঞানের প্রাদ্ভবি হয় এবং মান্য দ্বিনের-রপে ব্যবহার-ভ্রমিতে সঞ্জরণ করে। জ্ঞানের অস্থায় একমার জ্ঞানচক্ষ্য উম্মীলিত থাকে বলিয়া শাস্ত্রীয় ব্যবহারে প্রাচীন কালে প্রজ্ঞাচক্ষ্য শব্দে অম্বর্থে ব্র্বাইত। অবস্থার প্রেণিতা সিম্ব হইলে জ্ঞানশন্তি ও অজ্ঞানশত্তি উভয়ই নিজের আয়ত্তে থাকে। তথন মন্যু ইচ্ছা অথবা প্রয়োজন অন্সারে উভয় শান্ত সম্মুচিতত ভাবে বা বিকলিগত ভাবে ব্যবহার করিতে পারে।

এই জ্ঞানচক্ষরে মহাজন-সমাজে তৃতীয় নেত্র নামে অভিহিত হইয়া থাকে। ইহা খালিয়া দেওয়া ও জ্ঞান দান করা একই কথা। ইহাই গারুর কাজ।

মন্যা সাধারণ অবংথায় বিরুদ্ধ শক্তির অধীন থাকে। প্রতি শ্তরেই তাহাকে ঐ শ্তরের অনুরূপে বিরুদ্ধ শক্তির সংঘর্ষ সহা করিতে হয়। শ্বাসপ্রধাস, প্রাণ ও অপানের ক্রিয়া, সর্থ-দর্গথ বাধে, মান-অপমান বা আপন-পয় জ্ঞান প্রভাতি ঘাবতীয় দ্বন্দরভাব মৌলিক বিরুদ্ধ শক্তি হইতে উল্ভতে। মানুষের দুইটি চক্ষ্ব বশ্বত্যত বাম ও দক্ষিণ রুপে দুইটি বিরুদ্ধ শক্তির প্রতীক। চক্ষ্বর ন্যায় অন্যান্য ইল্রিয়ও বিরুদ্ধ শক্তির আশ্পদ। এই বাম শক্তি ও দক্ষিণ শত্তি পর্যায়ক্রমে প্রাধান্য লাভ করিয়া থাকে। কালের আবর্তনে ও গ্রেণর আবর্তনেও ক্থনও বাম প্রধান হয় দক্ষিণ অভিভত্ত থাকে, আবার ক্থনও দক্ষিণ প্রধান হয় বাম অভিভত্ত থাকে। মনুষ্যের দেহে তাহার প্রাণময় ও মনোময় কোষে বিশেবর বাবতীয় ভ্রবনাবলীতে এমন কি অণ্য-পরমাণ্যর মধ্যেও এই দুইটি বিরুদ্ধ শক্তির খেলা চলিতেছে দেখিতে পাওয়া যায়। এই বিরুদ্ধ শক্তি অভিক্রম করিতে না পারিলে শালিত, প্রেম, সমন্বয়, মৈত্রী প্রভৃতি কোন সদ্গর্ণের বিকাশেরই সম্ভাবনা থাকে না। এইজন্য সর্বতই মানুষের বিশেষতঃ ঘাঁহায়া প্রেণ্ডার দিকে লক্ষ্য প্রাপন করিয়াছেন তাঁহাদের একমাত কর্তব্য, যে কোন

উপায়েই হউক্ এই দ্বন্দরকে অতিক্রম করা ও দ্বন্দরাতীত হওয়া। এইজন্য দেহকে আশ্রয় করিয়া কর্মপথে প্রবৃত্ত হইলে সর্বপ্রথম এই বির**্ম্ম শান্তি**ম্বয়ের সংঘর্ষ নিবারণই কর্মের উন্দেশার্মপে পরিণত হয়।

ক্রিয়াকোশলে যথন এই সংঘর্ষের সমন্বয় সম্পন্ন হয় তথন বিরুশ্ধ শক্তিম্বর মধ্য-বিন্দর্ভে আসিয়া সাম্য অবস্থা লাভ করে। এই যে মধ্য-বিন্দর্, ইহা অব্যক্ত। কিন্তর অব্যক্ত হইলেও ইহা যে মধ্যমার্গের মূল আধার তাহাতে সন্দেহ নাই। বিরোধ থাকে না বলিয়াই এই অব্যক্ত ভ্মিকেও মধ্য বলিয়া নির্দেশ করা চলে।

যোগিগণ এই মধ্যভ্মিতে উভয় শক্তির সাম্যালাভের ফলে এক অচিম্ত্য তেজের উদ্দীপন অন্ভব করিয়া থাকেন। ক্রুডলিনীর জাগরণ বস্ত্তঃ এই উদ্দীপনেরই পারিভাষিক নাম মাত্র। ইহাকে ক্রুডলিনীর জাগরণ না বলিয়া যদি মধ্যশক্তির বিকাশ বলা হয় তাহা হইলেও কোন প্রকার ক্ষতি হয় না।

বৃশ্বদেব বহুদিন পর্যালত গা্বুর্পাদশের অধীন হইয়া এবং তাহার পর শ্বয়ং, বাহাতঃ অনুপদিও ভাবে, এই মধ্যশক্তির সাধনাই করিয়াছিলেন। অনতে ইহার প্রাণত ঘটিলে তাহাকে মধ্যমাগা (মধ্যমা প্রতিপদা) বলিয়া ঘোষণা করিয়াছিলেন। এই মধ্যমাগোর আবিষ্কার বস্তাহুতঃ চিদান্দর প্রজ্বলন মাত্র। প্রজ্বলিত হইয়া এই অনিনিশা ক্রমাণঃ মধ্যপথ অবলাবনে উধ্বাদিকে উথিত হইডে থাকে। যদিও বাম ও দক্ষিণ এই দুইটি পাশ্বাগত শক্তি অভিভাত হইয়াছে এবং বক্ষপথগামিনী সরল শক্তির উধ্বাগতি সিম্ব হইয়াছে তথাপি সংক্ষরেরপে দক্ষিণ ও বামের প্রভাব এক্বোরে তিরোহিত হয় নাই, এইজন্য মধ্যপথের সরল গতিরও আবতভাব তিরোহিত হয় নাই। কারণ, সরল গতিতে বামদিকে অথবা দক্ষিণিকে আক্র্যাণ-বিক্র্যণের ক্রিয়া থাকিলে আবতান্ত্রনা অবশাস্ভাবী।

কিল্ড্র প্রজন্ত্রিত অন্নির এমনই মহিমা যে যতই উধর্বগতির সংগ্রে স্থান ইহার বেগ বিশ্বত হয় ততই বাম ও দক্ষিণে আকর্ষণ ও বিকর্ষণ নান হইয়া আসে। চরম অবস্থায় এই বাম ও দক্ষিণের বিরুদ্ধ সংস্কার, সংস্কাররপেও আর থাকে না, এবং যখন এই সংস্কার ক্ষীণ হইয়া যায় তখন এক হিসাবে অন্নির উধর্বগতিও অবসান প্রাণ্ড হয়। যতক্ষণ ইন্ধন থাকে, ততক্ষণই যেমন আগন্ত জনলে—ইন্ধন না থাকিলে, আগন্ত যেমন জর্ত্রিতে পারে না, তেমনি যতক্ষণ বাম ও দক্ষিণের বন্ধগতির সংস্কার থাকে ততক্ষণই মধ্যমাগের উধর্বগতির খেলাও চলিতে থাকে। যখন উপশম ঘটে তখন সবগ্রাল একসংশ্য নিরুদ্ধ হইয়া যায়। এই অবস্থায় বিরাট ও বিশাল প্রকাশর্পে ঐ উধর্বগতিসলৈ অন্ধিন অর্থাৎ চিদন্তিন নিজেকে অভিব্যক্ত করে। ইহারই নাম জ্ঞানচক্ষ্র বিকাশ এবং ষ্ট্রচ্চ ভেদের পূর্ণ পরিণতি।

জ্ঞানচক্ষ্য অর্থাৎ ব্যাপক জ্ঞানের প্রকাশ হইলে আত্মা স্বভাবতই অনাত্মা হইতে পৃথিক্ হইয়া যায়। দেহাত্ম-বোধ তথন থাকে না, শৃধ্য, দেহ কেন, প্রাণ, মন, বৃদ্ধি—এমনকি প্রাকৃতিক সন্থ, সর্ব ত্ব হইতে এই আত্ম-বোধ উপসংহত হইয়া শালত প্রকাশরকে অভিবান্ত হয়। ইহাই চিদাকাশের প্রকাশ এবং জ্ঞাননেত্রের উপ্যোলন । ইহার পর যে অবস্থার উদর হয় তাহা ঐ জ্ঞাননেত্রের উপযোগ এবং ব্যবহার সম্বৃদ্ধে জ্ঞানিতে হইবে। সদ্গান্ত্র নিজ্পান্তি ম্বারা শিষ্যকে অর্থাৎ শিষ্য-চৈতন্যকে যাবতীয় প্রাকৃতিক আবরণ হইতে মৃত্ত করিয়া এই শালত স্বর্পে স্থাপন করেন। লৌকিক ভাষাতে যাহাকে কাশী-মৃত্যু বলা হয়, তাহা বস্ত্ত এই জ্ঞানের উদয়ে দেহাত্মবোধের উল্লেখন মাত্র। ভ্রমধ্য পর্যলত ষট্চক্রের বিস্তার। আত্ম-চৈতন্য গ্রহাক্সপাতে ভ্রমধ্য ভেদ করিতে পারিলেই, দেহাত্মবোধ হইতে নিক্কৃতি লাভ হয়। ইহার সাক্ষাৎ উপায় প্রবেজি আত্মচিতন্যরূপ ব্যাপক জ্ঞানের বিকাশ।

এখন প্রখন এই—সদ্গর্ম ভিন্ন অপর কেই জীবের আত্ম-চৈতন্যকে এই অখন্ড প্রকাশরপ স্থিতিতে পে'ছিইয়া দিতে পারেন কি? ইহার একনার উত্তর এই যে, জ্ঞানশন্তি ও ক্রিয়াশত্তি প্র্ণেরপে নিজের আয়ন্ত না হইলে এই উৎক্রমণ ব্যাপার সম্ভবপর হয় না। সর্বজ্ঞ হইলেও যতক্ষণ পর্যম্বত কত্'ত্ব লাভ করিয়া ক্রিয়াশত্তিকে আয়ন্ত না করা যায় ততক্ষণ পর্যম্বত মন্তর হইয়াও অন্যের মোচনক্রিয়ার অধিকার প্রাণ্ড হওয়া যায় না। কিল্ড্র কথা এই, সদ্গর্ম দীক্ষা শ্যারা শ্রীভগবানের অনুগ্রহপ্রাণ্ড জীবকে উশ্বার করিয়া দিলেও জীমন্ম্রি লাভের জন্য উত্ত জীবের নিজেরও কিছ্ম কর্তব্য অর্থাণ্ড থাকে। কারণ, শ্রীগ্রহ্রর ক্পায় দীক্ষার্থে ক্রিয়াশন্তির প্রভাবে অধিকারিবিশেষে পৌর্ম্ব অজ্ঞান নিবৃত্ত হইলেও জীবের ব্যাশ্বাত অজ্ঞান তিরোহিত না হওয়া প্র্যম্বত সে শিবত্ব লাভ করিয়াও নিজেকে শিব বলিয়া চিনিতে পারে না এবং সেইজনাই জীবন্মনিত দাক্ষাব্রের প্রান্ত সানন্দ সম্যক্ উপলব্যি করিতে পারে না। ভোগালেত সহপাত হইলে শিবত্বে প্রতিষ্ঠা লাভ অবশ্য হয়, তাহাতে সন্দেহ নাই।

বলা বাহনুল্য, এই ভোগ এই জন্মে প্রেণ হইতে পারে এবং অবস্থাবিশেষে উধর্নলোকে জন্মান্তর পরিগ্রহ করিয়া এবং সেখানে তদন্ব্রপে ভোগ প্রাণ্ত হইয়া উধর্নদেহের অবসানেও প্রন্থ হইতে পারে।

প্রে থাহা বলা হইল, তাহা হইতে ব্রিঝতে পারা যাইবে, সদ্গর্ব তাঁহার অনশত কর্বার ন্বারা প্রেরত হইয়া প্রে জ্ঞানশক্তি ও প্রে ক্রিয়াশক্তিভাবে অনাদিকালের বন্ধ জীবকে জ্ঞাগাইয়া দেন এবং তাঁহার জ্ঞানচক্ষ্র পটল অপসারণ করিয়া তাহাকে শিবপদে স্থাপিত করেন। অতি উচ্চ অধিকারীর পক্ষে অবশ্য বাহ্য গ্রের্র প্রয়োজন না থাকিতে পারে, কিশ্ত্র সাধারণতঃ ইহাই নিয়ম।

স্তরাং শিষোর পক্ষে নত হইয়া শ্রীগ্রহ্ররণে গ্রহ্র মহিমময় স্বর্পে চিন্তনপর্বে প্রণতি জ্ঞাপন আবশ্যক এবং এই স্বর্প-চিন্তনের অন্তর্গতভাবে তাহার পক্ষে ইহাই প্রধানতঃ চিন্তনীয় য়ে, গ্রহ্ নিজ্ঞ গ্রেণ এবং নিজ্ঞ শক্তি শ্বারা সংসার-পত্তক হইতে তাহাকে উন্ধৃত করিয়া চিদালোকে উন্ভাসিত ম্কিপদে স্থাপন করিয়াছেন। অথন্ডমন্ডলাকার চরাচর ব্যাপক পদ তিনিই প্রদর্শন করেন।

যে গ্রের্ অথন্ড পদে স্থাপন করিতে পারেন না তিনি গ্রের্রপে পরিচিত হইলেও প্রকৃত সদ্গ্রের্নহেন, কারণ, নিরবছেন ম্ভিই ম্ভি । অবছেদবিশিন্ট গন্ডীসংয্র মান্তি পর্ণে মান্তি নহে, এবং যিনি পর্ণে মান্তি দিতে না পারেন তিনি গ্রের্ হইলেও প্রকৃত গ্রের্নহেন, কারণ, অর্থান্ট সক্ষা বন্ধনের জনা গ্রের্ব প্রয়োজনীয়তা তখনও থাকিয়া যায়। এই জ্বান্ড পদ মায়িক জ্বাণ, গ্রের্বও প্রদর্শনীয় এবং শিষোরও প্রাপ্য। এই অথন্ড পদ মায়িক জ্বাণ, গায়াতীত বিশ্বেশ জ্যোতিমিয় এবং অনন্তশাক্তময় মহামায়া জ্বাণ এবং তাহারও অতীত শক্তিজাপমেনিত অথন্ডমন্ডলাকার প্রকাশ। ইহাতে নিক্ল সন্তা অথন্ডর্পে ও অন্থচ্ছিয় স্বাতন্ত্রাময় প্রকাশর্পে ভিক্তিবর্পে বর্তমান রহিয়াছে এবং বিভিন্ন কলাময় খন্ডসন্তা অনন্ত বৈচিত্রাসন্প্র ভ্রেবনর্পে এবং তদন্ত্রাত দেহধারী, ইন্দ্রিয়ধারী অন্তঃকরণসন্প্র সন্তার্পে বিদ্যমান রহিয়াছে। বিশ্বন্থ জ্ঞানচক্ষ্র উন্মীলন হইলে অথন্ডর্রপে এই অন্বৈত সন্তা দ্রুটার সহিত অভিন্ন-ভাবে খ্লিয়া যায়। যিনি নিজ মহিমায় এবং অপার কর্লায় এই অখন্ড সন্তার সহিত অভেদ উপলন্ধির শ্বার খ্লিয়াছেন তিনিই গ্রের্, তিনিই নম্স্য।

বলা হইয়াছে, গা্ররের কার্য শা্ধ্য প্রদর্শনে, ইহা খা্বই সত্যা, কারণ একদিকে যে শক্তি প্রদর্শন করে, অপর দিকে সেই শক্তিই দর্শনে করিয়া থাকে, কারণ অশৈবত ভামিতে প্রদর্শন ও দর্শনে অর্থাৎ দেখান ও দেখা একই ব্যাপার। গা্রের দেখাইয়া দেন, শিষ্য-আত্মা সাক্ষাৎ ভাবে দেখিয়া থাকে। ইহা অভিন্ন এবং অবিভক্ত ব্যাপার। বান্ধির নিকট বিশ্লিকরারপে প্রতিভাত হয় মাত্র। শা্ধ্য ইহাই নহে—গা্ররে দেখান, শিষ্যোর দেখা এবং অলেত হইয়া যাওয়া, একই অখণ্ড শ্রপ্রকাশ চিদ্উল্জন্ল মহাসক্তার তিনটি দিক্ মাত্র। কারণ, আত্মা অভেদে যা দেখে নিজেও তাহাই হয়। অথবা সে যাহা হইয়া আছে সে তাহাই দেখিয়া থাকে। দিবতীয় বালয়া কোন পদার্থ নাই।

'সদ্গর্র' শব্দের প্রয়োগ শান্দে নানাম্থানে নানাপ্রসংগের উপলব্ধ হয়। বহু ম্থানে যে 'গ্রুর' ও 'সদ্গর্র' শব্দের প্রয়োগ অভিমার্থে হইয়া থাকে, তাহাতে সন্দেহ নাই। কিশ্ত্র কোন কোন ম্থানে 'সং' এই প্রেনিবিষ্ট বিশেষণের ম্বারা অসদ্গর্র হইতে গ্রুবিশেষের বৈলক্ষণ্য দ্যোতন করা হয়, ইহাও অম্বীকার করা যায় না। এইসব ম্থলে সদ্গর্র বলিতে কি বোঝায় এবং প্রসংগতঃ অসদ্গ্রুব কে—তাহারও আলোচনা আবশ্যক। এই বিষয়ে শান্দের নিগতে রহস্য কি তাহা জানিতে ম্বভাবতঃ ইচ্ছা জাগে। কিশ্ত্র এই জিজ্ঞাসানিব্রিপ্তও শাস্ত্রাগ্র ভিন্ন অন্য উপায়ে সম্ভবপর নহে। 'মালিনীবিজ্বয়ে' আছে—

* * * স যিযাস্বঃ শিবেচ্ছয়া। ভ্রন্তিপ্রসিম্পার্থাং নীয়তে সদ্গ্রবং প্রতি ॥

ইহা হইতে ব্রঝা যায় যে, সদ্গ্রের আশ্রয় না পাইলে জীব একসংশ্য অভিন্নভাবে ভোগ ও মোক্ষ উভয় সিম্পিলাভ করিতে পারে না, অর্থাং প্রেপ্থলাভ করিতে পারে না। সদ্গ্রের্প্রাণ্ডির ম্লে যে ভগবদিচ্ছাই ম্থা কারণ এবং জীবের ইচ্ছা ঐ মলে ইচ্ছারই অন্গামিনী, তাহা "যিযাস্যুঃ শিবেচছয়া" এই

১ ভোগ ও মোক্ষের সাম্যাবস্থাই জীবন্দম্বি । ভোজা বখন ভোগের সহিত একীজ্ত হর, তখন সেই একীজাবকে 'ভোগ' বলে, 'মোক্ষ'ও বলে । প্রবোধপঞ্চালিকাতে আছে—''তস্যা ভোজা স্বতলারা ভোগ্যেকীকার এব বঃ । স এব ভোগঃ সা ম্বাভঃ স এব পরমং পদম্বা।'' বস্তব্ভঃ ভোগ ও মোক্ষের অন্ভ্তির সামরস্যই জীবন্দ্বভি । মহেম্বরানন্দের মতে (মঃ মঞ্জরী প্রঃ ১০৭) ইহাই বিকদশ'নের বৈশিষ্টা । প্রীরন্ধদেবে আছে—'ভ্রেবর্গাণ্ড ম্বিক্ট নানাব্রকা পদার্থতঃ । ভ্রেব্রেক্ট উভে দেবি বিশেষে পরিকীভিত্তি ॥' এই অবস্থা—আপনার বিশ্বাত্মকতা—'স্বো মমারং বিভবঃ' এইর্পে অন্ভ্ত হয় । এই বিশ্বাত্মকতা আত্মার স্বভাব, আহার্য বা আগণ্ডব্ব ধর্ম নহে ।

এই যে ভোগ ও মোক্ষের ঐক্য, ইহা বৌশ্বগণও জানিতেন। সহজিয়াগণ বলেন যে বায়র গমনপথ রোধ করিয়া, চন্দুস্বের্ণর মার্গ নির্ম্থ করিয়া সেই ঘোর অন্ধকারের মধ্যে মনঃ বা বোধিচিত্তকে দীপ করিতে পারিলে 'মহাস্থ' প্রকাশমান হয়। তথন সেই জিনয়য় বা বরগগন নামক অধ-উধর্ণ পদ্মকে অবধ্তী দপশা করে, বাহার ফলে ভব ও নির্বাণ উভয়ই একসংগে সিন্ধ হয়। ভবভোগ — পাঁচ প্রকার কামগন্ব; নির্বাণ — মহাম্দ্রা সাক্ষাংকার।।

বাক্যাংশ হইতে স্পণ্টই ব্ৰিকতে পারা যায়। তবে মনে রাখিতে হইবে অসদ্গ্রন্ন প্রাণ্ডির ম্লে যে একই ভগবদিচ্ছা কার্য করিয়া থাকে, তাহা নিঃসন্দেহ। ইহার বিশেষ বিবরণ ক্রমণঃ প্রকাশিত হইবে। যিনি প্রমেশ্বরের সাক্ষাংজ্ঞান লাভ করিয়া তাঁহার সহিত তাদাস্ম্য প্রাণ্ড হন নাই, এমন তত্ত্বমারের উপদেণ্ট আচার্যবিশেষকে 'অসদ্গ্রন্থ বলে। যে সকল সাধকের চিত্ত এই জাভীঃ আচার্যের প্রতি গাঢ় বিশ্বাসসম্পন্ন, তাহারা আগমশাস্মোপদিণ্ট প্রাম্বিদ্ধ লাভ করিতে পারে না, এমন কি মায়ারাজ্য অতিক্রম করিতেও সমর্থ হয় না। তাহার যে ম্বিদ্ধ লাভ করে, তাহা প্রকৃত ম্বিদ্ধ নহে—প্রলম্বকৈবল্যের ন্যায় একটি অর্ধজ্য অবস্থামার। প্রকৃত ম্বিদ্ধতে পশ্বের নিব্তি হইয়া শিবন্তের অভিব্যক্তি হয় কিন্ত্র এই সব সাধকদের ঐ অবস্থাতেও পশ্বন্ত নিব্ত হয় না। ই ইহার মায়াপাণ অথবা প্রীভগবানের বামা নাম্নী শক্তি ম্বারা রঞ্জিত থাকে বিলয়াই ইহাদের 'অসদ্গ্রন্থ'তে অন্বরাগ ও বিশ্বাস গাঢ়ভাবে উদিত হয়।

কিম্ত্র ইহাদের মধ্যেও কেহ কেহ যে সদ্গর্ব লাভ করিতে না পারে, এমন কোন কথা নাই। ভগবদন্গ্রহপ্রাণত শক্তিপাত-পবিত্রিত সাধক যখন আপনার ম্বর্পলাভের জন্য ব্যাক্ল হয়, তখন জ্যোষ্ঠা শক্তি নাম্নী ভগবদচিছার প্রেরণার তাহার চিত্তে সদ্গর্বপ্রাণিতর জন্য শত্ত ইচ্ছা জাগিয়া উঠে। এই ইচ্ছ শত্ত্ববিদ্যার বিকাশ এবং সংতর্কণ নামে প্রসিম্ধ।

অসদ্গার্রই হউক্ বা সদ্গার্রই হউক্ উভয়তই প্রবৃত্তির মালে ভগবদিচছা আসল কথা এই—শান্তিপাতের প্রবৃত্তি ক্রমিক। তাই কেহ কেহ অসদ্গার্র বিঅপ্নেপ্তিপাদক শান্তের আগ্র করিয়া পরে সদ্গার্র আগ্র প্রাণত হয়

ই যাহা আগমসন্মত পরাম্বি ভাহাই প্র্র্থ । আগমমতে সাংখ্যের কৈবলা প্র্র্থ নহে, বেদান্তের ম্বিও প্র্র্থ নহে। দৈবত ও অদৈবত দিববিধ আগমেই ইহা সম্থিত হর জন্মরথ বলেন, (তন্তালোকটীকা ৪০০১), বেদান্তম্বিত স্বেদ্য প্রলয়াকল অবস্থার ন্যায় তিনি এই ম্বিতিক বিজ্ঞান-কৈবলাবং বলিয়াও স্বীকার করেন না। ইহা হইতে মনে হ তাহার মতে এই অবস্থার (বেদান্তের মোক্ষে) আগবমল সন্প্র্র্ণিই বজ্ঞার থাবে ধ্বংসোন্ম্বও হর না। বিজ্ঞানকৈবলা কিন্ত্র আগবমল অন্ততঃ ধ্বংসোন্ম্বও হয় না- অব্যার ধ্বস্তও হইতে পারে। বিজ্ঞানকেবলীর কর্ম নাই বলিয়া প্রনরাব্তি হয় না- আগবমল ধ্বংসোন্ম্ব বলিয়া উহা হইতে কর্মও জন্মাইতে পারে না। কিন্ত্র কেহ বে বেদান্তমোক্ষ বিজ্ঞানকৈবলাবং মনে করেন। বৈক্ষবাদির মোক্ষ ঐ মতে প্রলয়াকলের ন্যায় এই অবস্থার দীর্ঘকাল মোহাদির্প ভোগ হয় । পরে জন্ম হয় (নত্রন স্কিটতে) ন্যায়াদির অপবর্গ আত্মার স্বর্ণবিশেষগ্র্ণোভেছন বলিয়া অপবেদ্য প্রলয়াকলসন্ত্রণ।

৩ ভগবানের ক্পায় সদ্গ্র লাভ হয়—ইহা সর্বান্ত ।

আবার কেহ কেহ প্রথমেই সদ্গ্রুর ক্পা লাভ করিয়া থাকে। শক্তিপাতের বিচিত্রতাবশতঃই গ্রুর্ ও শাস্ত্রগত সদসং ভাবের বিচিত্রতা ঘটিয়া থাকে। প্রেপিত্রের প্রতিপাদক শাস্ত্র ও গ্রুর্ই সংশাস্ত্র ও সদ্গ্রুর্। যাহা বাস্ত্রবিক মোক্ষ নহে, তাহাকেও যে মোক্ষ বিলয়া মনে হয় এবং মোক্ষ মনে করিয়া তাহাকেই পাওয়ার যে স্প্রা জন্মে, মায়াই তাহার একমাত্র কারণ। মায়াপিশাচীই এইপ্রকারে জীবকে নিরণ্ডর নানাদিকে ঘ্রাইয়া কণ্ট দেয়, কিন্ত্র মায়ার পিছনে ভগবানের কর্ণাও জাগিয়া থাকে। তাই সাধকের চিত্ত দ্টু সংকারবশতঃ ঐ জাতীয় শাস্ত্র ও গ্রুর্তে আস্থাসম্পন্ন হইলেও ভগবংক্পায় উহাতে 'সংতর্ক' বা পরামর্শজ্ঞানের আবিভবি হইতে পারে। তথন কোন্টি সার, কোন্টি অসার তাহা ব্রিতে বেগ পাইতে হয় না। এইভাবে শ্রুণবিদ্যার প্রভাবে—জ্যেষ্ঠাশন্তির অধিষ্ঠানবশতঃ—পবিত্রতা লাভ হয় ও নিবিবে: সংপ্রের আগ্র প্রাণ্ড হইতে সামর্থ্য জন্মে।

তিন

'সংতক' বা শান্ধাবিদ্যার উদয় কি প্রকারে হয়? কিরণাগমের মতে কাহারও সংতক' গা্রার উপদেশ হইতে জন্মে, কাহারও বা শাদ্র হইতে জন্মে। কিল্ত্র্ এমন উত্তম সাধকও আছেন, যাঁহার 'সংতক' গা্রার উপদেশ বা শাদ্রাদির অপেক্ষা না করিয়া আপনা আপনি (হবতঃ) উদিত হয়। ই'হার বহত্ববিষয়ক সা্নিশ্চিত জ্ঞান আপনা হইতেই (হবতঃ) উৎপল্ল হয়—তাহা গা্রার প্রভাতির অধীন নহে। এই জ্ঞানও যেমন হবভাবিস্থা, তেমনিই এই প্রকার তত্ত্বনিষ্ঠ সাধকও হবভাবিস্থা (সাংসিম্থিক)। তবে এই জ্ঞান নিতান্তই যে নিমিক্তংনীন তাহাও নহে, কারণ ভগবানের শাক্তপাত প্রভাতি অদৃষ্ট নিমিক্ত অবশাই আছে। তবে লৌকিক নিমিক্ত নাই, ইহা সত্য।

পরামশোদেয়ের প্রেনিদিশ্ট কারণপ্রশপরার মধ্যে গর্র হইতে শাস্ত শ্রেষ্ঠ, এবং শাস্ত্র হইতে স্বভাব শ্রেষ্ঠ। কারণ, গ্রুর যেমন শাস্ত্রাধিগমের উপায়স্বর্প,

৪ ত্রিপ্রোরহস্যে আছে:

'উত্তমানাং ত্ব বিজ্ঞানং গ্রুর্শান্তানপেক্ষণম্'। বামদেব, কর্ণটিকা এবং অন্যান্য অকৃতিপ্রধান ব্যক্তির জ্ঞান এইপ্রকার সাংসিন্ধিক ছিল বলিয়া জ্ঞানা যায়। আত্মার স্বর্পে জ্ঞাতা, জ্ঞায় ও জ্ঞান—এই ভেদ নাই, ইহা পরম্ব রূপ, সংকণ্ণ-বিকল্পহীন, মোহহীন। ইহা নিত্যিসম্ধ হইপ্রেও জীব ইহা জ্ঞানে না। ইহার উপলক্ষণ বা পরিচয় নাই। গ্রুর ও শান্ত পরিচয় করাইয়া দেন। কাহারও কাহারেও পরিচয় আর্থনিই হইয়া যায়।

তদ্রেশ শাদ্র স্বভাবপ্রাণিতর স্বারভতে। সেইজন্য গর্র ও শাদ্রের কারণতা গোণ, মুখ্য নহে। স্বভাবই মুখ্য কারণ।

61 व

যাহার 'সংতক' শ্বভাবতঃ (শ্বতঃ) উদিত হয়, তাহার অধিকারে বাধা দিতে পারে এমন কোন শক্তি নাই। তাহার বাহাদীক্ষা ও বাহা অভিষেকের আবশ্যকতা থাকে না। সে নিজের সংবিজিদেবীগণের শ্বারাই দীক্ষিত হয় ও অভিষিত্ত হয়। তাহার শ্বীয় ইন্দিয়-বৃত্তিসকল অল্তমু্ব হইয়া প্রমাতার সংগে—তাহার শ্বাত্মার সংগে—ঐক্য ফ্রটাইয়া তোলে। ইহারাই দ্যোতনকারিণী সংবিদ্দেবী। ইহারা তাহার জ্ঞানক্রিয়াখ্য প্রস্কৃত চৈতন্যকে উর্জেজত করে। ইহাই 'দীক্ষা'। যে ক্রিয়ার ফলে সে সর্বত্ত শ্বতিশ্বা লাভ করে, তাহা 'অভিষেক'। বহিমু্ব চিত্তের বৃত্তিসকলই অল্তমু্বাক্থায় শক্তি নামে কীতিত হয়।

এইরপে সাধক সকল আচার্যগণের মধ্যে শ্রেষ্ঠ । সে বিদ্যমান থাকিতে অন্য কেহ পরান্ত্রাহ প্রভৃতি ব্যাপারে অধিকারী হয় না । সাধারণ সাধক গর্র হইতে শাস্ত্ররহস্য অবগত হয় । কিল্তর যাহার জ্ঞান শ্বভাবসিম্প, সে 'সংতক' হইতে সমস্ত শাস্ত্রার্থ বর্নিতে পারে, বাহ্য গ্রের সাহায্য লওয়া তাহার পক্ষে আবশ্যক হয় না । এমন কোন সতাই নাই এবং থাকিতে পারে না—যাহা শ্র্মবিদ্যার আলোকে প্রকাশিত হইতে পারে না । এইজন্য এইপ্রকার সাধক লৌকিক কোন নিমিন্ত অবলশ্বন না করিয়া সমস্ত শাস্তেই নিগতে রহস্য ভেদ করিতে সমর্থ হয় । ইহাই প্রাতিভ মহাজ্ঞানের বৈশিষ্টা ।

এই যে শ্বভাবজাত মহাজ্ঞানের কথা বলা হইল, ইহা বৃশ্ত্রতঃ এক হইলেও উপাধিভেদে অর্থাং ভিত্তি ও তদংশের ভেদবশতঃ নানাপ্রকার হইতে পারে। যাহাকে আশ্রয় করিয়া (উপজীব্য) জ্ঞানের উদয় হয়, তাহাকে ঐ জ্ঞানের ভিত্তি বলে। ইহা নিজের বিমর্শ ও পরকৃত তত্ত্তং কর্মের অভিধায়ক শাস্ত্র ব্যতিরেকে অন্য কিছু নহে। শ্বভাবসিন্ধ জ্ঞান কাহাকেও আশ্রয় করিয়া উদিত হয় না

যোগবাশিশেঠ আছে :

'শিষ্যপ্রজ্ঞৈব বোধস্য কারণম গ্রুত্বনকাতঃ'। (নির্বাণপ্রকরণ ১১২৮।১৬০) অর্থাৎ গ্রেত্বনকা হইতে যে বোধ জন্মে, শিষ্যের প্রজ্ঞাই ভাহার কারণ। স্বভরাং দ্বপরামশ্বি যে গ্রেত্ব শাস্ত্রজ্ঞ জ্ঞানস্থলেও প্রধান, ভাহাতে সন্দেহ নাই। বলিয়া যে ভিন্তিহীন, তাহা ব্ৰিক্তে কণ্ট হয় না। কিন্তু ইহা কোন কোন স্থলে ভিন্তিবিশিণ্টও হইতে পারে। কি ভাবে ইহা হয় তাহা বলা যাইতেছে।

বাঁহার স্বতঃই সংতকের উদর হয়, তাঁহার সকল কখন শিথিল হইয়া প্রেণ শিবভাবের আবিভাব হয়। তাঁহাকে সাংসিম্পিক গ্রুর্ বলিয়া বর্ণনা করা চলে। তাঁহার নিজের বিষয়ে কিছ্ব করণীয় থাকে না, কারণ, তিনি স্বাত্মাতে ক্তক্তা; তাই পরের অনুগ্রহই তাঁহার একমাত্র প্রয়োজন।

> "শ্বং কর্তব্যং কিমপি কলয়"ল্লোক এব প্রযন্থাৎ নো পারক্যং প্রতি ঘটয়তে কাণ্ডন শ্বাত্মবৃত্তিম্ । যশ্ত্ম ধন্যতাখিলভবমলো ভৈরবীভাবপর্ণেঃ কুত্যাং তস্যা স্ফুটমিদ্মিয়ল্লোককর্তব্যমান্তম্ ।।"

যোগভাষ্যকার ব্যাসদেব ঈশ্বর সশ্বন্ধে যাহা বলিয়াছেন, এইপ্রকার সাংগিসিম্পিক গ্রন্থ সন্ধানে ঠিক সেই কথাই বলা চলে—"তস্য আত্মান্গ্রহাভাবেহপি ভ্তোন্গ্রহ এব প্রয়োজনম্।" এই পরান্গ্রহ অন্গ্রাহাজনের যোগ্যতার তারতম্যবশতঃ বিভিন্নপ্রকার হইয়া থাকে। যে শিষ্য নির্মাল সংবিদ্বিশিষ্ট বা শাম্পিচন্ত, তাহাকে অন্গ্রহ করিবার সময় ই হাকে কোন উপকরণের আশ্রয় গ্রহণ করিতে হয় না। শাম্পিন নিক্ষম বা অন্সম্পানহীন দৃষ্টি শ্বারাই ইনি ঐ প্রকার অন্গ্রহাথী যোগ্য শিষ্যকে অন্গ্রহ করিয়া থাকেন। নিজ বোধর্পে শ্ব-শক্তির স্বার শ্বারা শিষ্যকে নিজের সহিত সমভাবাপার করাই অন্গ্রহের লক্ষণ।

তেহপি তদ্রপেণশ্তাবত্যেবাস্যান্গ্রহাত্মতা ।।' এইপ্রকার নিশ্কাম শিষ্যের অনুগ্রহ্ব্যাপারে কোন উপকরণের আবশ্যকতা হয় না । ইহা নিভিন্তিক জ্ঞানের উদাহরণ ।

'তং যে পশাহিত তাদ্রপোক্তমেণামলসংবিদঃ।

কিল্ড্র অনুগ্রাহ্য শিষ্য তাদৃশ নির্মালসংবিদ্বিশিন্ট না হইলে উপকরণের আবশ্যকতা হয়। অর্থাৎ ঐপ্থলে সাংসিদ্ধিক গ্রন্তে 'ইহাকে আমি এইপ্রকার অনুগ্রহ করিব, এইপ্রকার অনুসন্ধানমলেক প্রদন জন্মে। কাজেই তখন বাহ্য সকল উপকরণেরই প্রয়োজন থাকে এবং শাহ্রীয় মর্যাদার আগ্রয় গ্রহণ করিতে হয়। তাই গ্রন্থ পরমেশ্বরর্পী হইলেও উপায়ভ্তে শাহ্র্যাদির শ্রবণ ও অধ্যয়ন বিষয়ে আদর প্রদর্শন করেন। অশুন্ধচিন্ত অনুগ্রাহ্যগণ নানাপ্রকার বলিয়া তাহাদের বিভিন্ন মানসিক প্রকৃতি অনুসারে আবশ্যক উপকরণও ভিন্ন ভিন্ন হয়। এই স্থলে যে সকল শাস্তে ঐ উপকরণাদির বর্ণনা আছে, তাহাদেরও আবশ্যকতা থাকে। নত্বা পরান্ত্রহ করা যায় না। মন্যের চিন্ত ভিন্ন ভিন্ন বলিয়া শাস্ত্র বিভিন্নপ্রকার হইয়া থাকে। যেমন রোগ বিভিন্ন হইলে উষধের ভেদ হয়, ইহা তদ্রপ—

যথৈকং ভেষজং জ্ঞাত্মা ন সর্বন্ত ভিষজ্যতি। তথৈকং হেতুমালম্ব্য ন সর্বন্ত গত্তরভূবিং।।

অর্থাৎ ষেমন কোনও ব্যক্তি একটিমান্ত ঔষধের জ্ঞান লাভ করিয়া সকলপ্রকার রোগের চিকিৎসক হইতে পারে না, সেইপ্রকার কোনও একটি বিশিণ্ট হৈত্ব অবলম্বন করিয়া বিভিন্ন প্রকৃতিবিশিণ্ট মন্বেরর গ্রন্থদে অধিষ্ঠিত হওয়া যায় না। সেইজন্য ভিত্তিকে সর্বগত বলিয়া গ্রহণ করা হয়। কিম্তবু কেহ কোন নির্দিণ্ট শাস্তান্সারে তদ্চিত অনুগ্রাহাগণকে কৃপা করেন। এইম্পলে ভিত্তি অংশগত, শ্ব্র্ব ইহাই নহে, তত্তং শাস্তাত্মক অংশসকলেরও ম্ব্যা ও অম্ব্যার্থ ভেদ আছে—যেমন বেদ ও আগম অথবা বেদ, স্মৃতি ও প্রাণ। আবার আগম-মধ্যেও বাম, দক্ষিণ, কৌল, ন্তিক ইত্যাদি। কেহ যেন মনে না করেন যে, এইপ্রকার শাস্ত্রীয় মর্যদা রক্ষা করা হয় বলিয়া গ্রন্থ সভাবিসম্প প্রতিভজ্ঞানবিশিষ্ট নহেন। বস্তব্তঃ গ্রেব্র নিজের জন্য কিছ্বই কর্তব্য নাই বলিয়া তাহার ম্বার্থসম্পাদনের জন্য কিছ্বই আবশ্যকতা নাই। এইগ্র্লি অন্যের জন্য অপ্রেক্ষিত হয়।

ইহা হইতে প্রতীত হইবে যে, গ্রুর্ শ্বয়ং শ্বতন্ত্র ও সাংসিন্ধিক প্রামশ-বিশিষ্ট হইলেও তাঁহার অন্গ্রহ-প্রদর্শন শিষ্যের অধিকার অন্সারে নানাপ্রকার হইরা থাকে। অনুগ্রাহ্য শিষ্য নির্মালচিত্ত হইলে তাঁহার অনুগ্রহ নির্ম্পায় হয়, অন্যত্র সোপায়।ও এই সাংসিন্ধিক গ্রুর্ই 'অকল্পিড' গ্রুর্। তিনি নিজে অন্য আচার্যসাহায্যে সিন্ধি প্রাণ্ড হন নাই বলিয়া তাঁহাকে 'অকল্পিড' বলা হয়। এইপ্রকার গ্রুর্ সংবধ্ধে শাংশ্রোক্তি এই—

- ৬ বোধিচিত্তবিবরণে আছে—'দেশনা লোকনাথানাং সন্তব্যশর্বশান্বাা' ইত্যাদি।
 বৌশ্বগণও বলেন বে, গ্রেব্যণের বে প্রেক্ প্রেক্ উপদেশ তাহা শিষ্যবর্গের
 যোগ্যতাদি অধিকারভেদ নিবন্ধন। তবে আপাতদ্ধিটতে উপদেশে পার্থক্য প্রতীত হইলেও
 সকল সদগ্রেব্রই মূল উপদেশ একই।
- ৰ প্রাতিভজ্ঞান অকৃত্রিম, অকৃত্যিত গ্রেণ্ড অকৃত্রিম। কেই কেই গ্রেণ্ড প্রভাতির আশ্রম না কইয়াও প্রেণজ্ঞান প্রাপ্ত ইইতে পারে, তাহা তারসম্মত। ইহা যদি তীরতীর শারিপাতের ফলে হয়, তাহা হইলে সপ্যে শিবদ্ধ-লাভ হয়—দেই থাকিতে পারে, নাও থাকিতে পারে। থাকিলেও উহা শিব-দেই। উহার প্রারম্থ থাকে না। ইহা স্বচ্ছম্পাবস্থা। বিদ ইহা মধ্যতীর শারিপাতের ফলে হয়, তাহা হইলে প্রাতিভজ্ঞানের উদয় হয়—বাহাগ্রের প্রয়েশেন হয় না। বৌশ্ব ধর্মেও কতকটা এইভাবের অভ্যাকার আছে। শ্রাবক হইতে প্রত্যেকবৃশ্বের বৈশিশ্ট্য এই বে, ভিনি 'অনাচার্যক'—ভিতর হইতে জ্ঞান পান, গ্রেন্ননিরপেক। শ্রাবক বাহাগ্রের্নাপেক জ্ঞানশালী। ইহাও কিক্ত্র অকৃত্যিত গ্রের্র ঠিক

আদৃষ্টমন্ডলোহপ্যেবং যঃ কশ্চিৎ বেত্তি তত্ত্বতঃ।
স সিম্পিভাগ ভবেন্নিত্যং স যোগী স চ দীক্ষিতঃ॥
এবং যো বেত্তি তত্ত্বেন তস্য নিব্যাগমিনী।
দীক্ষা ভবেদিতি প্রোক্তং তচ্ছ্যীরিংশকশাসনে॥

পাঁচ

আমরা অকল্পিত গ্রের্র কথা বলিয়াছি। যিনি সাংসিদ্ধিক হইয়াও স্বর্মনুদ্ধ্ জ্ঞানের প্রতিরার অভাববশতঃ গ্রের্ প্রভাতির অপেক্ষা না করিয়া 'আমিই পরমহংস' ইত্যাদি প্রকারে শ্রেণ্ নিজের ভাবনাবলে শাশ্রজ্ঞান লাভ করেন, তিনি 'অকল্পিতকল্পক'। তাহার জ্ঞান সাংসিদ্ধিক বলিয়া অকল্পিত এবং আত্মভাবনাবলে শাশ্রবেদনক্রমে কল্পিত—তাই এইপ্রকার নাম। শক্তিপাতরুপ্র উপায়ের তীব্রতাদিভেদবশতঃ এই গ্রের্নানাপ্রকার হইয়া থাকে।

ই'হার স্বয়ং-প্রবৃত্ত জ্ঞানের প্র্ণতা শ্র্ধ্ব যে আত্মভাবনার্প নিমিত্ত স্বারাই হয়, এমন নহে, ধ্যান, জপ, স্বংন, রত হোম প্রভাতি অন্যান্য নিমিত্ত স্বারাও হইতে পারে। এই সকল ভিন্ন ভিন্ন উপায়ের প্রভাবে এই মহাজ্ঞানী অক্তিম (অকল্পিত) মহান্ অভিষেক প্রাণ্ড হয়—শাশ্বজ্ঞানাদিতে অধিকার লাভ করে। এই অভিষেক গ্রন্থ প্রভাতির স্বারা অনুণ্ডিত হয় না।

ইহা ব্যতীত 'কল্পিত' ও 'কল্পিভাকল্পিত' গা্বাভ আছেন। যাঁহার সংতর্ক আপনা-আপনি উদিত হয় না, তাঁহার পক্ষে অকল্পিত অথবা অন্য কোন গা্বাভিক যথাবিধি ও ভক্তিসহকারে শা্তাভাদি শ্বারা প্রসন্ন করিয়া শাশ্তসম্মত ক্রম অন্যুসরণপা্বাক তাঁহার নিকট হইতে দীক্ষাযোগে শাশ্তার্থ জ্ঞান লাভ করার ব্যবস্থা আছে। এইভাবে গা্বারাধনক্রমে তাঁহার শা্থাবিদ্যা উদিত হইতে পারে। তিনি পরে অভিষেকপ্রাপত হইয়া পরান্ত্রহাদিব্যাপারে অধিকার লাভ করেন। তাঁহাকে কল্পিত গা্বাভ্ব বলে। কিশ্তা কল্পিত অর্থাৎ আচার্যাশ্তর শ্বারা নিম্পাদিত হইলেও ইনি সকল পাশকে নিঃশেষে নভ করিতে সমর্থ হন।

কেহ কেহ কল্পিত হইলেও গ্রের্ প্রভৃতিকে অপেক্ষা না করিয়াই শ্বীয় প্রতিভাবলে লোকোত্তর শাস্ত্রীয় তত্ত্বসম্বন্ধে আক্ষ্মিকভাবে যথার্থ জ্ঞান লাভ করেন ও সকল রহস্য ব্রিথতে পারেন। ইনি কল্পিত হইলেও ই'হার বোধ

ঠিক সাদৃশ নহে। কারণ, প্রত্যেকব^{ন্}থ হেড[্]রপ্রতার বিচারের ^{ন্}থারা নিজের পরিনির্বাণ চান। অকলিপত গা্বর্ অনেক উচ্চ। ভবে মহাবান সাধক কতকটা অকলিপতবং। ঐ সাধক সর্বজ্ঞিয় ও সর্বসামর্থা চার সর্বজনীবের মা্রিসাধনের জন্য।

ম্বতঃপ্রবাস্ত বলিয়া ইনি অকল্পিত। এই গ্রেব্রে 'কল্পিতাকল্পিত' নামে অভিহিত করা যায়। ই হার কল্পিতাংশ অপেক্ষা অকল্পিতভাগই শ্রেষ্ঠ।

প্রেক্তি বিবরণ হইতে ব্রিক্তে পারা যায় যে, চারিপ্রকার গ্রন্থই ম্বে কলিপত ও অকলিপত এই দ্রুইপ্রকার ভেদের পরস্পর মিশ্রনজ্জন্য অবাশ্তর বিভাগ-মাত্র। ফলতঃ কলিপত ও অকলিপত গ্রন্তেও কোন প্রভেদ নাই—কলিপত গ্রন্থ শিষ্যের পাশচ্ছেদনপ্রেক শিষ্যজ্বের অভিব্যক্তি করিতে সমর্থ। কারণ, ম্বয়ং পর্মেশ্বরই আচার্যদেহে অধিষ্ঠিত হইয়া জ্লীবের বন্ধনমোচন করিয়া থাকেন—নত্রবা এক জ্লীব অন্য জ্লীবকে উন্ধার করিতে পারে না। শান্তে আছে—

যশ্মান্ মহেশ্বরঃ সাক্ষাৎ কৃষো মানুষবিগ্রহম্।
কৃপয়া গ্রের্পেন ম•নাঃ প্রোশ্বরিত প্রজাঃ ॥
অর্থাৎ শ্বয়ং প্রমেশ্বর মানবম্তি পরিগ্রহ করিয়া কৃপাপ্রেক গ্রের্পে (মায়া)
ম•ন জীবসকলকে উম্ধার করেন।

এখানে আমরা মন্যাগ্রের কথা বলিভেছি। বস্ত্তঃ সিম্পার্র ও দিবাগ্রের আছেন। মলে কিন্ত্র সর্বন্ত পরমেশ্বরই একমান্ত অনুগ্রাহক। তিনি ভিন্ন আর কেহ অনুগ্রহ করিতে পারেন না। তবে যে গ্রের প্রকারভেদ করা হইয়াছে তাহার কারণ আছে। জ্ঞানেন্দ্রিয়াদির প্রণালী-ভেদম্লক যে কোন উপায়ে হউক্ অথবা বিনা উপায়েই হউক্—জ্ঞান উৎপন্ন হইলেই তাহার কার্য হইবেই। কান্ডে ঘর্ষণ করিয়া অনিন প্রজর্মানত করাও যাহা, জনশত অনির সংস্পর্শ শ্বারা অনিন প্রজর্মানত করাও তাহাই—যেভাবেই অনিন জনলক, দাহিকাশান্তি উভয়ে সমানই থাকে। অবশ্য দর্ই অনিনতে কিছ্র পার্থক্যও থাকে। সেইজন্য ফল ও সামর্থাগত অভেদসত্ত্বেও অকলিপত গ্রের্কে শ্রেষ্ঠ স্থান দেওয়া হয়। নিত্যাসম্প পরম্পান ও যিনি বন্ধন হইতে ম্রুভ হইয়া শিবজ্বলাভ করেন, এই উভয়ের মধ্যে সর্বভেত্বাদি ধর্ম সমান থাকিলেও যেমন পরমানবের উৎকর্ষ অধিক মানিতে হয়, অকলিপত গ্রের্র মহিমাও তার্প জ্বিক বলিয়া শ্বীকার করিতে হয়। বস্ত্তুওঃ অকলিপত গ্রের্র সম্মুখে কলিপতাদি গ্রের্ব হয় চর্প করিয়া নিচ্ছিয় থাকেন, নত্ব্বা তাহার অনুবর্তন করেন।

অতএব সদ্গর্র বলিতে সাক্ষাৎ পরমেশ্বর অথবা তাঁহার অন্গ্রহপ্রা•ত তৎসাধর্ম্যাপন্ন জাঁবন্মত অধিকারী প্রব্য ব্যিতে হইবে। এই অধিকারী দেবতা, সিম্প ও মন্যা—তিনই হইতে পারেন।

প্রদান হইতে পারে: অসদ্গর্রতে গ্রের্ছ কোথার? গ্রের্ শব্দের বাস্তবিক অর্থ গ্রহণ করিলে এইপ্রকার শংকা হইতে পারে। 'গ্রের্' শব্দের অর্থ

সংক্রচিত ভাবে महेलে বলা যায় যে মায়া হইতে উত্থার করিতে না পারিলেও বিনি উধর্বলোকের ভোগেশ্চর্য ও অজরত্ব, অমরত্ব প্রভাতি পরিমিত সিশ্বি দিতে পারেন তাঁহাকেও ব্যবহারদ্রণিততে 'গরের' বলা ঘাইতে পারে। মায়িক জগতেও ভিন্ন ভিন্ন উধর্ব তরসমূহে আনন্দ ও ভোগ্যের নুন্যতা নাই। প্রথিবীতত্ত্ব হইতে আরশ্ভ করিয়া কলাতত্ব পর্যশ্ত প্রতি তত্ত্বেই ভোগ্যবিষয় ও ভোগোপকরণ-সমন্বিত নানা ভাবন আছে। ঐ সকল ভাবনেও গারু আছেন। তাহা ছাড়া ভ্রনেশ্বরগণও জ্ঞানসম্পন্ন অধিকারী প্রের্য। যোগী সিম্ধাবম্থা লাভ করিবার পরের্ব এমন সামর্থ্য লাভ করেন, যাহা দ্বারা ব্যক্তিবিশেষকে, যে তত্ত্ব সে আছে, সেখান হইতে উঠাইয়া অন্য অভিনয়িত তত্ত্বে এবং ঐ তত্ত্বপ্থ ভাবন-বিশেষে ঐ স্থানের ঐশ্বর্যভোগের জন্য নিয়োজিত করিতে পারেন। ইহার জন্য দীক্ষার প্রয়োজন হয় না। তত্তদ্ ভারনেশ্বরের আরাধনা স্বারাও অবশ্য ঐ সকল ভূবনে যাওয়া ও থাকা যায়।৮ ঐসব ভোগলোক। ঐপ্থান হইতে ভোগান্তে পতন অবশান্তাবী, তবে ওখানে যদি সদুগ্রে লাভ করিয়া প্র পাওয়া যায় তাহা হইলে স্বতন্ত্র কথা। এইসব গরে শুধু ভোগপ্রদ। ই'হারা দিবাজ্ঞান দিতে পারেন না। তাই মায়া পার করাইতে পারেন না। ই'হারাই পর্বেক্তি অসদ গরে।

আবার এমন গ্রের্ আছেন যিনি জ্ঞান দিতে পারেন, কিল্ডর্ ভোগ বা বিজ্ঞান দিতে পারেন না। জ্ঞান দিয়া তিনি মায়া হইতে মৃক্ত করিয়া দেন, কিল্ডর্ বিজ্ঞানের অভাবে জ্ঞানী অধিকার লাভ করিতে পারেন না। তিনি নিজে মৃক্ত হন কিল্ডর্ অন্যকে মৃক্ত করিতে পারেন না, তাই পরোপকার করিতে সমর্থ হন না। এই গ্রের্ জ্ঞানী গ্রের্, তিনি যোগী নহেন। প্রকৃত সদ্গ্রের্ ইনিও নহেন। যিনি সিম্প যোগী বলিয়া একাধারে যোগী ও জ্ঞানী উভয়াত্মক, তিনিই সদ্গ্রের্। তিনি বিজ্ঞান দান করেন বলিয়া শিষ্যের ভোগ ও মোক্ষ উভয়ই বিধান করিতে পারেন। প্রেত্থাভ তাঁহার কুপাতেই হইতে পারে।

'রন্ধানন্দং পরমস্থদং' বলিয়া যে সদ্গ্রন্ধ নমস্কার করা হয় এবং ষাঁহাকে গ্রন্থালামে 'তং' পদের প্রদর্শকে বলিয়া ও জ্ঞানাঞ্জন-শলাকার দ্বারা অজ্ঞান-তিমিরান্থের জ্ঞানচক্ষ্র উন্মোচক বলিয়া বর্ণনা করা হয়, তাঁহারা উভয়ই এক। সাধারণতঃ গ্রন্শন্দে সদ্গ্রন্ই ব্রঝায়। কারণ গ্রন্ন্পী ভগবান অথবা

৮ তদ্মশাদের ভোগদীক্ষার কথাও আছে, তবে তাহা আলাদা। তাহা সদ্গা্র প্রণত ।

শিষ্য ভোগাথী বলিয়া সদ্গা্র তাহাকে দীক্ষার দ্বারা অভিলাষত ভোগের জন্য তদ্চিতলোকে প্রেরণ করেন। ক্রমশঃ ভোগক্ষর করিয়া উঠিতে উঠিতে সেও অন্তে প্রণিষলাভ
করে, তবে দীর্ঘকাল পরে।

গ্রেদেহে অধিষ্ঠিত ভগবান্ আপন ক্রিয়াণ্ডির দ্বারা (দীক্ষার দ্বারা) পশ্রের দ্বতঃসিন্ধ দিব্য জ্ঞানরপে চক্ষরে অবরোধক অনাদি মল অপসারণ করিয়া দেন। ফলে তাহার পশ্রে ঘ্রচিয়া গিয়া সর্বস্তরে ও সর্বকত্তি অভিব্যক্ত হয় ও শিবসাধ্যের প্রাণ্ড ঘটে।

এই ক্রিয়াশন্তি দর্শনাদি নানা উপায়েই প্রযুক্ত হইতে পারে এবং তদন্সারে দীক্ষারও প্রকারভেদ হইয়া থাকে। শিষ্যের উন্ধারসামর্থ্য গ্রুর্র লক্ষণ। যোগবাশিষ্ঠে আছে:

> দর্শনাং স্পর্শনাং শব্দাং ক্সেয়া শিষাদেহকে। জনয়েং যঃ সমাবেশং শাশ্তবং স হি দেশিকঃ॥

> > (নিবাণ প্রকরণ)

অর্থাৎ যিনি ক্পাপ্রের দর্শন, স্পর্শন ও শব্দের দ্বারা শিষ্যের দেহে শিবভাবের আবেশ উৎপাদন করিতে পারেন তিনিই 'দেশিক' বা গ্রুর্। ক্রুভালনী প্রবৃত্থ হইয়া ষট্চক্রভেদনপ্রেক রন্ধরন্ধে পর্নাশ্বের সংগ্ মিলিত হইলে এই আবেশ ঘটে। সত্যসংকলপ গ্রুর্ শ্রুষ্ একবার ক্পাপ্রেণ দ্বিউপাত করিয়াও এই সন্মহৎ কার্য সম্পাদন করিতে পারেন।

যোগ্য শিষ্যকে উন্ধার করা এবং অযোগ্যকে যোগ্য করিয়া উন্ধার করা, ইহাই গ্রুবুর কার্য। বোধসারে নরহরি বিলয়াছেনঃ

> তংতশ্বিবেকবৈরাগ্যযা্ক্তবেদাশ্তয়াক্তিভঃ। শ্রীগা্বরাঃ প্রাপয়তোব অপদ্যার্মাপ পদ্যতামা।। প্রাপষ্য পদ্যতামেনং প্রবোধয়তি তৎক্ষণাং॥

অর্থাৎ শ্রীগরের বিবেকবৈরাগ্যযক্ত বেদাশ্তযক্তির শ্বারা অপদ্যক্তেও পদ্যরক্ষে পরিণত করেন। পরে তাহাকে মুহুতের মধ্যে জাগাইয়া তোলেন। ভাষ্কর রায় ললিতাসহস্রনামের ভাষ্যে ইহা স্পন্টাক্ষরে উল্লেখ করিয়াছেন—

"অযোগ্যেপি যোগ্যতামাপাদ্য শ্রীগর্র্স্ম্র্যঃ বোধর্রতি"—অর্থাৎ শ্রীগর্র্র্স্পী স্থ আযোগ্যকে যোগ্য করিয়া প্রবৃষ্ণ করেন ৷

১ নবচক্রের তল্যে আছে :

''পিণ্ডং পদং তথা রুপং রুপাতীতং চত্র্টরং । যো বৈ সমাক্ বিজ্ঞানাতি স গ্রুবঃ পরিকীতি ডঃ ॥"

অর্থাৎ যিনি পিশ্ড, পদ, রূপে ও রূপাডীত—এই চারিটিকে সমাক্রিণে অবগড আছেন তিনি প্রে:।

গ্রহ্গীতান্সারে—ক্রজিনী শক্তি, হংস, বিন্দ্র এবং নিরঞ্জন এই চারিটিকে বথাক্তমে পিণ্ড, পদ, সুপ ও রুপাতীত বলা হয়। বথা— বৈদিক শাস্তের ন্যায় আগমেও শ্রেতি, চিল্তায়য় এবং ভাবনায়য়—এই তিন প্রকার জ্ঞানের বিবরণ পাওয়া যায় । ১০ ইহার মধ্যে পর্বে পর্বে জ্ঞান উত্তরোত্তর জ্ঞানের প্রতি হেতু। বিক্ষিণ্ডাচিত্তের শাস্তার্থ-পরিজ্ঞানকে গ্রোভজ্ঞান বলে। সর্বাপেক্ষা নিকৃষ্ট শাস্তার্থ আলোচনাপর্বেক 'ইহাই এই ম্থলে উপযোগী' এই প্রকার আন্প্রেণি ব্যায়া ব্যবস্থাই চিল্তায়য় জ্ঞান। ইহা মন্দাভাস্ত ও ম্বভাস্তভ্জেদে দুই প্রকার। ম্বভাস্ত চিল্তায়য় জ্ঞান হইতে ভাবনায়য় জ্ঞান জন্মে, যাহাকে মোক্ষের একমাত্র কারণ বিলয়া পশ্ডিতগণ মনে করিয়া থাকেন। ব্যবভ্রুত ইহাই শ্রেষ্ঠতম জ্ঞান। ইহা হইতেই যোগ ও যোগফল লাভ হয়। ভাবনায়য় জ্ঞানের অভাবে অশৃষ্থ শিষ্যকে মায়িক তত্ত্ব হইতে উন্ধার করিয়া ইচ্ছান্সারে স-কল সদাশিবে অথবা নিন্দলে পরমশিবে যুক্ত করা সন্ভবপর নহে। অর্থাণ গরের ম্বভাস্তজ্ঞানী হইলেও ভাবনাবিশেষের অভাবে ঐ তত্ত্বিশেষের সাক্ষাণকার না করিয়া অশৃন্থ থাকিলে প্রেভি-প্রকার উন্ধার ও যোজন-কার্য করিতে সমর্থ হন না। আবার সিম্প্রোগী ঐ মায়িক তত্ত্বের সিন্ধিপ্রাণত হইয়াও সদাশিবাদি উত্তম

"পিশ্ডং ক**্ষ্ড**লিনীশবিঃ পদং হংসঃ প্রকীত্তিতিঃ। র**্পং বিন্দ**্রিতি জ্ঞেরং র্পাতীতং নিরঞ্জনম্।।"

শ্বাক্তন্দসংগ্রহেও এই শেলাকটি আছে। তবে সেখানে শেষ পদে আছে—''র্পাতীতং হি চিন্ময়ন্।'' যোগিনীহৃদয়তশ্যে এই ক্রমেই চারিটির উল্লেখ আছে। কিল্ডন্ দাদ্-দয়ালক্লীর শিষ্য স্ন্দরদাস তাঁহার 'ভ্ঞানসমূদ্র' নামক গ্রন্থে ধ্যানের বর্ণনা প্রসংগা— পিশ্ডন্থ, পদম্প, র্পান্থ ও র্পাতীত, এই পরিভাষা গ্রহণ করিয়াছেন, (শেলাক—৭৮-৮৪)। ক্রৈন্মশেশুও এই চারিপ্রকার ধ্যানের কথা পাওয়া ধায়। ইহার শ্বারা ব্রুমা ধায়— প্র্ণ ব

১০ বোল্ধপ্রদেশও প্রত্তি চাতালাবনাময়ী প্রজ্ঞার কথা আছে। শাহিতদেবের বোধিচবাগাবভারের প্রজ্ঞাকরকৃত পণ্ডিকানান্দী টৌকাতে এই প্রজ্ঞাকে ভ্রমিপ্রবিণ্ট প্রজ্ঞা হই:ত প্রক্ করা হইরাছে। অভিধন্মকোশেভ প্রোত জ্ঞানাদির বিবরণ আছে। বৈভাষিক মতে প্রক্ষারী প্রজ্ঞার বিষয় নাম ও অর্থ এবং ভাবনাময়ী প্রজ্ঞার বিষয় অর্থ ৷ সোঁলাহিতক মতে প্রত্তিশ্রাজ্ঞা — আভিধন্ম বিশ্বর ৷ বে শালবান্ ও প্রত্তিহিতাপ্রজ্ঞাবান্, সে ভাবনার অধিকারী। (দ্রুটবা — অভিধন্ম কোশ [ও])।

পদে শ্বভাস্ত জ্ঞানী বলিয়াই যোজনা করিতে পারেন। যদি যোগী যোগবলে তত্তং তত্তের সিম্পি লাভ করেন, তথাপি যোগবলে তত্তং তত্তে গিয়োর যোজনা করিতে পারেন না। কারণ, নিশ্নবতী তত্তে যে যোগজ সিম্পি হয়, তাহা বিমোচনের উপায় নহে।

প্রশ্ন এই । যোগীর সদাশিবাদি উধর্ববতী তত্ত্বে যোগজ সিন্ধি হয় না কেন, যাহার প্রভাবে যোগী সকল জগতের উন্মোচক হইতে পারে ? ইহার সমাধান এই যে, যদিও যোগীর ন্যায় জ্ঞানীও অভ্যাসহীন বটে, তথাপি জ্ঞানী সর্বথা শ্বভাশতভাবনাময় বিজ্ঞান-প্রসণেগ শিবভাব প্রাণ্ড হয় বলিয়া দীক্ষাদিক্রমে যোগী অপেক্ষা শ্রেষ্ঠ ।

এই বিষয়টি ভাল করিয়া ব্রিকতে হইলে যোগীর প্রকারভেদ সম্বন্ধেও একটা সাধারণ জ্ঞান থাকা আবশ্যক। আগম-মতে সংপ্রাণ্ড, ঘটমান, সিম্প ও স্বৃস্পিধ-ভেদে যোগী চারি প্রকার। যে সাধক যোগের উপদেশ মার্র পাইয়াছে, তাহাকে 'সংপ্রাণ্ড' এবং যোগাভ্যাসে নিরত সাধককে 'ঘটমান' বলে। এই দুই জাতীয় সাধক প্রয়ংই যোগ অথবা জ্ঞানে স্প্রতিষ্ঠ নহে বলিয়া অন্যের কোন উপকার সম্পাদন করিতে সমর্থ হয় না। তবে ঘাঁহার যোগ সিম্প হইয়াছে, তাঁহার বভাশত জ্ঞানও অবশাই আছে। এই জ্ঞানের ম্বারাই তিনি অন্যকে মৃত্তু করিতে পারেন—অন্য প্রকারে অর্থাৎ সিম্পিপ্রভাবে নহে। যোগী ও জ্ঞানীর মধ্যে ইনিই সর্বশ্রেষ্ঠ; কারণ, যোগী হইয়াও ইনি জ্ঞানী। যিনি 'স্বৃস্পিশ যোগী, তিনি ব্যবহার-ভ্রমির অতীত। তিনি কোন সময়েই আপন প্রর্পে হইতে স্থালত হন না। তিনি যে-কোন স্থানে অবস্থান করিয়া যে-কোন প্রকারে ফলভোগ করিয়াও হীন হন না, নির্বিকার থাকেন। তিনি নররপৌ বির্পাক্ষ। একমার তাঁহারই সকলাধনার সিম্প উৎপান হইয়াছে। কিম্ত্রু তিনি গ্রুর্ভাব অবলম্বন করিয়া সাক্ষাদ্ভাবে অমর্ত্রগণকে মোচন করেন না—বিদ্যান্বরণারের ভিতর দিয়া করেন।

অতএব জ্ঞান ও যোগের বিচার করিয়া মালিনীতন্ত বলিয়াছেন যে, ম্ম্কুর পক্ষে বভাশতজ্ঞানবান্ গ্রহ শ্রেষ্ঠ। তাই বভাশতবিজ্ঞানতাই গ্রহ্ একমার লক্ষণ—যোগিত্ব গ্রহ্-লক্ষণ নহে।

তবে যোগী গ্রেত্ব আছেন। ইহা সতা যে, জ্ঞানী যোগী অপেক্ষা বিশিণ্ট। কোন্ পথলে জ্ঞানী গ্রেত্ব কর্তব্য, কোন্ পথলে যোগীগ্রেত্ব কর্তব্য বা ত্যাজ্য, তাহা আচার্য অভিনবের গ্রেত্ব শশ্ভবনাথ শ্ব-মন্থে এইভাবে প্রকাশ করিয়াছেন। তিনি বলেন, যে মোক্ষ্জানাথী, তাহার গ্রেত্ব শ্বভাশতজ্ঞান হওয়া আবশ্যক। অন্যবিধ গ্রেত্ব প্রাণত হইলেও তাহার পক্ষে ঐ গ্রেত্ব পরিহার্য। কারণ—

'আমোদাথী' যথা ভূকঃ প্রুপাং প্রুপাশ্তরং রজেং। বিজ্ঞানাথী' তথা শিষ্যো গ্রেগার্বর্শতরং রজেং।'

অর্থাৎ যে গ্রন্থ বিজ্ঞান দানে অসমর্থ, তিনি শক্তিহীন। যিনি শ্বাং অজ্ঞ, তিনি অনাের উপকার কি প্রকারে করিতে পারেন ? প্রশন হইতে পারে—ভাবনাই ত' মৃথ্য, অজ্ঞ গ্রন্তেও শিষ্যের ভাবনাবশতঃ স্ফল হইতে পারে। স্তরাং অজ্ঞ গ্রন্র ত্যাগে প্রয়োজন কি ? যে উত্তরে। তর উৎকর্ষ দেখিয়াও অধম পদে শ্থিত থাকে, সে দৃর্ভাগ্য। যে ভাগে, মোক্ষ ও বিজ্ঞানপ্রাথী, তাহার গ্রন্থ শ্বভাশ্তজ্ঞানী যােগসিম্ম হওয়া আবশ্যক। ইনিই তৃতীয় প্রকার যােগী। যে মোক্ষ ও বিজ্ঞানাথী, তাহার গ্রন্থ জ্ঞানী। এই গ্রন্থ হইতে ভাগােসম্মি হয় না। আর যিনি মিত যােগী, অর্থাৎ যে যােগী ঘটমান ও সিম্মাবশ্যার মধ্যবতী, তিনি গ্রন্থ হইলেও শ্র্য্ ভোগাংশ দানে সমর্থ—তিনি মাক্ষ ও বিজ্ঞান দান করিতে পারেন না। আর যে যােগী শ্র্য্ সংপ্রাণ্ত ও ঘটমান অবশ্যায় বর্তমান, তিনি শিষ্যের মাক্ষেও বিজ্ঞান বিধানের কথা দ্রের থাকুক, তাহাকে ভোগ মান্ত দানেও সমর্থ নহেন—তিনি শ্র্য উপদেশে ক্শল। যিনি মিত যােগীও নহেন, এমন যােগাভ্যাসী অপেক্ষা বরং মিতজ্ঞানীও গ্রন্থ হিসাবে শ্রেষ্ঠ; কাবণ, তিনি জ্ঞানের উপায় উপদেশ শ্বায়া ক্রমশঃ মৃক্ত করিতে সমর্থ।

এইপ্রকার মিডজ্ঞানী যদি গরের হন, তাহা হইলে শিষ্যের কর্তব্য কি ? একজন পর্ণে জ্ঞানশালী গ্রের অর্থাং 'সদগ্রের' না পাইলে ভিন্ন ভিন্ন পরিমিতজ্ঞান গ্রের হইতে অংশাংশিকা ব্রুমে জ্ঞান আহরণ করিয়া শ্বাত্মায় অথন্ডমন্ডল পর্ণে-জ্ঞান সম্পাদন করিবে। একজন মিত-জ্ঞানী হইতে প্রেজ্ঞান লাভ হইতে পারে না বলিয়া শ্বকীয় জ্ঞান প্রেণ করিবার জন্য বিশেষ প্রয়ম্ব সহকারে অসংখ্য গ্রেকরণের আবশ্যকতা হয়। তাহাতে প্রত্যবায় নাই।

সদ্গরেপ্রাণ্ডি ভগবদন্গ্রহ ভিন্ন হয় না। তীরণন্তিপাতম্থলে প্রেজ্ঞান-সম্পন্ন গ্রেহ্ পাওয়া যায়—যাহার ক্পাতে অনায়াসে স্বাত্মবিজ্ঞান প্রেভাবে উদিত হয়। তথন আর প্রেণ্ড প্রেণ্ড গ্রেক্রণের আবশাকতা থাকে না।

সাত

আমরা প্রাতিভজ্ঞানের কথা প্রের্ব বিলয়াছি। ইহা অনুত্তর মহাজ্ঞান-শ্বর্প। ইহা শ্বয়মুশ্ভুত বিলয়া সাংসিশ্বিক। ১১ কিরণাগমে আছে—দীক্ষার

১১ পাতঞ্চল-দর্শনে ও তাহার ব্যাসভাষ্যেও প্রাতিভের কথা আছে। ইহাকে 'বিবেকজ জ্ঞান' বলা হইয়াছে এবং অনৌপদেশিক, সব'বিষয়ক, সব'থাবিষয়ক, ও অক্রম বিলয়া দ্বারা ষেমন মৃথ্যি হয়, তেমনি প্রাতিভ দ্বারাও মৃথ্যি হয়। তবে দীক্ষা গ্রের অধীন, প্রাতিভ দ্ব-দ্বভাব মাত্র। ইহাই বৈশক্ষণা। কিল্ড্র স্ক্ষোভাবে বিচার করিলে বর্ষা যাই বি—ষে সকল প্রের্ষ কেবলমাত্র দ্ব-প্রতিভা দ্বারা মোক্ষান্ভব নিল্পাদন করিয়াছেন, তাঁহাদিগকেও অল্ডতঃ কিঞ্চিমাত্রায় গ্রের্র অনুগ্রহ লাভ করিতেই হয়। কারণ, এই অখিল জগতের সমন্ত ভাবের বিজ্ঞাভণের ম্লেই পরমেশ্বরের স্বাতশ্ত্যের খেলা রহিয়াছে। স্ক্রাং তাঁহার আজ্ঞা ব্যাতরেকে ঐ সকল প্রের্ষের তাদ্শ প্রতিভা সম্পন্নই হইতে পারে না।

প্রাতিভ জ্ঞান দুই প্রকার—(ক) গুরুর ও আম্নায়গত এবং (খ) ম্বাভাবিক (মৃন্ধ)। (ক) দিব, দান্তি ও নর বা জাব—এই তিনের সমণ্টিই বিশ্ব। তক্মধ্যে দিব কর্তা, দান্তি কারণ (কারণ ইহাতে কর্ম ও কর্তার আবেশ এবং কর্ত্বশ্বশ্বশা আছে) এবং জাব কর্ম (বা বন্ধনের বিষয়)। এইজন্য বন্ধ জাব গুরুর ও শাস্তের উপদেশ্য—তাহাতে বধ্য, বন্ধ ও বন্ধকত্ব-বিভাগ অবভাস-পর্বেক মহাজ্ঞানের উদর হওয়ার সম্ভাবনা আছে। গুরুর ও শাস্তের মাহাত্ম্যে দিবাদি তত্ত্বগ্রই প্রাতিভ-জ্ঞানরপ্রে আবিভ্তি হয়। যথন সাধকের পাশ গুরুর কর্তৃক দাক্ষারপে আদি শ্বারা ছিল্ল হয়, যথন সাধক আগম হইতে ভাবনাভাবিত হয়, তথন তাহার বাশ্বিক প্রতিভ-তত্ত্ব বিকাশ প্রাণ্ড হয়। যথন ভ্রমাচ্ছল বিক্তি মন্থবায়র প্রভৃতির প্রভাবে পরিক্ষাই হয়, যেমন সময়ে উণ্ড ও সংসিক্ত বাজ অব্দুর-পল্লবাদিরপে অভিব্যক্ত হয়, তদ্রপ প্রাতিভজ্ঞানও গুরুর্পাদন্ট যাগ্রেয়াদির শ্বারা ব্যক্ত হয়। এই প্রাতিভজ্ঞান অম্তকরণ সম্পাদ্য বালয়া সেন্দিয়।

(খ) শ্বাভাবিক প্রাতিভ=বিবেকজ জ্ঞান। ইহা অশ্তঃকরণসম্পাদ্য নহে বলিয়া অতীন্দ্রিয়। অতীন্দ্রিয় এবং অপ্রমেয় সংবিং-তত্ত্ব বিচার>৩ অবস্থা প্রাণ্ড

বর্ণনা করা হইন্নাছে। ইহাই তারক জ্ঞান। আগমেও ঠিক এই কথাই আছে। 'অনৌপদেশিক' শব্দে যাহা ব্যায়, তলের 'গ্রেণাদ্যানপেক্ষ' শব্দেও ফলতঃ তাই ব্যায়।

১০ চিপ্রোরহস্যে আছে— 'রাধিতা পরমা দেবী সম্যক্ ত্'ণ্টা সতী ভদা। বিচারর্পতং যাতি চিন্তাকাশে রবির্যাথা ॥' (২।৭০)

হইরা যখন শ্ব-পরামর্শরেপে পরিণত হয়, তখন উহাকে 'বিবেক' বলা হয়। তখন পতি, পশ্ব ও পাশজ্ঞান শ্বয়ংই উদিত হয়—কিছ্বয়ই অপেক্ষা থাকে না। ইহাই বিবেকজ্ব প্রাতিভজ্ঞান। ইহা সমাগ্জ্ঞান। তখন যাবতীয় ইন্দ্রিয়য়য়য় ও অন্তঃকরণয়য়য় সন্ক্রিত জ্ঞান অন্যাপেক্ষা ত্যাগ করিয়া ঐ মহাপ্রকাশে বিপ্রান্ত হয়। প্রদীপের ক্ষীণ প্রভা যেমন স্বেণিকরণে নিন্প্রভ হয়, ইহাও টিক সেইর্প। বিবেক জন্মিলে শন্দাদি ইন্দ্রিয়গায়ের বস্তব্তে দেশ, কাল ও আকারগত বিপ্রকৃষ্ট প্রভাতি বিষয়ক জ্ঞান জন্মে। বিবেক গাঢ় হইলে সিন্ধি বা ঐন্বর্য ভাল লাগে না, তখন শিবময় পরম সত্যে বিশ্রাম ঘটে, সমস্ত ভাব হইতে বিবেক হয় বিলয়া সমস্ত বিষয়েই বৈয়াগ্য জন্মে, দর্পণে যেমন নিজেকে প্রতিবিশ্বয়পে দেখা যায়, তেমনি সর্বন্ত ভিতরে ও বাহিরে শিবকেই দেখিতে পাওয়া যায়—অর্থাণ্ড শিবৈক্যন রপ্রে বিশ্বের সাক্ষাণকার হয়, একই সময়ে ভিতরে ও বাহিরে শিব-দর্শন হয়,—প্রাতিভের ইহাই মাহাতা।

এই প্রকারে তাহার হেয় বা উপাদেয় কিছ্বই থাকে না বালয়া অকিণ্ডিংকর পরিমিত সিম্পিতে নিবম্ধনভতে প্রতিনিয়ত ধ্যানাদি ত্যাগ হয় ও একমাত্র পরা সংবিৎ-এরই পরামর্শন হয়। তখন যাবতীয় সিম্পিসম্পৎ স্বশ্ন ও ইন্দ্রজালের ন্যায় প্রতীত হয়। প্রাতিভের এই লক্ষণ দেখিলেই সাধক হেয়োপাদেয়তত্বজ্ঞ হইয়া সর্বদা বিভ্রম্পাকরেই ধ্যান করে। সিম্পি শ্বধ্ব পরপ্রত্যর্য়নিমিস্ক—নত্ববা দেহান্তে মর্ক্তর ভরসা কি? কিম্তব্ব যে পর-সম্বেই দ্যু ভাবনাবিশিষ্ট, সে জাবিত অবস্থাতেই মব্রু হয়।

আর এক কথা ঃ বিবেকের বিকাশ হইলে অভ্যাসবশতঃ শাপ ও অন্গ্রহকার্যে সামর্থ্য জন্ম । তথন সাধক বালক্রীড়াপ্রায় সিম্পিসকলে অনাসক্ত হইয়া মধ্যম্থ ভাব অবক্রবনপর্বেক পরতত্ত্বেই বিশ্রান্ত থাকে । সেইজন্য নিজে মন্ত্রু হইয়া অন্যক্রেও মন্ত্রু করিতে সমর্থ হয় ।

বন্ধ অণ্ট্র ভূতেন্দ্রিয়াদি ন্বারা আচ্ছন্ন থাকে বলিয়া সংসার-মার্গে পরিভ্রমণ করিতে বাধ্য হয়। কিন্ত্র যদি অণ্ট্রপ্রতিভাষ্ট্র হয়, যদি তাহাতে বিবেকোদয়

অথিং হদরুপ্থা সকলের আত্মন্তর পা অন্ত্যামিনী চিন্ময়ী মহেন্বরীকে আরাধনা শ্বারা প্রদান করিলে তিনিই সাধকের চিত্তে বিচারকৃপে উদিত হন। এই প্রসংগ্য বলা হইয়াছে যে, দীর্ঘকাল 'সদ্গ্রন্' শ্বারা ক্রম অনুসারে অকপটে অর্থাং ফলাভিসন্ধিরহিত হইয়া এই হদয়বাসিনী আত্মদেবতাকে আরাধনা করিলে তাঁহার কৃপা উপাসকের চিত্তে বিচারাকারে স্ফ্রিত হয় (২।২৯-৮২)। অন্যত্ত আছে যে এই বিচার হইতেই ক্রমশঃ সকল আধ্যাত্মিক অবক্সারে বিকাশ হয় ও অন্তে আত্মপ্রতাভিজ্ঞার উদয় হইয়া নিবিকেশক আত্মশ্বর্পে স্থিতি হয় (ঐ ১৭।৬৩-৬৮)।

হইরা থাকে, তাহা হইলে শক্তিতম্বরূপে বণিতি হর। সে তখন শুন্ধ বিদ্যাদশাতে অধিন্ঠিত থাকে। তাই অনুগ্রহ-নিগ্রহাদি কার্ষে তাহার প্রবণতা জন্ম। এই বিবেকের বিকাশবশতঃ জীব ভবসাগর হইতে মুক্ত হইরা কারণষট্ক ত্যাগপ্রেক শিবদ্ব প্রাণ্ড হয়।

অতএব শিব, শক্তি ও জীব—এই তদ্বায়ই যে প্রাভিত বিজ্ঞানরপে আবিভর্তি হয়, তাহা নিঃসন্দেহ।

वाक

সদ্গর্র বশ্তকে শ্বরং পরমেশ্বর, তাহাতে সন্দেহ নাই। তন্তমতে তিনিই পরমিশব। তিনি শ্বাতন্তা শব্তিময়—পঞ্চত্যকারিদ্ধ তাঁহারই অসাধারণ ধর্ম। এই পঞ্চত্তার মধ্যে জীবের অন্থ্রহ অন্যতম। অন্যতম কেন, ইহাই প্রধান। বিলতে কি, তাঁহার অন্যান্য ক্তা ইহার অশ্গীভ্তেও বলা চলে।

তিনি সাক্ষাৎ অনুগ্রহ করেন, অথবা কোন গ্রের্দেহে অধিষ্ঠিত হইয়া অনুগ্রহ করেন। তাঁহার সাক্ষাৎ অনুগ্রহ নিরিধকরণ এবং দ্বিতীরটি সাধিকরণ। শাদ্র বলেন যে, যখন তমঃ ও অনাদিপ্রবৃত্ত মলের ও বামাখ্য ভগবং-শক্তির আবরণাত্মক অধিকার নিবৃত্ত হয়, তখন জীবের কৈবল্যাভিম্বখ ভাব উদিত হয়। এই ভাবের উদয় হইলে জগদ্বংধার-প্রবণ পরমেশ্বর অণ্ব আত্মার অনশ্ত দৃক্শিক্তিও ক্রিয়াণিন্তি, অর্থাৎ ঠেতনা, প্রকট করিয়া দেন। দৃক্কিয়ার আনশ্তা পশ্রও আছে, তাঁবে মলের অবচ্ছেদবশতঃ উহা আবৃত্ত থাকে। পরিণামের ফলে আবরণ অপগত হওয়াতে উহা অভিবাক্ত হয়।

পরমেশ্বর সব সময়েই অনুগ্রহ করিতে পারেন ও করেন। জগতের শ্বাপ, সংহার সৃষ্টি ও দিথাতি—সকল অবস্থাতেই তাঁহার অনুগ্রহ আত্মপ্রকাশ করে। তবে অনুগ্রহের ফলে কিণ্ডিং তারতম্য ঘটে। অবশ্য অনুগ্রহের মুখ্য ফল—মুদ্ধি, তাহা ত' হয়ই। তবে উহা নিরমিকার হইতে পারে, সামিকারও হইতে পারে। নিরমিকার মুদ্ধিই শিবদ্ধ, সামিকার মুদ্ধি বিদ্যোশবর্মাদ অমিকারীর পদবিশেষ। ম্বাপাবস্থার অনুগ্রহের সংশ্য সংগ্রই শিবদ্ধ হয়—অমিকারপ্রাণিত হয় না। কারণ, ঐ সময়ে জগং নাই বলিয়া অমিকারীর প্রয়োজন হয় না। সংহার ও সৃষ্টিকালে অনুগ্রহের ফলে শিবদ্বলাভ, অথবা মলপাকের বৈচিত্যান্সারে ঐশবর্ষপ্রাণিতরূপ সামিকার-মুদ্ধি হয়। যাহারা সংহার-কালে সামিকার অনুগ্রহ পায়, তাহারা সৃষ্টিতে অমিকারী হয়। আর মাহারা সৃষ্টিকালে সামিকার অনুগ্রহ লাভ করে, তাহারা পর-বিদ্যোশ্বর প্রভৃতি অবস্থা লাভ করে।

कारात्रथ कारात्रथ गिवचनाण्य य ना रहेरण भारत, जारा नरर । कार्रण, मनभाक এবং পরমে**শ্বরের অন**্মহ—কোর্নটিরই কালনিয়ম নাই। অন্বৈতদৃণ্টিতেও তাহাব স্বাতন্ত্র্য পর্যন্যোগের অযোগ্য,—তাহা বলাই বাহলো। এই যে তিন কালের অনুগ্রহ, ইহা নির্বাধকার ভগবানের অনুগ্রহ। কিন্তু জগতের স্থিতি-কালে সাধারণতঃ > তাঁহার অন্ত্রহ ঐ প্রকার সাক্ষাৎ বা নির্বাধকরণ হয় না— গুরু বা আচার্যরপে অধিকরণে আবেশপর্বেক হয়। স্থিতিকালে পরমেশ্বর প্রশাদিত লাভের যোগ্য চিদ্যুক্ত অণ্মকলকে যোগ্যতান্সারে অনুগ্রহ করেন এবং কাহাকেও মন্ত্র-পদ, কাহাকেও পতি-পদ ও কাহাকেও সর্বোচ্চ ঈশান-পদ দান করেন।^{১৫} এই সকল পদ সালোক্যাদি বলিয়া ব্ৰুৰিতে হইবে। এ সবই অ-পরম্বন্তি। অবশ্য অতি উন্নত যোগ্যতাবিশিষ্ট কেহ কেহ পরা মৃত্তিবা শিবস্বও প্রাণ্ড হন। সাধিকার মর্নক্তর মধ্যে (অনন্তাদি) মন্ত্রমহেশ্বরের পদ শ্রেষ্ঠ—উহার উপরে আর পদ নাই এবং ঐখান হইতে চ্যাতিরও সম্ভাবনা নাই ।>৬ ইহার পরেই অপবর্গ লাভ হয়, শুধু অধিকার সমাণ্তির অপেক্ষা থাকে। মহেম্বর-পদ মধাম ও রুদ্রগণের পদ নিকৃষ্ট। এই দুই পদ হইতে চ্যাতি হইতে পারে—কারণ, তক্তদ্ ভ্রবনপ্রাণ্ডর্প মোক্ষ মহাপ্রলয় পর্যন্ত অবস্থান করে। পুনর্বার সর্গারন্ডে অর্বাশষ্ট কর্মবশতঃ অধ্যোগতির সম্ভাবনা থাকে। স্তরাং এই দুইটি পদ লাভ ঠিক মুক্তি নহে—মুক্তাভাস মাত্র। তবে এই দুই পদ হইতেও মুক্তি যে হইতে পারে না, তাহা নহে। মল-পরিপাক বশতঃ দীক্ষা ন্বারা ঐ পদন্দরেও মোক্ষ অসম্ভব নহে; কারণ প্রভ্যেক ভ্রবনেই গ্রু আছেন।

পরমেশ্বর জগতের স্বাপাবস্থাতে যে ক'পা করেন, তাহাতে অনুগ্রাহ্য জ্বীবের যোগ্যতার বিচার করেন না। কারণ, ঐ সময়ে অধিকারের উপযোগ থাকে না বিলয়া তন্মলেক বিভিন্ন প্রকার যোগ্যতা-পরীক্ষার আবশ্যকতা হয় না। যোগ্যতাবৈচিত্রাম্লক অনুগ্রহ স্থিতিকালের জন্য—স্বাপকালের জন্য নহে।

১৪ দ্বিতিকালেও অত্যন্ত মলপাকবশতঃ নির্মিকরণ অনুগ্রহ হইতে পারে—তবে অতি বিরল। (মুগেন্দ্রাগম, সটীক—প্: ১৬৫)

১৫ পণ্ডান্টকানি র:দ্রগণের পদ = র:দ্র-পদ; সপ্তকোটি মন্টগণের পদ = মন্টপদ; অ-পর মন্দ্রেশ্বরগণের পদ = পতিপদ; ঈশ্বর (অনন্ত), সদাশিব ও শান্তলক্ষণ ঈশানের পদ = ঈশান-পদ।

১৬ মায়োত্তীণ হওরার দর্শ কর্মাভাববশতঃ চ্যুতির ভর নাই। রৌরবে আছে— 'ভ্ৰুৱা ভোগান্ স্ফুচিরমমরস্ফীনিকারৈর্পেতাঃ। স্কুস্তোংকণ্ঠাঃ শিবপদপ্রেশ্বর্ষভাক্তো ভ্রম্ভিয় ।।'

তবে অত্যন্ত মলপাকশ্বলে তীরতম বৈরাগ্যাবস্থার স্থিতিকালেও স্বাপকালের ন্যায় অবস্থা কাহারও কাহারও হইতে পারে। তবে ইহা অতি কম দেখা যায়।

তমঃপতি বা দ্ক্রিয়ানিরােধক বামদেবনাথের রােধকতা কিণ্ডিং শিথিল হইলে ও কিণ্ডিং অবশিষ্ট থাকিলে শরীরীদের নানা প্রকার লক্ষণ দেখা যার। অর্থাং পরমেশ্বরের তিরােধান-শন্তির অধিকার বিরত হইলেই অন্গ্রহ বা শন্তি-পাতের লক্ষণ সকল উৎপন্ন হয়। শন্তিপাতই অপন্নরাব্তির কারণ। এই সকল লক্ষণ দেখিয়া শন্তিপাত হইয়াছে ব্রিঝয়া গ্রের্গণ দীক্ষা দিয়া থাকেন। কিশ্ব অশরীরীদের শন্তিপাত গ্রের্গণও লক্ষ্য করিতে পারেন না। এই সকল লক্ষণের মধ্যে তীর ম্মুক্ষা, সংসারবৈরাগ্য এবং পরমেশ্বরভন্তি-পরায়ণে ভব্তিও তংশাসক শাক্ষে গ্রন্থা—এইগ্র্লি প্রধান। পাশের শিথিলতা যত বেশী হয়, তেই এই সকল লক্ষণ অধিক প্রকাশ পায়।

কেহ কেহ মনে করেন যে, স্বয়ং ভগবান্ যাঁহাদিগকে সাক্ষাং অনুগ্রহ করেন, তহিারা সকলেই জগতের আদিগরের। এ কথা সত্য নহে। কারণ, গ্রেপুদও বিশাৰ বাসনাময় অধিকার-পদ। জীবোষ্ধার ও লোককল্যাণের আকাক্ষা সুদয়ে না থাকিলে কেহ গ্রেপেদ লাভ করিতে পারেন না। যে সকল আত্মার মলপাক অতাশ্ত অধিক বলিয়া পরমবৈরাগ্যের উদয় হয়, তাঁহারা সাক্ষণে ভগবদন গ্রহ-প্রাণ্তির ফলে একেবারে পূর্ণত্ব লাভ করেন,—তাঁহার। জগতের অতীত হন। আগম-মতে তাঁহারা পরমেশ্বরের অধিকারাক্থা ও ভোগাক্থা ভেদ করিয়া একেবারে লয়াবম্থা প্রাণ্ড হন । এই অবম্থায় বিন্দুক্ষোভ থাকে না বলিয়া ইহা স্থির অতীত অবস্থা। দৈবতদ্খিতে বিচার করিলে ই হাদিগের জগম্ব্যাপারে সম্বন্ধ থাকে না । ই'হারা মৃক্ত-শিব । ই'হারাও মলহীন বলিয়া প্রমশিবের ন্যায় সর্বশক্তিয়ন্ত ও স্বতন্ত্র, তাহা সতা; এবং ঐ স্বাতন্ত্রা তখন অনাবৃত, তাহাও সত্য। তথাপি ই হারা বাসনামত্তে বলিয়া জগতের অধিকারাদি হইতে উপরত ও স্ব-স্বরূপে প্রতিষ্ঠিত। নিম'ল মৃত্ত পরে,ষের শক্তি অর্থাং অবায়া স্বয়ংবেদ্যা সংবিৎ সর্ববিষ্ঠ্রকে যথাবস্থিতর্পে গ্রহণ করে। ই^{*}হারা সমর্থ। কিশ্ত্ব সর্বস্তত্ত্ব ও সর্বকত্বি সংৰও ই'হাদের প্রবৃত্তি হয় না। কারণ, নিতামুক্ত পরমেশ্বরই বিশ্বকার্যেয় নিবহিক। ই'হারা রাগন্বেষহীন। অন্বৈত দুন্টিতে ই'হারা সকলেই এক পরমেশ্বররপে প্রতিষ্ঠিত। তাই পৃথগ্ভাবে এতংসম্বন্ধে किছ, विनवात्र नारे।

কিশ্তর বাঁহাদিগের প্রদয়ে পরানন্দভোগের আকাশ্ফা অতি প্রবল, তাঁহার। ভগবদন্বহ প্রাপত হইয়া বিদ্যাদেহে দিব্যভোগ সন্ভোগ করিয়া থাকে। সদাশিব-পদে ভোগ-সম্পত্তি ঘটিয়া থাকে। আর যাঁহারা পরোপকার ক্লরিতে দ্ঢ়সম্কদ্প, তাঁহারা মলপাকবশতঃ ভগবদন্বহ লাভ করিলে এমন অবস্থা লাভ করেন যাহাতে তাঁহাদিগের আকাক্ষা পর্ণে হইতে পারে। তাঁহারা অধিকার-পদ প্রাণ্ড হইয়া থাকেন। ই'হাদের মধ্যে এক অংশ মন্ত্রপদ লাভ করেন। বাকি অংশ জগতের আদিগারু-পদ প্রাণ্ড হন। এই আদিগারুর মধ্যে সকলেই অর্থাৎ আটঙ্গন, মায়ার উপরে ঈশ্বরতত্ত্বকে আশ্রয় করিয়া বর্তমান থাকেন। আটজন—অনত হইতে শিখণ্ডী পর্যত্ত—জগদ্গারারেপে বণিত হইবার যোগা। ই'হাদের অমায়িক বিশা, ধসভ্যয় বৈন্দব দেহ আছে, যাহা ই'হারা স্টির আদিতে ভগবদন্প্রহের সমকালে বিন্দুক্ষোভ হইতে প্রাণ্ত হন। বৈন্দ্র দেহ স: ছও ই হারা (অ-পর) শিব পদবাচ্য ও সর্ব জ্ঞাদিসম্পন্ন। ই হাদের মায়িক দেহ নাই। পূর্বেই ই হারা যোগ-বিজ্ঞানাদির দ্বারা কর্মক্ষয় সম্পাদন-পরে ক মায়ার বাহিরে বিজ্ঞানকৈবলা অবন্থায় মলমত যুক্ত হইয়া অবন্থান করিতেছিলেন । ১৭ তথনও মল-পাকের সমাক্ পূর্ণতা না হওয়ার দর্শ ই হারা ভগবদন:গ্রহ প্রাণ্ড হন না। ঐটি বিদেহকৈবলোর দশা, যাহা মায়া ও পরেষের বি'বৈৰজ্ঞান হইতে উদ্ভতে। ঐ অবম্থায় কর্মা, পূর্যান্টক, ম্থ্যোদহ—িকছাই থাকে না; তবে শুন্ধ বাসনা থাকে—তাহা সতা। আণব মল থাকে। সাণিটর প্রাক্তালে ভগবদন গ্রহ প্রাণ্ড হইয়া তাঁহারা জ্যোতিমার বৈন্দব দেহ লাভ করেন এবং আপন অধিকারোচিত পদে স্থিত হন। এটা পর্ণেছের অবস্থা না হইলেও ঐশ্বয়ের অবম্থা বটে। ভগবানের পঞ্চত্যেকারিতা ই'হারা প্রাণ্ত হন। ই'হারা পরমেশ্বরের প্রের্য বা নিদেশবতী হইলেও এক হিসাবে জগতের প্রভ: । মায়িক জগতের সৃষ্টি, রক্ষা প্রভূতির ভার মুলতঃ ই'হাদেরই উপর। অনুগ্রহও ইহার অন্তর্গত। ত ই ই হারা গরে নু-পদব চা। ই হাদের মধ্যে যিনি প্রধান, তাঁহার শরীরে অনুপ্রিষ্ট হইয়াই প্রমেশ্বর কার্নাবশতঃ অবচ্ছিন্ন প্রমাতা শিষাকে উন্ধার করেন। অবশ্য এই গ্রের্শাক্ত ক্রম আশ্রয় করিয়াও ধীরে ধীরে অবতীর্ণ रुग्र ।

এই আটজনের ন্যায় আরও গর্র আছেন। তবে তাঁহারা আদিগর্র নহেন এবং মায়ার অতীত নহেন। তাঁহারা মায়াগর্ভের অধিকারী। স্বাভাবিক নিয়মে যে সকল জাঁবের কলাদি উপসংস্থাত হয় ও যাহারা এই নিমিস্ত ঐ সময়ে জড়কৈবল্যের ন্যায় অবস্থায় মায়ামধ্যে বর্তমান থাকে, তাহাদিগকে প্রলয়াকল বলে। তাহাদের মল ত' থাকেই—কর্মপ্ত থাকে। তাহাদের মধ্যে যাহাদের মল পরিপক্ব হইয়া ভগবদন্ত্রহ প্রাণিত ঘটে, তাহারা স্থির সময় ম্বিবিধ দেহ প্রাণ্ড

১৭ ভগবান্ বামাথ্য ক্লিয়াশক্তি শ্বারা অনাগিমলয**্ত পশ**্সকলকে নির্ম্থ করেন ও তাদ্শ নির্মিত পশ্কে কম'বিপাকান্সারে মায়িক দেহ ধারণের জন্য প্রেরণ করেন, কিল্ড্র বিজ্ঞানকেবলীদিগকে করেন না।

হইরা জাগিয়া উঠে। অভ্রন্থ কর্মের দর্ণ তাহাদিগকে আতিবাহিক মায়িক দেহ ধারণ করিতে হয়—এই দেহ কর্ম অন্সারে বিভিন্ন শতরে কার্ম করিতে পারে; অথচ ভগবদন্গ্রহের ফলে বিন্দ্রেক্ষাভ বশতঃ বৈন্দ্র দেহপ্রাণ্ডিও সপ্তে সংগ্রু হইরা থাকে। এই উভয় দেহ পরশ্পর মিলিতভাবেই বর্ডমান থাকে। ই'হাদের কার্ম ক্ষেত্র মায়িক জগতের মধ্যেই কলাতত্ব হইতে প্থিবীতত্ব পর্যন্ত বিভিন্ন শতরে হইয়া থাকে। বৈন্দ্র দেহ প্রাণ্ড হন বালয়া ই'হারাও গ্রুর্কার্ম করিয়া থাকেন। বলা বাহ্না, ই'হারাও এক হিসাবে আদিগ্রুর্ব মধ্যে গণনীয়। কারণ, মায়োজীর্ণ অনন্তাদি হইতে ই'হারা প্রণ্ডান প্রাণ্ড হন না—সাক্ষাৎ পরশিব হইতেই পান। অর্থাৎ পরমেন্বর অনন্তাদি বিদ্যোন্বর বা আদিগ্রুর্বগ্রের অধিষ্ঠান ন্বারা মায়া হইতে কলাদি তত্ব, ভ্রুবন, পিণ্ড ও ভাব স্থিট করিয়া কলাসকলের সহিত প্রদ্বেত্র জীবসকলকে কর্মান্সারে ঘোজনা করিয়া তাহাদিগের মধ্য হইতে পরিণত্যন অণ্সকলকে মায়াগভাধিকারী বিদ্যোন্বর্বপদে সাক্ষাৎ অন্ত্রহ করেন।

ই'হারা---

- (ক) মন্ডলাধিপতি—আট (কলামস্তকে)১৮
- (খ) ক্লেধেশ প্রভৃতি—আট (প্রকৃতি তত্ত্ব)।
- (গ) বীরভদ্র—এক (গুণের উপরে ও প্রধানের নীচে)।
- (ব) শতর_{্দ্র}—একশত।
- (%) শ্রীকণ্ঠ (অন্টকপতি)—এক (গ**্রণতাত্ত**)।

মোট ১১৮

ই হারাও কিল্ড্রন্থেরর, কিল্ড্র ই হারা সাত কোটি মন্ত্র ও ঈশ্বরতজ্ঞা আটজন বিদ্যোশ্বর অপেক্ষা পরে উৎপন্ন এবং মায়াগর্ভের অধিকারী বিলয়া অধােভ্তে। আচার্যাদির ন্যায় পশ্বর অন্ত্রহের জন্য ই হারা মন্ত্রের প্রয়েজক বিলয়া মন্ত্রেশ্বর। ই হারাও এক হিসাবে জগদ্গ্রের। তবে মন্ত্রসকল অগ্রজ্ঞ ও নিশ্কল, আর এই সকল মন্ত্রেশ্বর মন্তের প্রয়োজক হইলেও অবরজ্ঞ ও স-কল। তাই ই হাদের শক্তি নাা্নতর ও ই হাদের অধিকার নিশ্বে মায়াগর্ভে সীমাবন্ধ।

বিজ্ঞানাকল ও প্রলয়াকল জীব হইতে স্টিটর প্রারশ্ভে এই সকল গা্র ও অধিকারিবর্গ ভগবানের সাক্ষাৎ (নির্মিকরণ) অনুগ্রহের ফলে আবিভর্তি

১৮ কলাভ্বনে অর্থাৎ রাগাদি কলান্ত অধনতে ৬৪টি মহাপুর আছে, নাম মণ্ডল।
বথা ভ্বনেশাণ্টক, মহাদেবাণ্টক, বামদেবাণ্টক, ভবাণ্টক, উল্ভবাণ্টক, একাপাণ্ডেককাণ্টক,
ঈশানাণ্টক ও অণ্যাণ্ডমান্তাণ্টক (৮×৮=৬৪)। সকল মণ্ডলেশ্বরই—ভার্শীর ও
স্কানিত।

হন। স্থিতিকালে স-কলাকথায় যে সকল জীব মলপাক বশতঃ ভগবানের অন্ত্রহযোগ্য হয়, তাহারা সকলেই অনন্ত প্রভাতি কোন না কোন দেহে আবিষ্ট ভগবানের শ্বারাই অন্ত্রহীত হইয়া থাকে। খ্রীকণ্ঠাদি অসংখ্য রুদ্র এইভাবে ব্রহ্মান্ডের অধিপতি-পদে স্থাপিত হন।

এই সকল রাদ্রগণের নিকট হইতে কয়েকটি দেবতা অনাগ্রহ লাভ করেন।
ঐ সকল দেবতা হইতে কয়েকজন মনায় অনাগ্রহ প্রাণ্ড হয়। এই সকল রাদ্রাদি অধিকারী—স-কলাবস্থাতে চারিপ্রকার শক্তিপাত অনাসারে অনাগ্রহ-প্রাণ্ড। ই'হাদের মলপাকের উদয় স্থিতিকালেই হয়। এই অবস্থায় যাহায়া মাজিবীজ প্রাণ্ড হইয়াছে, তাহাদের ক্রমমান্তি সম্ভবপর। স্থিতির অবসানে প্রলয়ে যাহায়া অনাগ্রহীত, তাহাদের মধ্যে অধিকারী নাই। কারণ, যাহাদের মলপাক পার্ণ হয়, তাহারা সদাঃ পর-মোক্ষ লাভ করে।

नग्न

প্রে বাহা বলা হইল, তাহা হইতে ব্ঝা যাইবে যে, গ্রন্বগ ছয় প্রকার। অনাদি-সিম্ধ পণ্ডক্ত্যকারী বলিয়া পণ্ডমন্ততন্ব পরমেশ্বরই সর্বান্গ্রাহক ও ব্যাভাবিক ব্যাতন্ত্রময় বলিয়া নিত্যাসিধ্ধ অনৌপাধিক গ্রন্থ। অন্যান্য গ্রন্থ ক্রমশঃ তাঁহারই নিয়োজ্য। গ্রন্বগেরি নাম, যথা—

(ক) পরমশিব, (খ) পর-মন্তেশ্বর ও অপর মন্তেশ্বর, (গ) রুদ্র,
(ঘ) দেব, (ঙ) মর্ন ও (চ) মন্যা। পরমশিব নিয়োজক, মন্তেশ্বর তাঁহার
নিয়োজ্য। আবার মন্তেশ্বর যথন নিয়োজক, রুদ্র তখন নিয়োজ্য। এইপ্রকার
সম্বশ্ধ মন্যাগ্রুর পর্যাতে ব্লিকতে হইবে। ইহা সত্তেও মন্যাচার্যই শ্রেষ্ঠ;
কারণ, তাঁহাতে প্রেবতী সকলেরই সালিধ্য আছে।

মন্ব্য মধ্যে র শ্বন শ্রেষ্ঠ । কারণ, অন্যের বেদাল্ডজ্ঞানের অভাববশতঃ সিম্বাল্ড শ্রবণের যোগ্যতা নাই । অন্যান্য বর্ণের মলপাক পর্ণে হইলে তাঁহারা নির্মিকার দীক্ষার ম্বারা পর-মোক্ষ প্রাণ্ড হন, অথবা বিশ্বামিরের ন্যায় বিশিষ্ট তপস্যার ম্বারা বর্ণাল্ডরসংক্রাম্তি লাভ করিয়া অধিকার প্রাণ্ড হন । কারণ, অধিকারিগণ লোকসংগ্রহের জন্য শ্রুতিবিহিত বর্ণাশ্রম ধর্ম লঙ্ঘন করেন না । আর এক কথা ঃ চারিবর্ণের সাধকগণ পর্বজ্ঞাত হইতে উম্বৃত হইয়াও তত্তং জাত্মাচিত আচার ফলাভিসম্বি বর্জন করিয়া অবশ্য অনুষ্ঠান করিবে, তাহা হইলে আর লোক-সাঙ্কর্য উৎপন্ন হইতে পারে না । অধিকার উদিত না হওয়া পর্যম্ভ সাধক প্রভৃতির ম্বাচারন্মেনতা বর্জনীয় । যদি অধিকার উদয় হওয়ার প্রের্ব প্রারম্থ দেহ ত্যাগ হয়, ভাহা হইলে সাধকাদি তিনজনের ক্রমণঃ শিবছ,

মশ্রেশ্বরম্ব ও রদ্রেম্ব লাভ হয় । সাধক ও পর্রকের সমপদ লাভ হয় না । শিবপদেও তাহাদের মধ্যে ভোগলয়াবস্থাদি ক্রমে লাভ হয় । ইহা হইতে জানা যায় য়ে, রাম্বন-শ্রেষ্ঠগণই সামান্য-বিশেষ শানের অধীতী, সমর্থ ও সমস্ত সম্পৎসম্পন্ন বলিয়া সর্বপদার্থ বিনিয়োগের জন্য পরমেশ্বরের অধিকরণর প্রভাষর্থ হইতে পারেন ।

সাধকগণ বিনিয়োগ সহিত পতি, পণ্ম ও পাশ—এই তিন বৃহত্তর জ্ঞানের ম্বারা আচার্যাধিকার প্রাণ্ড হন। আচার্যন্ত কথন নহে—ইহা অ-পর মোক্ষ। সর্বপাশের ছেদ না হইলে আচার্যন্ত হয় না। আচার্যের শাধ্র অধিকার-মল মাত্র অবশিষ্ট থাকে, যাহা সর্বজ্ঞান্তর অবিরোধী। আচার্যের দেহ পশ্লেহের ন্যায় নহে। ঐ দেহ বিন্দঃ হইতে উভ্জত বলিয়া বোধক, পশ্বদের দেহ মায়া হইতে উৎপন্ন বলিয়া মোহক। আচার্য পরমেশ্বরের সমান। তাঁহাকে পরমেশ্বরের বহিরণ্যা মাতি বালয়া বর্ণনা করা হায়। স্ব-শক্তিই পরমেশ্বরের অশ্তরণ্যা মাতি —যাহাকে শান্ত-দেহ বলা হয়। কিম্ত, বৈন্দব দেহবিশিষ্ট আচার্য পরমেশ্বরের বাহ্য দেহ-ইহাতে অধিষ্ঠিত হইয়া তিনি পণ্যুর অনুগ্রহ-ব্যাপার সম্পাদন করেন। অর্থাৎ পরমেশ্বরের অন্তরণ্যা মূর্তি সম্বেও জগতের স্থিতিকালে জীবান্
গ্রহের জন্য তাঁহার বহির•গা বৈন্দব-মর্বার্তর প্রয়োজন আছে। এই মর্বার্ত কর্মরিহত বলিয়া ময়োন্তীর্ণ বিশাশ ভোগী কোন জীবের সহিত সম্বন্ধ। ইনিই আচার্য। অতএব পরমেশ্বর ও আচার্য একই শরীর অবলম্বন করিয়া একই ব্যাপারের ব্যাপারক। তাই উভয়ে পরম্পর সাধর্ম্য আছে। সেইজন্য উভয়ে অভেদ ব্যবহার হয়; যথা—'গ্রুরুরেব শিবঃ শিব এব গ্রুবঃ।' আচার্য বা গ্রেত্ত পরমেশ্বরের প্রের্য, তবে প্রদ্রগলের ন্যায় কণ্টকর ভোগ-সাধন কর্মে প্রেরিত হন না। আভার্য পরমেশ্বরের তীব্রতর শক্তিপাতান্যায়িনী ত্রীয় দীক্ষা স্বারা অনুগৃহীত ও আত্মকলপ। কাজেই, তাহাকে তিনি স্বোচিত শূম্বভোগের অবিরুদ্ধ পরার্থব্যাপার মারেই প্রবর্তন করেন। আচার্যের এই প্রয়োজ্যত্ব পরমম্বন্তির বাধক নহে। অধিকার সমাণত হইলে দেহপাতের সণে সপেই প্রেণ্ড লাভ হয়। তাই আচার্যন্ত অ-পর মোক্ষ।

সাধকের দীক্ষার ফলে সকল পাশ ছিন্ন হয় বটে, কিম্ত্র শিবছের অভিব্যক্তি হয় না। তাহার জন্য কালাম্তরভাবী অভিষেক আবশ্যক। তাহাই অ-পর নির্বাণ, যাহা সাধকের সাধনীয় ও পর-নির্বাণের শ্বারম্বর্মে। পরমেশ্বরের অর্চনাদির অবিনাভতে শাশ্বচর্চার শ্বারা অভিষেক সম্পন্ন হয়। ইহা আরোগ্য-সনানের ন্যায় ব্রিষতে হইবে।

সাধক মাত্রেরই নির্বাণ-দীক্ষা প্রেবেই হইয়া থাকে। ইহাই জ্ঞানসাধন সাধকদ্বের সম্পাদক তাহাতে পশ্বেরে নির্বান্ত হয় না বলিয়া শিবদের অভিব্যক্তি হইতে পারে না। শিবদ্ধ—সর্বজ্ঞদাদি ষাড্গন্বা—সকল আধারে ফ্টিতে পারে না। যেখানে কলাদি ছয় অধনার শৃন্তিপ্রপূর্বক পাশ্রায়ের ছেদ না হইয়াছে, সেখানে শিবছের অভিবান্তি অসম্ভব। কারণ, প্র্পজ্ঞানের সাধনা ঐ ক্ষেত্রে কি প্রকারে হইবে ? তৃতীয় বা নির্বাণ-দীক্ষার প্রয়োজক অধিক মলপাকনিবন্ধন তীর শক্তিপাত।

যাঁহাদের শক্তিপাত মন্দ—কারণ, অধ্-মল সামান্যতঃ পঞ্জ—তাঁহাদের ভাগ্যে নির্বাণ-দীক্ষাই ঘটে না; স্কৃতরাং তাঁহাদের পক্ষে ত্রুরীয় দীক্ষা ও আচার্যন্ত্র-লাভ অসন্তব। তাঁহারা প্রক-দীক্ষা প্রাণত হন। ইহাই দ্বিতীয় জন্ম, অর্থাৎ প্রেজাতি নিব্তিপ্রেক বাগাদ্বরী-গর্ভে জন্মলাভ। ইহার বিশেষ বিবরণ এখানে দেওয়া অনাবশ্যক। এই দীক্ষার ফলে ভন্ত্যাদি সদ্ব্তির উদয় হয়, কর্মাদি পাশ ক্ষয়োন্ম্য হয় ও মন্ত্র-গ্রহণের যোগ্যতা লাভ হয়। যিনি এই দীক্ষা প্রাণ্ড হন, তাঁহাকে প্রক্রক'বলে। ইহাই দ্বিতীয় দীক্ষা।

ইহার চেয়েও নিশ্নশ্তরের যে দীক্ষা, তাহাতে অধিকার-বিচার নাই — কাল বা আশ্রমের বিচার নাই। যে কোন আত্মা তাহা প্রাণ্ড হইতে পারে। তাহাকে সময়ী দীক্ষা বলে। তবে বহু জন্মাজিত প্রাারল না থাকিলে তাহাও হয় না। তাহার জন্যও অনিবর্চনীয় ভাগ্যোদয় চ.ই। ইহা অনাদি-মলের কিণ্ণিং পাক হইলে মন্দতর শান্তপাতের অন্সরণপ্রেক সম্পন্ন হয়। ইহা শিষ্যের মন্তকে শিবহুতাপ্রার্ক্ । ইহা যে প্রাণ্ড হয় তাহাকে 'সময়ী' বলে। এই দীক্ষার ফলে ভগবানে ভক্তি জন্মে ও প্রান্তন কর্মাসকলের পরিপাক দ্বততর হইতে থাকে। এই দীক্ষা পাইয়া গ্রহ্শাশ্রমা ও সাধারণ দেবতাদির অর্চনায় অধিকার জন্ম।

আমরা এখানে যে আলোচনা করিলাম, তাহা হইতে ব্ঝা যাইবে—মন্যুযোনিতে আচার্যপদ লাভ করা কত কঠিন ব্যাপার। প্রেকদীক্ষাতে বাগীশ্বরী-গর্ভসশভ্তে যে দেহ লাভ হয়, তাহার পরেও দেহ আছে—তাহা বৈন্দব দেহ। তাহাই আচার্যদেহ। নির্বাণভ্তিম ভেদ না করিলে বৈন্দব দেহ লাভ হয় না। বৈন্দব দেহেরও নিবৃত্তি হয় অধিকারাদি সম্পত্তির সংগ্য সংগ্য। তখন বিন্দ্রক্ষোভ আর থাকে না—শম্প অধনাও অতিকাশত হয়। তখন শিবত্ত লাভ হয়—ঐ অবস্থায় শান্ত দেহ লাভ হয়। ইহা নিরাকার অবস্থা। শান্ত চিদ্র্পা, শিবও চিদ্র্পে—উভয়ই অভিন্ন। ইহা পরাম্বিন্তর অবস্থা। এই অবস্থাতে প্রের্থ তাকে না। তাই ইহা স্বাতন্ত্য।

এই অবম্থায় পরমেশ্বরের সংগে অভেদ হয়—অথবা নামমাত্র কিণ্ডিং ভেদ থাকে, তাহা প্রথান-ভেদে পৃথিগ্ভাবে আলোচা। এখানে তাহা অপ্রাসণিক।

মন্ত্র বা দেবতা-রহস্থ

গ্রত্তেরে সংগ্র ঘনিষ্ঠভাবে সম্বন্ধ মন্ত বা দেবতাতত্ত্ব। এখন তাহার সামান্য আলোচনা করা যাইতেছে। মন্ত্রের স্বর্প কি, মন্যাের আধ্যাত্মিক উর্নাতিতে ইহার স্থান কোথার, মন্ত-সাধনের তাৎপর্য কি—এই সকল প্রদ্র সাধারণতঃ তত্ত্বিজ্ঞাস্য সাধকের জ্বন্যে উদিত হইরা থাকে। ইহার সংগ্র আন্যাবিশ্যক অন্যান্য প্রদেশত যে উদিত না হয়—এমন নহে। এ বিষয়ের প্রকৃত সমাধান জানিতে হইলে মন্ত-রহস্য অবগত হওয়া আবশ্যক।

পরমেশ্বর স্বান্টির আদিতে নিজের বহিরণ্গা শক্তি মহামায়া বা বিন্দুরে উপর দুন্টিক্ষেপ করিয়া থাকেন। এই দুন্টিক্ষেপই চৈতন্যশক্তির সন্ধার। দুন্টিপাতের প্রেমিহতে পর্যন্ত মহামায়া সংগ্র অবন্ধায় বিদামান থাকেন। বিশৃক্ত জড়শান্তর নাম মহামায়া। যে সকল অণুর্পী জীব প্রেক্টেপর সাধনা, বৈরাগ্য, সম্যাস, বিবেকজ্ঞান প্রভাতির ফলে অশান্ধ জড়ণন্তির্পো মায়াকে অভিক্রম করিতে সমর্থ হইয়াছে, পরমেশ্বরের নিজ শ্বর্পে উপনীত হইতে পারে নাই, তাহারা মহামায়ার গর্ভে বিদামান থাকে। এই সকল জীবের অবস্থা সামা তিবং তাহাতে সন্দেহ নাই। মায়া হইতে মান্ত হওয়ার ফলে এই সকল জ্বীবের যেমন অশুখে মায়িক দেহ অর্থাৎ প্যাল, স্ক্রো ও কারণ দেহ থাকে না, তেমনি কোন উচ্চতর বিশর্থ দেহও থাকে না । ইহারা মায়ার উধের্ব, মহামায়ার গর্ভে লীন থাকে। মায়াগভে অবস্থান যে প্রকার, মহামায়ার গভে অবস্থানও অনেকটা সেই প্রকার—উভয়ের মধ্যে শহুধু আবরণগত পার্থক্য আছে। অপ্রাকৃত দিব্য-অবন্থা বা ভাগবত অবন্থা অত্যন্ত দুর্ল'ভ। চৈতন্যের বিকাশ ব্যতীত তাহার আবিভাব ঘটে না। উহাই পশ্বশ্বের অতীত অবস্থা। মায়ার নিদ্রা এবং মহামারার নিদ্রা, উভর প্রকোই পশ্বভাব বিদামান রহিয়াছে। পশ্বৰ থাকা পর্যশত প্রকৃত জাগরণ কোথায় ?

মহামায়ার বিশ্রাশ্তিকালে তদ্গভানিহিত জীবসকল স্মৃত্ত থাকে। উহাদের জীবদ্ব পাশ্বদালক। চৈতনাের উদ্মেষ না হওয়া পর্যশত উহা তিরাহিত হয় না। ঐ সকল বিদেহকৈবলাপ্রাশ্ত জীবের পক্ষে ভগবন্তা লাভের দ্ইটি অশ্তরায় আছে। একটি আত্মার ম্বর্পেগত অণ্দ্র বা পাশ্ব; ইহা অভিম্প্রান-ক্রিয়াত্মক চৈতনাের ম্বর্পের আচ্ছাদন। আর একটি মহামায়ার সম্বন্ধ। এই দ্ইটি আবরণ নিব্তু হইলে শ্বাধ্ব ভগবন্তার অভিবাত্তির পথ খ্লিয়া বায়।

যথন স্থির আদিতে মহামায়াতে তৈতনাশান্তর আধান হয়, তখন ঐ শান্তর রিয়াবশতঃ মহামায়া ক্ষ্য হইয়া কার্যোক্ষ্ম্য হয় এবং তাহাতে স্কৃতবং নিহিত অণ্রংপী জীবসকলও জাগিয়া উঠে। নিদ্রাকালে ঐ সকল জীব বিদেহ অবস্থায় মহামায়াতে লীন থাকে, কিল্ড্র মহামায়া ক্ষ্য হওয়ামায়ই উহাদের নিদ্রাভণ্গ হয়। দেহসম্পর্ম ব্যতিরেকে কোন অণ্র কখনও জাগিতে পারে না। তাই মহামায়ার ক্ষোভের ফলে ক্ষ্য মহামায়া হই.ত ঐ সকল অণ্র প্রয়োজনান্রংপ দেহ প্রভৃতি উৎপন্ন ও বিকশিত হয়। স্তরাং যখন তাহারা জাগিয়া উঠে, তখন আর তাহারা কেহই বিদেহ থাকে না—তাহারা মহামায়াজাত দেহ লইয়াই প্রকাশিত হয়।

মহামায়াতে চৈতন্যশক্তির আবেশ এবং ঐ সকল অণ্নতে চৈতন্যশক্তির সঞ্জর একই কথা, কারণ অণ্নসকল স্কৃত অবস্থায় মহামায়ার সহিত অভিন্ন হইরাই বিদ্যমান থাকে।

মহামায়ার গভে অসংখ্য অণ্য বিদামান রহিয়াছে। মহাপ্রলয়ের অবস্থায় ইহারা সকলেই সমভাবে লীন থাকিলেও চৈতন্যশক্তির সম্পাতে সকলে সমভাবে প্রবৃষ্ধ হয় না এবং হইতেও পারে না। কোন কোন অণ্রেই জাগরণ হইয়া থাকে—সকলের নহে। যদিও সকল অণ্ট্র মলবিশিণ্ট এবং চৈতন্য বা ভগবদ্ন-গ্রহের আবশ্যকতা যদিও সকলেরই সমভাবে আছে তথাপি মলের পরিপক্তো সকলের সমান নহে। যাহার মল যত বেশি পরিপক্ক তাহার মল তত বেশি পরিমাণে চৈতন্যশক্তির দিকে উন্মুখ হয়। মল অনাদি কাল হইতে আত্মাকে অণু রূপে পরিণত করিয়াছে। অণু ত্বই পশু ত্ব—ইহা অ।তার ব্বভাব-সিশ্ব ধর্ম নহে। আত্মার স্বাভাবিক ধর্ম শিবস্থ বা প্রেণ্টেতন্য। ইহা জ্ঞানশান্ত ও ক্রিয়াশন্তির অভিন্ন ও অপরিচ্ছিন প্ররূপ। মল অনাদি হইলেও আগত্রক। ইহা বারা ঐ ব্রর্প আচ্ছর থাকে। তখন শিবর্পী অাত্মা জীব বা পশ্বরূপে পরিণত হয়। এই মল কালদান্তি খ্বারা নিরল্তর পরিপক্ব ২ইতেছে। স্বান্টকালে পরিপাকের অন্য উপায়ও যে না আছে তাহা নহে, তবে প্রলয়কালে ঐ উপায় কার্য করে না। পরিপক্তার এমন একটি মান্তা আছে যাহা প্রাণ্ড হইলে ঐ সকল অণ্য আপনা হইতেই চৈতন্যশান্তর অভিমাথে উন্মাথ হয়। আকাশম্থ সুযের কিরণ সমনুদের উপরে এবং কতকটা তলদেশ পর্য⁻ত পতিত হয়, কিল্ডু যে সকল জীব ঐ কিরণের সীমারেখা পর্যন্ত উপাঞ্চত হইতে না পারে, তাহারা আপাততঃ ঐ কিরণের ক্রিয়া হইতে মুক্ত থাকে। পক্ষাত্তরে যাহারা ঐ কিরণের স্পর্শ প্রাণ্ড হয়, তাহারা উহার প্রভাবে জাগিয়া উঠে এবং আপন মলপাকের মান্তানরের প বিশব্ধে দেহ লাভ করিয়া শব্ধ জগতে সণ্ডরণ করিতে থাকে । স্তরাং অপেক্ষাকৃত অপক্ষাল জীবসকলের স্মৃত্তি ভণ্য হয় না । সাধারণতঃ কম্পাশ্তরে তাহাও হইবার সম্ভাবনা থাকে ।

বলা বাহলো, এইম্পলে আমরা প্রমেশ্বরের স্বাতন্তাশক্তির খেলার দিক্টার উল্লেখ করিলাম না। স্বাতস্কাশক্তির দিক হইতে বিচার করিলে মলের পরি-পক্তার উপরে চৈতনাশন্তির সন্ধার নির্ভার করে. একথা সর্বায় সম্পূর্ণারূপে সত্য বলিয়া গ্রহণ করা চলে না। এই স্থালে সাধারণ নীতির দিক্ই অনুসরণ क्ता २रेग़ाष्ट्र । य मकल জीय्तर आत्माकम्भर्ग रस र्वालग्ना वमा २रेन, जारास সকলেই পরোতন জীব। তাহারা সংসারে পতিত হইয়াছিল এবং প্রত্যাবর্তন মাথে মায়া পর্যশত তক্তভেদ করিয়া দেহ হইতে বিমাক্ত হইয়া মহামায়ার মধ্যে 'কেবলী' রূপে বিলীন হইরা রহিয়াছে। ইহাদের মায়ারাজ্য ভেদ হইরা থাকিলেও সম্পূর্ণরপ্রে বাসনাম্বন্ধি হয় নাই, কারণ মায়াতীত বাসনা এখনও রহিয়াছে। মায়িক বাসনা ক্ষীণ করিবার জন্য মায়িক দেহ গ্রহণ করিয়া মায়িক জগতে কর্ম করিতে হয়। দেহ-গ্রহণ না করিলে বাসনা ক্ষয় হয় না। মায়াতীত বাসনা ক্ষয় করিতে হইলে তদন্তরপে দেহ গ্রহণ করিয়া তাদৃশ কর্ম সম্পাদন আবশ্যক। মায়িক বাসনা মলিন, কিন্তু মায়াতীত বাসনা বিশৃস্থ। কত্ বি-অভিমানবশতঃ মায়িক জগতে কর্ম হয় এবং ভোন্ত বিভানবশতঃ মায়িক জগতে ভোগ হয়। কর্মান ন্টান ও কর্মফলভোগকেই মিলিতভাবে সংসার বলে। কিম্তু মায়াতীত বাসনার স্থলে কমের ম্লেও অহংকার নাই এবং ভোগের মলেও অহংকার নাই। এইজন্য উহাকে প্রকৃত সংসার বলা চলে না। সংসার বনিলে উহাকে শুন্ধ সংসার বলা যাইতে পারে। এই মায়াতীত কর্ম'ই 'অধিকার' এবং মায়াতীত ভোগই প্রকৃত ভোগ বা 'সম্ভোগ'। এই অধিকার ও ভোগের অতীত অবম্পা 'লয'।

এখন প্রদানঃ এই মায়াতীত বাসনা বিদেহ অগ্নতে কি প্রকারে চরিতার্থ হইতে পারে? ইহার উত্তর এই যে, মায়াতীত বাসনা মায়াতীত দেহ শ্বারাই ত্তিকাভ করিয়া থাকে। মায়িক বাসনার ত্তিক মায়িক উপাদান হইতে হয়, কিশ্ত, মায়াতীত বাসনার ত্তিক মায়িক উপাদান হইতে কি প্রকারে হইবে? এইজনা যে মায়াতীত উপাদান আবশাক হয়, তাহার নাম মহামায়া। যখন চৈতন্যশক্তি মহামায়াকে শর্পশ করে তখন প্রেবর্গতি পক্ষমল জ্বীবসকল জাগিয়া উঠে এবং ক্ষুম্থ মহামায়া হইতে রচিত দেহ অধিষ্ঠান করিয়া আপন-আপন কার্যপাধনে প্রবৃত্ত হয়। মহামায়ার নামাশ্তর ক্মুন্তালনী শক্তি। প্রেরিজ পক্ষমল সকল জ্বীবের দেহাদি ক্মুন্তালনী শক্তি হইতে রচিত। ঐ সকল জ্বীব তখন আরে জ্বীবপদবাচ্য নহে। তাহারা জ্বীব হইয়াও ঐশ্বরিক শক্তিশক।

পরমেশ্বরের কর্বাদ্ভির্প চৈতন্যশক্তির সভারের কথা পর্বে বলা হইয়াছে। ইহা ক্ষত তঃ চিৎশক্তিরই ক্রিয়াশক্তি-রপে উন্মেষ। চিৎশক্তির সক্রিয় ও নিষ্কিয় দুইটি অবস্থা আছে। বশ্তত্তঃ অবস্থা দুইটি না হইলেও কার্য'গত ভেদের জন্য ক্রিমভাবে দুইটি বলা হয়। নিজিয় অবস্থাতে ক্রিয়ার অভাববশতঃ শক্তির সন্তার হয় না, সত্তরাং এই শক্তিসন্তার বৃষ্ঠত্বতঃ চিংশন্তির ব্যাপার। ইহারই নামাশ্তর দীক্ষা। পরমেশ্বর শ্বয়ং ক্রিয়াশক্তির প্রবর্ত কর্পে ঠৈতনাদাতা গরে,। পরেন্তি পরিপক্র-মল জীব স্থান্টির আদিতে ঐ দীক্ষা প্রাণত হইয়া মহামায়া হই ত উভ্ভতে বিশক্ষা দেহ লাভ করিলে পরমেশ্বরের আদি শিষ্যরপে শুম্মজগৎ বা মহামায়িক জগতে শ্রিত লাভ করে। আমরা যে মায়িক জগতের সহিত পরিচিত তাহার সুন্টি স্থিতি প্রভূতি যাবতীয় ব্যাপারের চরম ভার ইহাদের উপর নাশ্ত হয়। ইহারা জীব হইয়াও ঈশ্বরকল্প. কিশ্ত, নিত্যসিশ্ব পরমেশ্বর হইতে ন্যান। কারণ ইহাদের শুন্ধ বাসনা আছে, পর্মেশ্বরের বাসনা নাই। সমণ্টিভাবে সমগ্র জগতের কল্যাণ কামনা—ইহাই শু-খবাসনার থবর্প। আপাততঃ মনে হইতে পারে, বিশু-খ বাসনার অতীত হইতে পারিলেই বিশাস্থ ভাবসভাব প্রাণিত হইয়া থাকে, কিম্তা বস্তাতঃ তাহা नरह । खेरि विभान्ध केवना अवस्था, ज्यवनवस्था नरह ।

স্ভির প্রথমে প্রমেশ্বরের চৈতনাময়ী শক্তি প্রাণ্ড হইয়া যে সকল জীব বিশক্ত্র্ম দেহ লাভ করে তাহারা সকলেই সমভাবাপন্ন নহে। তাহাদের মধ্যেও অবাশ্তর ভেদ আছে। এক হিসাবে সকলকেই এক শ্তরের বলা অবশাই চলে ; কারণ সকলের মধ্যেই চিৎশক্তির উন্মেষ রহিয়াছে। সকলেই শুন্ধ বিদ্যা প্রাণ্ড হইয়া শুশু রাজ্যের অধিবাসী হইয়াছেন এবং ন্যুনাধিক ভাবে হই লেও সকলের মধোই ক্রিয়াশক্তি জাগ্রণ হইয়াছে। কিন্ত, ক্রিয়াশক্তির বিকাশে তারতম। আছে বিলয়া ইহাদের মধ্যে তারতমা লক্ষিত হইয়া থাকে। বাশ্তবিকপক্ষে শত্র্য-জগতের চেতনবর্গের মধ্যে যে বৈষম্য লক্ষিত হয়, তাহার মলে ক্রিয়াশন্তির অভিব্যক্তির তারতম্য। এই তারতম্য কেন হয়, তাহা অন্-সন্ধান করিলে জানিতে পারা যায় যে, অণ্মকলের মল সমানরপে পরিপক্ত থাকে না বলিয়াই, ভগবংশক্তি অর্থাৎ প্রমেশ্বরের ক্রিয়াশক্তি সকলে সমানরপে ধারণ করিতে পারে ना। मल रा भीतमार्ग भक्त ना श्टेरल हिल्मिन अभा मरा कतिराज भारत ना, তাহা শুন্ধ রাজ্যের সকলেরই আয়ন্ত বা অধিগত হইয়াছে, ইহা সতা ; কিল্ডু এই পরিপক্তার তারতম্য আছে। তদন,সারে যেখানে পরিপক্তা অধিক সেখানে ক্রিয়াণাল্লর আবেশ অধিক মান্তায় হয়। মল পরিপক্ত না হইলে ক্রিয়াণাল্ড ধারণ করা যায় না। এইজনা অপক্ষেল অবস্থায়, ক্রিয়াশন্তির সণ্ডর মোটেই रत्र ना । **छाट्टे भवा**भाक ना **ट्टेला ही गृत**्र कथनटे **छ**ीवरक जन, श्रट करतन ना ।

বর্তমান সময়ে যাঁহারা আধ্যাত্মতন্ত্বের অনুশালন করেন তাঁহাদের মধ্যেও সকলের দাক্ষা ও গরেত্ত্ব সম্বন্ধে গপন্ট ধারণা আছে বাঁলয়া মনে হয় না। কাহারও মতে দাক্ষা ও গরের কোনই প্রয়েজন নাই। কিল্তর্ কেহ কেহ মনে করেন সাধনরাজ্যে দাক্ষার ও পথপ্রদর্শকর,পা গরের প্রায়েজন অবশ্য আছে। দাক্ষা ও গরেত্ব সম্বন্ধে গপন্ট ধারণা থাকিলে এইরপে ভিন্ন ভিন্ন মতের সমন্বয়ের প্রণালী জানা যাইতে পারে। যাঁহারা দাক্ষার আবশ্যকতা স্বাকার করেন না তাঁহারা অবশ্য বাহ্য অনুষ্ঠানাত্মক দাক্ষাকে লক্ষ্য করিয়াই নিজমত প্রকাশ করিয়া থাকেন। তাঁহারা জানেন না যে ইন্দ্রিয়গোচর বাহ্যব্যাপার ব্যতাতিও দাক্ষাকার্য নিন্পন্ন হইতে পারে। অবশ্য কোন কোন অবস্থায় স্থলে প্রাক্তর্যাও অপরিহার্য হইয়া পড়ে, ইহা স্বাকার্য।

এইপ্রকারে "গ্রের্" শন্দের বাশ্তবিক তাৎপর্য শপশুভাবে জানা না থাকাতে গ্রের্ বিষয়েও ভিন্ন ভিন্ন প্রকার বিকলেপর উদার হইয়া থাকে। অধিকার অনুসারে বাহাগ্রের আবশ্যকতা হয়। কিশ্ত্র কোন কোন ক্ষেত্রে বাহাগ্রের আশ্রম না নিয়াও ইন্টাসিম্ম হইতে পারে। বাহাগ্রের শন্দে ব্রিকতে হইবে মানবগ্রের, সম্পগ্রের অথবা দিবাগ্রের—এই তিনপ্রকার গ্রের্পংক্তির অশ্তর্গত কোন মহাপ্রের্ম। সাধনার লোকিক প্রণালীতে সাধারণতঃ মন্ম্যকেই বাহাগ্রের্র্বেপ গ্রহণ করা হইয়া থাকে। কেহ কেহ মনে করেন, ভগবানের সংগ্রে জীবের বিশ্বাস ও ভক্তিম্লক সংক্ষাং সম্পন্ধ রহিয়াছে—এই বিষয়ে কেহ মধ্যম্থ হইতে পারে না। জগবান, সর্ব্ব্যাপক, সর্বস্তর, সর্বশিন্তিসশ্সম এবং দয়াল্র্ । তাহার সংগ্রে সাক্ষাংর্পে যান্ত হইবার কোন প্রতিবন্ধক থাকিতে পারে না। সরল স্থান্ত আবাহন করিতে পারিলে জীব অবশাই তাহাকে প্রাণ্ড হইতে পারে, সম্ভতঃ প্রাণ্ডির ম্পিরমার্গে পদস্থাপন করিতে পারে। এইপ্রকার অনেক বিকলপ বিদামান রহিয়াছে। এক একটি করিয়া ইহাদের সমাধান করিতে চেন্ট না করিয়া দীক্ষা ও গ্রের্ডন্থ সম্বন্ধে প্রচীন আচার্যগণের সিম্থানত সংক্ষেপে আলোচনা

করাই উচিত মনে হইতেছে। ইহা হইতেই এই নিগঢ়ে বিষয়ের রহস্য উম্মোচনে সাহায্য হইবে।

नीकात न्यत्रभ

দীক্ষা বহত্তিঃ আত্মসংশ্কারেরই নামান্তর। আণব, মায়ীয় ও কার্মানল অথবা পাশ ন্বারা সংসারী আত্মা আচ্ছম থাকে। ইহাদের প্রভাববশতঃ তাহার শ্বভাবিদাধ প্রেণ্ড প্রফর্টিত হইতে পারে না। বাহ্তবিক পক্ষে আত্মা প্রেণ্ড দিকেকর্প হইলেও আণবমলের আবরণবশতঃ শ্বর্পগত সংকোচনিবন্ধন নিজেকে অপ্রেণ মনে করে। নিজে অপরিচ্ছিম হইয়াও নিজেকে সর্বপ্রকারে পরিচ্ছিমবং অন্ভব করে। 'এই পরিচ্ছমতা অথবা আণবভাব প্রাণ্ড হওয়ার পর উহাতে শ্ভাশ্ভ বাসনার উদ্ভব হইয়া থাকে। এই সকল কারণের বিপাকে জন্ম (দেহসন্ধর্ম), আয়য়ৄঃ (দেহের হ্রিত্তাকাল) ও ভোগ (সম্থ-দ্রংখের অনমুভব) আনবার্য হয়। ইহারই নাম কার্মানল। ইহা কর্মা হইতে উৎপত্ম কন্মকর্ম আবরণ। কলা, বিদ্যা, রাগ, কাল ও নিয়তি এবং ইহাদের সমণ্টিভ্তে মায়া। প্র্যণ্ডক ও প্রক্রেভ্তময় বিভিন্ন জাতীয় কারণ, সক্ষম ও প্র্লেদেহ, এইসকল দেহের আগ্রয়ভ্তে বিচিত্ত ভ্রবন ও নানাপ্রকার ভোগ্যপদার্থের অনম্ভবের কারণ মায়ীয় মল রুপে প্রসিম্ধ। বন্ধ অন্মাতে এই তিন প্রকার আবরণ সর্বণাই থাকে। দীক্ষার ন্বারা মলিন আত্মার সংক্রার হইয়া থাকে। মলনিবৃত্তি তো হয়ই, নিবৃত্তির সংক্রার পর্যন্ত শাশত হইয়া যায়।

"দীয়তে জ্ঞানসদ্ভাবঃ, ক্ষীয়তে পশ্বাসনা।
দানক্ষপণসংঘ্রা দীক্ষা তেনেহ কীন্তিতা॥"
অর্থাৎ যাহার ন্বারা জ্ঞান প্রদন্ত হয় এবং পশ্বাসনার ক্ষয় হয় এই প্রকার দান ও

- ১ ইহারই পারিভাষিক নাম "অভিলাষ"। ইহাকে দ্রথবশতঃ অনেকে রাগতত্ত্ব মনে করিতে পারেন। কিন্তবু বাদতবিকপক্ষে ইহা রাগ নহে। রাগ বলিতে বোঝার বিষয়াসন্তি, যাহা "আমি কিছু চাই" এইর প ভাষার দ্বারা অভিবান্ত হয়। এই রাগসন্বন্ধবশতঃই প্রত্যুষ্ম ভোজার্পে পরিণত হয়। কিন্তবু অভিলাষ বলিতে এইর প কোন ভাব ব্যায় না। ইহা শানুষ্ম অপুর্ণতার বোধমাত্ত এবং ইহাই অন্যান্য মলের ভিত্তিস্বর প।
- ২ স্বর্পে শ্রীর, ভ্বন, ভাব ও ভ্তে যাহা কিছু প্রতিভাত হর সবই মায়ীর মলের অন্তর্গত। নিজের স্বর্প হইতে ভিলর্পে কোন প্রথবিধি ভানকে মায়ার র্প বলিয়। জানিতে হইবে। কলা হইতে পঞ্চমহাজ্ত পর্যক্ত যাবতীর তত্ত্বই দেহস্থিত মায়ীর পাশর্প জানিতে হইবে। এই পাশ শ্রীর, ইন্দির, ভ্বন, ভাব প্রভৃতিকে ভোগসংপাদনের জন্য আকার প্রদান করে। ককা হইতে প্রিবী প্রকৃতই সংসার।

ক্ষপণযুদ্ধ ক্রিয়ার নাম দীক্ষা। ইহাই দীক্ষার স্বর্পে। শক্তিপাতের তীব্রতাদি ভেদ এবং শিষোর অধিকার বৈচিন্তান্সারে দীক্ষা নানাপ্রকার হইয়া থাকে। শক্তিপাতের স্বর্পে, লক্ষণ, প্রকারভেদ এবং চিহ্ন প্রভৃতির বিবরণ শক্তিপাত-রহস্য প্রসণ্গে পর্বে আলোচিত হইয়াছে। পাশের প্রশমন এবং শিবদ্ধের অভিব্যক্তির যোগ্যতা দীক্ষা হইতে উৎপন্ন হয়। ভক্তিত বীক্ষ যেমন অংক্রিত হয় না সেইপ্রকার মন্ত্রের অচিন্ত্যগিত্তির প্রভাবে প্রভাবিত পাশ-সকলেরও প্রনরায় প্ররোহ হইবার সম্ভাবনা থাকে না।

জাবৈর মোক্ষদাতা ঈশ্বর। পাশের বিচ্ছেদ এবং সর্ববিষয়ক জ্ঞান-ক্রিয়ার উদ্ভব অর্থাৎ সর্বজ্ঞন্থ ও কত্'ছের স্ফ্রন, ইহাই মোক্ষের স্বর্প। পরমেশ্বর নিজের ক্রিয়াশান্তরপ দাক্ষার ন্বারা পশ্ব-আত্মাকে মৃত্ত করিয়া থাকেন। কোন একটি অথবা দুইটি পাশের বিচেছদকে মোক্ষ বলে না। মোক্ষ অবস্থাতে অজ্ঞতা, অকত্'ত্ব প্রভাতি আত্মাতে থাকিতে পারে না। ঈশ্বরের প্রেরণা ব্যতীত পশ্ব-আত্মা স্বরং কিছ্ই করিতে পারে না। সেইজন্য তাহার নিজের ক্রিয়া, জ্ঞান প্রভাতি উপায় শ্বারা মোক্ষলাভ সম্ভব নহে। প্রকৃতি প্রভাতি পাশেরই অন্তর্গত। এই সকল পদার্থ হইতেও মোক্ষের উদয় হইতে পারে বলিয়া শ্বীকার করা চলে না। একমাত্র পর্যোশ্বরই জীবকে ম্বিন্ডদান করিতে পারেন। কেননা আর কাহারও পূর্ণে প্রাতন্ত্যা নাই।

আরও একটি কথা আছে ঃ সিম্পান্তে মে। ক্ষ মোচনীয় জীবের অবম্থাবিশেষের নাম। ইহা মোচনকারী বস্তার অবস্থাবিশেষ নহে। কারণ, এই মতে মোচনকারী বস্তার একমার পরমেশ্বর। পরমেশ্বর নিতামান্তর বলিয়া কোন সময়েই তাঁহাতে কোন বিশেষ ধর্মের আধান হইতে পারে না। কোন কোন আচার্য মনে করেন যে অজ্ঞান রূপে মলে আচ্ছন্ন প্রের্যই ভ্রমবশতঃ সংসারে ভ্রমণ করিতেছে এবং সে স্বয়ংই উহার বিরুম্থ-ভাবনার অভ্যাসের বলে বিবেক ও জ্ঞান প্রাণ্ড হইলে পর অজ্ঞানিব্ভির্যশতঃ সর্বজ্ঞত্ব প্রভাতে স্বর্ষের। কিল্ডর অধিকাশে আচার্য এই মতে মোক্ষের কর্তাত্ব প্রের্যের। কিল্ডর অধিকাশে আচার্য এই মত সমর্থন করেন না। তাঁহারা বলেন যে ধর্মাধর্মের কর্তাত্ব প্রের্যের আছে ইহা খ্রবই সতা, কারণ কলা প্রভাতির আরা কিঞ্চিৎ পরিমাণে আত্মার মল অপসার্যিত হইলে উহার সম্পশ্বশতঃ প্রের্থের জ্ঞানিক্রয় বংকিঞ্চিৎ বিকসিত হইয়া থাকে। কিল্ডব এই বিকাস কথনই এত অধিক পরিমাণে ইতে পারে না যে উহার শ্বারা সর্বজ্ঞ্ব প্রভৃতি ঐশ্বারিক গাণের গ্রুব্ব হততে পারে । অভএব কলা প্রভৃতি শ্বারা পর্ণমন-নিব্তির অসম্ভব বলিয়া প্রের্যের কর্ত্বিদির ধর্ম অবিচিছন্নই থাকিয়া যায়।

কোন কোন আচার্য পাশের নিবর্তনম্বভাব স্বীকার করেন। তাঁহারা

वरनन स्त्र भागमकन निष्ठ न्यकावकगण्यके निवृत्त इदेशा यात्र । किन्कः देशा क्रिक मत्न दश्र ना, काक्ष क्षीव अथवा भागित्र निक श्हेर्ड श्रवृद्धि अथवा निवृद्धित कान ক্ষমতা নাই। ঈশ্বরের প্রেরণা সর্বাচই আবশ্যক। এইজন্য মোক্ষের কর্তাছ ঈশ্বরেই শ্বীকার করা উচিত। ইহা অবশাই সত্য যে সংসারদশাতে কার্য এবং কারণর পী পাশসমূহ নানাপ্রকারে আত্মাতে জ্ঞান ও ফ্লিয়ার অভিব্যক্তি করে, কিন্দ্র মধ্যে সপে ইহাও সতা যে মোক্ষ বিষয়ে পাশের স্বরংকত্তি থাকিতে পারে না। মোক্ষ অপরিচ্ছিম জ্ঞান ও ক্রিয়ার অভিব্যক্তি। যে ব্যঞ্জকে যে প্রকার বাঞ্চনার্শান্ত প্রতীত হয় উহাকে অন্যত্র অজ্ঞাত বিষয়েও ঐ প্রকার বাঞ্চনা-শক্তিযুক্ত বলিয়াই স্বীকার করা উচিত। সতেরাং কার্য ও করণর পে প্রতীয়মান অচেতন পাশে ঈশ্বরের প্রেরণা এবং দ্বতঃসিন্ধ ব্যঞ্জনার্শান্ত বর্তমান থাকিলেও দেহাদিতে আত্মবোধ থাকার দর্শ উহা যেপ্রকার জ্ঞান ও ক্রিয়ার অভিব্যক্তি করিবে তাহা নিজের আবরণাত্মক আকারের সহিত সম্বন্ধ, স্ত্রী প্রভূতি বিষয়ে অনুবাগযুক্ত, কোন সময়ে, কোন স্থলে এবং কোন বিষয়ে রাগদেবয়াদি বিরুখ ভাবের খারা খ্রন্দরেয়্ত্র এবং শরীরাদি নাশের সংগে সন্গে নাশশীল। পূর্ণ জ্ঞানজিয়ার নাম মোক । এইজন্য পাশের খ্বারা উহা অভিব্যন্ত হইতে পারে না। দীপ ঘরকে প্রকাশিত করে, তাই বলিয়া উহা ব্রহ্মন্ডকেও প্রকাশিত করিবে ইহা वना हरन ना। जिन्धभू तुरुषत खानिक सामी भारत्याच्या मीखत नाम भाम সকলকে নন্ট করে। পশ্রদের মত উহা পাশের খ্বারা অভিব্যক্ত হয় না এবং শরীরাদিতে আত্মবোধ ও অনুরাগাদি যুক্তও নহে।

শৈৰত আগম মত

শ্বৈতমতে আণবমল অজ্ঞান নহে। কিশ্ত্য অজ্ঞানের হেত্যুত্ত দ্রবাবিশেষ।
ইহাই আত্মার অনাদি আবরণের কারণ। যেমন চক্ষ্তে জাল (ছানি) উৎপন্ন
হয়, আণবমলও সেই প্রকার। ইহা দ্রব্য বলিয়া জ্ঞান স্বারা নন্ট হইতে পারে না,
কারণ জ্ঞান ইহার বিরোধী নহে। ইহা দীক্ষার্প ক্রিয়া স্বারাই নিব্ত হইয়া
থাকে। মলের নিব্তি হইলে তাহার কার্য অজ্ঞানেরও নিব্তি হয়। এই মতে
অক্সান দুইপ্রকারঃ—

- (ক) প্রথম অজ্ঞান বৃদ্ধিগত অবিবেক। প্রের্ব সাদ্শোর অনুভব থাকিলেই এইপ্রকার অজ্ঞান উৎপন্ন হইতে পারে, না থাকিলে নহে—রক্ষ্ত্ত সপ্র্যাইহার উদাহরণ। এইপ্রকার অজ্ঞান বিবেক্জ্ঞানের খ্বারা নিবৃত্ত হইয়া থাকে। "ইহা সপ্র নহে, কিশ্তু ইহা রক্ষ্ত্র" এইপ্রকার জ্ঞানই বিবেক্জ্ঞানের খ্বর্প।
 - (খ) দ্বিতীয় অজ্ঞান বিকল্পজ্ঞান। এই প্রকার অজ্ঞান কাচ, কামল প্রভূতি

ন্তব্যের সম্পূর্য হইতে উৎপার হয়। দ্বিচন্দ্রজ্ঞান, পীতশংশ্বজ্ঞান প্রভৃতি ইহার উদাহরণ। ইহার নিবৃত্তি জ্ঞান হইতে হয় না, কারণ স্বর্পেদ্রবোর নিবৃত্তি না হওয়া পর্যস্ত এই জাতীয় অজ্ঞানের নিবৃত্তি হয় না।

শৈষত আগমের মতে আত্মার অজ্ঞান বিকল্পাত্মক, ইহা দ্রব্যবিশেষ হইতে উৎপদ্ম হয়। ইহা বৃদ্ধিগত অবিবেকমান্ত নহে। এই দ্রব্যের ন.ম মল। ইহার বিশেষ বিবরণ আগমশান্তে বিভিন্ন ম্থানে দেখিতে পাওয়া যায়। শৈবত আগমের সিম্পান্ত এই যে, ঈম্বর দাল্লা ব্যাপার ম্বারা এই মলর্প আবরণকে নিবৃত্ত করিয়া থাকেন। এইজন্য মোক্ষের কর্তা আত্মা নহেন, ঈম্বর। "দাক্ষিব মোচয়ত্যধর্বং শৈবংধাম নয়ত্যপি" অর্থাৎ দাল্লাই মৃত্ত করে এবং উপর্রাদকে অর্থাৎ শিবধামের দিকে সঞ্চলন করে।

জ্ঞান ও ক্রিয়া মলেতঃ অভিন্ন । বাশ্তবিক পক্ষে ভগবানের শক্তি এক ও অর্থান্ডিত। ইহা অভিন্ন জ্ঞানিক্রয়াত্মক, অর্থাৎ একই সংগ্র জ্ঞানিক্রয়া উভয়ই এবং উভয়ে কোন ভেদ নাই। যদি জ্ঞান হইতে ক্রিয়া ভিন্ন হইতে, তাহা হইলে যেমন দশ্বরের সহিত মায়ার সমবায় সম্বন্ধ স্বীকার করা হয় না ঠিক সেই প্রক র ইহার সহিত্তও সম্বন্ধ স্বীকার করা সমভব হইত না। তাহার ফলে দশ্বরেকে ক্রিয়াশক্তির অভাববশতঃ অকর্তা মানিতে হইত। এইপ্রকারে কর্তা না থাকার দর্শ বিশ্বরচনার কোনপ্রকার ন্যায়সংগত উপপাদন হইত না। সত্য কথা এই যে, জ্ঞান ও ক্রিয়ার ভেদ কল্পিত। ক্রিয়াশক্তি প্রযম্পর্পে এক হইলেও, ব্যাপাত্রের ভিন্নতাবশতঃ বামা, জ্যোষ্ঠা এবং রৌদ্রী এই তিনপ্রকার স্বীকার করা হয়। জগতের ম্পিত এবং সংরক্ষণাত্মক ব্যাপার রোধ এবং আবরণম্বর্গে বলিয়া ইহা বামাশক্তির কার্য, সংহার জ্যোষ্ঠাশক্তির কার্য, এবং পাশক্ষয় অথবা অন্প্রহ রৌদ্রীনামক ক্রিয়াশক্তির কার্য।

অন্প্রহের প্রবৃত্তি কি প্রকারে হয় ইহাই মুখ্য প্রখন। সিন্ধান্ত এই যে মল অথবা ৰামাণজির আবরণাত্মক অধিকার যখন সমাণত হয় এবং অন্প্রহের প্রবৃত্তি হয় তখন আত্মাতে একটি অনিবর্তিনীয় ভাবের উদয় হয়—অয়া তখন কৈবল্যাভিম্খী হইয়া পড়ে। এইজন্য স্ক্রে শ্বায়শভ্ব তল্তে আছে—'ক্ষীণে তিম্মিন্ যিয়াসা স্যাৎ পরং নিঃপ্রেয়সং প্রতি।" এই ভাবের উদয় হওয়ার সংগে সংগে পরমেশ্বর পশ্বাত্মার জ্ঞানগত ও ক্লিয়াগত আবরণ ছিয় করিয়া দেন। তিনি সর্বাদাই জগতের উন্ধারকার্যে প্রবণ রহিয়াছেন। তাই আত্মার শ্বভ ইচ্ছার উদয় হওয়ার সংগে সংগেই তাহার ক্পা কার্যকরী হইতে আরশভ হয়। পশ্ব আত্মাতেও বশ্বত্তঃ জ্ঞান ও ক্লিয়া উভয়েই অনশ্ব, কিশ্ব্ অনশত হইলেও উহা মলের শ্বারা আচ্ছম থাকে। মল পরিপ্রকর হইলে ঐ অংচ্ছাদন অপসারিত হয় এবং সংগের সংগের ও ক্লিয়ার অভিব্যক্তি হয়—ইহা অন্বৈত আগম মত।

प्रीकाश्यम

অবৈতবাদী তন্তমতে অজ্ঞান এবং জ্ঞান উভরই পৌর্ষ এবং বেশ্বি ভেদে দ্ইপ্রকার। পৌর্ষজ্ঞানে কোনপ্রকার বিক্লপ থাকে না। ক্রিম অহংকারাদি বিকল্প উহাতে থাকিতে পারে না—উহা প্রেহিশ্তাময় বোধন্বর্প। যতদিন পরমেশ্বরের সংগে প্র্রের্পে তাদাত্মালাভ না হয় ততদিন ইহার অভিব্যক্তি হয় না। এই তাদাত্মালাভের প্রের্ব যাবতীয় বন্ধন নিবৃত্ত হওয়া আবশাক । পৌর্ষ অজ্ঞানর্পী আণবমল এবং কার্ম ও মায়ৣয় মল ক্ষীণ না হওয়া পর্যশত বন্ধন দ্রে হইতে পারে না। দীক্ষার প্রভাবে পৌর্ষ অজ্ঞান অথবা আণবমল নিবৃত্ত হয় বটে, কিশ্বু বর্তমান দেহের আরশ্ভক কার্মানল থাকে বলিয়া পৌর্ষজ্ঞানের উদয় হইতে পারে না। এই মলেরই নামাশ্বর প্রারশ্ব কর্ম। ইহা কাটিয়া গেলে দেহপাত হয়া যায়। সেই সময় পৌর্ষজ্ঞান আত্মসাক্ষাৎকারর্পে উদিত হয়। তথন জ্বীব শিবরপে প্রতিষ্ঠিত হয়।

শক্তিপাতের তীব্রতা অনুসারে দীক্ষাক্রম ভিন্ন ভিন্ন হইয়া থাকে। যখন শক্তিপাত অতাধিক তীব্র হয় তখন যে দীক্ষা হয় তাহা অনুপায় ক্রুমের দীক্ষা। তাহাতে শাশ্তব, শান্ত ও আণব উপায়ের সম্বন্ধ থাকে না। এই অনুপায় দীক্ষার প্রভাবে একই ক্ষণে প্রণ্পুলাভ হইতে পারে ৷ ইহা হইল অতাধিক মাত্রায় শক্তিপাতের ফল। যখন শক্তিপাত অপেক্ষাকৃত কম মাত্রায় ঘাটে, তখন ক্রমশঃ भान्छ्यो नीका. भाक्षी मीका व्यवस्थानयी नीकात मन्छायना थारक। मीका ভিন্ন মাজির অন্য কোন উপায় নাই ইহা অবশাই সত্য, কিল্ডা কেহ যেন মনে না করেন যে সর্বতই বাহ্যক্রিয়া আবশ্যক। আত্মসংখ্কাররপে আশ্তর-দীক্ষার প্রয়োজন সর্বাহই আছে। কিন্ত; বাহা**ভি**য়ার আবশ্যকতা সর্বাহ স্বীকৃত হয় না। অধ্বৈত আগমশাস্ত্র হইতে যে বৌশ্বজ্ঞান উদিত হয় তাহার প্রভাবে বৌষ্ধ অজ্ঞান এবং উহার কার্য নন্ট হইয়া যায়, ইহা হইতে জীবস্ম জির প্রাণ্ড ঘটে। দীক্ষা প্রভাতি খারা বৌশ অজ্ঞানের নিবৃত্তি হইতে পারে না। এইজন্য দীক্ষা হইয়া গেলেও বিকল্পের উদয় হওয়া অসম্ভব নহে। বৌশ্বজ্ঞান উদিত হইলে বিকল্পসকল উন্মালিত হয় এবং সদ্যোম্বান্তি প্রাণ্ডি ঘটে। কিল্ড, যে চিত্তে বিকল্প থাকিয়া যায় উহার মুক্তি দেহ থাকা পর্যন্ত হইতে পারে না। দেহ কাটিয়া গেলে উহার শিবস্থপ্রাণ্ড ঘটে। বিকল্পশন্যে চিত্তের যে সদ্যোমনুত্তি ভাহাকে জ্বীবন্মনুত্তি বলে। বিকল্প নিবৃত্ত হওয়ার পর দেহ থাকিলেও মুন্তিতে কোন বাধা থাকে না। এইজনা দীক্ষাপ্রাণিত হইতে আরল্ড করিয়া প্রে'ছলাভ পর্থ-ত অবস্থাসকলের ক্রম এইপ্রকারে প্রদার্শত হইতে পারে---

- (১) शीका।
- (২) পোর ্ষ অজ্ঞানের ধংগে।

- (৩) অম্বর আগমশাস্ত্রের শ্রবণবিষয়ে অধিকারপ্রাণ্ডি এবং ভাহার পর: শ্রবণাদি সাধন।
- (৪) বোম্ধজ্ঞানের উদয়।
- (৫) বৌষ্ধ অজ্ঞানের নিব্যক্ত।
- (৬) জীবন্ম, জি।
- (৭) ভোগাদি স্বারা প্রার্থনাশ।
- (৮) দেহত্যাগের পর পোর মুক্তানের উদয়।
- (৯) প্রে'**ত্ব অথ**বা পরমেশ্বরত্ব প্রাণ্ড।

ভগবানের জীবোদ্ধার ক্রম

শ্রীভগবানই গ্রহা। তিনিই জীবের উন্ধারকর্তা। তিনিই জীবকে মায়াপণ্ক হইতে উন্ধার করিয়া পরমপদে স্থাপিত করিতে সমর্থা। এই সামর্থ্য আর কাহারও নাই। এইজনা সর্বান্ত তাঁহাকেই গ্রহ্রের্পে বর্ণন করা হইয়া থাকে। প্যোগভাষ্যে লিখিত আছে—"তস্য আত্মান্তহাভাবেহিপি ভ্তোন্তহঃ প্রয়েজনম্। জ্ঞানধর্মোপদেশেন কলপপ্রলয়মহাপ্রলয়েষ্ সংসারিলঃ প্রহ্মান্ উন্ধরিষামীতি"—অর্থাৎ তাঁহার নিজের কোন প্রয়োজন না থাকিলেও কলপপ্রলয়ে এবং মহাপ্রলয়ে জ্ঞান এবং ধর্মের উপদেশ ন্বারা সংসারী জীবমানকে উন্ধার করাই তাঁহার একমান্ত প্রয়োজন। ইহাই তাঁহার ক্পা। জীব অন্ত্রেরে যোগ্য হইলেই তাঁহার অন্ত্রহ প্রাণ্ড হইয়া থাকে, ইহা সত্য। এই বিষয়ে কোন কালনিয়ম নাই।

কালের ভেদান্সারে জীবোষ্ণারের প্রণালীতে বৈচিত্র্য ঘটে। প্রলয়কালে সমণত কার্যবর্গ পরমকারণে লীন হইয়া যায়। তথন জ্পীবের দেহ এবং ইন্দ্রিয়াদি কিছ্ই থাকে না, কিন্ত্র এই সময়েও প্রয়োজনান্রপে মলপাকসম্পন্ন হইলে অন্প্রহপ্রাম্ভিতে কাহারও বিঘা ঘটে না। স্থিত সময়েও এইপ্রকারই হইয়া থাকে। কিন্ত্র এই দুই সময়ে কোন কোন অংশে পরম্পর পার্থক্য থাকে। যে সকল জীবের কম্ক্রিয় ঘটে নাই তাহারা প্রলয়াকল অণ্য রপ্পে প্রলয়সময়ে মায়াগভে লীন হয় এবং যাহাদের সকল কম্ক্রণ হইয়া যায় তাহারা মায়া অতিক্রম করিয়া বিজ্ঞানাকল অণ্যরূপে মায়া ও মহামায়ার অন্তরালে বর্তমান

৩ পাতঞ্জল যোগস্তে ঈশ্বরকে প্র'গ্রুবগেরও গ্রুর্পে বর্ণনা করা হইয়াছে।
স্ভিত্র আদিগ্রের্ প্রতি স্ভিত্ত পৃথক্ পৃথক্ হইয়া থাকেন। ইহাদিগকেই সিম্পর্ক্র্ব এবং কার্ষেশ্বর বলা হয়। কিন্ত্র প্রমেশ্বর কালের শ্বারা অবচ্ছিম নহেন ও নিত্যসিম্ধ।
তিনি কার্ষেশ্বরবর্গেরও ঈশ্বরশ্বর্প। তিনি অনাদি গ্রেত্তর।

থাকে। প্রলম্পময়ে যে অনুগ্রহ বা দীক্ষা হয় তাহার প্রভাবে জীব সাক্ষাৎ শিবদ্বসাভ করে। ঐ সময়ে অশ্বন্দ্বসূদ্টি থাকে না বলিয়া উহার উপর অধিকারের উপযোগিতা থাকে ना व्यर्थार जगहत्त्वाभाव के जमस्त्र थाकে ना। हेहाक भारक নির্রাধকার মান্তি বলা হয়। আধিকারিক পদপ্রাণিত প্রজারকালীন অনাগ্রহ হইতে ঘটে না, কিল্ড, সান্টি ও সংহারকালে নির্মিকার মাজিও হইতে পারে এবং মলপাকের বৈলক্ষণ্যবশতঃ ঐশ্বর্য অথবা সাধিকার মাক্তিও হইতে পারে। ইহার মধ্যে যাহারা সংহারকালে সাধিকার অনুগ্রহপ্রাপত হয় তাহারা রুদ্রাণু অবস্থা লাভ করিয়া থাকে। এইসকল অাত্মা আগামী সুণিটতে সুণিটুর অধিকার প্রাণ্ড হয়। যাহারা স্বৃণ্টির সময়ে সর্বজ্ঞানিরয়ার অভিব্যক্তির্প অনুগ্রহ লাভ করে তাহারা উহার ফলে আধিকারিক পদ প্রাণ্ড হয়। ইহারা পরমন্তেশ্বর, মন্ত্র ও অপরমন্তেশ্বর প্রভাতি পদে প্রতিষ্ঠিত হয় । এই সকল মন্দ্রেশ্বর মায়িক জগতে বিভিন্ন বিভাগে প্রধান শাসক ও ব্যবস্থাপকরপে নিয়োজিত হন। যাহারা পরমক্রেশ্বর তাহারা মায়াতীত মহামায়ারাজে। ঈশ্বরতত্ত্বকে আশ্রয় করিয়া আপন আপন ভাবনে বিরাজ করিয়া থাকেন। পরমন্ত্রেন্বর মোট আটটি—ইহাদের মধ্যে অনশ্তই প্রধান। ই হাদের প্রত্যেকের দেহ, ভোগ্য বিষয় এবং ভূবন প্রভূতি বিশৃন্থ বৈন্দব উণাদানে রচিত। ইহাদের মধ্যে কোনোটি মায়ার স্পর্শে কলভিকত নহে। ইহার পর অর্থাৎ মন্তেখ্বর প্রদেষ প্রতিষ্ঠার পর পরমেশ্বর সাতকোটি বিজ্ঞানাকল অণ্যকে সাক্ষাংভাবে সর্বজ্ঞং

- ৪ স্ভিট অথবা সংহারকালেও শিবর লাভের সংভাবনা থাকে, তবে অভাশত কয় ইছার কারণ এই বে মলপাক ও পরমেশ্বরের অন্ত্রহ ইছার কোনটি কালের খ্বারা নির্নিয়্
 নতে।
- প্রার্থিক জীব প্রমেশ্বরের সাধিকার অনুগ্রহপ্রাপ্ত হইলে 'মায়াগভাধিকারী' নাটে পরিচিত হর। ইহাই অপরমক্ষেশ্বরের পদ। এই সকল জীবের সমাক্র্পে কর্মক্ষ হইরা যার বলিরা মারা ও প্রেবরের বিবেকজ্ঞান থাকে না। সেইজনা ইহারা প্রলয়কাটে মায়াগর্ভে লীন থাকে এবং অভিনব স্ভিটতে জাগিয়া উঠার পর প্রেবং মায়িকদেহ প্রাং হয়। কিংত্র মনে রাখিতে হইবে যে ইহারা পরমেশ্বরের সাধিকার অনুগ্রহ প্রাপ্ত হইরাটে বলিরা ইহাদের বৈক্ষব দেহপ্রাপ্তিও ঘটে। বিজ্ঞানকল জীব সাধিকার অনুগ্রহবশত মলংক্রের তারতম্য অনুসারে পরমক্ষেশ্বর অথবা মন্ত্রপদে প্রতিভিঠত হন। ইহাদে মায়িকদেহ থাকে না, শুখা বৈক্ষবনেহ থাকে। অনুগ্রহপ্রাপ্তির প্রেব্ ইহারা মায়া-প্রের্ব বিবেকজ্ঞানবশতঃ বিজ্ঞান-কৈবলা অবস্থাতে মায়ার উধের বিদ্যামান ছিল। এইজন্য বিক্ষক্ষ হইয়া বিশ্বক্ষ অধ্বার স্ভিট হওয়ার সময় সর্গপ্রথম ইহারাই বিশ্বক্ষ দেহ ও ভ্রবনাতি প্রাপ্ত হইয়া বিশ্বক্ষ বিহয়া বিশ্বক্ষ বিহয়া বিশ্বক বিশ্বক্ষ হইয়া বিশ্বক বিশ্বক

প্রভাতি শক্তির অভিব্যঞ্জনার আরা অনুগ্রহ করিয়া মন্ত্রপদে স্থাপিত করেন। অপরমন্তেশ্বর মায়াগর্ভের অধিকারী। ই হাদিগের দেহ একসণেগ মায়িক এবং বৈন্দব উভয়ই। ই হাদিগেরও আপন আপন ভাবন, দেহ, ভোগ্য বিষ্যাদি ঐ সকল বিভিন্ন তত্ত্বকে আগ্রয় করিয়া বিদ্যমান আছে।

এই যে স্ভি, সংহার ও প্রলয়কালে ভগবানের অন্গ্রহের কথা বলা হইল ইহা সাক্ষাং ভগবানের অনুগ্রহই জানিতে হইবে। কোন পুরুষের অধিষ্ঠিত হইয়া এই অন্ত্রহ প্রবৃত্ত হয় না। সংহারকাল ও প্রলয়কালের মধ্যে পার্থ'ক্য আছে। যখন কার্য' কারণে লীন হইতে থাকে তখন এই সময়কে অর্থাৎ যতক্ষণ পর্য'ত কার্য' কারণে সম্পর্শভাবে লীন না হয় সেই সময়কে সংহারকাল বলে। কার্য লীন হওয়ার পর নবীনস্ভির প্রারুভ পর্য দত যে সময় তাহার নাম প্রলয়কাল। তান্ত্রিক পরিভাষাতে এই সাক্ষাৎ অনুগ্রহকে নির্রাধকরণ অনুগ্রহ বলে, কি-তু স্থিতিকালে প্রমেশ্বর সাধারণতঃ আচার্য অথবা গুরুর দেহকে সাক্ষাংভাবে অথবা পরশ্পরাক্তমে আশ্রয় করিয়া দেহেন্দ্রিয়াদি কলাবিশিন্ট স-কল জীবকে অনুগ্রহ করেন। যে সকল জীব নিরুত্র তাঁহাকে চিল্তা করিতে করিতে শাশ্ব চিদ্ভাব প্রাণ্ড হইয়াছেন তাঁহাদিগের উপরই এইপ্রকার অন্ত্রহ হয়। তবে ইহা মনে রাখিতে হইবে, পর্ণের্পে মলপাক সম্পন্ন হইলে ম্পিতিকালেও কথনো কথনো কোনো কোনো বিরল জীব। আর উপর নির্বাধকরণ অনুগ্রহ ঘটিয়া থাকে। সাধিকরণ অনুগ্রহের প্রভাবে শিবস্থলাভ হইতে পারে অথবা কোন আধিকারিক পদের প্রাণ্তিও হইতে পারে। এইসকল বিভিন্ন পদের প্রা•িত শক্তিপাতের তীব্রতাদি বৈচিত্র্য হইতে ঘটিয়া থাকে। এই সকল পদ স্থাল দ্ভিটতে চারিশ্রেণীতে বিভক্ত হইতে পারে :--

- (ক) পণ্ডাটক প্রভাতি রাদ্রগণের পদ (রাদ্রপদ)।
- (a) শতকোটি মন্ত্রের পদ (মন্ত্রপদ)।
- (গ) অপর-মশ্ত্রেশ্বর বর্গের পদ (পতিপদ)। এই 'পতিপদ'

অনন্তাদির পদ হইতে ভিন্ন। মনে রাখিতে হইবে যে এই অনন্তাদি পদ প্রাণ্তি হইলে পর মায়া ও কর্মের অভাববশতঃ অধোগতি অথবা পতন হইতে পারে না। রৌদ্রাগমে আছে—

> ভ্ৰন্তন ভোগান্ স্কিরমমরস্ত্রীনিকারৈর্পেতাঃ। স্রুস্তাৎকণ্ঠাঃ শিবপদপরেশ্বর্যভাক্ষো ভবন্তি॥

অর্থাৎ এইসকল অনুশ্তাদি পদ যাঁহারা প্রাপ্ত হন তাঁহারা দীর্ঘকাল দেবাংগ-নাদের সহিত ভোগসকল উপভোগ করিয়া আকংক্ষাশন্য হাওয়ার পর শিবপদে স্থিত হইয়া প্রম ঐশ্বর্য প্রাপ্ত হন। (ঘ) ঈশ্বর (অনন্ত), সদাশিব ও শান্তন্বর্প ঈশানের পদ (ঈশানপদ)। এইসকল পদের প্রাণ্ডি সালোক্যাদি পদের প্রাণ্ড বিলয়া জানিতে হইবে।

তান্ত্রিকগণ বলেন যে আগম-প্রতিপাদিত জ্ঞান ও যোগ ত্যাগ করিয়া যাঁহারা অন্যপ্রকার জ্ঞান ও যোগমার্গ অবলম্বন করিয়া সিম্প্রিলাভ করেন, তাঁহারা সন্থ্যনুশের বিশ্বম্পিনবম্প্রন মধ্যস্থ অবস্থা প্রাণত হন। ই'হাদিগের মধ্যে দ্ইটি বিরুম্প কর্মের অভিব্যক্তি সমান সমান হইয়া থাকে। ইহার ফলে উপঝারীর প্রতি প্রসম্লতা এবং অপকারীর প্রতি ক্রেম্ব, সাম্যর্পা অভিন্নব্তির্পে পরিণত হয়। এই অবস্থার সাম "মাধ্যস্থা"। তাঁহাদিগের পরিভাষা অনুসারে ইহারই নাম জীবস্মৃত্তি।

সাধিকার মৃত্তি ও তাহার প্রকারভেদ

তন্ত্রপ্রতিপাদিত সাধিকার মৃত্তির নানাপ্রকার। এইসকল সাধিকার মৃত্তিতে দীক্ষা প্রভাতি উপায়ের বৈচিত্র্য আছে, এবং তত্ত্বপদপ্রাণ্ডির জন্য প্রীতি, শ্রন্থা প্রভাতির তারতম্য আছে। অতএব উপায় ও আদরের বৈশক্ষণ্যবশতঃ যোগ্যতা তিনপ্রকার বলিয়া উৎকৃষ্ট, মধাম ও নিকৃষ্ট এই তিনপ্রকার সাধিকার পদের প্রাণ্ডি হইয়া থাকে। এই তিন পদের নাম—মন্তমহেশ্বর, মন্তেশ্বর ও মায়িক অধিকারী। ইহাদের মধ্যে দ্বিতীয় ও তৃতীয় পদে আশংকার পূর্ণে নিবৃত্তি হয় না কারণ এই সকল পদ চরম অবস্থা অথবা পরাসিন্ধির দ্যোতক নহে। এইজনা এই সকল পদে আত্মা নিশ্চিশ্ত হইয়া বিশ্রাম করিতে পারে না। তাছাড়া এই অবস্থাতে নিজ পদ হইতে ষ্পালত হইয়া পতনের আশংকাও থাকিতে পারে। তং তং ভাবনের প্রাণ্ডিরপে মোক্ষ বাষ্ডবিক মোক্ষ নহে, ইহা মোক্ষের আভাস মাত্র। এই অবস্থা মহাপ্রলয় পর্যাত্তই থাকিতে পারে। নবীন স্থির প্রারম্ভকালে ভাষ্টার্যশিষ্ট কমের প্রভাবে অধােগতির আশংকা থাকে. কারণ কর্মাফলভোগ মায়ার অন্তভ্তি সংসারমন্ডলেই হইতে পারে। কিন্তু এইসকল ভাবনে থাকিলেও মাজি হইতে পারে। মল পরিপক্ত হইলে যখন দীক্ষলাভ হয় তথন মাৰ হওয়ার মাগে অধিকার লাভ হয়। প্রত্যেক ভাবনেই দীক্ষার খ্বারা বশ্বজীবকে মৃত্ত করিবার জন্য যোগ্যতাস পল সদ্গুরু বিদামান থাকেন।

ন হয়ত্ব্যপকারেণ নাপকারেণ ক্রপাতি। যা সমঃ সর্বভ্তেম ক্রীক্মন্তঃ স উচাতে॥

অর্থাং বিনি উপকারে প্রসম হন না এবং অপকারেও ক্রিপত হন না এবং সমসত প্রাণীর
প্রতি সমদ্ভিট থাকেন তাহাকে জীবন্মন্ত বলে। (১ন্ত, অগমসন্মত জীবন্মন্তি ইহা
হইতে প্থক্।

তাই শ্বায়শ্ভর আগমে বলা হইয়াছে—"ভরবনে ভরবনে গরেবঃ প্রতিবসন্তি।" এই সকল পদের মধ্যে মশ্রমহেশ্বর পদ শ্রেষ্ঠ। এই সকল পদের অধিকার সমাপত হইলেই অপবর্গ লাভ হয়। তথন পতনের কোন আশংকা থাকে না।

প্রশাসের সময় যখন ভগবান জীবকে উন্ধার করিবার জন্য তাহাকে দীক্ষা দেন তখন তিনি জীবের পরেবির্ণিত তিন প্রকার যোগ্যতাবিষয়ে ধ্যান দেন না । এই সকল বিভিন্নপ্রকার যোগ্যতা অধিকারের সহিত সংশ্লিণ্ট । প্রলয়কালে অধিকারের কোন উপযোগ থাকে না বলিয়া তখন অনুগ্রহকালে অধিকারবিষয়ক বিচার করা হয় না । তবে ইহা সত্য যে স্থিতিকালের যে অনুগ্রহ তাহা শিষ্যের যোগ্যতার উপর নির্ভাব করে ।

পরমন্তেশ্বর এবং মশ্রসকলের মাজিকে অপরামাজি বলে। ইহা পরমেশ্বরের বামাদি তিন শান্তির কার্য এবং ভগবদ্-আজ্ঞার অধীন। এইজনা ই হারা শান্তিতত্বের নীচে অবস্থান করেন। ই হারা উৎপন্ন হইরা আপন আপন অধিকার ব্যাপারে ভগবৎ-প্রেরণাবশতঃ প্রবৃত্ত হন। ই হারা উভয়েই কলাদি কার্যকারণহান এবং অধিকারবিশিষ্ট। তাই ব্যাপক হইলেও ইহাদিগকে মায়ার উপরিশ্থিত বলিয়া মানা হয়। ইহাদের মধ্যে পরমন্তেশ্বর মশ্রবর্গের প্রেরক বলিয়া উধর্বশিষত এবং তাহার শ্বারা প্রেরিত হয় বলিয়া মন্ত্রসকল অধঃশ্বিত। এই উভয়ের উপর অনাগ্রহ করার পর ভগবান এই সকল মন্তেশ্বরে অধিষ্ঠিত হইয়া মায়া হইতে কলাদি তত্ব ও ভাবনাদি রচনা করেন এবং ঐ সকল কলা শ্বারা জীবসকলকে কর্মানা্সারে যোজনা করেন। স্বান্তি পরিপ্রকানক জীবসকলকে মায়াগর্ভাধিকারী বা অপরমন্তেশ্বর পদে স্থাপিত করেন। ভগবানের এই অনাগ্রহব্যাপার পরশ্বরাতে ঘটিয়া থাকে, সাক্ষাংরপে নহে।

সময়দীকা

তান্ত্রিকগণ বিভিন্ন গ্রান্থে দীক্ষার প্রকারভেদ বিষয়ে যাহা কিছু লিখিয়াছেন তাহার সারাশ্য আলোচনা করিলে বৃত্তিকে পারা যায় যে বিভিন্ন দীক্ষার মধ্যে একটা নির্দিণ্ট ক্রম আছে। শিষ্যের যোগ্যতামলেক অধিকারভেদই এই ক্রমের মুখ্য কারণ। কিন্তু এই ক্রম স্বাভাবিক বিলয়া অপরিহার্থ হইলেও অনেক-স্থলে যথাবং অনুস্ত হয় না। ব্রক্ষ্যর্থ প্রভৃতি আশ্রমচত্ত্তিয় ক্রমণ্ধ হইলেও

ব এই অধোবজিতা দেশকৃত নহে। কারণ এইসকল আত্মা সমর্পে ব্যাপক ও বিভ:। কিন্ত্র ক্রিয়াশকি বিষয়ে তারতমা থাকার দর্শ উধর্ব এবং অধঃ এইপ্রকার নির্দেশ করা হয়। ইহার ভাৎপর্য এই যে বিভ্রম্ব সমান থাকিলেও ক্রিয়াশক্রির বিকাশে ন্নেতাবশতঃ অধোবজী বলা হইরা থাকে।

श्रीकात्रहरा

ষেমন তীর বৈরাগ্যশ্বলে মধ্যবতী এক বা দুই আশ্রম লাখনপর্বক প্রেবিতী কোনো আশ্রম হইতে সন্মাস গ্রহণের অধিকার জন্মে, ঠিক সেইপ্রকার দীক্ষাক্রম বিষয়েও বলা চলে।

সকলপ্রকার দীক্ষার মধ্যে প্রথমে সময়দীক্ষাই আলোচ্য । এই দীক্ষাতে সকল পশ্ব আত্ম র সমান অধিকার আছে। ইহাতে কাল ও আশ্রমাদির নিরুত্বণ নাই। আত্মার অনাদি মল কিণ্ডিন্মান্ত পক্ত হইলেই যখন ভগবানের ক্পাশন্তি অত্যন্ত মন্দরপে জীবে অবতীর্ণ হইতে থাকে তখনই এই দীক্ষা হইতে পারে। গুরুকত্র কি শিয়ের মুখ্তকে শিবহুদেতর অপুণাই সময়দীক্ষার স্বরূপ। এই দীক্ষার পর গ্রেশুগ্রহা ও বিভিন্ন দেবপ্রস্থাতে অধিকার জন্মে। তাহা ছাড়া ভগবানের প্রতি ভত্তির উন্মেষও হইতে থাকে। এই দীক্ষার প্রধান ফল প্রান্তন कर्ममा (शत भी तभाक । कर्म भी तभक ना रहेला नष्टे रहेए भारत ना । ষদিও কালরপৌ অণ্নিশ্বারা নিরশ্তরই কর্মসমূহ পক্ব হইতেছে তথাপি ইহা মনে রাখিতে হইবে যে কাল ক্রমধর্মাক বালিয়া কালকৃত পাকও ক্রামক ভোগের দিকে চিতের উম্মাখতামাত। ক্রমিক ভোগ **শ্বারা কর্মক্ষর অবশ্য হ**য় সত্য, তবে ক্রমশঃ হয়, একসংগ্র হয় না, হইতে পারেও না। তাহা ছাড়া উহা শ্বারা কর্ম কোনো সময়েই নিঃশেষ হইতে পারে না, কারণ কর্মের মলে নণ্ট না হওয়ার দর্শ নতেন কমের সঞ্জ হইতেই থাকে। অনাদিকাল হইতে অসংখ্য কর্ম উপচিত হইতেছে—ঐগ্রলিকে এক একটি করিয়া ক্রমশঃ নণ্ট করা যায় না। এইজন্য দীক্ষা আবশ্যক, কারণ দীক্ষা সমণ্টিরপে কম বস্থনকে বিচ্ছিন্ন করিতে সমর্থ। সর্বান্তে কথনও না কখনও কর্ম' একস' গে নন্ট হইতে পারে। উহাকেই প্রণত্ম জ্ঞানোদর বলা হইরা থাকে। অপ্রণ জ্ঞানোদরকালে সণিত কর্মবাশি নণ্ট হয় এবং দেহার ভক কর্ম বাকী থাকিয়া যায়। সক্ষেত্র দূণ্টিতে বিচার করিলে ব্যুঝা যাইবে যে কালশক্তিও ভগবানের ক্রিয়াশক্তিরই রুপাশ্তর। কাল রুদ্রবিশেষ (কার্সান্নরুদ্র) বালয়া কালশন্তি রোদ্রীশন্তি। দীক্ষাও রোদ্রীনাশনী ক্রিয়াশক্তিরই ব্যাপার। কিন্ত্র এই উভয়ের মধ্যে মাত্রা ও বিকাশাদিগত পরম্পর বৈশিষ্টা আছে।

"সময়" বলিতে ব্ৰায় আগমশাস্ত্রীয় মর্যাদার পালন। প্রথম বা সময়দীক্ষা প্রাণত হইলে শাস্ত্রের অধ্যাপনা, গ্রবণাদি ও হোম, জপ, প্রেল, ধ্যানাদিতে যোগাতালাভ হয়। সময়ীর আত্মা চর্যা ও ধ্যান ব্যারা শ্বাধ হয়। গ্রুপেদিন্ট শাস্ত্রোক্ত আন্তারাদির পালনকে চর্যা বলে। ধ্যান যোগাভ্যাসের নামান্তর। এই দীক্ষার প্রভাবে প্রেণজ্ঞাভ হয় না এবং মন্ত্রারাধনক্রমে ভোগলাভ হইতে পারে না। তবে ইহা হইতে ঈশ্বরপদপ্রাণ্ডি বা অপরাম্বিক্ত লাভ হইতে পারে এবং প্রকাদি ভাবীপদ লাভ করার যোগাতা জক্মে। পাশ্ববিশ্বই ঐশ্বর্যের

কারণ—এই দীক্ষা তারা ঈশ্বরসত্বত্থ হইলে উহা হইতে পারে। কিল্ড্র এম্পলে পাশশন্ত্থি পাশসকলের সমলে নিবৃত্তি নহে। কারণ কলা, তম্ব ও ভ্রবন প্রভৃতি ছয় অধনার শর্নিথ ও পরতম্বের যোজনা এই দ্রুটি ব্যাপার যতক্ষণ সিম্প না হয় ততক্ষণ সম্পূর্ণে পাশের অপগম ঘটে না এবং প্রেপ্রলাভও হয় না, উহার জন্য সক্ষ্মে বিধান আছে। কিল্ড্র সময়ীর জন্য এইপ্রকার বিধান নাই, আবশ্যকও হয় না। প্রশ্ন হইতে পারে—সময়ীর ঈশ্বরারাধনযোগ্যতা কি প্রকারে উৎপন্ন হয় ? ইহার উত্তর এই—এইপ্রকার যোগ্যতাপ্রাণ্ডির জন্য শর্ম্ব অধিষ্ঠাত,কারণবর্গের বিশেলষণই প্র্যাণ্ড। ঐ প্র্যান্ড সময়ীর সামা।

জাত্যাত্থার, ত্রিজত্বপ্রাণিত ও রুদ্রংশতালাভ—এই তিনটি ব্যাপার ত্রারা সময়ীর আত্মসংস্কার জন্মে। পশ্ব আত্মা প্রারম্ব ভোগের জন্য যে দেহলাভ করে সেই দেহসম্বন্ধ জাতির উৎকর্ষ লাভই জাত্মম্বার নামে কথিত হয়। এই ব্যাপারটি যথাবিধি সম্পন্ন হইলে পর্বেজাতির সংগ্রে সম্বন্ধ থাকে না। ইহা হইতে প্রতীত হয় যে জাত্যাখার ফ্রিয়ার প্রভাবে দেহের সক্ষোত্ম অবয়বসংখ্যানে আমলে পরিবর্তান ঘটিতে আরশ্ভ হয়। ইহার পর যে অনুষ্ঠান করিতে হয় তাহার একমার উদ্দেশ্য দ্বিজম্বলাভ। এই উভর প্রক্রিয়াতে জাগ্রং মন্ত্রশব্তির উপযোগিতা আছে। মন্ত্রণাত্তি অলোকিক ও অচিন্তা। প্রয়োগকতা যদি যোগ্য হন তাহা হইলে ঐ শক্তির ম্বারা দঃসাধ্য কার্যও সংগমতার সহিত সিম্ধ হইতে পারে। সাধারণতঃ ইহাই নিয়ম যে মন্ত্রণন্তি দেহে প্রয়োগ করা উচিত নহে। প্রারশ্বন্ধনিত ভোগের খণ্ডন সম্বন্ধেই ঐ নিষেধের তাৎপর্য ব্যক্তিত হইবে। মন্তে এমন সামর্থা আছে যে উহা প্রয়োগ করিতে পারিলে ক্ষণেকের মধ্যে প্রাণবিয়োগ হইয়া দেহপাত হইতে পারে। কিল্ডঃ উহা করা উচিত নহে. কারণ তাহা হইলে অভ্যন্ত প্রারম্বকর্ম ভোগের জন্য দেহান্তের পরেও অবস্থান্তরে আবন্ধ থাকা আবশ্যক হইয়া পড়ে। ইহাতে মে।ক্ষলাভের জন্য কালবিলন্ব খুব অধিক হয়। শোষণ, দাহন, আপ্যায়ন ও জাত্যান্ধার প্রভাতির জনা বর্তমান দেহেও মন্ত্রপ্রয়োগের ব্যবস্থা আছে। উগ্র মন্ত্রণক্তি খ্বারা দেহের শোষণাদি কার্য হয়—তাই অভিষেকের আবশাকতা।

িশক্ত জ্বলাভের জন্য মশ্র শ্বারাই দেহের যোনি, বীজ, আহার, দেশ ও ভাবের শান্দ্রশাদন করিতে হয়। দেহ রজঃ ও বীর্ষের সংযোগে উৎপন্ন হয়। রজোবীর্য শান্দ্র না হইলে শান্দ্রদেহ হইতে পারে না। আজকাল গভাধান প্রভাতি সংক্ষারের বিজ্ঞানরহস্য লোকে জানে না। স্গ্রী-পার্র্বের নৈতিক দংয়নের অভাব ও চিজ্তের চক্তলতাবশতঃ বর্ত মান যুগে বিশান্দ্রদেহের উৎপত্তি প্রায় অসম্ভব হইয়া পাড়িয়াছে। সেইজনা তম্প্রশাস্তের আদেশ এই যে মম্প্রশাস্ত্র যোর যোনি ও বীজের শোধন আবশ্যক। ইহা করিলে দেহগত অশান্দ্র

নিবৃদ্ধ হইতে পারে। শ্রোত এবং স্মার্ত প্রক্রিয়া অনুসারে আহার নির্বাহ করিলে আহার শর্মিথ হইতে পারে। কিম্তু বর্তমান সময়ে ইহাও ঠিক ঠিক হয় না। তাই এই ক্রটির পর্যুতির জন্য মন্ত্রপ্রয়োগ আবশ্যক হয়। ম্লেচ্ছাদির সম্ব্যুবশতঃ দেশ অশ্রুথ হয় এবং অসত্য ক্রিলতাদি দোষবশতঃ ভাব মলিন হয়। তাই মন্তের স্বারাই দেশ ও ভাবেরও শোধন করা আবশাক।

এইপ্রকারে শর্মশর আধান হইলে মন্ত্র শ্বারা শ্রশ্বিদ্যাতে জন্মলাভের ফলে আলোকিক শ্বিজম্বর্গানিত ঘটে। ইহারই নাম শ্বিতীয় জন্ম। শ্বিজম্ব অলোকিক বিলয়া মোনা হয়। এই দীক্ষাতে একই জাতির অভিব্যক্তি হইয়া থাকে। ইহার নাম "শিবময়ী" ব ভৈরবীয় জাতি। ইহার পর কেহ পর্বজাতির সহিত নিজের সন্দশ্ধ ব্যক্ত করিছে সে শাক্ষমতান্সারে প্রায়শ্ভিত্যোগ্য হয়। শ্বিজম্ব সিম্প হইলে শিশ্বকে উপবীত দেওয়ার নিয়ম আছে। ইহাও অলোকিক। উপবীত গ্রহণের তাৎপর্য হইত আন্ধার সাহিধ্যে মন্ত্রসামর্থ্য শ্বারা সন্দশ্ধ হওয়া। তন্ত্রশাক্ষমতে উপবীত

৮ গভাধানাদি চল্লিশটি সঙ্গার মন্ত্রশাক্তি শ্বারাই সিম্প হয়। এইসকল সংক্ষা শুম্পবিদ্যায় জন্মগ্রহণের জন্য সব[্]থা উপযোগী।

১ মন্ত্রশক্তির প্রভাবে বর্তমান শরীরের দাহ হয় এবং জাত্যান্থার প্রভাতি হয়। কে: কেহ মনে করেন যে এই প্রকার শ্বংগতত্ত্বময় দেহাশ্তরের উৎপাদন এবং শিবজ্বসাপাদ অন্য জ্বাতিতেও করা বাইতে পারে। প্রাসিম্প আছে বে যোগিগণ এখনও মণ্ট ম্বারা নিজের ও অন্যের জাতির পরিবর্তন ঘটাইয়া থাকেন। আগমমতে শিব, প্রের্য ও মায়া বাদে অন্য সকল তত্ত্ব এবং জাতি প্রস্তৃতি অনিতা। তাই জাত্যুখার, শ্বিজয়াপাদন প্রভৃতি ব্যাপারে কোন অংশেই অসম্পতি নাই। কেহ কেহ মনে করেন যে দেহে শাসুসাদি জাতি নিতা হওয়ার पत्र व कना नरह । छादे विकाशभागन कियल विराक्षत कनादे करावीत, खरमात कना नरह। এই মতানুসারে ইহা বর্তমান দেহবিষয়ক। তাঁহারা বলেন বে কর্মান্তরবশতঃ শ্বিদ্ধদেহ প্রাপ্ত হওরার পর আটচল্লিশ ক্রিয়াম্বারা ইহা সিম্ম হয়। ইহাতে শুরাদির অধিকার নাই। क्ष्मताक वरनन रव देश भातरमध्यत जागरभत मण नरह, कातन **এ**दे क्रिया जरनोकिक अवर देशा সংগ্র ভাবী দেহের সংব্ধ আছে। শৃংকা হইতে পারে—তাহা হইলে ভাবনাধনতে আটেছিশ সংস্কারের আধান শ্বারা শ্বিদ্ধত্বাপাদন করা হয় কেন ? ইহার উত্তরে বত্তব এই যে এ শৃংকা অম্পুক, কারণ ঐ ক্রিয়ার উদ্দেশ্য আলাদা। উহা পত্রকের ভোগশানিধর क्रमा, ममसीत क्रमा नहर । वागी व्यतीरा गर्शियानामि व्याता एर एर एएक छेम्छ ए मन्भून ख्या कार्य विकास कार्य कार्य कार्या कार्य অল্ডগত। ইহা উহার জনাই করণীয়। সমন্ত্রীর জনা তল্তবশোধনের আদেশ নাই। তাই সমর্দীক্ষাতে ইহার কোন স্থান নাই।

জনশত মন্ত্র ও দেবতাবর্গের ব্যাপক শা্বুখবিদ্যারপে শক্তিস্ত্রের প্রতিরপেক। গর্ভাধান হইতে অন্তেরি পর্যশত চল্লিশটি সংক্ষারের বলে শা্বুখবিদ্যাতে জন্ম হওয়াব পর স্ক্রোবিজ্ঞান অথবা ভাবনা খ্বারা চৈতন্যসংক্ষার করিতে হয়। এই-প্রকার আটচল্লিশটি সংক্ষার খ্বারা প্রেণ শ্বিজন্ম সিন্ধ হয়।

ইহার পর সময়ীর র্দ্রংশাপাদন করা আবশ্যক। নিজে র্দ্রংশ না হইলে শাশ্চার্থ জ্ঞানপ্রে কর্দ্রের ধ্যানে একাগ্রতা লাভ করা অসশ্তব। তাহা ছাড়া ভবিষ্যতে ঈশ্বরসম্বন্ধ প্রাপত হওয়াও কঠিন। এই কিয়া ঠিকভাবে করিতে হইলে গ্রের্র পক্ষে প্রথমে শিষ্যের প্রাক্ষণ ও তাড়ন করার আবশ্যকতা আছে। তারপর গ্রের্ শ্বয়ং উধর্মাগীয়ে রেচক কিয়া শ্বায়া নিজ শরীর হইতে বাহির হইয়া শিষ্যের দেহে প্রবেশ করিবেন ও ঐ মার্গে শিষ্যের স্ক্রয় পর্যন্ত পৌছিবেন। সেখানে যাইয়া শিষ্যের চৈতন্য বা প্রেণ্টককে শিথিল করিবেন। ইহার পারিভাষিক নাম বিশেষণ কিয়া। ইহাতে শরীরের সপে জীবনের এক স্ক্রমস্ত্র বা রশ্মমান্তের সম্বন্ধ থাকিয়া যায়। ইহার পর পর্যভিককে ছেদন করিয়া অর্থাৎ উহাকে পৃথক্ করিয়া উহার অবগ্রুঠনকে শ্রম্থ উপাদান শ্বায়া আবৃত করিতে হয়। অনশ্তর সম্যক্রপে আকর্ষণ করিয়া ম্বাদশাম্ত বা মাজতকে স্থাপন করিতে হয়। তারপর ঐ স্থান হইতে জীবকে সম্পর্টত করিয়া সংহারমন্দ্রা শ্বায়া টানিয়া নিতে হয়। এতটা কার্য সম্পাদনকালে গ্রের্র সঙ্গে শিষ্যের অভেদজ্ঞান রক্ষা করা আবশ্যক। তাহার পর উধ্বিপ্রেক শ্বায়া গ্রের্র নিজের স্করে ফিরিয়া আসিতে হয়।

এই ব্যাপারে কর্শ্ভক শ্বারা শ্বারস্য সম্পাদন করিয়া অর্থাৎ নিজের সংগ্র শিষ্যের অভেদাপাদন করিয়া পর্নবর্গর উধর্ব উদ্বেষ্টনের ক্রমে রেচন করিতে হয়। রেচনের সময়ে জীব উত্তরোক্তর ছয়টি দেবতাকেই ত্যাগ করে। ইহাদের নাম ও ম্থান এই প্রকার—

- ১। ञ्नस्य बन्धा
- ২। কণ্ঠে বিষয়
- ৩। তাল্বতে রুদ্র
- ৪। ভ্রমধ্যে ঈশ্বর
- ৫। ननाएं अपाधिव
- ৬। বন্ধরদেশ্র শিব

দেহের ন্যায় বাহ্যজগতেও এই ছয় দেবতার পরপর অধিষ্ঠান আছে। বঁশত্তঃ বিশেবর নিশ্নতম প্রদেশ হইতে সমস্ত অধনাই এই ছয় দেবতার শ্বারা অধিষ্ঠিত। দেবতাদের ত্যাগ হইতেই শিষ্যের পক্ষে উক্ত দেবতাদের অধিষ্ঠিত মার্গ হইতে বিশেষকাভ ক্রার যোগাতা জন্ম। স্বামীকে প্রাভতে করিলে তাঁহার বশবতী

সকলেই অধীনতা শ্বীকার করে। তাহাদের সণ্গে পৃথক্ যুন্থ করিতে হয় না । দেবতাত্যাগের পর অর্থাৎ দেহ অথবা বিশ্বের অধিষ্ঠাত্ কারণবর্গ হইডে বিশ্বেষ ঘটিবার পর ঈশ্বরপদের প্রাণ্ডির জন্য ঈশ্বরারাধনার যোগ্যতা অর্জন করিতে হয়। ভ্রমধা হইতে জীবকে নিয়া সম্পর্টিত করিতে হয় ও সংহারমন্ত্রা শ্বারা উহাকে উঠাইয়া প্রনর্বার শিষোর ভাবরে শ্বাপত করিতে হয়।

ভোগদীকা : সাধকদীকা

সময়ীদীক্ষার পর প্রকাদি অন্যান্য দীক্ষার ব্যবস্থা আছে। এতাব্যতীত প্রথমেই প্রকাদি দীক্ষাও হইতে পারে। এই সময়ে দীক্ষাতে অধনাশ্বন্ধি আবশ্যক। কিন্তর সম্পূর্ণ পাশশর্মিধ না হইলে তাহা হইতে পারে না এবং পরতত্বয়েজন ব্যতীত পাশসকলের উন্মূলন অসম্ভব। তাহার অভাবে ভোগ বা মোক্ষ কোনো ফলের প্রাণ্ডি হইতে পারে না। সময়ীদীক্ষাতে পাশশর্মিধর প্রয়োজন হয় না, কারণ দীক্ষা ব্যারাই অংশতঃ পাশশর্মিধ ঘটে।

ফলাথী শিষ্য ভোগ ও মোক্ষভেদে ভোগাথী ও মোক্ষাথী এই দুইপ্রকার। মোক্ষাথী বা মুমুক্ষ্ব পুত্রক ও আচার্যভেদে দুইপ্রকার। শিষ্যের দীক্ষার পুরের গ্রুর্কে দেখিতে হয় সে শ্ব-প্রতায়ী অথবা গ্রুর্-প্রতায়ী। শ্ব-প্রতায়ী হইলে গ্রুর্কে তাহার বাসনা অনুসারেই দীক্ষা দিতে হয়। গ্রুর্-প্রতায়ী হইলে ও গ্রুর্তে নির্ভারশীল হইলে গ্রুর্র কর্তব্য প্রথমে তাহার ভোগদীক্ষার ব্যবস্থা না করিয়া মোক্ষদীক্ষার ব্যবস্থা করা।

निवधियाँ नी उ लाक्यीय नी मीका

সাধক দ্ইপ্রকার ঃ শিবধমী ও লোকধানা । তাই ভোগ বা ভ্ত (ভ্রিন্ত) দীক্ষাও শিবধানা বি লোকধানা দিইপ্রকার । উভয় দীক্ষার ভেদ থাকিলেও উভয়েই সাধন আছে । তাই দ্ই দীক্ষাকেই সাধকদীক্ষা বলে । শিবধানা দীক্ষার প্রভাবে যোগ্যতা অনুসারে সাধক তিন প্রকার সিদ্ধি প্রাণত হয়ঃ মস্ট্রেশ্বর পদপ্রাণিত, মন্ত্রপদপ্রাণিত ও পিশ্চসিন্ধি বা অবাশ্তর সিদ্ধি । প্রথম দ্ইটি একপ্রকার পারমেশ্বরিক ফল । তৃতীয়টি হইতেছে বিভিন্ন ভোগভ্রিতে আপেক্ষিক অমৃতত্ব লাভ করিয়া অভীন্টাসিন্ধি লাভ করা । দীক্ষার প্রভাবে জীব যে ভোগভ্রিতে ভোগান্বাদনের জন্য গমন করে সেখানে সে জরামৃত্রহীন শ্বির দেহ প্রাণত হয় । প্রলয়নলালে ঐ ভোগভ্রিম নন্ট না হওয়া পর্যশত ঐ দেহ নন্ট হয় না । বহু অবাশ্তরসিন্ধিও এই তৃতীয় বিভাগে আছে, যেমন খড়গাসন্ধি, অঞ্জনসিন্ধি, পাদ্বলাসিন্ধি ইত্যাদি । শিবধমী সাধক গৃহস্থ হইতে পারে, যাতও হইতে পারে । ই হাদের অধ্বশ্রন্ধি শৃত্ব শিবমন্ত ন্বারা নিল্পম হয় ।

এই সকল সাধক মন্তারাধন পরায়ণ হইয়া আরাধ্য মন্তের আদেশমত কার্য করে। জ্ঞানবস্তা, অভিষেক প্রভাতি এই দীক্ষার ফল। এই মার্গের সাধককেও সময়াচার পালন করিতে হয়।

লোকধার্মণী দীক্ষার প্রভাবে প্রাক্তন বা সণিত ও আগারী কর্মের মধ্যে অশ্বভাংশ বা দ্বেক্তৃতাংশ মাত্র নন্ট হয় ও শ্বভাংশ আণিমাদি সিম্পির্পে পরিণত হয়। প্রারশ্বকর্ম অবশ্য ভ্রণিতে হয়। ভোগান্তে প্রারশ্বজাত দেহ পতিত হইলে গ্রুর্ দীক্ষিত সাধককে আণিমাদি ভোগের জন্য উধর্বলাকে সণ্ডালিত করেন। এখানকার ভোগ সমাণত হইলেও যদি ভোগবাসনা অত্বত থাকে, তাহা হইলে ঐ বাসনার অন্বর্প ভোগের জন্য উধর্বতর ভ্রুবনে গ্রুর্ তাহাকে পাঠান। এইপ্রকারে শ্বভক্ম ভোগের পর বৈরাগ্যের উদয় হইলে ঐশ্বান হইতে—অন্তিম ভোগশ্বান হইতে—পরমেশ্বরের নিন্কল শ্বর্পে যোজিত করেন। এই যোজনা শ্ব্রুর্ যে নিন্কল শ্বর্পের সংগই হইবে এমন কোন কথা নাই। নানাপ্রকার মায়াতীত বিশ্বুম্বভ্রনের অধাম্বরবর্গের সংগও সালোক্য হইতে সায্ক্র্য পর্যান্ত ফলের জন্য হইতে পারে। এইসকল অবস্থা সাধকের আধ্যাত্মিক উৎকর্ষের তারতম্যমন্ত্রক। বলা হইয়াছে—

লোকধার্ম পানারোপ্য মতে ভব্বনভর্তার । তম্পর্মাপাদনং কুয়াং শিবে মুক্তিকাংকিণম্ ॥

অর্থাৎ লোকধমী সাধককে গ্রের্ নিজের ইণ্ট ভ্রবনেশ্বর স্বর্পে যান্ত করিয়া তাহার ধর্মের সংগ্য যান্ত করেন। অথবা যদি মান্তিকামী হয় তাহা হইলে তাহাকে শিবে আরোপিত করিয়া তাঁহার ধর্ম সংযান্ত করেন। এই উধর্ব গতি ও যোজনা ক্রমশঃ সাধক ও গ্রের্র সংকল্পান্সারে ঘটিয়া থাকে।

সৰীজ ও নিবাজি দীকা

মুমুক্ষর দীক্ষা সবীঙ্ক, নিবীজি ও সদ্যোনিবাণদায়িনী ভেদে তিনপ্রকার। ইহার মধ্যে ত্তীয়টি দ্বিতীয়রই প্রকারভেদমার। তাই মুমুক্ষর দীক্ষা বস্তৃতঃ দ্ইপ্রকার। সাধারণতঃ নিবীজি দীক্ষা বালক, মুখ্, বৃশ্ধ, স্থা ও ব্যাধিগ্রস্তাদির জন্য। অর্থাৎ যাহারা শাস্ত্রবিচারে কুশল নহে তাহাদের জন্য নিবীজি দীক্ষার বিধান আছে। তাহাদের জন্য সময়াচার পালনের আবশ্যকতা থাকে না। এই দীক্ষার প্রভাবে কেবল গ্রেভুজির ফলেই মুক্তিলাভ হয়।

দীক্ষামাত্রেণ মনুবিঃ স্যাদ্ ভব্তিমাত্রাদ্ গনুরোঃ সদা । (স্বচ্ছদ্দতন্ত্র)

ইহাতে গ্রেক্তিক্তিমান্তই সময়, অন্য সময় নাই।

সদ্যোনিবণেদীক্ষা মনুম্বন্ধ অবন্থাতে দিতে হয়; কারণ এই দীক্ষা অতি

প্রদীণ্ড মন্ত্রুণবারা সম্পন্ন হয় বলিয়া অতীতাদি গ্রিবিধ পাশই নণ্ট করে। দীক্ষার সংগ্যে সংগ্রেই দেহশাম্থি ও দেহপাতের পর পরমপদপ্রাণ্ডি হয়।

> দুন্টনা শিষ্যং জরাগ্রস্তং ব্যাধিনা পরিপীড়তম্। উৎক্রময্য ততস্কেনং পরতত্তে নিয়োজয়েং॥

শিষ্য জরা ও ব্যাধিগ্রন্থত হইলে গর্বন্ তাহাকে শরীর হইতে উৎক্রমণ করাইরা প্রমতত্ত্বে নিয়োজিত করেন।

সবীঞ্জ দীক্ষার ব্যবস্থা বিশ্বান্ ও কণ্টসহিষ্ট্র শিষ্যোর জন্য। এই দীক্ষা-প্রাণত ব্যক্তিকে শাস্ত্রবিহিত আচার ঠিক ঠিক পালন করিতে হয় না করিলে নিজের শিবময়ী সন্তা হইতে কিছু সময়ের জন্য জ্রুট হইয়া বিপদ্গ্রুত হইতে হয়।

মুমুক্ষরে সবীব্র ও নিবর্ণিক উভয়প্রকার দীক্ষারই একমাত্র প্রয়োজন মোক্ষ। আচার্যের দীক্ষা হয় সবীক্ষ। বৃভ্ ক্ষু সাধক-দীক্ষাও সবীক্ষ হয়। সবীক্ষ দীক্ষা হইলেই অভিষেক হইতে পারে। বিষ্ধান্ ও কণ্টসহিক্ষ্ ব্যক্তিকে সবীক্ষ দীক্ষা দিয়া আচার্য ও সাধকপদে অভিষিক্ত করিতে হয়। আচার্য মুমুক্ষ্, কিন্ত, সাধক ভোগার্থী। অভিষেক ব্যতীত ভোগ ও মোক্ষে অধিকার হয় না। কেবল সবীজদীক্ষাই পরমেশ্বরের সংগ যোজন-সাধক। এইজনা সাধক ও ভোগার্থীরও প্রথমে শিব বা পরমেশ্বরের নিন্কল রূপের সংগ যোগ হয়। তারপর ভোগাসিম্পির জন্য সদাশিব অর্থাৎ পরমেশ্বরের স-কল রূপের সংগ যোগ হয়। তারপর ভোগাসিম্পির জন্য সদাশিব অর্থাৎ পরমেশ্বরের স-কল রূপের সংগ যোগ হয়। সর্বপ্রথম নিন্কলর্পের সংগ যোগের উদ্দেশ্য এই যে, স-কল রূপে সিম্পিবহৃল হইলেও এই নিন্কলযোজন ক্রিয়ার প্রভাবে স-কল পদে অবস্থানকালে সিম্পি বা ঐশ্বর্যভোগ থাকিলেও ভোগান্তে পরমপদ প্রাণ্ডিতে কোন বাধা ঘটে না।

শিবধর্মিণী দীক্ষাতে সাধকের সাধকত্বে অভিষেক হয়। অভিষেক বিদ্যাদীক্ষার পরে হয়। শিবধর্মী সাধকের শিবপদে যোজনের পর যে সদাশিবপদে যোজনর পা দীক্ষা হর তাহাকে বিদ্যাদীক্ষা বলে। (বিত্রশ বর্ণাত্মক) সকল মন্দ্রই বিদ্যা, তাহার শ্বারা বিদ্যাদীক্ষা হয়। সদাশিব পদ বিদ্যাত্মক। যদিও সকল মন্দ্রশ্বারা পরমপদের প্রাণ্ডিও হইতে পারে তথাপি বাসনাভেদবশতঃ উহাকে বিদ্যাদীক্ষা বলে। সদাশিব পদ পর্যন্ত অণিমাদি ভোগদীক্ষাই ভ্রিটাদীক্ষা। ইহা শান্তি পর্যন্ত পদে যোজনের পর হয়। অবশ্য গ্রুর্কৃপাতে ইহা শিব-যোজনাত্মিকাও হইতে পারে—ইহা প্রেও বলা হইয়াছে। শিবধর্মী সাধককে বিধিপর্বক কর্মশোধন করিতে হয়। নিব্তিক, প্রতিষ্ঠা ও বিদ্যা এই কলাতে যে কার্মফল আছে তাহা স্থলে। স্ক্রের্পে পাঁচ কলাতেই কর্মসন্তা থাকে। অর্থাৎ শান্তি ও শান্তাতীত কলাতে স্ক্রের কার্মফল থাকে। এইজনা সমনা পর্যন্ত সম্বত্ত অধনাই পাশ জাল।

সাধককে কর্মের ক্ষর করিতে হর বটে, তবে সকল কর্মের নহে। প্রান্তন বা সন্থিত ও আগামী কর্মের ক্ষর একসন্থেগ করিতে হয়, কিশ্তু বর্তমান দেহ স্বারা মন্দ্রারাধনাদির প কর্মকে নন্ট করিতে নাই, তাহা হইলে সাধকের সিম্পি বা ভ্তি লাভ হইতে পারে না। ভোগাথী সাধকের ভোগপথে বাধাদান অনুচিত। বিদ্যাদেহ বা সদাশিবরপে সকল মন্দ্রের ন্যাস করিয়া ও ঐ দেহকে অণিমাদি গুণসম্পন্ন ধ্যান করিয়া তাদ্শ গুণসম্পত্তির জন্য হোমপূর্ব ক সাধকের অভিষেক করা আবশ্যক। সকল যোজন ঠিক ঠিক নিম্পন্ন হইলে অণিমাদি গুণের উদয়ের জন্য প্রক্রিয়া করিতে হয়। অভিষেকের প্রণালী হইতে বুঝা যায় যে ভোগাথী সাধকের জন্য আপাততঃ ভোগের ব্যবস্থা থাকিলেও অন্তে মাক্ষই প্রাণ্ড হয়।

শিষ্যভিষেক

পাঁচটি কলসের স্বারা অভিষেক হয়। এই সকল কলস ক্রমশঃ দক্ষিণ, উত্তর, পশ্চিম, পূর্বে ও ঈশানকোণে স্থাপিত হয়। প্রথম তিন কলসে ক্রমশঃ নিবৃত্তি প্রভূতি তিন কলার ন্যাস করার পর শান্ত্যতীত কলার ন্যাস ঈশানকোণস্থ কলসে করিয়া অশ্তে প্রেণিক্স্থিত কলসে শান্তিকলার ন্যাস করিতে হয়। শাশ্তাতীত কলার পর শাশ্তিকলার ন্যাসের তাৎপর্য এই যে সাধক যেন প্রথমে শিবদশাতে বিশ্রাম্তি লইয়া নিবি'ঘুভাবে সদাশিব দশায় সিম্পিলাভ করিতে পারে। ইহার পর ভোগাম্বাদনে তৃত্ত হইয়া অশ্তে শিবস্থলাভ করিতে পারে। শাশ্তিকলার ভোগই পরমেশ্বরের স-কল অবস্থার অণিমাদিভোগ। শাশ্তাতীত কলা প্রথম তিনকলা ও শান্তিকলা খারা আব্তে থাকে। এই পাঁচ কলসে প্রিথব্যাদি পাঁচটিকে ন্যাস করিতে হয়। এই পাঁচটি পণ্ড ম্থলেভতে নহে, কিল্ডু বশ্ত্তঃ রক্ষম্বর্প, যাহাদের মধ্যে সমশ্ত তত্ত্ব ও তত্ত্বেশবর শ্ফুরিত হন। ইহার পর প্রতি কলসে আরাধা মন্ত্র অর্থাৎ প্রধানতঃ সকল মন্ত্র ও অন্যান্য মন্ত্র ন্যাস করিয়া সর্বস্তৈত্বাদি বিদ্যাণগসমূহ স্বারা 'সকলীকরণ' করিতে হয়। তারপর উহাতে এই সকল বিদ্যাশ্যের আবরণন্যাস করিতে হয়। এই সকল সর্বজ্ঞত্বাদি বিদ্যাণ্য সিন্ধি-সম্পাদনের অনুরূপ বলিয়া অন্যপ্রকার আবরণন্যাস দরকার হয় না। ইহার পর সাধ্যমন্ত্র ম্বারা নিব্স্ত্যাদি প্রতি কলসকে অভিমন্ত্রিত করিতে হয়। তাহাতে মন্ত্রপ্রভাবে সকল ভূমিই সিম্প্রিপ হইতে পারে।

আচাৰ্যভিষেক

এইবার সংক্ষেপে আচার্যাভিষেক বর্ণনা করিতেছি। যে কোন ব্যক্তি আচার্যপদে নিযুক্ত হইতে পারে না। যে ব্যক্তি গুরু হইতে আগমের যথার্থ

प कितिएंगा

জ্ঞান লাভ করিয়াছে বা কায়িক, বাচিক ও মানসিক প্রবৃত্তির সংযমশীল, যে সদাচারসম্পন্ন ও সম্যক্প্রকারে শাস্ত্রবিহিত অনুষ্ঠান করে-এইর্প ব্যক্তি আচার্যপদে অভিষিপ্ত হইবার যোগ্য। এই অভিষেক শিবযোজন পর্যশত দীক্ষা সমাণ্ড হইবার পর করিতে হয়। ইহাতে পাঁচ কলসে পাঁচতত্ব ও তাহাদের ব্যাপক পাঁচকলা ন্যাস করিয়া তাহাদের মধ্যে অনন্ত হইতে শিব পর্যন্ত পঞ ভূবনেশ্বরকে স্থাপন করিতে হয়। তারপর প্রোদি ক্রমে ষড়গ্গ আবরণযান্ত মন্ত্রের চিল্তনসহ প্রমেশ্বরের অর্চন হয়, প্রমত্ত্ব ভাবনার সহিত প্রতি কলসকে অভিমন্ত্রিত করি:ত হয়। কলসসকলকে পজেন করিয়া মখ্যে অভিষেককার্য আরশ্ভ হয়। এক মশ্ডল রচনা করিয়া ও উহাকে গ্বন্থিতকাদি খ্বারা অলংকৃত করিয়া উহার উপর এক চন্দ্রাতপ লাগাইতে হয় ও উহাকে ধ্বজা স্বারা সনুশোভিত করিতে হয়। তারপর ঐ মন্ডলে চন্দন বা অন্য ভাল কান্ডনিমিত পীঠ স্থাপনপরে ক তাহাতে অনম্তাসন ধ্যান করিতে হয়। তাহার পর অভিষেকাথী শিষ্যের 'সকলীকরণ' সংস্কার করিতে হয়। তাহার পর তাহাকে ঐ পীঠে দশানাভিম্বথে বসাইতে হয়। তারপর গ্রেরু শিবভাবে আবিষ্ট হইয়া তাহাকে গম্পন্পাদি ম্বারা অর্চন করেন। দীপ প্রভৃতি ম্বারা আরতি, প্রাক্রস ম্বারা নিমম্পন করিতে হয়। ইহাতে সব বিঘের উপশম হয়। তারপর ঐসকল নিব্ত্যাদি কলসের মুখ হইতে জলধারা শিষ্যের উপর ঢালিতে হয়। ইহাই অভিষেচন। তারপর শিষ্য পর্ববিষ্ণ ত্যাগ ও নববষ্ণ ধারণ করিবে। প্রে'বন্দ্র মায়িক কণ্ট্রকভাবাপন্ন, অভিষ্যেকের পর তাহা আর থাকে না। নবীন-বস্ত্র পরমশিবের প্রকাশ। সদা ইহাকে ধারণ করিতে হয়। ইহার পর যোগপীঠ বা আসনে উপবিষ্ট শিষ্যকে গ্রের অধিকার দেন অর্থাৎ উষ্ণীষ মর্কর্টাদি ছত্ত পাদকো আসন অব্দ শিবিকা প্রভূতি রাজ্যোচিত উপকরণ ও আচার্যভাবের উপযোগী কর্তাবা (কাঁচি), সূক্, দর্ভা ও প্রতকাদি দান করিতে হয়। সংগ সংগ্রা আদেশ করা হয় ঃ "আজ হইতে তুমি আশ্রমচত্যুন্টরম্প ভগবংশব্রিপাত্যক্ত বলিয়া দীক্ষাযোগ্য ব্যক্তিকে কেবল অনুগ্রহ করার ইচ্ছাবশতঃ (দেনহ লোভাদিবশতঃ নহে) দীক্ষা দান কর। এই অধিকার তোমাকে সাক্ষাং পরমেশ্বরের আদেশে দেওয়া যাইতেছে।"

তারপর আচার্য অভিষিক্ত শিষ্যকে স্বহস্তে উঠাইয়া মন্ডলে প্রবেশ করাইবেন ও সেখানে প্রমেশ্বরের প্র্জা করাইয়া বাল্যবেন ঃ "ভগবন্! আপনার আদেশে আপনার আজ্ঞান্বতী আচার্যপদে প্রতিষ্ঠিত আমি এই ব্যক্তিকে অভিষিক্ত করিয়াছি। এই ব্যক্তি এখন গ্রেব্পরাম্পরাক্তমে শিবতত্ত্বের উপদেশ করিবে। আমি আপনার সামিধ্যে ইহাকে উপদেশ দিতেছি যাহাতে এই অন্বগ্হীত প্রেব্ধ আপনার স্বর্পে লাভ করিতে পারে।" তারপর গ্রেব্ধ মন্ডপের বাহিরে আসিয়া

ক্রমণঃ পাঁচটি কলসই অণ্নিতে আহ্বিত দিবেন। তারপর প্রাহ্বিত। তারপর অভিষিদ্ধ প্রব্রুষকে দক্ষিণ হস্তে পণ্ড অংগ্রুলী মন্দ্রুবারা চিচ্ছিত করিবেন ও কনিষ্ঠিকা পণ্ড অংগ্রুলীও স্পর্শ করিবেন। যথাবিধি এই করস্পর্শের প্রভাবে মন্দ্র দীশ্ত করণরপ্রে অলপ সময়ে কার্যক্ষম হয় ও সমস্ত পাশ দশ্ধবীজবং হইয়া ষায়। ঐ সময়ে শিষ্য মন্ডলাণ্নির সন্মর্থে পরমেশ্বর, কলস ও অণ্নিকে দন্দ্রবং প্রণাম করিয়া অধিকারপ্রাশ্তিবশতঃ প্রসম হইয়া জীবন্মবৃত্তি ও পরমশিবত্ব দ্বই ফলই প্রাণ্ড হয়। তখন হইতে সে শিবত্বগ্য হইয়া শিবধামপ্রাপক গ্রুব্রুপদ্বাচ্য হয়।

এই যে পরমেশ্বরের স-কলর্পে যোজনা ও তারপর অণিমাদি গুণপ্রাণ্তির জন্য অভিষেকজিয়ার কথা বলা হইল, ইহার পর্নে ভগবানের নিন্দল র্পের সন্দো যোগ ও তাঁর গুণপ্রাণিতর জন্য জিয়া আবশ্যক। কারণ, ভোগাথী সাধকের জন্য শাশের ব্যবস্থা আছে যে প্রথমে নিন্দল যোজন করিয়া পরে স-কল যোজন করিতে হইবে। প্রকৃত প্রস্তাবে দীক্ষামারেরই অন্তিম ফল মোক্ষ, তাহাতে সন্দেহ নাই। কিন্তু যাহারা মুমুক্ষর ও নিব্রিমাগী তাহাদের ভোগবাসনা না থাকার দর্শ মোক্ষর প ফললাভে কোন ব্যবধান থাকে না। কিন্তু ভোগাথী প্রের্ব প্রথমে ইছোন্র্প ভোগ আম্বাদন করিয়া ভোগবাসনাশন্য হইলে মুক্ত হয়। দুই দীক্ষার প্রয়োজনে ভেদ আছে, কিন্তু ফলে ভেদ নাই।

ক্রিয়াদ**ী**কা

ক্লিয়া ও জ্ঞানভেদে দীক্ষা দ্বইপ্রকার। উভয় দীক্ষারই এক বৈজ্ঞানিক ভিত্তি আছে। স্ক্রাদ্বিতে অন্সংখান করিলে তাহা ব্রুঝা যায়। ক্লিয়াদীক্ষা নানাপ্রকার—কিন্তর জ্ঞানদীক্ষা একই প্রকার। ক্লিয়াদীক্ষা সাধারণ ও অসাধারণ ভেদে দ্বইপ্রকার। তাহার পর অসাধারণ দীক্ষা অধ্বাভেদে ভিন্ন ভিন্ন—যেমন কলাদীক্ষা, তত্ত্বনক্ষা, ভ্রুবনদীক্ষা, বর্ণদীক্ষা, মন্ত্রদীক্ষা ইত্যাদি। ইহার মধ্যে তক্ষ্ণীক্ষা সাধারণতঃ চারিপ্রকার—ছার্ন্নণ তত্ত্বনীক্ষা, নবতত্ত্বনিক্ষা, পণতত্ত্বনীক্ষা ও বিতত্ত্বদীক্ষা। তারপর একতত্ত্বদীক্ষা ব্যায়ও ছার্ন্নণ তত্ত্বের শর্নাথ হইতে পারে। নবভত্ত্ব ইতেছে—প্রকৃতি, প্রবৃষ, নিয়তি, কাল, মায়া, বিদ্যা, ঈন্বর, সদাশিব ও শিব। ছার্ন্নণ ভত্ত্বেক পাঁচ বা তিন তত্ত্বে পারে। পণতত্ত্ব হইতেছে প্রিথবী, অপ্রে, তেজ, বায়্ব ও আকাশ। বিতত্ত্ব হইতেছে—শিব, আত্মা ও মায়া। একতত্ত্বদীক্ষাতে ছার্নণতত্ত্বের সমন্টির্পে একতত্ত্ব গ্রহণ করা হয়। ইহারই নাম বিক্র্ব'। উহার শ্রুমিতে সকল তত্ত্বেরই শ্রুমিধ হয়। পদদীক্ষার প্রণালী নব

পীক্ষরহস্য

তত্ত্বদীক্ষার অনুরূপ। বর্ণ, মন্ত্র, ভূবনদীক্ষার প্রণালী কলাদীক্ষার মতন। অতএব অধনের বৈচিত্রাবশতঃ ক্রিয়াদীক্ষা একাদশ প্রকার।

কিল্ড্র প্রেই বলা হইয়াছে জ্ঞানদীক্ষা এক ও অভিন্ন। ইহাতে বৈচিত্র্য নাই। সর্ব'সমেত বারো প্রকার দীক্ষা। প্রকের দীক্ষা সবীজ, নিবী'জ ও সদ্যোনির্বাপদায়িনী ভেদে তিনপ্রকার। মোট (১২×০) ছত্রিশ প্রকার। আচার্য দীক্ষা শৃধ্য সবীজ, তাই বারো প্রকার। দিবধমী' ও লোকধমী' সাধকের দীক্ষা একসংগে (১২+১২) চবিনশ প্রকার। সময়ীর দীক্ষাতে অধনন্যাস থাকে না। জ্ঞান খ্বারা স্থারগ্রীশ্ব প্রভৃতি ভেদ হইলে একপ্রকার, ক্রিয়া শ্বারা গ্রাম্থভেদ হইলে এক—মোট দুইপ্রকার। সমাণ্ট সংখ্যা (৩৬+১২+২৪+২=৭৪) চুরাজর। ভিন্ন ভিন্ন শিষ্যের আশ্র ভিন্ন বিলয়া কোনো সাধকে কোনো অধনার প্রাধান্য থাকে, অন্য সকল অধনার গৌণত্ব থাকে। এইভাবে দীক্ষা অনশ্তপ্রকার। আচার্য অভিনবগ্যুক্ত বলিয়াছেন—

ষত্র যত্র হি ভোগেচ্ছা তৎ প্রাধান্যোপক্ষেপতঃ। অন্যান্তভবিনাতশ্চ দীক্ষাইনন্তবিভেদভাক্।

এইর্প তত্ত্বাধনতেও কোনো তত্ত্বের প্রাধান্য ও অন্য তত্ত্বের গোণত্ত হইতে পারে।
দীক্ষা তাই স্বভাবতই বিচিত্ত, তবে ইহা মনে রাখিতে হইবে যে ছত্তিশ তত্ত্বদীক্ষা
অপেক্ষা নবতত্ত্বদীক্ষার অধিকারী ও গ্রুর্ শ্রেষ্ঠ। নবতত্ত্ব হইতে পণতত্ত্ব, তাহা
হইতে ত্রিতত্ত্ব, তাহা হইতে একতত্ত্বদীক্ষার অধিকার বিরঙ্গ। বস্তত্ত্বঃ একতত্ত্বদীক্ষার গ্রুর্ ও শিষ্য উভয়ই দুর্লভ।

কলাদীক্ষার বিজ্ঞান (পাশক্ষপণ ও শিবছযোজন)

দীক্ষাবিজ্ঞান সম্বন্ধে একটা স্পন্ট ধারণা লাভের জন্য এখানে দৃষ্টাম্তরপ্রে কলাদীক্ষার বিবরণ দেওয়া যাইতেছে। সকল অধনার মালে কলার প্রাধান্য ও শিষ্যাধিকারের প্রকারভেদের দৃষ্টিতে পর্বকের প্রাধান্য। তাই এম্থলে প্রকের কলাদীক্ষার বর্ণনা প্রদন্ত হইল।

বাগী শ্বরীগভে জন্মলাভের পরে সংসার উপশম ঘটে বলিয়া প্রক নামের সাথ কিতা। প্রথিবী হইতে কলাভন্ধ পর্যন্ত মায়ার অধিকার। ইহাই সংসারমণ্ডল। ইহার পরে আছে শ্রুণবিদ্যার রাজ্য। শ্রুণ বিদ্যাই বাগী শ্বরী। বাগী শ্বরীগভে জন্মগ্রহণ করিতে পারিলে বিশ্রুণভ্রনসকলে অবম্থান ও সন্ধারের অধিকার লাভ করা যায়। এই জন্ম বস্ত্তভঃ বৈন্দব দেহ মন্তদেহ-প্রাণ্ডির নামান্তর। এই জন্মবাপার সম্পাদন করিতে হইলে এক্রণটি অবান্তর সংস্কার আবশ্যক হয়। জন্মের পর ক্রমণঃ আরও পাঁচটি সংস্কার আবশ্যক হয়, যথা—অভিকার, ভোগ, লয়, নিন্ক্তিও বিশেক্ষ। মোট এই ছয় সংক্রার

লারা মন্তের প্রভাবে পশ্র পাশ সকল বিনন্ট হয়। পাশ নিবৃত্ত হয়, পরে তাহার সংক্ষারও নিবৃত্ত হয়। ইহাই দীক্ষার প্রথম অংগ বা পাশক্ষয়। দীক্ষার শ্বিতীয় অংগ শিবস্থযোজন, যাহার জন্য ক্রয়োদশ পদার্থের অন্ভবাত্মক জ্ঞান আবশ্যক হয়। সদ্গর্ব যখন দীক্ষাদান করেন তখন এই দ্ইটি অংগই পর্শভাবে নিম্পন্ন হয়। শিবস্থযোজনে যে তেরোটি বিষয়ে বিশেষজ্ঞান আবশ্যক হয় তাহাদের নাম এই—চার প্রমাণ, প্রাণসন্তার, ছয় অধ্যার বিভাগ, হংসেচ্চার, বর্ণোচ্চার, বর্ণাণ কতর্ক কারণসমহের ত্যাগ শ্না, সামরস্য, ত্যাগ সংযোগ, উদ্ভব, পদার্থভেদন, আত্মব্যাংক, বিদ্যাব্যাংক ও শিবব্যাংক। শিবব্যাংকতে নিজের শিবভাবাপত্তি পর্শ হয়। যোজনাজিয়ার ইহাই উদ্দেশ্য।

পাশক্ষপণ কলাতে অন্য অধনার আবিভবি

এখানে দৃণ্টাল্তরপে কলাধনা নেওয়া হইয়াছে বটে, কিল্ট্ জানিতে হইবে যে ইহাতে অন্যান্য অধনাও অল্ডভ্র আছে। তদ্বাদি অন্য দীক্ষাতেও একই নিয়ম। সর্বপ্রথম চাই অধনাসকলের সন্ধান ও উপস্থাপন। প্র্ঞা, মল্ডল, গ্রুর্, শিষ্য ও দীক্ষাথী শিষ্যের শরীরে পাশস্ত্র—এই ছয়টি অধিকরণে অবস্থিত অধনাসকলের একর সংমলন—ইহাই অধনস্গর। এই ক্রিয়ার সংগ্রে অধনাসকলের সাধারণ বা অভিন্নরপে জ্ঞানই উপস্থাপন ক্রিয়া শ্রারা সন্মিলিত অধনাসকল হইতে ইন্ট অধনার প্রধানরপে উপস্থাপন। অধনা উপস্থিত হইলে তাহার ব্যাণ্ডি দেখিতে হয়, য়াহাতে অধনার বিস্তার জ্ঞানা য়ায়। তথন দেখা য়ায় এই ব্যাণ্ডিদর্শন বস্ত্রেঃ সর্বত্র বিশ্বেরই দর্শন। কারণ, বিশ্ব ইহাতে অল্ডভ্রে। কলাদীক্ষাতে পাঁচ কলাতে ছব্রিশ তদ্ধ, দ্ব'শো-চবিনশ ভ্রুবন, পঞ্চাশবর্ণ, দশ মন্ত্র ও একাশি পদ অল্ডভ্রেও। ইহা ভাবনা শ্রারা সমন্টিভাবেও প্রথক্ভাবে জ্ঞান করিতে হয়। নিব্জ্যাদি কলা প্রথিব্যাদির শক্তি বা স্ক্রার্প। কলাবর্গের অধিষ্ঠান বন্ধা হইতে শিব প্র্যান্ত ছয়্মদেবতা। অর্থাণ্ড পাঁচ কলার স্মাণ্টিভ্রত বিন্দ্রর অধিষ্ঠাতা শিব। তাই সাকল্যে ছয় অধিষ্ঠাতা। এই ছয়-দেবতার শ্রন্থিতে কলাশ্রন্থ।

অধনশ্বদিধ

অধনশন্দির তাৎপর্য বর্ঝিতে হইলে সৃণ্টি ও শর্নিখতদ্বের রহস্য বর্ঝা আবশ্যক। চিদানন্দময় পরমেশ্বর আপন শ্বরপেভ্তো গ্রাভন্তা বা উন্মনা শক্তির শ্বারা সমগ্র বিশ্বকে নিজের মধ্যে অভিন্ন হইলেও ভিন্নবং ভাসিত করেন। শিব হইতে পৃথিবী পর্যন্ত সমগ্র বিশ্ব বাচ্য বা গ্রাহ্য এবং বাচক বা গ্রাহকর্পে শ্বিত। বাচক পর, সংক্ষা ও স্থলেরপে বর্ণ, মন্ত্র ও পদনামে প্রসিম্ধ। বাচ্যও পরাদিরপ্পে কলা, তম্ব, ভ্রবন নামে প্রসিম্ধ।

দীকারহস্য

বর্ণশন্দের তাৎপর্য অভেদবিমর্শনের পা শক্তি—ইহা পরা। কিঞিং স্থ্লে হইলে ইহা হয় ভেদভেদবিমর্শমেয় মন্ত্র—ইহা সংক্ষা। আরও স্থলে হইলে ইহা ভেদবিমর্শমেয় পদ নামে প্রসিম্ম হয়—ইহা স্থলা। বাচ্যরপা শক্তি ক্রমশঃ কলা, তম্ব ও ভ্রন রপে ধারণ করে। বাস্তবিকপক্ষে কলা নামে একই শক্তি স্ফ্রিত হয়। এই স্ফ্রেণে যৌগপদ্য তো থাকেই, তাহা ছাড়া দপণনগরবং ক্রমেরও ভান হয়। ক্রমের ভানেও বৈশিষ্ট্য থাকে। অর্থাৎ যেটা প্রবর্তালিক সেটা উত্তরকালিকর্পে ব্যাপকভাবে থাকে, যেমন ম্ভিকা থাকে ঘটাদিতে। আর যেটা পরকালিক সেটা প্রেকালিক পোকে থাকে শক্তিরপে, যেমন বৃক্ষ থাকে বীজে। অতএব সব বস্ত্রতেই সব বস্ত্র আছে—'সর্বং সর্বাত্মকম্।'

এইভাবে দেখিলে জানা যায় প্রতি প্রমাণ বা ভাবই বঙ্গত্বতঃ প্রমশিবের ম্বরূপ। এই ম্বর্পেটি ছয় অধনার ম্ফুরেণরূপ পরমেশ্বর-শক্তিময় ও অকার হইতে হকার পর্যন্ত পরামশ্রিপে পর্ণাহন্তাময় বিশ্রামম্থান। কিন্তঃ আত্মা আপন মায়াশস্তির প্রভাবে স্বীয় প্রমশিব ভাব না জানার দর্বে নিজেকে অপূর্ণ भरत करत । भाष्ट्रीकनात প্रভाবে তাহার खेष्वर्य ना॰व हर्य । खेष्वर्यातारभव মুখ্য ফল এই যে, বর্ণ ও কলা নিজের তাত্তিকরুপে স্ফুরিত না হইয়া প্রতায়-সকলের উৎপাদন করে। এই প্রতায়বশতঃই আত্মা দেহাদি অনাত্ম বস্ততে অহং প্রতীতি করিতে বাধ্য হয়। সংগ্রে সংগ্রে ক্রিয়াংশের সংগ্রে সংবর্ধ হওয়াতে নিজেকে ভোক্তারপৌ মনে করে। এই অভিমানের দর্ণ খেচরী, দিক্চরী, গোচরী ও ভ্রেরী এই চারি শক্তিকের অধীন হইয়া "পশ্" পদবাচ্য হয়। এই পশ্বভাব দ্বে করিবার জন্য পরমেশ্বরের অনুগ্রাহিকা শক্তি ভগবদ্ভাবাবিণ্ট গ্রুর্র হাদয়ে প্রমার্থান্বরুপে ক্যুরিত হইয়া সমুত অধ্যাকে, তাহার সংকোচ দরে করিয়া, অনবচ্ছির চিংশক্তির স্ফরণরপে প্রদর্শন করে এবং দীক্ষা ও জ্ঞানাদি স্বারা শোধিত করে। অতএব গরের স্ফারণরপে মন্ত্রাদি শোধক, এবং পশ আত্মতে অভিনিবিষ্ট মন্তাদি শোধ্য। মন্তাদিতে এইপ্রকার শোধ্যশোধক ভাব আছে—একথা মনে রাখিতে হইবে। এক এক অধনা সর্বময় বলিয়া তং তং অধ্বার প্রাধান্যবশতঃ দীক্ষা-ব্যাপারে অন্য পাঁচ অধ্বারও অশ্তভ বিরুপে শোধন ঘটে। এই জন্য ব্যাণ্ডিজ্ঞান দরকার।

निर्जिकनात्र त्नाधन

যখন পর্বেবর্ণিত উপস্থাপন ক্রিয়ার দ্বারা কলা অধন সদ্ম্থে উপস্থিত হয়, তখন উহাকে নিকটে আনিয়া শর্ম করা আবশ্যক। ইহার পর শিষ্যের দেহে নিদ্দ হইতে উপর পর্যাশত ক্রমশঃ নিব্ছি প্রভৃতি পাঁচটি কলার ন্যাস করা স্মাবশ্যক। এমনভাবে উহা করিতে হইবে যাহাতে গ্রেক্ফ পর্যাশত নিব্ছির এবং ১০ ব্রহ্মান্ডের অন্তর্গত সাতটি ভ্রন আছে, ব্রহ্মান্ডের বাহিরে দশদিকে একণত । দ্রভ্রন আছে, এবং সকল ভ্রনের উপরে সর্বাধিন্টাতা বীরভ্রের ভ্রন আছে। এইপ্রকারে নব্রিকলার অন্তর্গত পৃথিবীতন্তের একশত আটটি ভ্রন আছে জ্লানিতে হইবে। ছ্যান্ডের অন্তর্গত সাতটি ভ্রন এই প্রকার—অধোভোগে কালাণিন, ক্র্যান্ড ও হাটক এই ভন, মধ্যভাগে ভ্রোক একটি এবং উম্বর্ভাগে সত্যালাক হইতে সপ্তলোকাত্মক এক ভ্রন। মনন্তর উহার পন্চাতে বিজ্ঞালাক এক এবং র্ম্বলোক এক। সর্বসমেত সাত ভ্রন।

১১ জ্বলতন্তের গ্রেয়াণ্টক নামক আটটি ভ্রবন আছে। তেঞ্চতন্তের অতিগ্রোণ্টক গমক আটটি ভ্রবন আছে। বার্তন্তের গ্রেয়তরাণ্টক নামক আটটি ভ্রবন আছে। আকাশ ক্রের পরিবাণ্টক, অহংকার, তন্মার ও ইন্দির তত্তের স্থান্থন্টক নামে আটটি, ব্রাণ্ধতান্তর স্বেয়ানি অণ্টক নামে আটটি এবং গ্রেণতন্তের যোগেন্বরাণ্টক নামে আটটি—এই প্রকারে সর্বসাকল্যে ছাম্পান্নটি ভ্রবন আছে। এই যে দেবযোনি ভ্রবনের কথা বলা হইল—ইহা স্ক্রো। ইহাদের স্থলেভ্রবন ও আছে, সেগ্রালি ব্রহ্মান্ডের অন্তর্গত।

১২ পরেম্ব ও রাগতন্তের আটটি বিদ্যোশ্বরের ভ্বন, নিয়তি ও বিদ্যাতন্তের বামা হইতে মনোন্মনা পর্যকত নর্রটি শক্তির ভ্বন, কাল ও কলাতন্তের মহাদেবাদি শ্বারা অধিন্ঠিত তিনটি ভ্বন এবং মায়াতন্তের সাতটি ভ্বন—একটি নীচে, একটি উপরে, চারটি মধ্যে এবং মায়াধিশ্ঠাতা অনশ্তের ভ্বন একটি—সাকলো সাতটি ভ্বন আছে।

১০ শর্মধবিদ্যাতে বিদ্যাবাণিমগণের এক ভাবন, ঈশবরতত্তের পনেরে। ভাবন, ঈশবরের এক ভাবন, অনুষ্ঠান ভাবিদ্যাবাণিমগণের আট ভাবন, ধর্মাদির চার ভাবন, বামাদি তিন শান্তর এক ভাবন, আনফিরার এক ভাবন ও সদাশিব তত্তের এক ভাবন—এইপ্রকারে সর্বসমেত সতেরে। ভাবন আনিতে হইবে। ইহাদের মধ্যে আনফিরা ভাবনে উনবাটটি ভাবন আছে।

পদ আছে এগারোটি। শাশ্তাতীত কলাতে তম্ব আছে দুইটি (অর্থাৎ বিন্দু, নাদ—কলার্পাশক্তি ও শিব), ভূবন আছে ষোলটি, ১৪ বর্ণ আছে ষোলটি (বিসর্গ হইতে অ পর্যশ্ত), মশ্ত আছে একটি ও পদ আছে একটি (ঝ)।

এই বিশাল বিশ্বব্যাপক পাশসম্হেকে শোধন শকরিবার জন্য একটি প্রণালী আছে, যাহাতে জন্ম প্রভৃতি ছয়ি সংক্ষার অন্তর্গত রহিয়াছে। সমগ্র জগতে চৌদপ্রকার প্রাণী বিদ্যমান আছে। এই সকল প্রাণী দেবতা, মন্ব্য ও তিয়ক্ত্র এই তিনটি মুখ্যপ্রণীর অন্তর্গত। এই সকল জীবের দেহস্থি ভ্তেসর্গন্মে পরিচিত। কিন্তু যোনি ব্যতীত দেহ স্থিত হইতে পারে না। এই চৌদপ্রকার ভ্তেস্থির ম্লেভ্তা যোনি শতর্দ্র হইতে অনন্ত পর্যন্ত বিস্তৃত। শতর্দ্র ব্রহ্মান্ডের বাহিরে অবশ্থিত এবং অনন্ত ব্রহ্মান্ডের অধাভাগে অবশ্থিত। বাক্ অথবা বাগীশ্বরী এইসকল যোনির মধ্যে না থাকিয়া নিব্রত্তির উপরবতী কলাসকলে ব্যান্ত থাকেন। নিব্রত্তিরাপিকা বাগীশ্বরীর সংগ প্রথিবী তত্ত্ব স্থিত অনন্ত হইতে শতর্দ্র পর্যন্ত বিভিন্ন ভ্রবন সকলের অধিবাসী চৌদ্দপ্রকার প্রণার বিভিন্ন শরীরের সম্বন্ধ রহিয়াছে। বস্ত্ত্তঃ বাগীশ্বরীই সকল শরীরের উৎপাদিকা। কলাদীক্ষার সময়ে যখন অধ্বসনিধানের পর অধ্ববিশেষ র্পে কলাঅধ্বার ও তদন্তর্গতি নিব্রত্তিকলার উপস্থাপন হয় তখন ঐ নিব্রত্বিবাসিকা বাগীশ্বরীকে নিব্রত্তিকলার অন্তর্গত যোনিসকলের মধ্যে একসংগ খ্যত্রর্পে সন্নিহিত করা আবশ্যক হয়। বাস্ত্রিকপক্ষে যে ব্যক্তির উপর

এখানে উহাদের বিবরণ দেওয়া অনাবশ্যক। সদাশিব ভ্রেন শিবর্দ্ধাদি আবরণের অন্তর্গত অনুত ভ্রেনাবলির ব্যাপক।

১৪ শাণতাতীত কলাতে যে শিথতন্তর আছে ভাহাতে বিশ্বর হইতে সমনা পর্যণত সকল জ্মিই বিদ্যান রহিয়াছে। ইহাদের মধ্যে বিশ্বন, নাদ ও কলা এই তিনটি আবরণ প্রধান, তথ্যধ্যে বিশ্বন আবরণের জিনটি জ্বন আছে, যথা—শাশ্তাতীত জ্বন, ইহা নিবৃত্তি প্রভৃতি চারটি কলাশ্বারা বেণ্টিত। অর্ধচন্দ্র ভ্বন ও নিরোধিকা ভ্বন ইহারা আপন আপন পাঁচ কলার শ্বারা বেণ্টিত। নাদাবরণে আছে ছয়টি জ্বন, নাদে আছে ইন্ধিকা প্রভৃতি পঞ্জাতির পাঁচটি ভ্বন এবং নাদাশ্বে স্ব্রুদ্দেশ্বর পরস্কলে এক জ্বন। শাল্ত আবরণে মোট সাতিটি ভ্বন আছে যথা—স্কল্প প্রভৃতি চার শান্তর শ্বারা পরিবেণ্টিত পরাশন্তির ভ্বন, ব্যাপিনী ভ্রিতে পঞ্চকলার পঞ্জাবন এবং সমনা অথবা মহামায়াতে একটি শিবভ্বন, সাকল্যে যোলটি ভ্বন।

১৫ দীক্ষাতে প্রের্থে বিদ্যমান সকল পাশেরই শোধন হয়। ব্রিখ্যাত পাশের শোধন হয় না। তবে শক্তিপাত তীরতম হইলে ব্রিখ্যাত দোষসমূহের বীঞ্জ নণ্ট হইয়া যায়।

ভগবানের অনুগ্রহ উৎপন্ন হয় ভাহার জন্য বাগী-বরী আর্তবরূপে সন্মিহিত থাকেন। এই অর্তব শৃষ্ধ স্থির দিকে উন্মুখতাযুক্ত একসংগে বহুদেহের সূতির সামর্থামার। গ্রের কেবল প্রয়োজনব্যাপার স্বারা সামিহিত বাগী-বরীকে মন্ত্রাবন্ধনের ম্বারা স্থাপিত করেন। তাহার পর উক্ত শিষ্ট্রের পাশসত্রেক প্রোক্ষণ ও তাড়ন করিয়া নিজের দক্ষিণ মাগ'বারা বাহির করিয়া পরে উহাকে শিষোর বামমার্গ শ্বারা ভিতরে প্রবেশপর্বেক পাশস্ত্রেম্থিত পুর্যণ্টককে ছেদন করিতে হয়। তদনশ্তর ছিল্ল পূর্য'র্টককে আকর্ষ'ণ করিয়া দেহের সংগে তাহার রশ্মিমার সম্বন্ধ রাখিয়া নিজের ম্বাদশান্তন্থানে অর্থাৎ মণ্ডকে রক্ষা করিতে হয়। তারপর ঐম্থানের চৈতনাকে সম্পূর্টিত করিয়া দিব্যশিবহঙ্গেত সংহারমনুদ্রার খ্বারা পরেক ক্রিয়ার সহায়তায় প্রদয়ে নিজের আত্মার সঙ্গে যোজন করা আবশ্যক। ইহার পর ক্রম্ভক ও রেচক্রিয়া ক্রিয়া উহাকে "বাদশাশেত উঠাইয়া লিগ্যমন্ত্রা-ম্বারা সন্মিহিত বাগীম্বরীর গভে স্থাপন করিতে হয়। এই গভাধানের সময় গ্রের নিজেকে ক্রিয়াশক্তিপ্রধান স্রন্টা ঈশ্বররপে এবং বাগীশ্বরীকে মায়ারপে দর্শন করেন। এই সময় বাগীশ্বরী অশুন্ধ জগংপ্রস্বকারিণী মায়ার পাই বটে. কিশ্ত: কালাশ্তরে শ**ুল্থ জ্**গৎ প্রসব করার সময়ে ইনিই মহামায়ার পা হইয়া যান। এই মায়ারপো বাগী বরীর সংগে শুম্পবিদ্যার কোন সম্বন্ধ নাই, নতবো ক্রমিক কর্মভোগম্বারা সকলকে একই সময়ে শুম্ব করার জন্য অনশ্ত দেহস্থি আবশ্যক হইত না। গ্রেবর পক্ষে শিষ্যের চৈতন্যকে মায়ারপো বাগী বরীতে যুক্ত করিয়া নিব্ৰতিকলাপ্ৰধান অধ্বাতে অথাৎ একশ আট ভ্ৰানে বিভিন্ন শ্বীরে স্থিট করা আবশ্যক হয়।

এই সকল দেহের সৃষ্টির একমাত্র উদ্দেশ্য এই যে ইহার খারা প্রান্তন কর্মবাসনানিমিন্তক অনুশত জন্ম, আয়ু ও ভোগাত্মক ফলের প্রাণিত ঘটে। এই সকল বিভিন্ন শরীরে তৎতৎ দেশকাল ও শ্বভাব অনুসারে ভোগ হইয়া থাকে, কারণ মন্তর্শান্তর প্রভাবে এই সকল শরীর একই সময়ে ফলোন্ম্যুথ হয়। নানাপ্রকার ভোগের জন্য শিষ্যের শর্ম্ম শরীরই যে বিভিন্নপ্রকার এবং বহ্মংখ্যক হইয়া থাকে, তাহা নহে। কিল্তা সে নির্দিত্ত ভোগের জন্য তদন্ত্রপ নানাপ্রকার জীবভাবেও বাগীশ্বরী যোনিতে সংযোজিত হয়। এই শ্থলে দীক্ষার পাত্র একজন হইলেও বিভিন্ন শরীর ধারণ করার জন্য তাহাকে অনেক বলা হইয়াছে। অনেক ভোগের আগ্রম্বর্প বিচিত্র দেহ ও বিচিত্র ভোগ্যের সম্পশ্বন্ধ বশতঃ, এক হইলেও উহাতে অনেকত্ব আবিভ্রতি হইয়া থাকে। বাগীশ্বরীর গর্ভে শিষ্যের চৈতন্য সংযোজিত করার পর সকল গভেই একসংগে শতর্ত্ব হইতে অনুশত প্র্যন্ত জানেক প্রকার দেহ পরমেশ্বর ভাবে আবিভ্ট গ্রহার ইচ্ছাবশতঃ সম্পান্ন হয়। ইহার পর গভা হইতে নিঃসরণ হয়। ইহার নামই জন্ম।

শীকারহস্য

পাশনাশের জ্বনা যে ছর্রাট সংশ্কার আছে তাহার মধ্যে ইহাই প্রথম সংশ্কার।

জন্মের পর অধিকার প্রভৃতি আরও পাঁচটি সংস্কার আছে ; ইহা বলা হইয়াছে। সকল যোনিতে ঐ সকল দেহ একই সণ্গে বৃদ্ধিপ্রাণ্ড হইতে থাকে। তখন উহাদের ভোগে অধিকার জন্মে। মায়ার অশ্তর্গত ভোগই কর্মের ফল। কর্ম' শুভ অথবা অশুভ বাসনাত্মক। এই সকল কর্ম' হইতে ভোগ দ্রুমশঃ উৎপন্ন হয়, কিন্ত, মন্ট্রণান্তর প্রভাবে অব্ধমে অর্থাৎ একই সণ্ডেগ ভোগসকল নিন্পন্ম হইতে পারে। অনেক জন্ম হইতে সঞ্চিত প্রাক্তন কর্ম দন্ধ হইয়া যায় এবং ভবিষাং কর্মের ব্যক্তিও নিরুশে হইয়া যায়। কেবল দেহারশ্ভক কর্মই ভোগ ম্বারা নন্ট হয়। কর্মান,ন্টান হইতে ভোগসাধন প্রাণ্ত হইলে স,খদ::খাত্মক ভোগ অনুভব করার অবসর হয়। ভোগনিবৃদ্ধ হইয়া গেলে কিছু সময়ের জন্য একটি অনিব'চনীয় ত্রিতার উদয় হয়, ইহা পরম প্রীতির অবস্থা। তন্ত্রশাস্তে উহাকে লয় বলিয়া উ: প্লথ করা হইয়াছে। ইহার পর নিন্কৃতি নামক সংক্ষারের আবশ্যকতা হয়। শুভ অথবা অশুভ কর্ম হইতে বীরভদ্রভবেন পর্যশত বিভিন্ন ভাবনে জন্ম, আয়া, ভোগ এই তিনপ্রকার ফলের অন্যভব হয়। ইহাকে শাস্থ করার জনাই নি॰কৃতি সংশ্কার আবশ্যক হয়। ভ্রবনাকার বিষয়ে যে সকল বিষয় ভোগারপে হয়, উহাদিগকে শৃদ্ধ করা আবশাক হয়। নিব্দৃতির সংগে সংগে সমস্ত কর্মের ফলভোগ সমাণ্ত হইয়া যায়। ইহার ফলে কেবল জন্ম প্রভূতিরই যে শান্দি হয় এমন নহে, রাদ্রাংশপ্রাণিতরপো শান্দিও উৎপন্ন হয়। নিক্তি ভোগসমাণিতর সচেক। ইহার পর ভোগ হইতে বিশেষ ঘটিয়া থাকে। অর্থাৎ ভবিষাতে ভোগের সংগে কোনপ্রকার সম্বন্ধ ঘটে না। কারণ, ঐ সময়ে ভোক্তাতে ভোক্তর থাকে না। আণবমলের দর্শে যে বিষয়াসন্তি বা রাগ উৎপন্ন হয় তাহারই নাম ভোক্তম। বিশেষ অথবা ভোগভাব সম্পন্ন হইয়া গেলে ভতেসগ'রপে নানাপ্রকার স্থলে সক্ষ্মোদি শরীর নণ্ট হইয়া যায়। উহাদের প্রনর্বার উদ্ভবের সম্ভাবনাও থাকে না।

এইপ্রকারে দীক্ষার স্বারা তিনপ্রকার পাশেরই বিশেষ ঘটিয়া থাকে। ঐ সময়ে সব শরীর নন্ট হইয়া যায় বলিয়া গ্রুর্ শিষ্যকে অবিচ্ছিল চৈতন্যরপে দেখিয়া থাকেন। পাশসম্পর্যার্যক চৈতন্য শা্ম্ম নিব্তিকলার উপরে স্থিত হয় ও স্বর্ণপ্রভার ন্যায় দেদীপ্যমান হয়। তখন নিব্তি স্বারা ব্যাপ্ত প্রথিবীতত্ত্ব হইতে শিষ্যকে উঠাইয়া লইতে হয়। যদিও এই চৈতন্য নিব্তির শা্ম্মতাবশতঃ নির্মল, তথাপি এখন পর্যন্ত অন্যান্য কলার শা্ম্ম হয় নাই বিলয়া ব্যাপক দ্ভিতে উহাকে মলযুক্তই বলিতে হয়। গ্রুর্ ঐ চৈতন্যকে প্রথিবী তত্ত্ব হইতে আকর্ষণ করিয়া প্রথবপ্রতিত হংসবীক্ষের আকারে সংহার-

মনুরা স্বারা পরেকজিয়া অবলম্বনপর্বেক নিজের প্রদরে নিয়া আসেন। তাহার পর ক্মভক ও স্বাদশাশ্তে রেচন করিয়া প্রনর্বার স্বাদশাশত হইতে উঠাইয়া নাড়ীরশ্ধ স্বারা শিব্যের প্রদরে পেশছাইয়া দেন। তন্ত্রশাস্তে এই জিয়াকে 'তংস্থীকরণ' বলে।

নিব্ভিকলা শা্ব্ধ হইরা গেলে পরে ঐ কলার অধিষ্ঠাতা ব্রন্ধাকে আবাহন করিয়া প্রেলা ও তপণি করিতে হয়। তাহার পর শিষোর প্রেণ্টক অথবা সম্ক্রাদেহের কিণ্ডিং অংশ তাঁহাকে অপণি করিতে হয়। প্রেণ্টক শব্দের অর্থ পিনুরী' অথবা সম্ক্রা দেহের আরম্ভক পাঁচ তম্মান্তা ও মন, বর্ণিথ ও অহংকার এই আট অবয়ব। এই অন্ট অবয়ব হইতে শব্দ ও স্পার্শ এই দ্ইটি অবয়ব ব্রন্ধাকে অপণি করিতে হয় এবং তাহার পর পরমেশ্বরকে নিশ্নোক্ত আদেশ শ্রনাইয়া দিতে হয়, বথা—

"ভব্বনেশ স্বরা নাস্য সাধকস্য শিবাজ্ঞরা। প্রতিবন্ধঃ প্রকন্তব্যঃ যাত্রঃ পদমনাময়ম্॥"

(प्रचेवा-मानिनी:वज्रत)

হে ভ্রনেশ্বর! ভগবান শিবের আদেশ অনুসারে পরমপদের যাত্রী এই সাধকের মার্গে বিষ্ট্র উপস্থিত করিও না।

ইহার অন্তর্গত প্রেলা, হোম প্রভৃতি করিয়া তাহার পর ব্রহ্মাকে ও তাহার পর বাগীশ্বরীকে বিসন্ধান করিতে হয়। বাগীশ্বরী বংতৃতঃ খ্বাতশ্তাশান্তরপা পরাবাকেরই খ্যুরণমাত্র। তাই পরাবাকের সংগ্য একস্ব সম্পাদনই উহার বিসন্ধান। ইহার পর বিশন্ধ নিবৃত্তিকলাতে বিশন্ধ পাশ সকলকে দর্শন করিতে হয়। ইহার ফলে প্রান্তন ও ভাবী দ্ইপ্রকার কর্মাই কাটিয়া যায়, ইহা খপট দেখিতে পাওয়া যায়; কারণ, প্রকশিষ্য মন্ম্ক্র্র্বালয়া সাধকের ন্যায় ফলের দিকে উন্মন্থ থাকে না। ১৬ ফলদানে উন্মন্থ বর্তমান অথবা প্রার্থ কর্মের শৃত্তিশি করার বিধান নাই। কেবল ভোগ ম্বারাই উহাকে ক্ষীণ করিতে হয়।

এইপ্রকারে নিবৃত্তিকলার শর্বাশ্বর পর উহার সন্ধান আবশ্যক। ইহা সাধারণতঃ দুই প্রকারে করা হয়—(১) শর্ম্থকলার সন্ধান এবং (২) প্রতিষ্ঠা-

১৬ শিবধমি'নী দীক্ষাতে সাধককেও জন্মানতর হইতে সঞ্চিত শ্ভাশ্ভ এবং বর্তমান জন্মে ভাবী কর্ম শুন্ধ করিতে হয়। কেবলমার ভাবী মন্দ্রারাধনরপ কর্মের শোধন করা হয় না, কারণ এই সকল কর্ম হইতে বিভূতির আবির্ভাব হয়। লোকধমি'নী দীক্ষাতে লোকিক সাধকের প্রাক্তন ও আগোমী কর্মে অধর্মাংশমার নণ্ট করা হয়, ধর্মাংশ রাখিয়া দেওয়া হয়। দীক্ষার প্রভাবে এই ধর্মাংশ জাণিমাদি বিভূতিরপে ফল প্রদান করে।

<u> শীক্ষারহস্য</u>

কলার সন্দেশতাঃ অশন্ধ কলার সন্ধান। সন্পাণ পাণের শোধনকারক একাদশ অপাবিশিন্ট নিন্দকল মন্ত্রই শোধন করিয়া থাকে। এই নিন্দকলমন্ত্র শন্ধকলার বাচক বলিয়া ইহাকে শন্ধ বলা হয়, আর ইহাই অশন্ধকলার বাচক হইলে ইহাকে অশন্ধ বলা হয়। শন্ধ নিব্ভিবাচক নিন্দকলের উচ্চারণ কোন বিশিন্ট স্বর্পে করা হইয়া থাকে। ইহার স্বর্প পরবিন্দ্ পর্যন্তি ব্যাপক এবং ইহা প্রসর্মেশ্ব। এই দ্ইটির একত্ব অথবা সামরস্য ভাবনা করিছে করিতে এবং শন্ধ নিব্ভিকে লীন ও অশন্ধ প্রতিষ্ঠাকে উন্দেশ্ব করিবার জন্য তন্দাচক শন্ধ মন্তের সংগ্র একীত্বত ভাবনা করিয়া উচ্চারণ করিতে হয়।

প্রতিত্যাকলার শোধন

ইহার পর প্রেবিণিত প্রণালীতে প্রতিষ্ঠাকলাকে শোধন করিবার বিধান রহিয়াছে। এইম্পলেও প্রের ন্যায় কলাসম্পান, প্রতিষ্ঠাকলার ব্যাশিতদর্শন, বাগশিবরী গর্ভ হইতে জন্ম এবং তাহার পরবর্তী অধিকার প্রভৃতি বিশেলষ পর্যন্ত সকল ক্রিয়াই করিতে হয়। কিন্ত্র নিবৃত্তি অপেক্ষা কিছ্ম কিছ্ম বৈশিষ্ট কোন কোন ম্থানে দেখিতে পাওয়া যায়। এই ম্থলে তাড়ন, প্রোক্ষণ প্রভৃতি কার্য ক্রিয়াপ্রধান ঐশ্বর্যম্যতিতে, এবং অধিকার, ভোগ, লয় এবং নিন্কৃতি শিবভাবাপর্যাপ ইইয়া করিতে হয় এবং বিশেলষণ একচেতন্য ভাবনা ও উন্ধারাদি ক্রিয়া জ্ঞানশন্তিপ্রধান সদাশিবর্গে ইইয়া থাকে, কিন্ত্র ক্রিয়াশন্তিপ্রধান ঈশ্বরর্পে হয় না। প্রতিষ্ঠাকলার অধিপতি বিষ্কৃত্ব। ইহাকে প্রের্ব-প্রণালী অন্সারে প্রের্থিকের রস অপণি করিতে হয়। ইহাকেও প্রের্বের ন্যায় ভগবদ্ আদেশ শ্রবণ করাইয়া বিসর্জন করিবার পর প্রাবাকে বাগশ্বরীকে বিসর্জন করিতে হয়। ইহার পর প্রের্বের ন্যায় কলাসম্থান করা আবশ্যক।

বিদ্যাকলার শোধন

এইপ্রকারে যখন পশ্র দর্ই কলা হইতে মর্ক্তিলাভ করে তখন তাহার চৈতন্যকে বিদ্যাতে যুক্ত করিয়া শর্ম্ম করিতে হয়। এই স্থালেও সকল প্রক্রিয়া পর্বের ন্যায় জ্ঞানিতে হইবে। কিল্ত্র বিশেলষণ ও পাশ ছেদের পর আত্মশ্বতা ও তংস্থীকরণ করা আবশ্যক। এই কলার অধিপতি রুদ্র। তাহাকে আমন্ত্রণ করিয়া পর্যন্টকের গন্ধর্পে অংশ অপণি করিতে হয়।

- ১৭ নিব্
 তি প্রভি
 তি পাঁচটি কলার বীক্তমল্যকে ক্রমশঃ হং, শিরঃ, শিধা, কবচ ও নেত্রমন্ত্র বলা হইয়া থাকে।
- ১৮ অধিকারাণিজ্ঞান প্রভাষবশতঃ হইয়া থাকে। সদাশিব প্রভাতি সমস্ত স্থলে একমাত্র শিবই প্রভা

শাশ্তি ও শাশ্তাতীত কলার শোধন

শাশ্তি ও শাশ্তাতীত কলার শোধনে নতেন কোন প্রক্রিয়া নাই, তবে এই স্থলে প্র্যন্তিকের অহংকার রূপ অংশ শাশ্তির অধিষ্ঠাতা ঈশ্বরকে এবং মনরূপ অংশ শাশ্তাতীতার অধিষ্ঠাতা স্দাশিবকে অপুণ করিতে হয়।

পণ্ডকলাবিশিষ্ট দীক্ষা সমাণ্ড হওয়ার পরে বাগীশ্বরীর নিকট ক্ষমা প্রার্থনা করার বিধান আছে।

প্রেম্ভিক অপ'ণ

পুর্যণ্টক অপাণের তাৎপর্য কি ? পুরে প্রদাশত হইয়াছে যে শিষ্যের পুর্যণ্টককে ব্রহ্মাদি পঞ্চকারণে অর্থাৎ কলাধিষ্ঠাত। দেবতাতে অপাণ করিতে হয় । এই পঞ্চদেবতা সমস্ত অধনার অধিষ্ঠাতা। ব্রহ্মাতে শব্দ ও স্পর্শা অপিতি হয় । এই ব্রহ্মা বাস্তবিক পক্ষে পরম ব্যাপকরপে নাদান্তের উর্থের বিরাজমান। ব্রহ্মার অধিষ্ঠাতা ব্রহ্মাবরপে বিরাজমান। ব্রহ্মাবরের অধিষ্ঠাতা ব্রহ্মাবরপে বিরাজমান। ব্রহ্মাবরের অধিষ্ঠাতা ব্রহ্মাবরপে বিরাজমান। ব্রহ্মাবরের অধিষ্ঠাতা ব্রহ্মাবরপে ও গন্ধের সমপাণ হয় । ইনি পরমব্যাপকরপে ব্যাপিনীপদে অবিস্থিত অনাগ্রিত নাথ ২০। মনে রাখিতে হইবে ব্যাপিনী শন্নেরই নামান্তর। ব্রাম্মিও অহংকার রপে অংশ ঈশ্বরেই অপিতি হইয়া থাকে। এই ঈশ্বর সমনাপদে আর্ঢ় স্টির অধিকারয়্ত্ত শিবেরই নামান্তরংব। মন সদাশিবে অপিতি হয় । এই সদাশিব নির্মাল স্বাতন্তাময় চিদানন্দ্রম পরম শিবেরই স্বর্পুর্যণ্ড । এই সকল দেবতাকে প্র্যাণ্ডকৈর অংশ সমপ্তি করার

- ১৯ ব্রহ্মে স্ক্রেতম শব্দ ও দপ্পের সম্বন্ধ আছে, কারণ ইহা নাদান্ত ও শক্তির মধ্যবতী অবদ্ধা।
- ২০ বিষ্ণার সংখ্যা সংক্ষারসের সংবংধ আছে, কারণ শক্তি মলেতঃ স্পর্ণপ্রধান হইলেও প্রসরণ অবস্থাতে রসময়ী হইয়া থাকে। এইজন্যই শক্তিময়ী বিষণ্যত সংক্ষাতম রসের সংবংধ মানা হয়।
- ২১ রুদ্রে স্ক্রান্তম সংস্কাররূপে অতি স্ক্রা গণ্ধের সন্তা রহিরাছে। ব্যাপিনী অথবা অনাশ্রিত পদে সমগ্র বিশ্বে সন্ধারকদবর্পে রুদ্রের স্থিতি। স্ক্রাতম সংস্কার অর্থাং গন্ধ পূর্বসূচ্ট জ্বগতের উপসংহারের পর স্থিতিশীল বীজভাবমাত্র।
- ২২ শিব কেবল মননাত্মক, এইজনা উহার সহিত লীন বৃণ্ধি ও অহংকার বাসনার সম্বন্ধ থাকে।
- ২৩ প্রমশিব উদ্মনাশক্তির সহিত সংশিল্ট। উহাতে মনন সংস্কার থাকেনা, ইহা সন্তা, কিন্ত্র তালিক আচার্যগণ বলেন বে উহাতে আতি স্ক্রতম, স্প্রশালত মনঃসংস্কারের স্ক্রথ থাকে।

উন্দেশ্য এই যে এই উপায়ে সক্ষোদেহে সক্ষোতম সংস্কারও শাল্ত হইয়া ঘাইবে। সক্ষোদেহ আত্যাল্ডকর্পে নিবৃত্ত হইয়া গেলে দীক্ষার প্রথম উন্দেশ্য প্রায় সিন্দ হইল বলা চলে।

শাশ্তাতীত কলা শৃশ্ধ হইরা পরমশিবে লীন হইরা ষায়। এই পরমশিব শ্বাতন্তাময় এবং ব্যাপিনী হইতে পৃথিবী পর্যন্ত সকল প্রকার ভাব ও অভাবের ভিত্তিশ্বর্প মহাশ্নোর আশ্রয়। শ্বাতন্তা শক্তিই উন্মনা এবং মহাশ্না সমনাত্মক।

প্রেক্তি বিবরণে মায়াতত্ত্ব পর্যন্ত অধ্বশ্বন্ধি দেখানো হইয়াছে। এই পর্যন্ত অধ্বা আত্মতত্ব্বারা ব্যাণ্ড, এবং পরমদ্ভিতে দেখিতে গেলে ইহাই প্রমেয়ন্বর্প। মায়ার উপরে শব্দ্বিদ্যা হইতে সদাশিব পর্যন্ত অধ্বা ভগবানের জ্ঞানজিয়াত্মিক। শক্তির শ্বারা ব্যাণ্ড। সমগ্র অধ্বার এই অংশটিকে পরমদ্ভিতে প্রমাণ ও করণাত্মক মনে করা যাইতে পারে। ইহার পর শক্তি অথবা সমনা পর্যন্ত শিবতত্ত্ব শ্বারা ব্যাণ্ড। ইহাকে পরম দ্ভিতে পরমাত্মর র্পে মনে করা যাইতে পারে। প্রকারাভ্রের বলা যাইতে পারে যে প্রথবী হইতে মায়া মর্যন্ত আত্মতত্ত্বই প্রমেয়, শব্দ্বিদ্যা হইতে সদাশিব পর্যন্ত বিদ্যাতত্ত্বই প্রমাণ এবং শক্তি ও শিবর্পী শিবতত্ত্বই প্রমাতা। এই তিন তত্ত্বের শব্দিতে জমশঃ প্রজা, হোম আদি বিধি এবং অনুষ্ঠানগত ন্যান্তা ও আধিক্যবশতঃ, মন্ত্রোচ্চারণ বিষয়ে বিলোমভাববশতঃ এবং মনোবিজ্ঞানর্পে ভাবনাতে বৈকলাবশতঃ যে সকল হাটি ঘটিয়া থাকে, তাহাদের নিরাক্রণও আবশ্যক হয়।

শিখাচ্ছেদ

ইহার পর শিখাচ্ছেদের বিধান রহিয়াছে। শ্বন্দেহে যে শিখা সংরক্ষণ করা হয় উহা মন্তক পর্যশত উধর্বগতিশাল প্রাণশান্তর অন্করণ। এই শান্তর অধঃপ্রবাহই বন্ধনের হেত্ব। বাহ্য শিখাচ্ছেদের তাৎপর্য হইল প্রাণশান্তর উপশম। শান্ত্যতীতা শন্তি সমন্ত তত্ত্ব ব্যাণ্ড, সমন্ত কারণের কারণ এবং সকলপ্রকার উপাধিবজিত ও নিক্ষলক। এই শন্তিকে প্রণের অগ্রভাগন্থ জলবিন্দর ন্যায় শিষ্যের শিখাগ্রে ভাবনা করিয়া ঐ শিখাটিকে মন্তপতে কর্তরী বা কাঁচী শ্বারা ছেদন করা আবশাক। ইহার পর শিখাহোম হইয়া থাকে। উহাকে প্রাণশান্তর বিলাপন মনে করিতে হইবে। এই পর্যন্ত কৃত্য নিক্ষম হইলে শিষ্য গ্রহ্র শিবহন্ত প্রভা করিয়া ও মন্ডপে পরমেন্বরের প্রভা করিয়া পরমেন্বরের নিকট এইরপে প্রার্থনা করিবে—"হে ভগবন্। আপনার কৃপাতে ছয় অধনতে নিবন্ধ পশ্বকে আকর্ষণ করিয়া এবং উহার মল শন্ত্য করিয়া শিখাচ্ছেদ পর্যন্ত যাবতীয় কৃত্য আপনার প্রদর্শিত ক্রমান্সারে আমি সম্পাদন

করিয়াছি। এখন উহাকে নিশ্চিতর পে পরমশিব অবস্থাতে পে'ছাইবার একমার উপায় আপনার নিরপেক্ষ অনুগ্রহ।"

भिवष्रयाजन (क्रिग्रामीका)

যোজনার উপযোগী যে সকল ক্রিয়া আছে তাহাদের তাৎপর্য কি ? পাশশ্বিশ্বর পর গ্রন্ধে ভগবদ্ আদেশ অনুসারে শিষ্যের অভেদসম্পাদক যোজনাক্রিয়া করিতে হয়। এই ক্রিয়ার অভ্নতগতি প্রাথমিক কৃত্য সম্পাদন করিয়া তাহাকে অভ্যমন্তসকল শা্ব্য করিতে হয়। এই সকল মন্ত শ্রীভগবানের অভ্যমন্ত লাজ্যদন করে, শক্তিম্বর্প। ইহারা চৈতনাম্বর্প আত্মার নিভ্চল ম্বর্পকে আচ্মাদন করে, স-কল ভাবের ম্ফ্রণ করে, এবং এইপ্রকারে ভেদজ্ঞানের উৎপাদক হয়। এই সকল মন্ত্রকে অনুরোধ করিতে হয় যে তাহারা যেন পশ্বকে স-কল ভাবে পরিণত না করে। যোজনকর্ম অত্যান্ত কঠিন। ইহার দ্বারাই জ্বীবাত্মা ও প্রমাত্মার মধ্যে যোগ সিম্থ হয়, এবং জীব প্রমশ্বি অবম্থা লাভ করিতে সমর্থ হয়। তাই ম্বচ্ছনতন্তে আছে—

তি শ্মন্ যুক্তঃ পরে তত্ত্বে সর্বজ্ঞাদিগ নাশ্বিতঃ ।
শিব একো ভবেদ্ দেবি অবিভাগেন সর্বতঃ ॥
জ্ঞান ও যোগের অভ্যাস না থাকিলে যোজনকিয়া করিতে পারা যায় না ।

পুর্বণ্টকে অর্থাৎ লিংনশরীরে যে অহংভাব থাকে তাহাকেই প্রথমে শাশ্ত করিতে হয়। কারণ, এই অহংভাবের উপশম না হইলে ভগবানের সংগ্ যোগ শ্বাপিত হইতে পারে না। শ্বংনাবশ্বায় প্রাণকে আশ্রয় করিয়া পুর্বণ্টক কার্য করে কিশ্তু সূর্যাপতে ইহার আশ্রয় শ্রা। এইজন্য প্রাণ ও শ্রেম ভ্রিমকে শাশ্ত করা আবশ্যক হয়। কারণ, যদিও কারণাধিষ্ঠাত্র দেবতাদিগকে পুর্বণ্টকের অবয়ব সকল অপণ করা হইয়াছে, তথাপি উহার শ্বারা এক হিসাবে ব্রক্তিসকলের নিরোধ হইতে পারে মাত্র। উহার ফলে ভ্রমিশ্রাম্থ হয় না এবং ভ্রমিশ্রম্থ না হইলে যোজনার উপযোগী আত্মা প্রভৃতির ব্যাণিত হইতে পারে না। প্রাণ এবং শ্রের প্রশমনের জন্য জ্ঞান এবং যোগাদি আশ্তর্কিয়া কিছ্র কিছ্র আবশ্যক। এই প্রসংগ শ্বাসের দেশগত ও কালগত পরিমাণ জ্ঞানিয়া প্রাণের আরোহণ অবরোহণ দুইটি ক্রিয়ারই তত্ত্ব জ্ঞানা আবশ্যক হয়। এইজন্য পর্বত্ব প্রাণিতর মার্গে যে পরিমাণ অধ্রা অভিক্রম করিতে হয় তাহার পরিচয় থাকা আবশ্যক। এই ব্যাপারিট, যাহা তন্ত্বশাস্তে অধ্রভগ্নন নামে অভিহিত হয়, উধ্রনাদের শ্বারা সম্পন্ন হয়। ইহার পারিভাষিক নাম হিংসোচ্চার'।

रश्याकान

এই উচ্চার দুইপ্রকার—একটি ম্বাভাবিক ও অপরটি প্রযন্ত্ব ম্বারা সিম্প হয়। এই দ্বিতীয় প্রকার উচ্চারের প্রভাবে নিন্কলমন্ত্রের অবয়বভাতে বর্ণসকল অর্থাৎ অ, উ, ম প্রভাতি বন্ধাদি কারণবর্গকে এবং তদনকে কালকে পরিত্যাগ করিতে সমর্থ হয়। এই পর্যন্ত ক্রিয়া সম্পন্ন করিতে পারিলে প্রাণের চণ্ডলতা দরে হয় এবং প্রাণ শান্তিলাভ করে। ইহাই হইল প্রাণের উপশম প্রণালী। ইহার পর শ্নাভ্মিকে শাশ্ত করা আবশ্যক হয়। এই বিষয়ে সম্যক্স্তান আবশ্যক, কারণ তাহা না হইলে মন্ত্র, আত্মা ও নাড়ী প্রভূতির সামরস্য বুরিতে পারা যায় না। সামরস্য বৃত্তিতে না পারিলে পরমেশ্বরের সংগ্রে আত্মার যোগস্থাপন কি প্রকারে হইবে ? মন্তোচ্চারে অগারপে উহার অগাভতে বারোটি প্রমেয় জানা আবশ্যক হয়। এই সকল প্রমেয় প্রণবের বিভিন্ন অবয়ব, ইহা মনে রাখিতে इ**टे**र्टर । **এইগ**्रांनित नाम अ. छे. म. विन्तः, अर्थानन्तः, निरत्नाधिका, नाम, नामान्छ. শক্তি, ব্যাপিনী, সমনা ও উন্মনা। এই সকল প্রমেয় জানিয়া উহাদের প্রত্যেকটি দশা ত্যাগ করিতে পারিলে ক্রমশঃ উধর্ব আরোহরপে অবস্থা লাভ করা যায়। ইহাকে উভ্ভব নলে। কিল্তু এই সকল দশা ত্যাগ করার ক্রম জানার পর্বে উহাদের সংযোগপ্রকার জানা আবশ্যক। জ্ঞান এবং মন্তরপৌ শলের দ্বারা অর্থাৎ বিশান্থজ্ঞান এবং মান্তা ও ভাবযান্ত মন্তবলে গ্রান্থসকলকে ভেদ না করিতে পারিলে পরেবির্ণিত দশা ত্যাগ অথবা উল্ভব কিছুই হইতে পারেনা। এই জ্ঞানও যোগের মলে, ভাবপ্রাণিত অর্থাৎ সন্দেরে ধারণা এবং শব্দাদির অন্যভব। এই দুইপ্রকার ভাবের বলেই বিশাম্ব জ্ঞান এবং যোগ উপলম্ব হইতে পারে। এই স্থিতিতে শনোর উপশম হইয়া যায়। এতটা পর্যন্ত পথ অতিক্রম করিতে পারিলে আত্মতত্ত্বে নিজের বিশান্ত্র্য অবস্থার অনুভব হয়। ইহাকে আত্মব্যান্তি বলে। ইহার পর বিদ্যাতত্ত্ব ক্রমশঃ উম্মনাতে বিশ্রান্ত হইলে বিদ্যাব্যাণিত আয়ন্ত হয়। তাহার পর শিবতত্ত্ব পরমশিবে সমাবিষ্ট হইলে শিবব্যাণিত সিন্ধ হয়। যখন শাস্ত্র অনুভব ম্বারা এই তিনপ্রকার ব্যাণিতর ঠিক ঠিক জ্ঞান জন্মে. তখন নিখ্ *তভাবে পরতত্ত্বোজন হইতে পারে।

প্রাণোচ্চারবিজ্ঞান

এইবার প্রথমে পরিমাণ সহিত প্রাণোচ্চারের বিজ্ঞান বলা যাইতেছে। যোগিগণ বলেন যে প্রাণ হান্য হইতে প্রস্ত হইয়া উপরের দিকে সমনাশান্তর কেন্দ্র রন্ধরন্ধ পর্যন্ত সন্ধার করিয়া থাকে। এই প্রদেশের বিশ্তার অতি বৃহৎ হইতে অত্যন্ত ক্ষান্ত প্রাণীতেও নিজ নিজ মান অনুসারে ছান্ত্রণ অত্যব্দি। প্রাণের এই গতি যদিও সকল প্রাণীতেই একপ্রকার, তথাপি কর্মবৈচিন্তাবশতঃ ইহাতেও তারতম্য দৃষ্ট হয়। এই ছন্তিশ অণ্যান্তিলার, যাওয়া ও আসা উভরপ্রকার গতি অণতভর্ক। ইহার মধ্যে প্রাণের গতি আরোহ ও অপানের গতি অবরোহ জানিতে হইবে। প্রাণর,পী স্বর্ণ প্রদরে উদিত হইয়া রন্ধরক্ষে অশতগমন করেন, ইহার নাম দিন। পক্ষাণতরে অপানের,পী চন্দ্র রন্ধরক্ষে উদিত হইয়া প্রদরে অশতগমন করেন—ইহার নাম রাচি। এই প্রাণ-অপানর,প দিবা-রান্তিতে দৃইটি সন্ধ্যা আছে। প্রাতঃসন্ধ্যার শ্থান প্রদয় এবং সায়ংসন্ধ্যার শ্থান রন্ধরণ্ঠ সন্ধ্যা আছে। প্রাতঃসন্ধ্যার শ্থান প্রদয় এবং সায়ংসন্ধ্যার শ্থান রন্ধরণ্ঠ হৈতে রন্ধরণ্ঠ সময় লাগে উহাকে যোড়ণ কর্টি বা একনিঃশ্বাস বর্ণনা করা হয়। এইপ্রকার রন্ধরণ্ঠ হইতে প্রদর পর্যানত নামিবার সময়ে অপানের ঠিক ততটাই সময় লাগে—ইহার নাম প্রশ্বাস। ইহারই মধ্যে উভয় সন্ধ্যার অন্তাভাব জানিতে হইবে। প্রত্যেক সন্ধ্যা এক এক ক্রিটকাল পর্যানত গ্থায়ী হয়। এইজনা প্রাণ ও অপান উভয়ের সাম্বালিত সণ্ডার সওয়া দৃই অংগালি বলা হইয়া থাকে।

যতক্ষণ পর্যানত প্রমাতন্তের জ্ঞান না হয় ততক্ষণ পর্যানত প্রাণসন্থার ক্রিয়া অভ্যাস করিতে হয়। প্রাণর প্রাণী মন্ত হাদয় ইইতে উপিত ইইয়া জ্ঞানবিকাশের তারতম্য অনুসারে উপরের দিকে প্রবাহিত হয়, কিন্ত পরমতন্তের জ্ঞান না থাকার দর্ণ ইহা বন্ধরন্ধ পর্বানত উপিত ইইয়া নীচে ফিরিয়া আসে এবং ব্রহ্মরন্ধ ভেদ করিতে পারে না। সর্বপ্রথম মন্ত আঠারো অংগালি পর্যানত উঠিয়া তালক্ষ্পানে উপনীত হয়়। এইটি রাদ্র অথবা মায়াগ্রান্থির স্থান। এই গ্রান্থ ভেদ না করিতে পারার দর্ণ ইহা মধ্যনাড়ীর দ্বারা হ্রান্থর স্থান। এই গ্রান্থ ভেদ না করিতে পারার দর্ণ ইহা মধ্যনাড়ীর দ্বারা হ্রান্থরে ঈশ্বরস্থানে গমন করে। প্রথম আঠারো অংগালি প্রাণ তালক্ষ্পানেই থাকিয়া যায়। ইহার পর হ্রান্থভেদন না করিতে পারার দর্ণ পরবতী ছয় অংগালি ঐথানেই থাকিয়া যায়। এইখান হইতে পাশ্ববিতী দাই নাড়ী অবলাবন করিয়া শেষ বারো অংগালি প্রাণ ব্রহ্মরাশ্ব পর্যানত গানে না। তাই শেষ বারো অংগালি ঐথানেই থাকিয়া যায়। ঐস্থানেই প্রাণের অস্তগমন হয়। ইহার পর অপানক্রিয়ার পরে ইহা পন্নবার হলয়দেশ হইতে উপিত হয়। এইপ্রকারে নির্বাতর এই কার্য চলিতেছে। ইহা হইল দাবলি অধিকারীর কথা।

কিন্ত্র যে সাধক শাক্তবল প্রাণত হয় তাহার প্রাণ সকল প্রন্থিতেই সণ্ডার করিতে সমর্থ হয়। পরতন্ত্বের জ্ঞানসম্পন্ন হইলে যে কোন গ্রন্থিতে স্থিত থাকিলেও প্রাণের গতি বাধিত হয় না অর্থাৎ দেহাদিতে প্রমাত্তাব উদিত হইয়া উহাকে অধীন করিতে পারে না। পরজ্ঞানবশতঃ সে দেহাদিতে বিদামান অহংকার হইতে সর্বদার জন্য মৃক্ত হইয়া যায়। প্রাণের উধর্বসণ্ডারের মাত্রা

দীকারহস্য

অনুসারে অজ্ঞান হইতে জ্ঞানের উদয় এবং তারপর জ্ঞানের ব্রান্থির একটি নির্দিষ্ট ক্রম দেখিতে পাওরা যায়। যে সময় প্রাণ শক্তির স্বারা প্রতিহত হইয়া নীচের দিকে গমন করে, সেই সময়ে সাধক অজ্ঞানের অবস্থাতে থাকে। এইটি 'অব**ু**ধ' অবস্থা। যে সময়ে সে হৃদয়ে স্থিত হইয়া হৃদয় হইতে উপরের দিকে উঠিতে আরম্ভ করে, সেইটি তাহার 'বুধামান' অবস্থা। ঐ সময়ে জ্ঞানের উৎপত্তি হইতে থাকে। উপরে উন্থিত হইতে হইতে যখন তাহার শক্তি লাভ হয়, তখনকার অবস্থার নাম 'বৃধ' অর্থাৎ জ্ঞানী। শক্তিবল প্রাণত হইয়া তত্বারোহণের কৌশল জানিতে পারা যায়—ইহার ফলে ব্যাপিনী পর্যন্ত উপনীত হইতে পারিলে সাধকের অবস্থার নাম হয় 'প্রবর্ণ্ধ'। ইহারও উপরে উঠিয়া সমনা পর্য'শ্ত সমশ্ত অধনা অতিক্রম করিতে পারিলে 'সনুপ্রবন্ধ' অবস্থা প্রাণিত হয়। তখন পরমতত্ত্বের আভাস পাওয়া যায়। তখন মনের সংস্কারও ক্ষীণ হইয়া ষায় বলিয়া উন্মনা ভাবের প্রাণ্তি হয়। ইহা বলা আবশাক যে এই অবস্থা ব্রহ্মরন্থ ভেদের পর হইয়া থাকে। এই অবস্থায় অণ্যুতম হইতে মহন্তম পর্য'ন্ত কালের স্পর্ণ থাকে না, নিবৃত্তি প্রভৃতি কোন কলা থাকে না, প্রাণ ও অপানের সঞ্জরও থাকে না, প্রথিবী প্রভৃতি ছন্তিশটি তত্ত্বও থাকে না এবং ব্রহ্মা, বিষ্কৃ প্রভাতি কারণবর্গও থাকে না। ইহা পরম অন্বয় এবং পরম শান্ধ অবন্থা। এই অবস্থার অনুভব হইলে জীবন্মুন্তি সিম্প হয়।

ৰডধুৱা

প্রাণের মধ্যেই ছয়৳ অধ্যা অবিশ্বিত। স্ক্রা ও শ্ব্লভেদে প্রাণ দ্ই
প্রকার। প্রাণসন্ধারের প্রসংগে যে প্রাণের কথা বলা হইয়াছে তাহা শ্ব্লপ্রাণ।
স্ক্রাপ্রাণে সন্ধার নাই। ইহা এক ও সর্বান্ত ব্যাপক। কিন্তা শ্ব্লপ্রাণের
একটা পরিমাণ আছে—ইহা ছবিশ অংগালিমার। এখানে অধ্যার আশ্রয়রপৌ
যে প্রাণের কথা বলা হইল তাহা স্ক্রাপ্রাণ। বিশেষসকলের মধ্যে সামান্যের
আভাস থাকে—তাহাকে তত্ত্ব বলে। শরীর ও ভাবনাদির রচনার মলে উপাদান
এই তত্ত্ব। দেহ, মাত্তিকা, কান্ত, পাষাণাদিতে যে কাঠিন্যের আভাস তাহাই
প্রিবীতত্ব। এইপ্রকার অন্যান্য তত্ত্বিষয়েও জ্ঞানিতে হইবে। এই সামান্যের
আভাস পরিচদ্ ভিত্তিতে ভাসমান হয়। ভাসমান হয় বটে কিন্তা পরমাচদ্ভ্রিমতে এইসকল চিদেকরস থাকে বলিয়া সেখানে কোনপ্রকার বিভেদ থাকে
না। সংক্রাচের সময়ে চিংশন্তি প্রথমে প্রাণের রপে গ্রহণ করিয়া দেহে ব্যাপক
হয় এবং বিভিন্ন তত্ত্বের রপে শ্বন্তির হইতে থাকে। ছয়টি অধ্যার মধ্যে
ইহারই নাম তত্ত্বাধ্যা ও ভাবনাধ্যা। সমগ্র দেহে ব্যাপক স্ক্রাপ্রাণে অন্যান্য

অধ্বার বিভাগ জানিতে হইবে। নিবৃত্তি ও প্রতিষ্ঠাকলা দেহের অধোভাগে, বিদ্যাদি তিন কলা উপরিভাগে আছে। আত্মার শুন্দদশা শাল্ডাতীত কলা হইতেও পরবতী। ভাহারও উধের উন্মনা ও পরতত্ত্বের সামরসারপে অব্যয়পদ আছে। মন্ত্রকলাসকলের ন্থিতিও প্রাণেই জানিতে হইবে। বর্ণ হইতেছে শব্দ, শব্দ হইল ধন্নাত্মক প্রাণের নবর্প। এইজন্য ধর্নিরপ্রপ্রাণ হইতেই বর্ণসকলের উল্ভব হয় এবং ধর্নিতেই বর্ণের লয় হয়। এইজন্য বর্ণাধরও প্রাণে ন্থিত। শব্দাতীত হইতে পারিলে পরমতত্ত্বের সঙ্গে অভেদ হয় ও বিভর্ত্বের আবিভবি ঘটে। তথন ধর্মধর্ম ও প্রাণাপানাদি যাবতীয় ত্বন্দেরর নাশ হয়। ২৪ বর্ণের নাায় মন্ত্র এবং পদও প্রাণে প্রতিষ্ঠিত, কায়ণ ঐগ্রন্তিও শব্দাত্মত।

दश्याकात ও वर्णाकात

এইবার সংক্ষেপে হংসোচ্চার ও বর্ণোচ্চারের কথা বলিব। পরমেশ্বরের বোধর্পা শক্তি বিশ্বকে গর্ভে ধারণ করিয়া পরাক্-ডালনীর্পে এবং বিমশাজিকা বালয়া নাদাজিকা বর্ণক্-ডালনীর্পে ক্র্রিড হয়। ১৫ ইহার পর ইহা ভিতরেই বর্ণক্-ডালনীর্প অভিভত্ত করিয়া প্রাণক্-ডালনীর্পে ভাসমান হয়। এই প্রণই 'হংস'। ইহা ক্রভাবতঃই উপর ও নীচের দিকে চলিতে থাকে। ইহার এইপ্রকার চলনবশতঃ 'হ' কার ও 'স' কার বিমর্শর্পে উহার ভান হয়। এইপ্রকে 'হ' কারের ধর্ম 'তাগা ও 'স' কারের ধর্ম গ্রহণ। এই নাদর্পী হংসের যেটা শ্বাভাবিক উচ্চার তাহাই পরিক্ষ্ট বর্ণের উচ্চার। এই বর্ণোচ্চার যোগিগণের হ্র্মধাক্র্মান ক্রেপে অন্ভত্ত হয়। এই বিন্দ্র অবিভক্ত জ্ঞানর্প। জগতের সকলপ্রকার ভেদ অর্থাৎ জাগ্রৎ, ক্রণন ও স্ক্র্যুণ্ডি এই তিন অবক্ষ্মার সম্পর্ণ ভেদের বাচক অ, উ ও ম এই তিনমারা। এই তিনটিকে পিন্ডিত বা মিলিত করিয়া একাকার করিলে যে জ্যোতির্মায় জ্ঞানের উদয় হয়, উহারই নাম বিন্দ্র। ইহার উপলব্ধি হয় হ্র্মধ্যে। ইহার পর মুক্তক অর্থাৎ ললাটে অন্ধচন্দ্রম্থানে উপনীত ইইলে প্রেভিরের বর্ণোচ্চার বিন্দ্রর্প হইতেও স্ক্ষ্মার্প ধারণ করে। বিন্দ্র

প ক্ষারহস্য

২৪ অধর্মের প্রভাবে পথাবর পর্যণত দেহের প্রাপ্তি হয়। এই সকল দেহ অপানপ্রধান হয়। ধর্মের প্রভাবে প্রাণপ্রধান শক্তি অথবা সমনাভ্যাম পর্যণত দেবাদি যোনির প্রাপ্তি
বটে। কিল্ড্রাবিজ্ঞানবলে অন্বয়-বোধ হইলে পরে উভয়ের ত্যাগ হয় ও জাবিত থাকিতেই
সর্বব্যাপকত্ব ও বিভয়ে আবিভ্রতি হয়।

২৫ এই বিশ্বগর্জা ক্রুডালনী শক্তি প্রস্থান্ত ক্রুগগবং। ইহা স্বভাবতঃই নাদমর বা বিমশ্মির রূপ ত্যাগ করিরা প্রাণাক্ষক রূপ ধারণ করিরা আছে।

অবস্থাতে বিভিন্ন জ্ঞেয়ের ভেদ বিগলিত হইয়া উহাদের অভিন্ন জ্ঞেয়রপে ভান दत्र । किन्छ , छेटाए७ एखत्राश्यत्र श्राथाना थाक, खानाश्यत्र नरह । किन्छ , जन्म-চন্দ্রে জ্ঞানাংশের বৃদ্ধির দর্বণ জ্ঞেরাংশের প্রাধান্য কম হইতে থাকে। ইহার পর উচ্চার নিরোধিকা অবস্থাতে উপস্থিত হয়, তখন জ্ঞেয়ভাবের প্রাধান্য একেবারে নিব্রুত্ত হয় ও পরিস্ফুট রেখারপে উধের্বন্মুখ প্রতীত হইতে থাকে। এই রেখা হইতে নাদে প্রবেশ হয়। কিম্তু ইহা অযোগীর পক্ষে নাদমাগের রোধক। তাই ইহার নাম "নিরোধিকা"। ইহার পর বর্ণোচ্চার নাদ ও নাদান্ত ভূমি অবলন্দন করে। এইটি ঈশ্বরপদ—এখানে জ্ঞেয়ভাব আভিভত্ত থাকে ও বিভিন্ন বাচক শব্দের অভেদজ্ঞান প্রধানতঃ ক্ষারিত হয়। মনে রাখিতে হইবে যে, বাচ্যবর্গের অভেদ বিন্দুতে হয় এবং বাচকবর্গের অভেদ নাদ ও নাদান্তে হয়। ইহার পর প্রাণ রন্ধারন্থের বা শক্তিম্থানে একপ্রকার দিবাম্পর্শ অনুভব করিয়া কৌশলপর্বেক উধ-প্রেবশ করিয়া ব্যাপিনীতে ব্যাপকত্ব লাভ করে। ত্বকের সংগ্র যেখানে কেশের সম্বন্ধ উহাই ব্যাপিনীর অনুভবস্থান। ইহার পর সমনাপদে অর্থাৎ শিখার সংগা কেশের সম্বন্ধম্থানে উহা বিশান্ধ মননরপে ম্পিত হয়। ইহা মন্তবাহীন মনন অথবা বিশুন্ধ মনের অকথা। প্রাণাত্মক হংস যখন ইহাও অতিক্রম করে তখন শহুত্থ অ অম্বরুপে প্রকাশমান হয়। ইহার ম্বভাব হইল মনের উল্লেখন। অর্থাৎ সমনা প্রথাত জ্ঞানক্রিয়াদি সবই ক্রমযান্ত, সমনার উপরে শ্বেশ আত্মা আপন স্বভাব প্রাণত হইলে ক্রমলন্দন হইয়া থাকে। ঐ সময় একই সময়ে সমগ্র বিশ্ব অভেদে প্রকাশিত হয়। এই অভেদপ্রকাশ উম্মনাশন্তির ব্যাপার। উন্মনার্শন্তির আগ্রয়ে শূর্ষ আত্মা পরমেশ্বর অবন্থা প্রাণ্ত হয় অর্থাৎ চিদানন্দময় পরমশিবের সংগ্রে আত্মার অভেদ সম্পন্ন হয়।

এইপ্রকারে শিবস্থলাভের ফলে প্রাণাত্মক সন্ধার হীন হইয়া যায়। প্রাণের সঙ্গেকাচ ও প্রসরণ আর থাকে না। উহা ব্যাপক হয়—ছব্রিণ তত্ত্ময় সমগ্র বিশ্বরূপে ও সংগ্যে সংগ্রে বিশ্বাতীতরূপে স্ফর্রিত হইতে থাকে।

এইবার বর্ণসকলের কারণত্যাগের কথা বলিব। নিব্ন্ত্যাদি কলার অধিষ্ঠাতা স্থান্যদি প্রদেশ হইতে ব্রন্ধাদি দেবগণের সহিত নিষ্কল মন্ত্রের অবয়ব অকারাদি বর্ণের বাচ্যবাচক সম্বন্ধ রহিয়াছে। ২৬ এই সকল বর্ণ ছয়টি কারণাত্মক দেবতাকে

২৬ রক্ষার স্থান হাদয়, বিষার কণ্ঠ ও রুদ্রের তাল্মধ্য। বিশ্বস্থারর প ঈশ্বরের স্থান দ্রমধ্য, নাদাত্মক সদাশিবের স্থান ললাট হইতে মুধা পর্যন্ত ও শিবের অংগভাত শান্তি ব্যাপিনী ও সমনার স্থান মুধার মধ্য হইতে ক্রমণঃ উপরে উপরে। বিশ্ব অংশচন্ত ও নিরোধিকা পর্যন্ত ব্যাপ্ত। নাদের ব্যাপ্তি নাদান্ত পর্যান্ত। আনন্দমন্ত্রী স্পর্শান্ত্যির অন্তে শান্তির ত্যাগ হয়। সেইপ্রকার নিবিধিরক মননমাত্রের অনুভব হইবার পরে সমনার ত্যাগ হয়।

উল্লেখন করিয়া পরাবাক্ষরেপে সর্বকারণকারণ পরমেশ্বরম্বর্পে লীন হয়।
ইহাদের মধ্যে প্রথম তিন ভ্মিতে বাচ্য ও বাচক পরশ্বর ভিন্ন বা পৃথক্ থাকে।
কিল্ড্র বিন্দর্ভে ও উহার উপরে উহাদের মধ্যে কোনও ভেদ থাকে না। অ, উ, ম
ক্রমণঃ বন্ধা, বিষ্ণু ও রুদ্রের বাচক হইলেও সাক্ষাদ্ভাবে ব্রহ্মাদির্পে বণিত
হইতে পারেনা, কিল্ড্র বিন্দর্ সাক্ষাৎ ঈশ্বরম্বর্প। সেইপ্রকার নাদ শ্বয়ং
সদাশিবর্প এবং সমনা পর্যলত শাস্ত প্রভৃতি স্বয়ং শিবভন্ধ, ও এর্প বলা চলে।
সমনার লম্বন হইলে যোগী শুম্ব আত্মর্পে প্রতিষ্ঠিত হয় এবং উন্মনা শক্তিত
অন্প্রবিষ্ট হইয়া পরম্মিবভাবে প্রাণত হয়। ব্যত্তে উন্মনার ত্যাগ হয় না—
উন্মনার আশ্ররে পরম্মিবভাবের প্রাণিতই উন্মনাত্যাগর্পে বণিত হয়।

ভাবের মধ্যে আপেক্ষিক শ্বনেতা ও সক্ষাতা লক্ষিত হয়। আরোহণ ক্রমে চরম অবস্থায় পরমসক্ষ্মভাবের প্রাণিত হয়। ভাবসকলের এই পরা অবস্থাকে পরাসন্তা রূপে বর্ণনা করা হয়। সর্বকারণভতে পরমেশ্বরেই এই আত্যান্তক সক্ষ্যেতার বিশ্রাম। উহা অখণ্ডভাব বলিয়া অনন্ত খন্ড কারণসকলের অভাবরপে। তাই কোন কোন প্থানে উহাকে 'অভাব' বা 'অসং'ও বলা হয়। সমনা যাবতীয় উপাধি হইতে অতীত, তাই উহাকে অলক্ষ্য (অলখ) বলে—উহা ইন্দ্রিয় ও মনের ব্যাপারের অতীত। দ্রুটামাত্র বলিয়া উহাতে দুন্যাত্মক কোন ভাব নাই। ক্রুতঃ ব্যবহারে উহা অভাবপদবাচ্য হইলেও উহা চিদানন্দঘন পরমসন্তা। উহার প্রাণ্তিই মোক্ষ। এই পরমভাবের তালনাতে উন্মনা শক্তিকেও অপরভাব বলা চলে। যদিও উন্মনা পরমেশ্বরের সমবায়িনী শক্তি বটে, তথাপি ইহা আত্মবিমর্শরপো বলিয়। অপরভাব, পরভাব নহে। উন্মনার ত্রলনায় সমনা অপরভাব, কারণ উন্মনা ব্যাপক, সমনা তার ব্যাপ্য। বার্ন্তাবক পক্ষে সমনা উন্মনা হইতে পূর্থক্ নহে। এইপ্রকার ব্যাপিনী সমনার অপরভাব। ব্যাপিনী যাবতীয় ভাবকে নিজের মধ্যে ধারণ করে বালিয়া মহাশনো পদবাচ্য। সমনাও শ্নাই বটে, কিশ্ত, ইহা ব্যাপিনীর পরাক্থা, কারণ মহাশ্নো অতিক্রম করিতে পারিলেই সমনার সত্তা প্রাণত হওয়া যায়। ব্যাপিনীর অপরভাব শ**ান্ত—ই**হা আনন্দরপো স্পর্শান,ভাতিময়ী। এই আনন্দান,ভব কাটাইতে পারিলেই ব্যাপিনীর অনুভব সম্ভবপর হয়। ম্পর্ণার্পা শক্তির অপরভাব নাদ ও ব্যাপীনাদ। যোগী শব্দরপে স্পষ্টভাবে ইহার অনুভব লাভ করে। বলা বাহ্বা, শব্দান্তব নিবৃত্ত হইলেই স্পর্শান্তব আনন্দর্পে লক্ষিত হয়। নাদের অপরভাব বিন্দ্ররপ জ্যোতি, যাহা অর্ধচন্দ্র ও নিরোধিকা পর্মনত ব্যাণত। জ্যোতির অপরভাব হইল মন্ত্র। অকার, উকার ও মকাররপে বর্ণপরামর্শই মন্ত্র।

এই শিব সদাশিব অপেক্ষা অসব্যা, কিল্ড পরমশিব অপেক্ষা সব্যা ।

এখানে অর্থবাচক মশ্র ব্রিকতে হইবে। মশ্রের অপরভাব পৃথক্ততে বাচা অথবা কারণবর্গ—অর্থাৎ রুদ্র, বিষয় ও ব্রহ্মা। এই ব্রহ্মাদি কারণব্যরের অপরভাব পদের আশ্রয়ভত্ত তত্ত্বসমণ্টি। ইহাদের পর তত্ত্বসকলের অপরভাব হইল ভত্ত্বন। ভত্ত্বন সর্বাপেক্ষা স্থলে। ইহার পর আর অপরভাব নাই।

ভাবসকলের এই পরেছ-অপরছ আপেক্ষিক দ্ভিতে স্ক্রোতা ও স্থ্রেতার নামান্তর। সমসত ভ্রনই পণ্ডল্ডের নামান্তর। যে সকল ভ্রন মায়া বিদ্যা প্রভৃতি পদে বিদ্যমান আছে, সে সব স্ক্রোতত্তে রচিত। কিন্ত্র অধাদেশবতীর্ণ ভ্রন স্থ্রেভতে ভ্রারা রচিত। সকল ভ্রনই আপন আপন কারণ ভ্রারা অধিষ্ঠিত। বস্ত্তঃ এই সবই শিবের ছয়টি স্থ্রেল বা অপরর্পের অন্তর্গত। এইপ্রকার সাকার রপ্রের ধ্যান হইতে নানাপ্রকার সিন্ধ্র্যাণিত হইতে পারে কিন্ত্র মোক্ষ্যাভ হয়না। মোক্ষ শ্ব্র পরম বা চিন্ময়র্পের ধ্যান হইতেই হইতে পারে। ইহা যোগীর পক্ষেই সম্ভব। যোগী ভগবানের ভ্রনাদি সাকাররপে সকলকেও িদানন্দময় শিবস্বর্পেই ধ্যান করিয়া থাকেন, সাকারভাবে করেন না।

পরমেশ্বরের ছয়প্রকার স্থলে রপে আছে—

- (১) ভ্রবন—ইহার চিশ্তনে ভ্রবনেশ্বরত্ব লাভ হয়।
- (২) বিগ্রহ—ব্রহ্মাদি কারণদেবতাগণের বিগ্রহচিম্তন হইতে তদ্রপেতা পাভ হয়।
- (৩) জ্যোতি অথবা বিন্দ্র—ইহা ধ্যান করিলে যোগসিন্ধি লাভ হয়, ত্রিকালজ্ঞান হয় এবং যোগের প্রকর্ষবশতঃ জ্যোতির সণ্গে তন্ময়তাপ্রাণিত হয় এবং শ্রেষ্ঠ যোগিপদে প্রতিষ্ঠা হয়।
- (৪) ব্যাপিনী বা আকাশ—ইহার ধ্যানবশতঃ শ্ন্যাত্মভাবের উদয় হইয়া বিন্দুত্ব জন্মে।
- (৫) নাদ বা শব্দের ধ্যানে শব্দাত্মভাব হয় ও সমঙ্গত বাঙ্ময়ে অধিকার স্কন্মে।
- (৬) মন্ত্র-জপ, হোম বা অর্চনা দ্বারা ইহার আরাধনাফলে মন্ত্রিসিদ্ধি হয়।
 কিন্ত্র মোক্ষপ্রাণিত হয় পরম্মিবের ধ্যান হইতে। পরম্মিব দুন্ট্রুবর্পে
 বলিয়া তাহার ধ্যান দৃশ্যরপে করা যায় না। উহাকে পরমুসন্তাত্মক চিদ্রপে
 ভাবনা করিতে হয়। সদাশিব হইতে প্থিবী পর্যন্ত সমুগত ভাবকে নিরালম্বন
 করাই তাহার ভাবনা। এই সকল ভাব বখন প্রশান্তরপে বা অরপে হইয়া
 শান্তিধামে অন্প্রবিণ্ট হয়, তখনই শান্তিময় হইয়া যায়। ইহারই নাম ভাবসম্হের
 অবলম্বনশ্ন্যতা অথবা চিৎতত্ত্বের ভাবনা। ইহার পরিণামে উপাধিহীন
 পরমতত্ত্বের প্রাণিত হয়। ইহাই কারণত্যাগের রহস্য।

ইহার পর হয় কালত্যাগ। সমশত অধ্বাই কালে প্রতিষ্ঠিত থাকার দর্শ ব্রিকতে হইবে যে দেশ ও কাল উভয়েরই ভিজি প্রাণ। আকারের বিভিন্নতাবশতঃ যেমন দেশাধার বিভাগ অথবা দেশক্রমের আভাস জন্মে, সেইপ্রকার ক্রিয়ার বৈচিত্র্যবশতঃ কালাধ্রার বিভাগ হইয়া কালক্রমের আভাস জন্মে, সেইপ্রকার ক্রিয়ার বৈচিত্র্যবশতঃ কালাধ্রার বিভাগ হইয়া কালক্রমের আভাস জর্ম। প্রাণ হইল পরমেশ্বরের শক্তি। তাই অশ্তে সকল অধ্বাই চিৎশ্বর্পেই বিশ্রান্ত। অতএব অমতে, সর্বগামী ও নিষ্কির ঠেতন্যের মর্তি ও ক্রিয়ার্পে শফ্তিই 'দেশ' ও 'কাল' নামে পরিচিত। কাল ঈশ্বরের বিশ্বাভাসক ক্রিয়াশক্ত্রিময় র্প। পরমাত্মার এই নিত্যর্পো মায়া প্রমাতার দ্ভিতে কালতত্ত্ব। যতক্ষণ পর্যন্ত কালকে প্রাণেললীন করা না যায় ততক্ষণ পরমভাবে শিথতি অসশ্তব। কালের প্রভাবেই প্রাণের উচ্চার হয়, প্রাণের উচ্চার হইতে মাত্রকা বা বর্ণসকলের উদয় হয়। বর্ণসকল উদিত হইয়া যাবতীয় বাচকশব্দে ব্যাণ্ড হয় ও বাচক বাচ্য অর্থে ব্যাণ্ড হয়। তাই জ্লাতের সকল পদার্থ কালের কলনার অধ্বীন।

তান্দ্রিক আচার্য'গণ বলেন যে, পরম প্রকাশর প পরমেশ্বর অথবা ব্যাপক সন্তার ভিন্তিতে প্রদয় হইতে শ্বাদশান্ত পর্য'ন্ত ভবনশীল প্রাণস্ঞারে অর্থাৎ ছিন্রশ অর্পান্নি পরিমিত প্রদেশে পর পর অর্থ ভৈরবের উদয় হয়। প্র্লেপ্রাণ ষোলো তাটি পরিমিত বলিয়া এক এক ভৈরব দাইটি দাইটি তাটি আশ্রম করিয়া কার্য' করিয়া থাকে। অপানেও তাই হয়। ৺ অনাভবযোগ্য কালের আদি (সাক্ষাতম) রপে হইল তাটি ও অন্ত বা মহানা রপে হইল মহাকলপ। যে মহাকল্পের অন্ত রন্ধার অন্ত হয়, ইহা সে মহাকলপ নহে। ইহা সেই মহাকলপ যাহার অন্তে সদাশিবের অন্ত হয় অর্থাৎ পরম মহাকলপ। ভালোক, পিতালোক ও দেবলোকাদি স্থানের কালমান হইতে রন্ধলোকের কালমানে ভেদ আছে, সেইপ্রকার রন্ধলোকের কালমান হইতে রন্ধলোকের কালমানে ভেদ আছে। রন্ধার লয় হইলেও সমগ্র সা্থি লান্ত হয় না কারণ, তথন রন্ধলোকের উধর্বতন সা্থি থাকে। কিন্তান স্বাণিব সমস্ত লোকের উপরে স্থিত ও সকল ভাবনের অধিষ্ঠাতা। তাই সদাশিবের লয় হইলে স্থিতীর প্রণ' লয় হয় বলা চলে। শ্রমার সংহারক কাল কেবলমান্ত একটি কারণকে সংহার করে কিন্তান

দীকার্হস্য ১৪১-

২৮ এই সকল ত্রটি কালের করণ। ইহারা প্রাণকে ক্ষর্থ করিয়া কালকে উদ্বৃত্থ করে। দুই ক্ষণে এক ত্রটি। ক্ষণ স্ক্রেও স্ফ্রট অন্ভবের যোগ্য নহে বলিয়া ত্রটি ইইতেই কালের আদিগণনা করা হয়। ইহার তাৎপর্য এই যে ত্রটি হইতে নান কালের ভান হয় না।

২৯ সদাশিব পর্যশন্তই বিশেবর ব্যাপ্তি। তাই সদাশিবের লয়ের সংগা সংগা শান্ত্র ও অশান্ত্র দুরু প্রকার অধ্বারই লয় হয়। ইহাই প্রকৃত মহাপ্রলয়। কিল্ড্র এই উপসংহত

সদাশিবের সংহারক কাল পাঁচটি কারণেরই সংহারক। যথন এই কাল ব্রহ্মা, বিষদ্ধ্ব, রন্ধা, ঈশ্বর ও সদাশিব এই পাঁচ অধিষ্ঠাতার সংগে ইহাদের ভা্বনকেও গ্রাস করিয়া শান্তিতে অনুপ্রবিষ্ট হয় তথন তাহার শান্তি হয়। শান্তির মশতকে শিশত এই কালকে অর্থাৎ পরম মহাকালকে অপরকাল বলা হয়। তান্তিক পরিভাষাতে তর্টি হইতে গণনা করিয়া ইহাকে ষোড়শসংখ্যক কাল বলা হয়। ও এইজন্য কখনও কখনও ইহাকে কেবল 'যোড়শ' শান্তেও বর্ণনা করা হয়। ব্যাপিনীতে যে সামাসংজ্ঞক কাল আছে উহা প্রের্নিন্ত অপরকালের অর্থাইবর্নেপ পরমকাল। ইহা 'সপ্তদশ' কাল। সমনাতে ইহাও থাকে না। ওথানকার কালের নাম 'কাল বিষ্বং'—ইহা পরাৎপর অথবা পরার্ধকাল। সংখ্যাক্রমে ইহা অন্টাদশ। ইহাই সকল কালের অবয়বী। ইহার পর আর কাল নাই। যাহা কিছ্ব আছে—তাহা নিত্যোদিত ও পরার্ধ পর্যন্ত সকল কালের ব্যাপক। উন্মনা অবস্থার অন্তে যথন শান্তি ও শান্তমানের অন্তর্বে অন্বর্ম ভাবের আরিভবি হয় তথন উহার সংগে ঐ নিত্যকালের অভিলর্মে সাক্ষাৎকার হয়। সেখানে কাল নাই। একমান্ত প্রাণোচ্চারের ন্বারা এই পরার্ধ পর্যন্ত বিশ্বত্য বাহ্যকালকে শান্ত করার পর কালাতীত পদে স্থিতিলাভ হয়।ত

শ্নোপ্রশমনের জন্যও জ্ঞান অপেক্ষিত। প্রমশ্বিই প্রম শ্নোপদ। অন্যান্য শ্নো জানিয়া তাহাদিগকে ত্যাগ করিলেই ইহার প্রাণিত হয়। তাল্কিক-সম্মত সাতটি শ্নোর মধ্যে ছয়টি শ্নো গতিশীল বলিয়া বংততেঃ শ্নো নহে। তাই ছয় শ্নো ত্যাগ করিয়া সংত্ম শ্নো লয়প্রাণত হইতে হয়। ইহাই পরমপদ। ইহা অবংথাহীনত্ব চিদ্র্পে সন্তামাত্র। ইহার প্রকাশেই সকল ভাব ও অভাব প্রকাশিত হয়। ইহাতে কোনপ্রকার ভেদ নাই। এই লোকোন্তর

বিশেষর মূলভাত অর্পা শক্তি তখনও থাকে। অতএব সমনা ভ্মিতে যখন ইহারও উপশম হয়, তখনই প্রকৃত মহাপ্রলয় বলা চলে।

- ৩০ তর্টি হইতে কালসংখ্যা এইপ্রকার—১-তর্টি, ২-লব, ৎ-নিমেষ, ৪-কাছঠা, ৫-কলা, ৬-মর্হ্তা, ৭-আহোরার, ৮-পক, ১-মাস, ১০-ঋত্ব, ১১-অয়ন, ১২-বংসর, ১৩-যাল, ১৪-মংবংতর, ১৫-বংগ্প, ১৬-মহাকেশ্প।
- ৩১ এই যে কালতাগের কথা বলা হইল ইহা বাচ্যদেবতার অবধিভ্তে বাহাকাল জানিতে হইবে। ইহা বাহা তত্ত্বগত বিশ্তারময় কাল। ইহাকে প্রশাসত করিবার জন্য স্ক্রমশ্যকলার উচ্চারকালের আশ্রয় নেওয়া আবশাক। অর্থাৎ বীজ নণ্ট হইলে বৃক্ষ যেমন স্বয়ংই নণ্ট হয়, তদ্ব্প স্ক্রোকাল নিব্ত হইলে স্থুলকাল স্বতঃই নণ্ট হয়।
- ০২ উম্মনাও একটি অবম্পা, কারণ ইহা পরতত্ত্বে প্রবেশের উপায়। তাই বিজ্ঞান-স্টেক্তরবে ''লৈবো মুখমিহোচ্যতে'' বলিরা ইহার বর্ণনা করা আছে।

দ্রিত বৃত্ত শুনা বা অভাব নহে, কেবল প্রমেয়াদি প্রপণ্ড বা ভাব হইতে মুক্ত বলিয়া ইহাকে শুনা বলা হয়—

> আশ্ন্যং শ্ন্যমিত্যুক্তং শ্ন্যং চাভাব উচ্যতে । অভাবঃ স সম্শিশ্টো যত্র ভাবাঃ ক্ষয়ং গতাঃ ॥

সকলপ্রকার ভেদের উপশম হয় বলিয়া ঐ পদ পরম স্থির ও বিশ্বাতীত। কিশ্ব্ সংগে সংগে উহা বিশ্বময়ও বটে, কারণ, এই সন্তামান্তর,পী শ্না সকল ভাবকে তিলে তিলে অংশে অংশে ব্যাপ্ত করিয়া আছে। ব্যাপকই ব্যাপার,পে স্ফুরিত হইতেছে—ব্যাপা উহা হইতে আলাদা কোন জিনিস নহে। একমান্ত মহাপ্রকাশই স্থলে উপাধির সম্বন্ধবশতঃ স্থলে হয় অর্থাং আপন স্বাতন্তাবলে ইহা স্থলে আভাসর,পে ভাসিত হয় এবং স্থলে বলিয়া কথিত হয়। ঐ একই বস্ত্র সক্ষের,পেও স্থিত আছে। যে মহাযোগীর বোধ এই পর্যন্ত আরঢ়ে হইয়ছে সে দঢ়ে প্রতিপত্তির শ্বারা উহা অবলম্বন করিয়া তন্ময় হয় তে যে সকল শ্নাকে ক্রমশঃ ত্যাগ করিতে হয় তাহাদের নাম—

- (১) অধঃশন্যে = হলয়, যাহাতে প্রপঞ্চের উদয় হয় নাই।
- (২) মধ্যশন্ম = কণ্ঠ, তাল, ভ্রমধ্য, ললাট ও উধর্বর-ধ্রম্থান—ইহাদের মধ্যে নিজ হইতে অধাবতা প্রমেয়ের উপশম হয়।
- (৩) উধর্বশ্না = ইহা শক্তিম্থান। এখানে নাদাশ্ত পর্যশ্ত সকল পাশের ক্ষয় হয়।

(৪-৬) ব্যাপিনী, সমনা ও উন্মনাশনো।
এই ছয়টি শনো চল বলিয়া হেয়। পরতত্ত্বের ত্বলনায় উন্মনাতেও কিণ্ডিংচলত্ব
আছে। পরতত্ব বা তাক্তশনো অচল বলিয়া উপাদেয়। নিন্নবতী শনোসকলের
অধিষ্ঠাতাও পরমশিবই বটে। তাই ঐগনলি সম্যক্রপে শান্ধ না হইলেও

তৎতৎ সিম্প্রিদানে সমর্থ।

উপসংহার

দীক্ষা সম্বন্ধে প্রধান প্রধান প্রায় সকল কথাই বলা হইল। তবে অবান্তর অনেক বিষয়ই প্রবন্ধের কলেবর ব্ৰুদ্ধর আশঙ্কায় উপেক্ষা করা হইয়াছে। কোন কোন গ্রন্থে ক্রিয়াবতী, বর্ণাত্মিকা, কলাবতী ও বেধময়ী দীক্ষার কথা বলা হইয়াছে (শারদাতিলক পঞ্চম অধ্যায়)। ক্রিয়াবতী দীক্ষা বাহ্য। বর্ণময়ী দীক্ষার প্রভাবে শিষ্যের দিব্যদেহ প্রাণ্ডি ঘটে। গ্রু শিষ্যের শরীরে তৎতৎ

৩৩ নিন্দ অধিকারীর এই স্ক্রে অধ্বে আম্বাদন প্রাপ্তি হর না বলিরা ত্যাগাদি প্রক্রিয়ার আশ্রয় গ্রহণ করিতে হয়। শ্বনে বর্ণসকল ন্যাস করেন ও প্রতিলোমে সংহার করেন। ইহাই বর্ণমরী দীক্ষা। কলাবতী দীক্ষা ইহা হইতে ভিন্ন। ইহাতে কলার উপযোগ করা হয়। বেধদীক্ষরে তর্বটি এইপ্রকারঃ গ্রন্থ শিব্যের দেহে মলোধারে চত্ত্দলকমলে ত্রিকোণের মধ্যে বলয়ন্তরয়ব্দ তিত্ৎকোটিসমপ্রভা চিদ্রন্থা শৈবীশন্তি ক্র্ন্ডালনীকে ধ্যান করিবেন যেন ঐ শন্তি ঘট্চক্র ভেদ করিয়া মধ্যপথে পরমাদিব পর্যশত উপান করিতেছেন। সংগ সংগ মলোধারের চারিটি বর্ণ বন্ধাতে উপসংস্থত হইতেছে ও বন্ধা বড়দলমর স্বাধিষ্ঠানের ছরটি বর্ণ বিষ্ণুতে উপসংস্থত হইতেছে ও বিষ্ণু দশদলময় নাভিক্ষণে যাক্ত হইতেছেন। অনশ্বর মণিশ্বের দশটি বর্ণ রুদ্রে সংস্থত হইতেছে। এইপ্রকারে সর্বাশেত সদাশিবকে হি-ক্ষ'ময় দ্বিদলে যাক্ত করিবে। পরে ঐ দর্ইটি বর্ণকে বিন্দৃত্তে সংহার করিবে। বিন্দৃই শিব। তথন আর কোন বর্ণ নাই। বিন্দৃত্তে সংহার করিবে। বিন্দৃই শিব। তথন আর কোন বর্ণ নাই। বিন্দৃত্তে যোগ করিতে হয় গ্রন্থক্তে। কলা, নাদ, নাদান্ত, উন্মনীও গ্রন্থক্ত্র এইসব জ্বনধ্যের উপরে চক্রসংস্থান। তাই সহপ্রারকে কেহ কেহ ব্যাদশান্ত বলেন।

এইভাবে শিষ্যের জীবাত্মার সংগ্রে শব্দি শিবে বেধ করিতে হয়। শব্ধি ব্যতীত বেধক্রিয়া নিন্পন্ন হইতে পারে না। বেধের ফলে শিষ্য ছিন্নপাশ হইয়া ভূপতিত হয়। পরে দিব্যবোধ প্রাণ্ডি ঘটে। ফলে 'তৎক্ষণাং' শিষ্য 'সব'বিং' হয়—সাক্ষাং শ্বভাব প্রাণ্ড হয়।

কৈহ কেহ সহজ, আগশ্তাক ও প্রাসণ্গিক ভেদে পাশকে তিন প্রকার বর্ণনা করিয়াছেন (প্রয়োগসার)। বেধদীক্ষাপ্রসণ্গে রাঘবভট্ট বলিয়াছেন যে সোমানন্দ বেধ শ্বারা উৎপলাচার্যকে শিবাত্মক করিয়াছিলেন, এরপে প্রসিম্ধি আছে। শারদা-তিশককার লক্ষাণ এই উৎপলাচার্যের শিষ্য।

ষড় বরমহারত্ব গ্রন্থে আণবীদীক্ষার দর্শটি প্রকারভেদের বর্ণনা আছে। শাক্তেমীদীক্ষা একপ্রকার, শাশ্তবীও একপ্রকার। আণবীর দর্শটি ভেদের নাম— স্মাতী, মানসী, যোগী, চাক্ষ্মী, স্পর্শিণী, বাচিকী, মান্তিকী, হোঁচী, শাস্ত্রীও আভিষ্টেকী। তে

৩৪ সমাতী — গ্রের বিদেশস্থ শিষ্যকে সমরণ করিরা ক্রমশঃ তাহার পাশ্রের বিশেলব করেন ও লয়বোগাণাবিধানে তাহাকে প্রমশিবে যোজন করেন।

মানসী — শিষ্যকে নিজের নিকটে বসাইরা মনে মনে তাহাকে আলোচন শ্বারা তাহার মলন্তর মোচন।

মধ্যযুগে বৌদ্ধগণের মধ্যে কেহ কেহ দীকা সন্বন্ধে ততটা অনুক্ল মত পোষণ করিতেন না। প্রসিদ্ধি আছে, আচার্য ধর্ম কীতি নাকি দীক্ষার বিরুদ্ধে মত প্রকাশ করিয়া কিছ্ম লিখিয়াছিলেন। ইহাও প্রসিদ্ধি আছে, স্মৃবিখ্যাত তান্ত্রিক আচার্য খেটপালে ধর্ম কীতি র মত খন্ডন করিয়া এক গ্রন্থ লিখিয়াছিলেন। দ্বংথের বিষয়, ধর্ম কীতি র ম্লেগ্রন্থ ঘেমন পাওয়া যায় না, খেটপালের প্রতিবাদ গ্রন্থও তেমনি পাওয়া যায় না (দ্রুটবা—বর্তমান লেখক-রচিত 'তান্ত্রিক বাঙ্ময় মে' শাক্তদ্ভি', প্. ৪১)।

- যৌগী বোগোন্ত ক্রমে গ্রেন্থ শিষ্যদেহে প্রবিষ্ট হইয়া তাহার আত্মাকে নিজের আত্মাতে য**ুক্ত** করেন। ইহা যোগদীকা।
- চাক্ষ্মী = 'শিবোহং' ভাবে সমাবিষ্ট হইয়া গ্রেন্ কর্লাদ্বিষ্টতে শিবাকে দেখেন। তাই ইহার নাম চাক্ষ্মী দীকা।
- ম্পিলিনী = গ্রের্ ম্বরং পরমশিবর্পে নিঃসন্দেহে শিবহস্ত ম্বারা শিষ্যের মুস্তকে মুদ্রসহ ম্পুলিকরেন। তাই এই নাম।
- বাচিকী = গ্রাবভাকে নিজ বভা মনে করিয়া শ্রুখার সহিত গ্রাবভা প্রয়োগে দিব্য মন্ত্রাদি দিবেন (মানাসাদি সহ)।
- মাপ্তিকী মন্তন্যাসযুক্ত অবস্থায় গ্রে স্বয়ং মন্ততন হইরা মন্তদান করিবেন।
- হোৱা = ক্রণ্ডে বা প্রণিডলে অণিনম্থাপন করিয়া লয়যোগের ক্রমে প্রতি অধনার শহুদ্ধির জন্য হোম করিবেন।
- শাদ্বী = ষোগ্য ভব শ্গ্র্য্ অর্চনশীল শিষকে শাদ্বদান। ইহাও একপ্রকার দীক্ষা। অভিষাঠিকী = শিব ও শিবাকে কান্ডে প্রেন করিয়া শিবক্ষ্তাভিষেক দীকা দিশ্য হয়।

দীকারহস্য

তান্ত্রিক সাধনার দৃষ্টিভঙ্গী

দীক্ষার প্রসংগ এতক্ষণ আলোচিত হইল। তান্দ্রিক মতে দীক্ষার পরেই যথাং সাধনা আরম্ভ হয়। এখন তান্দ্রিক সাধনার মলে বৈশিষ্ট্য দেখানোর চেন্টা কঃ হইতেছে। কোনো সাধনার বিষয়ে আলোচনা করিতে হইলে সর্বপ্রথম উহা দ্বিভগ্নীর সহিত পরিচিত হওয়া আবশ্যক। দ্বিভ ইইতেই লক্ষ্যের নিদেব্রিতে পারা যায়। যতক্ষণ লক্ষ্য নিদিশ্ট না হয় ততক্ষণ সাধনার চেন্টা ব্রুক্টালক্ষেপ মান্ত জানিতে হইবে। কারণ, লক্ষ্য ও উহার প্রাণিতর উপায় জানি: ঐ উপায়ের অনুশালন করারই নামান্তর সাধনা। স্কুতরাং তান্দ্রিক সাধন রহস্য ব্রিতে হইলে তান্দ্রিক দ্বিভর সংগে পরিচয় লাভ করা আবশ্যক। দ্বিপ্রতির বিকাশ হইলে তাহা আর লক্ষ্যরেপে পরিগণিত হওয়ার যোগ্য বিল্পতীর বিকাশ হইলে তাহা আর লক্ষ্যরেপে পরিগণিত হওয়ার যোগ্য বিল্পতীত হয় না। তখন মনে হয় উহা প্রকৃত লক্ষ্যের এক অংশ মান্ত। তাঃ হইলেও আলোচনার জন্য আমাদিগের পক্ষে উভয় দ্বিভরই মর্যাদা রক্ষ্ আবশ্যক। সাধনার পরিপক্তার সংগে সংগে অপ্রণ দ্বিভ প্রেণ দ্বিভিট পর্যবিসত হয়।

বৌশ্বগণ যেমন বৃশ্ব, ধর্ম ও সংঘ নামক চিরত্ম শ্বীকার করেন তদ্র, বেদবাদী তাশ্যিক আচার্যগণ শিব, শক্তি ও বিন্দু এই তিন রত্ম শ্বীকার করেন।

১ কামিক, রৌরব, গ্রায়শ্ভ্ব, ম্গেল্দ্র প্রভৃতি আগমে এবং অঘারলিব, সন্দোজা রামকণ্ঠ, নারায়ণকণ্ঠ প্রভৃতি আচার্যগণের গ্রন্থে ইহার বিশেষ বিবরণ উপলম্থ হয়। ইহ ম্লে ভেদদৃতি বিদ্যমান। বর্তমান আলোচনার ম্লে এই দৃতিই গৃহীত হইয়াছে অভেদবাদী আগম-আচার্যগণের গ্রন্থে কোনো কোনো বিষয়ে কিণ্ডিং ভিমপ্রকার বিবদৃতি হয়। ইহার মূল কারণ দৃতিভাগে ভিম অপর কিছু নহে। শাস্তগণ প্রধান অশ্বৈতবাদী। শৈব সম্প্রদারে শৈবত ও অশ্বৈত দৃইপ্রকার দৃতিই দেখিতে পাওয়া যায় প্রসিম্পি আছে, শিবের ঈশানাদি পণ্ড মূপ হইতেই সম্মত মূল ভদ্র আবিভ্তি হইয়াছিল উহার মধ্যে ভেদপ্রধান শিবভদ্র দশ্টি, ভেদাভেদপ্রধান রায়ভদ্র আঠারটি এবং অভেদপ্রধ ভেরবভদ্র চৌরটিটি। ঈশান, তংপ্রেম্ব এবং সন্দোজ্যত এই ভিন মূপের প্রত্যেকটির দ্বই অবস্থা আছে—একটির নাম উদ্ভব্ত, অপরটির নাম উদ্ভব্বাসমূপ। এইপ্রকার পৃথক্ পৃথ ভিনটি মূপ হইতে ছয় ভদ্রের আবিভবি হইয়াছে। ভাহার পর দৃই দুই মূপের মিলন হট

ই'হারাই সকল তান্ধের অধিষ্ঠাতা ও উপাদানরপে প্রকাশমান। শৃদ্ধ তন্ধ্যয় কার্যান্থক শৃদ্ধ জগতের উপাদান বিন্দ্র এবং কর্তা দিব ও করণ শান্ত। অশৃদ্ধ তন্ধ্যয় জগতেও পরশ্বরাতে দিব ও শান্ত কর্তা ও করণ এবং নিবৃত্তি প্রভাবের মাধ্যমে বিন্দ্র আধার। বিন্দর অপর নাম মহামায়া। ইহাই ক্ষুপ্থ হইয়া বিচিত্র সম্থময় ভ্রবন ও ভোগ্যাদিরপে পরিণত হয় অর্থাং শৃদ্ধ জগৎ উৎপাদন করে। ভোগাথী সাধক ভৌতিক দীক্ষার প্রভাবে এই আনন্দময় রাজ্যে প্রবেশের অধিকার প্রাণ্ড হয়। কিন্ত্র যে সাধক প্রথম হইতেই মহামায়ার রাজ্যের সম্থভোগের আকাশ্কা রাথে না সে নৈন্টিক দীক্ষা প্রাণ্ড হইয়া শান্তর সহিত নিত্যামালিভ শিবস্বরপ সাক্ষাং প্রমেশ্বরকে উপলব্ধ করিয়া থাকে।

বিন্দুক্ষোভের ফলে উহার পরিণামশ্বর্পে যেমন একদিকে শৃন্ধ দেহ, ইন্দ্রির, ভোগ ও ভ্রনর্পী শৃন্ধ অধরার উৎপত্তি হয়, তেমনি অপরদিকে শন্দেরও উৎপত্তি হয়। শন্দ সক্ষানাদ, অক্ষরবিন্দ্র ও বর্ণ ভেদে তিনপ্রকার। সক্ষানাদ অভিধেয় বৃন্ধির কারণ—ইহাই বিন্দুর প্রথম প্রসার। ইহা চিন্তন-শ্না। অক্ষরবিন্দ্র সক্ষানাদের কার্য ও পরামশ্জ্ঞানশ্বর্প। ইহা ময়্রান্ডরসেরই নাায় অনিব্চনীয়। বর্ণাত্মক স্থলে শন্দ শ্লোচগ্রাহা। ইহা বায়্র ও আকাশ হইতে উৎপত্র হয়। কালোভর তন্তে আছে—

স্থলেং শব্দ ইতি প্রোক্তং সক্ষোং চিন্তাময়ং ভবেং।
চিন্তয়া রহিতং যং ত তং পরং পরিকীতিতম্॥
বিন্দা জড় হইলেও শান্ধ। পঞ্জরাত অথবা ভাগবত সম্প্রদায় অন্তর্গত বৈষ্ণব আগমে যাহাকে বিশ্বাধ সন্ধ বলে তাহাবই নামান্তর বিন্দা। প্রমেশ্ববের সংগ্র

আগমে যাহাকে বিশন্ধ সন্ত বলে তাহারই নামান্তর বিন্দর। পরমেশ্বরের সংগে বিন্দর অথবা মহামায়ার কি সম্বন্ধ সে বিষয়ে দর্ইপ্রকার মত প্রচলিত আছে—

বেশং ইশান + ডংপরেষ, ইশান + সদ্যোজাত, এবং সদ্যোজাত + ডংপরেষ হইতে) তিন তল্যের আবিশুবি হইরাছে। পর্নরায় তিনের পরস্পর মিলন হইতে একটি তল্যের আবিশুবি হইরাছে। এইপ্রকারে তল্যসংখ্যা মোট দশটি; ইহারা ভেদপ্রধান। অব্টাদশ ভেদভেদ ভল্যের উদয়ও এইভাবে বর্ষিতে হইবে। এইগ্রেলি প্রেবিণিত তিন ম্থের সহিত বামদেব ও অঘোর নামক দ্বই মুখের ব্যাবিট ও সম্বিটভাবে মিলন হইতে অথবা কেবল বামদেব ও অঘোর এই দ্বই মুখ হইতে উৎপন্ন হইরাছে। এইখানে বণিতি শিবজ্ঞান ও রুদুজ্ঞান উর্বান্যাতের অন্তর্গত। অভেদজ্ঞান অথবা ভৈরবাল্য শিবের দক্ষিণমুখ অথবা যোগিনীবিজ্ঞান উত্তর্গত হয়। ইহা শিব্দক্ষির সংযোগাত্মক ও অন্যম্বতাবিশিশ্ট।

২ বেপ্রকার ময়্রের অশ্ভের রসে উহার পাধার ভিন্ন ভিন্ন বর্ণ অভিনভাবে অব্যক্তর্পে বিশামান থাকে, সেইপ্রকার অক্ষরবিন্দক্তে স্থলে বাণীর সম্পূর্ণ বৈচিত্র্য অব্যক্তভাবে অভিনর্পে থাকে। ইহাই ময়্রাণ্ডরসন্যায়।

- (क) একটি প্রাদিশ মত এই যে সমবায়িনী ও পরিগ্রহর্পা দুইটি শন্তি শিবের আগ্রিত। তদ্মধ্যে সমবায়িনী শন্তি চিদ্রেপা, অপরিণামিনী, নির্বিকারা ও শ্বাভাবিকী। ইহাই আগম শাস্ত্রের ছত্রিশ তত্ত্বের অশ্তর্গতে শক্তিতত্ব। ইহা শিবস্বর্পে নিত্য সমবেত থাকে। শিব ও শক্তি উভয়ের মধ্যে তাদাক্ষ্য সম্পদ্ধ বিদ্যমান রহিয়াছে। পরিগ্রহ শক্তি অচেতন ও পরিণামশীলা; ইহার নাম বিন্দ্র। বিন্দ্র শর্ম্ম ও অশর্ম্ম ভেদে দুইপ্রকার। সাধারণতঃ শর্ম্মরুপকেই বিন্দ্র বা মহামায়া বলা হয়। অশর্ম্ম রপের নাম মায়া। উভয়েই নিত্য। অশর্ম্ম অধ্যার উপাদানকারণ মহামায়া। ইহাই উভয়ের মধ্যে পার্থক্য। সাংখ্যসম্মত তত্ত্ব ও কলাদিকগুরুক অশর্ম্ম অধ্যার অন্তর্গত। এই সব মায়ারই কার্য। অবশ্য প্রুর্ব অথবা আত্মা নিত্য এবং এইসব হইতে পৃথক্। কিন্তু উহাতেও প্রুংশ্বনামক আবরণ থাকে। মায়ার উধ্বন্থিত তত্ত্ব শুন্ধ অধ্যার অন্তর্গত।
প্রখন হইতে পারে, এই পরিদুষ্ট অবম্থাসকল কি প্রকারে উদিত হয়? সাধারণ দ্বান্টিতে অতি স্থালভাবে এই ভেদের উপপাদন প্রসংগ্যে বলা যাইতে পারে যে অ। আ, মন, ইন্দির ও বাহা বিষয়ের পরম্পর সম্বন্ধ-গত বৈশিণ্টা হইতেই এই সকল দশার উদয় হইয়া থাকে। আত্মা বালতে এখানে দেহ-বিশিষ্ট জীবাত্মার কথাই ব্রনিতে হইবে, বিদেহী কেবলাত্মার কথা নহে। আত্মা ও মনের সংস্থা, মন ও ইন্দ্রিয়ের সংস্থা এবং ইন্দ্রিয় ও বিষয়ের সংস্থা যে অবন্ধাতে বিদামান থাকে, তাহাকে জাগ্রং অবন্ধা বলা হয়। কিন্তু যে অবন্ধাতে ইন্দ্রিয় ও বিষয়ের সম্বন্ধ থাকে না, কিন্তঃ অবন্ধিট দুইটি সম্বন্ধ পরের্বর ন্যায় অক্ষরে থাকে, তাহার প্রচলিত নাম দ্বন্দাবস্থা। যে অবস্থায় ইন্দ্রিয় ও বিষয়ের সম্বন্ধ থাকে না, তা'ছাড়া মন ও ইন্দ্রিয়ের সম্বন্ধও থাকে না, একমার আত্মা ও মনের সম্বন্ধ বিদ্যমান থাকে, তাহাকে সুযুক্তিত বলিয়া বর্ণনা করা হয়। অজ্ঞান-আচ্ছন জীব নিরুত্র এই তিন্টি অবস্থার আবর্তন অন্তের করিয়া থাকে। এই আবর্তন হইতে অব্যাহতি লাভ করিতে হইলে অপরোক্ষ জ্ঞানের উদয় আবশ্যক। যতদিন তাহা না হয়, অর্থাৎ যতদিন আত্মার সমাক্ জ্ঞান উদিত না হয়, ততাদন পর্যশত এই আবর্তনে অবশ্যশভাবী। ব্যাণ্টভাবে ইহা যেমন সত্যা, সমণ্টিভাবেও তেমান সত্যা। মাত্যার পর লোকান্তর গমন বা জন্মান্তর পরিগ্রহ, এমন্তি প্রলয়াদির ব্যাপার, স্বই এই নিয়মের অধীন।

সন্ধাণিত দশাতেও আত্মার সহিত মনের সংযোগ থাকে। ইহা অনাদি সংযোগ এবং মলে অজ্ঞান হইতে প্রস্তে। সন্ধাণিতকালে মন প্রীতং নাড়ীর মধ্যে অর্থাং বেণ্টনের অভ্যাণতরে হাদয়-প্রদেশে অবগ্থান করে। ঐটি আকাশ খ্যান। ওথানে কোন প্রকার নাড়ী নাই এবং বায়্রও কোন শ্পানন অন্ভ্তেহর না। সন্ধাণিতকালে মন হাদয়মধ্যে নিশ্চল হইয়া অবস্থান করে বালয়া ঐ সময় কোন প্রকার লৌকিক জ্ঞানের সম্ভাবনা থাকে না। কারণ, মন মনোবহা নাড়ীতে সণ্টরণ না করিলে লৌকিক জ্ঞান আবিভ্তি হয় না। নাড়ীমাত্রই বায়্-বিটিত সংস্থান—সমগ্র মানবদেহ নাড়ীজালে আচ্ছয় রহিয়াছে, কিশ্তন্দেহের মধ্যে একমাত্র ঐ হাদয়ম্প দহরাকাশই নাড়ী-শ্না, বায়্-শ্না এবং মনের

ক্রিয়া-শন্ন্য স্থান। দেহের সর্বত্তই মনের সঞ্চরণ এবং বায়ার ক্রিয়া সম্ভবপর, কিন্তা প্রদরে বায়া, মন প্রভাতি কিছাই ক্রিয়া করে না। মন যখন প্রদরে প্রবিষ্ট হয় তখন ওখানে স্তব্ধ হইয়া বিদামান থাকে—উহা মনের লয়াবস্থা। মনের ক্রিয়া না থাকাতে ঐ সময়ে বিলক্ষণ আত্ম-মনঃ-সংযোগ ঘটিতে পারে না বিলিয়া জ্ঞান ইচ্ছা প্রভাতি আত্মার লোকিক বিশেষগানের উল্ভব হয় না।

কিম্ত্র যথন গ্রের্ক্সাতে এবং নিজের প্রাক্তন শৃভাদ্র্টের পরিপাকবশতঃ অলোকিক জ্ঞানের উদয় হয় তখন ঐ অনাদি আত্ম-মনঃ-সংযোগের হেত্তভূত অজ্ঞানটি কাটিয়া যায়। তখন ঐ আত্ম-মনঃ-সংযোগও থাকে না। তখন হলয়াকাশ নবোদিত জ্ঞান-সবিতার স্নিন্ধ কিরণমালায় আলোকিত হয়। এই অবন্থাটিকে প্রলেভাবে অাত্মার ত্রেরীয় দশার পরে সচেনা বলিয়া গ্রহণ করা হইয়া থাকে। এই অবস্থার উদয় হইলে ও ইহা স্থায়ী হইলে ইহা জাগ্রং. স্বন্ন ও স্যুণিত তিন অবস্থাতেই সমভাবে অনুস্যুত থাকে। ইহা পুণবিস্থা হইলেও ইহার উন্মেষ প্রথমেই সাধারণতঃ প্রে'ভাবে পাওয়া যায় না। তাই জ্ঞানের উদয়ের পরেও জাগ্রৎ প্রভৃতি অজ্ঞান-দশা কিছু সময় পর্য'ল্ড বহাল থাকে। তবে উহা ক্রমশঃই অধিকতর হীনশক্তি হইরা পড়ে। দেহ থাকা পর্যশ্ত অথবা প্রার্থের বল ভোগের খ্বারা কাটিয়া না যাওয়া পর্যশ্ত সাধারণতঃ এইভাবেই চালতে থাকে। প্রারশ্ব কাটিয়া গেলে দেহাভিমান আভাসরপেও থাকে না। জাগ্রৎ-আদি অবম্থা-ভেদও থাকে না। তখন একই অবিচ্ছিং প্রিথাত বিদ্যমান থাকে। ঐ সময়ে তুরীয় অবস্থা তুরীয়াতীত নামে প্রসিদ্ধি লাভ করে। বৃহত্ততঃ ঐটি নিত্যাবৃহ্থা হইলেও তরেীয় অবৃহ্থার উদয় ও পরিপাক না হইলে উহার খ্বরপে সাক্ষাংকার হয় না। জাগ্রং-আদি তিনটি প্রথক দুশা যতদিন থাকে ততদিন পর্যাত চত্যুর্থা বা তারীয় নামের সার্থাকতা— যতক্ষণ অজ্ঞান ততক্ষণ জ্ঞানের অর্থ আছে। কিল্ডা যখন জাগ্রং-আদি প্রথক পূথক্ অবন্থা থাকে না, অজ্ঞানও থাকে না, তখন ঐ তারীয়ই তারীয়াতীত বা স্বর্পাম্থতি নামে পরিচিত হয়।

জাগ্রং অবন্ধাতে ইন্দ্রিয়সকল বহিম্বথ থাকে ও র্পে-রসাদিময় বিষয় পণ্ডকের সহিত সংস্ট হইয়া উহাদিগকে গ্রহণ করে। এইভাবে আমাদের বাহ্য-জগতের জ্ঞানের উদয় হয়। কিন্ত্ব স্বন্নাবন্ধাতে এই বাহাজ্ঞান থাকে না। ক্লান্তিবশতঃ ইন্দ্রিয়ের বহির্নমুখভাব তখন উপশম প্রাণ্ড হয়—ইন্দ্রিয় তখন অন্তম্বথ হয়। কিন্ত্ব ইন্দ্রিয় অন্তম্বথ হইলেও মন তখনও বহিম্বথ থাকের অর্থাৎ ঐ সময়ে ইন্দ্রিয় বিষয়াভিম্বথ না থাকিলেও মনের ইন্দ্রিয়াম্বা প্রবণতা

निवृत्व दस ना। देशांदरे फला म्वन्नानः ज्यात जेनस दस। देश मरम्कांद-कना জ্ঞান। তা'ছাড়া, ঐ সময়ে মন দেহের মধ্যেই মনোবহা নাড়ী অবকশ্বন করিয়া অল্ডঃম্থিত বায় মণ্ডলে সণ্ডরণ করে ও নানাপ্রকার দর্শন স্পর্শনাদির অনুভব করে। পিণ্ড ও রন্ধাণ্ড অভিন্ন বলিয়া এই স্ণার একদিকে যেমন ব্যাণ্টর মধ্যে হয়, অপরদিকে তেমনি সমণ্টির মধ্যেও হইতে পারে। সক্রা পদার্থের জ্ঞানও এই শ্রেণীর অশ্তর্গত। ইহার পর যথন ইন্দ্রিয়ের ন্যায় মনও ক্লান্ত হইয়া পড়ে তথন মনের ইন্দ্রিমন্থী গতি নিব্রত হয় ও মন উপরত হইয়া বিশ্রাম লাভ করিতে চায়। ঐ সময়ে শ্বভাবতঃ উহা হানয়ে প্রবিণ্ট হইবার অধিকার লাভ করে। মন বহিমর্থে না হইয়া অন্তম্ব্র হইলেই সংগ্য সংগ্র সদয়ের দ্বার খালিয়া যায়, কারণ হৃদয়াবচ্ছিন আকাশ পরিমিত রূপে প্রতীত হইলেও বাশ্তবিক পক্ষে সর্বব্যাপক। মন যখন সেখানেই থাককে না কেন, উহা নিতাই তাহার সন্নিহিত থাকে। তথাপি মন সব সময়ে উহাতে প্রবেশ করিতে পারে না। মন বাহ্য-উন্মুখ ভাব হইতে বিরত হইয়া অন্তম্ম্থ হওয়ার সংগ্রে সংগ্রেই ঐ আকাশে অর্থাৎ হানয়ের অভ্যান্তরে প্রবেশ-পথ প্রাণ্ড হয়। একবার হানয়ে প্রবিষ্ট হইবার পর মনের আর সণ্ডরণ করিবার সামর্থ্য থাকে না, কারণ ঐ আকাশে চলিবার কোন পথ নাই। তাই মন নিশ্চল হইয়া ঐখানে অবস্থান করে। কিল্ড, আশ্চর্য এই—মন ক্লাল্ড হইয়া নিশ্চল হওয়ার স্থেগ স্থেগ প্রদরগাহাতে প্রবিষ্ট হইলেও মনের দিকে আত্মার উন্মাখ-ভাব নণ্ট হয় না। সেইজনাই উভয়ের মধ্যে সংযোগ বিদামান থাকে। যতদিন অনাদি অবিদ্যা প্রকৃত জ্ঞানের উদয়ে নিবৃত্ত না হয় ততদিন আত্মার অর্থাং জীবাত্মার এই মনের অভিমাখতা নিবার হইতে পারে না। এইজনাই মন কিয়ংকালের জন্য সুষ্ঠিততে স্থির হইলেও এই স্থিতি দীর্ঘকাল থাকে না। পূর্ব-সংস্কারের উদ্বোধনের সণ্ডেগ বহিমর্থ হয় এবং পর্বেবং নাড়ী-মার্গে সঞ্চরণ করিতে আরম্ভ করে। পর্বে-সংস্কারের উম্বোধনের প্রকৃত হেত্ব কাল। স্বতরাং বর্নিবতে হইবে সম্বর্নিত অবস্থাতেও মন কালাতীত হইতে পারে নাই। সেই জনাই মন স্থির হইলেও স্ব্রুণ্তিতে জ্ঞানের উদয় হয় না। জাগতিক জ্ঞান মনের ক্রিয়া-সাপেক্ষ। প্রদয়াকাশে সেইজন্য লোকিক জ্ঞানের উদয় সম্ভবপর নহে। যে সময় মন স্থির হয় ও সঙ্গে সঙ্গে লোকোত্তর জ্ঞানের প্রকাশ জাগিয়া উঠে. সেই সময়েই তারীয় অবস্থার উন্মেষ জানিতে হইবে। সূম- িততে যে স্থিরতা তাহা তামসিক। ঐ অবস্থায় সন্থ থাকিলেও উহা বিশক্ত সন্ত নহে, সতেরাং বিশক্ত সন্তের উদয় ও বিকাশ না হওয়া পর্যনত মলে অজ্ঞানকে কাটান যায় না এবং লোকোন্তর জ্ঞানেরও আবিভবি হয় না। গ্রুর্-ক্পাতে যদি আত্মার মনোমুখী দুছি নির্ম্থ হয় অথবা ততোধিক গ্রেক্পাতে যদি ঐ দৃষ্টি পরমান্ত্রমূখী দৃষ্টিতে পরিণত হয়, তাহা হইলে প্রেবণিত অনাদি অজ্ঞান কাটিয়া যায় ও আত্ম-মনঃ-সংযোগ ছিল হইয়া যায়। ঐ সময় মন নিশ্চিয় এবং চেতন-ভাবাপল হয়। ইহায়ই নাম মনের জাগরণ, মনের উত্থার বা মনের লাণ অর্থাৎ জ্ঞানের উত্থেষ। আমরা যে ত্রনীয় অবস্থার উল্লেখ করিয়াছি, তাহা ইহারই নামান্তর। ইহার পর এই চেতন ও শৃত্থ মনও আর থাকে না। তাহাই ত্রনীয়াতীত। তথন একমাল্ত আত্মাই আপন স্বর্পে বিরাজ করেন এবং নিজের সহিত নিজে ক্রীড়া করেন।

এ পর্যশত যাহা বলা হইল তাহা প্রচলিত সাধারণ দৃষ্টির কথা। কিশ্ত্ব বিজ্ঞানদৃষ্টিতে আরও অনেক রহস্যের সন্ধান পাওয়া যায়। বিজ্ঞানবিদ্গণ এ সন্ধন্ধে যাহা কিছ্ব উপলব্ধি করেন, তাহার কিয়দংশ সাধারণ জিজ্ঞাস্বর উৎস্কৃতা নিবৃত্তি ও জ্ঞান সন্পাদনের উদ্দেশ্যে যথাসন্তব সংক্ষেপে প্রদর্শন করিতে চেণ্টা করিতেছি।

যাঁহারা দেহ-বিজ্ঞানে নিষ্ণাত, তাঁহারা বলেন যে আমাদের এই মানব-দেহ সর্বময়—ইহাতে সব কিছু আছে। শৃ্ধ্ তাহাই নহে, সব কিছুর অতীত যাহা তাহাও ইহাতে আছে। পিন্ড যে শধ্ব ব্রহ্মান্ড হইতে অভিন্ন তাহা নহে—ব্রহ্মান্ডাতীত বা বিশ্বাতীত সত্যও পিন্ডের আশ্রয়ে প্রকাশ পাইয়া থাকে।

এই দেহ-চক্রকে বিশেষণ করিয়া ইহাকে সাঙ্কোতক যশ্রর্পে নিরীক্ষণ করিলে ইহাকে এক দৃষ্টিতে চত্ররপ্র বা চত্র্জেলণ রপে এবং অন্য দৃষ্টিতে ঘট্কোণ রপে বর্ণনা করা যাইতে পারে। জাগ্রং, শ্বন্ন, ও স্বয়্ণিত এই তিনটি দেশা জীবভাবসংস্ট, তাই এই তিনটিকে জীব-দশা বলা চলে। ত্রীয় অবস্থার নাম শিব-দশা। এই দেহকে আশ্রয় করিয়া তিনটি জীব-দশা ও একটি শিব-দশা অর্থাং মোট চারিটি দশা প্রকাশিত হয় বলিয়া হইাকে চত্ররপ্র রপে কল্পনা করা হয়। কিল্ত্র ত্রুরীয় অবস্থার অবান্তর ভেদও কল্পনা করা যাইতে পারে। কারণ, এই অবস্থাতে জাগ্রং, শ্বন্ধ ও স্ব্যুণ্ডির উপাধিক সম্বন্ধ থাকা সম্ভবপর। এই উপাধিক সম্বন্ধের দৃষ্টিকোণ হইতে ত্রুরীয়কেও তিন প্রকার মনে করা চলে। এই ভাবে দেখিতে গেলে জীব-দশা তিনটি বলিয়া জীব বিকোণ-পদ-বাচ্য এবং শিব দশাও তিনটি বলিয়া শিবও বিকোণ-পদ-বাচ্য। দেহচক্রে এই উভয় দশার প্রস্পর মিলন রহিয়াছে। সেইজন্য দেহচক্রকে সাঙ্কেতিক ভাবে ঘট্কোণ বলিয়া বর্ণনা করা চলে।

অতএব ত্রনীয়কে এক দশা মনে করিলে দেহ চত্রস্ত নামে অভিহিত হয়। আর যখন জাগ্রং, স্বংন ও স্ব্যুণিত এই তিনটি জীবাবস্থার সহিত জাগ্রং-আদি উপাধি-সম্পন্ন শিবাবস্থারপে ত্রনীয়কে তিন প্রকার ধরিয়া যোগ করা যায়, তথন এই দেহকে ষট্কোণ বলা হইয়া থাকে। দেহচক্রের একটি নাভি বা মধ্যবিন্দ্দ্ব আছে। তাহাই সমগ্র চক্রটিকে ধারণ ও নিয়ন্ত্রণ করিয়া থাকে। বাহাকে আমরা ত্রীয়াতীত অবস্থা বলিয়া নির্দেশ করি উহাই তাহার স্বর্প— উহাই দেহচক্রের কেন্দ্র।

জাগ্রং একটি সক্রিয় অবস্থা—ঘটপটাদি বাহ্য পদার্থের অন্সংধানই ইহার শবর্প। স্কৃতি অবস্থা নিবৃত্ত হইলে এইপ্রকার যে বাহ্য অর্থের অন্সংধান উদিত হয়, ইহাই জাগ্রং। ইহাতে ক্রিয়ার প্রাধান্য থাকে। কিল্টু স্কৃতি অবস্থাতে ক্রিয়ার প্রাধান্য থাকে না—উহা জড়ত্বপ্রধান নিজিয়াবস্থা। এই উভয় অবস্থার অল্টরালে আর একটি অবস্থা আছে। তাহার নাম স্বণন। স্কৃতি নিবৃত্ত হওয়ার প্রের্ব নানাপ্রকার মানসিক ভেদময় বিকল্প-জ্ঞানের উদয় হয়—উহাই স্বণন নামে পরিচিত। জীবের সংসারদশা বিশেলষণ করিলে এই তিনটি দশার সহিতই আমরা পরিচয় লাভ করিয়া থাকি। যাহাকে স্কৃতি বলিয়া নির্দেশ করা হইয়াছে তাহাই সংসারের বীজ দশা, যাহাকে স্কণন বলিয়া উল্লেখ করা হইয়াছে তাহা সংসারের উল্মেষ দশা এবং যে দশাকে আমরা জাগ্রং বলিয়া অভিহিত করিয়াছি তাহা সংসারের পাঢ় ও বৃদ্ধিপ্রাণ্ড অবস্থা। আজার সংস্কারের ক্রমিক আধিক্য অনুসারের পর পর এই তিনটি অবস্থার নির্দেশ করা হইল।

কিন্তা তারীয় অবস্থা এই তিনটি অবস্থা হইতে সম্পূর্ণ পৃথক্। এই তিনটি অবস্থার মধ্যে পরস্পর ভেদ-সম্বন্ধ বিদ্যমান থাকাতে ইহাদের যে কোন দ্ইটি অবস্থা একসংগে প্রকাশিত হইতে পারে না, পর পর হয়। অর্থাং যখন জাগ্রং থাকে তখন স্বন্ধ তি থাকে না, যখন স্বন্ধ থাকে তখন জাগ্রং বা স্মুদ্ধিত থাকে না, যখন স্বন্ধ থাকে তখন জাগ্রং বা স্মুদ্ধিত থাকে তখন জাগ্রং বা স্বন্ধ তি থাকে না, এবং যখন স্মুদ্ধিত থাকে তখন জাগ্রং বা স্বন্ধ অবস্থা এই প্রকার নহে। কারণ উহা উদ্ধ তিন অবস্থার প্রত্যেকটির সহিত ওতপ্রোত ভাবে বর্তমান থাকে। তারীয় জাগ্রতে থাকে, স্বন্ধে থাকে এবং স্মুদ্ধিততেও থাকে। তারীয়ের প্রকাশের জন্য অন্য কোন অবস্থা নিব্তু হওয়া আবশ্যক নহে। চিং এর অন্সম্ধানই তারীয়ের বৈশিশ্টা। উদ্ধ তিনটি অবস্থার প্রত্যেকটি চিং হইতে উম্ভাত—তাই চিং উহাদের কারণ ও উহারা চিতের কার্য। কার্যে যেমন কারণ ব্যাপকর্পে বর্তমান থাকে, তার্প জাগ্রং, স্বন্ধ ও নিম্মান হইলেও উহাতে জাগ্রং প্রভ্যাকি ভিন্ন অবস্থার কলংক স্পর্শ হয়। ইহা স্প্রশ্ থাক, তাহাতে সন্দেহ নাই। তথাপি ইহা সত্য। কিন্তা, তারীয়াতীত অবস্থাতে এই স্পৃশ্ব থাকে না।

পরম শিবের প্রাণম্বর্পা পরা শক্তি মাত্কা মহাযদ্যের বাচা। এই মহাশক্তি পণ্ড অবয়ব বিশিণ্ট—ইহার স্বর্প জাগ্রং প্রভৃতি পণ্ড অবস্থার দ্বারা গঠিত। মাতির অবয়বের দিক্ হইতে বিচার করিলে জাগ্রং অবস্থাকে ইহার শরীরের দক্ষিণ পাশ্ব বিলয়া ধারণা করা যাইতে পারে, কারণ দক্ষিণ পাশ্ব ক্রিয়াপ্রধান । সাম্বাণিতকে বাম পাশ্ব মনে করা যাইতে পারে, কারণ ইহা অনেকাংশে নিচ্ছিয়। ম্বন্ন অবস্থা জাগ্রং ও সাম্বাণ্ডর মধ্যবতী—ইহা দেবীর জঘন বা গাহা প্রদেশ বিলয়া কিলপত হয়। বিকল্পসমাহ এই অংশ হইতেই উল্ভাত হয়। সামিত নিবৃত্ত হওয়ার পর যে বিষয়জ্ঞান হয় তাহা জাগ্রং, এবং সামিত নিবৃত্ত না হইলেও যদি অর্থজ্ঞান হয় তবে উহা ম্বন্ন বিলয়া জানিতে হইবে। তারীয় অবস্থা দেবীর মাম্বর্পে কল্পিত হয়। জাগ্রং প্রজান জানিতে হাবে। যার জাল প্রকট হয় তাহাকে গ্রাস করিবার সামর্থা একমাত্র তারীয়েই আছে। মাথ যেমন চর্বণ ও ভক্ষণ কার্য করিয়া থাকে তেমনি চিদনাসম্ধান-প্রধান তারীয় অবস্থাও জড়ভবে গ্রাস করিয়া থাকে।

ত্রীয়াতীত অবন্ধা দেবীর হানয়রপে পরিকল্পিত। ইহাই সকল অবন্ধার প্রাণভ্ত। বাদতবিক পক্ষে ত্রীয়াতীত অবন্ধা সাক্ষাং মহাদান্তকেই ব্র্ঝাইয়া থাকে। এই দৃণ্টিতে অবন্ধার বিচার প্রসংগ ত্রীয়াতীত অবন্ধারই প্রাধান্য শ্বীকার করিতে হইবে। যদিও ত্রীয় ও ত্রীয়াতীত উভয় দশাতেই চিদ্ভাবের প্রকাশ থাকে, তথাপি ত্রীয় অবন্ধাতে সংসার-কলংকর ক্ষীণ আভাস থাকিয়া যায়, কিল্ত্ব ত্রীয়াতীতে তাহাও থাকে না। পরম শিবের অবন্ধা ষষ্ঠ দশা রপে পরিগণিত হইবার যোগ্য—ইহা অখন্ড ও ব্যাপক। কিল্ত্ব তাহা হইলেও পরমাশব হইতে পরা শক্তির উৎকর্ষই কীর্তিত হইবার যোগ্য, কারণ পরম শিবের সন্তা চিং-সারভ্তো বিমর্শরেপা পরা শক্তির অধীন। এইজন্য শিব-শক্তিতে বন্ধত্বতঃ কোন ভেদ না থাকিলেও শক্তিরই প্রাধান্য অধ্যীক্ত হয়।

এই যে বিভিন্ন দশার বর্ণনা করা হইল ইহাদের সহিত 'অ'-কারাদি বর্ণ সম্বের একটি নিগতে সম্বন্ধ আছে। কালিদাস রঘ্বংশের মণ্গলাচরণ শ্লোকে শক্তি ও শিবের অচ্ছেন্য সম্বন্ধ ব্যুঝাইবার জন্য উপমাচ্ছলে বাক্ বা শব্দ এবং অর্থের পরুষ্পর ঘনিষ্ঠ সম্বন্ধের উল্লেখ করিয়াছেন। স্থি-প্রসংগে শব্দই যে অর্থারপে বিবর্তিত হয় ইহা ভত্হির বলিয়াছেন। বৈদিক ও তাম্প্রিক সাধন-শাস্তে সর্বন্ত এই শব্দ ও অর্থের নিগতে সম্পর্কের কথা কীতিত হইয়াছে। শ্লীদ্বীয় যোগিগণও ইহা জানিতেন এবং এই বিষয়ে অনেক গ্রুহা তত্ত্ব তাহাদের সাধন-সাহিত্যে উপলক্ষ হয়।

শন্দ-অধনার বা ধারার মলে বর্ণ । বর্ণ হইতে মন্ত্র, পদ প্রভৃতির আবিভবি হয়। অর্থ-অধনার মলে কলা, যাহা হইতে তন্ধ, ভবন প্রভৃতি কার্যবর্গের রুমিক স্ফুরণ হয়; উভয় ধারার প্রশ্পর স্বন্ধ প্রতি স্তরেই বিদামান।

বর্তামান প্রসণ্ডেগ আমরা বর্ণাকে আত্মিক দশার জ্ঞাপক বা ব্যঞ্জক বলিয়া মনে করিতে পারি। স্কুতরাং তদন্সারে দশা ও বর্ণোর মধ্যে ব্যুগ্যা-ব্যঞ্জক সম্বন্ধ বিদ্যমান আছে বলা চলে। বর্ণা দ্যারাই দশাগর্কার অভিব্যক্তি হয়, ইহাই তাৎপর্যা। যে নিমিত্ত অবলম্বন করিয়া উভয়ে এই সম্বন্ধ কলিপত হইয়াছে, তাহা উভয়ের সাদৃশ্য। ক্রমশঃ আলোচনা প্রসণ্ডেগ এই বিষয় পরিক্ষ্টে হইবে।

'অ' হইতে বিদর্গ পর্যন্ত শ্বরবর্ণ দুমুণিত অবম্থার দ্যোতক। 'ক' কার হইতে 'ম' কার পর্যন্ত প'চিশটি স্পর্শবর্ণ জাগ্রং অবস্থার দ্যোতক। 'হ', 'র', 'ল' ও 'ব' এই চারিটি অন্তঃশ্থ বর্ণ শ্বনাবস্থার পরিচায়ক। 'শ', 'হ' ও 'স'—এই তিনটি উদ্মবর্ণ তারীয় বাচক এবং কাটাক্ষর 'ক্ষ' তারীয়াতীত রূপে কালপত হয়। আপাততঃ ইহার বিচার তারীয়ের সহিতই করিতে হইবে। যাহাকে তারীয় বলা হইল তাহা জাগ্রং অবস্থাতে আবিভর্তে সমুম্ণিতর নামানতর। ইহারই পারিভাষিক সংজ্ঞা যোগনিদ্রা।

বর্ণপ্রকল উচ্চারণ করিতে হইলে যে প্রয়ত্ব আবশাক হয় তাহার বৈশিন্ট্য অবস্থাসকলের বৈশিন্ট্যের ঠিক অনুর্প। উচ্চারণগত সন্ফোচ ও বিকাশ লক্ষ্য করিয়াই এই কথা বলা হইল। স্পর্শবর্ণের উচ্চারণে স্পৃষ্ট প্রয়ত্ব আবশাক হয়—ইহা জাগ্রং অবস্থার দ্যোতক। এই প্রয়ত্বে সন্ফোচভাব প্রধান থাকে। কিল্ট্র বিবৃত প্রয়ত্বে সন্ফোচভাব কাটিয়া যায়—উহাতে প্রসারের প্রাধান্য থাকে। স্বরবর্ণের উচ্চারণ বিবৃত প্রয়ত্বের ল্বারাই হইয়া থাকে। স্বরবর্ণ সন্মূলিত অবস্থার জ্ঞাপক, ইহা প্রেই বলা হইয়াছে। স্বরবর্ণ নাদকক্ষপ। এইজন্য তাহাকে নাদর্বপেই গ্রহণ করা হয়। স্পর্শবর্ণ স্মৃতি ও প্রলম্মবিষয়ক। স্পৃষ্টতা প্রয়ত্ব বিলতে কণ্ঠ, তালা প্রভৃতি উচ্চারণ স্থানের নিল্ম ও উধর্বভাগের সংঘট্টন ব্রুমিতে হইবে। ইহারই নাম সন্ফোচ গ্রহণ। বিবৃততাপ্রয়ত্বের উদ্দেশ্য এই যে ইহা দ্বারা প্রবিদ্তি সংঘট্টিত কণ্ঠাদি ভাগশ্বয়ের প্রনরায় বিঘটন করা হয়। ইহার নামালতর সন্ফোচ ত্যাগ। জাগ্রৎ অবস্থায় ঘট-পটাদি অর্থের গ্রহণ হয়। এই অবস্থায় আত্মাতে সন্ধেটাচ ভাবের উদয় হয়। স্মৃত্বিত অবস্থা বিশ্রামের অবস্থা—তথ্য আত্মাতে প্রের্ভিল প্রকাশিত হয়।

যদিও বর্ণাই দশার অভিবাঞ্জক তথাপি সন্দোচ গ্রহণ ও সন্দোচ ত্যাগম্লক অবস্থাসাদ্শ্য বর্ণার প্রযক্ষমপেক্ষ। এইজন্য প্রযক্ত্রক উপচারবশতঃ অবস্থা-ব্যঞ্জক বলিয়া ধরা হয়। স্বন্দ অবস্থার জ্ঞাপক অন্তঃস্থ বর্ণাত ঈষণ্স্পৃন্টতা প্রযন্ত্র। এই উচ্চারণ প্রযন্ত্রে স্পৃন্টতাই প্রধান—তবে গৌণভাবে বিবৃত্তা ইহাতে আছে। এইজন্য ইহাকে মিশ্র প্রয়ন্থ বা ঈষংম্পৃন্ট প্রয়ন্থ বলা হয়। ত্র্বদিশার জ্ঞাপক উদ্মবর্ণগত ঈষংবিবৃত্তা প্রয়ন্থ। এই বিবৃত্তা প্রয়ন্থ স্পৃন্টতার সহিত মিশ্রিত বলিয়া ইহা সমগ্র নহে—ইহা সংকীণ বা ঈষং।

অতএব স্ম্কিণ্ডর প্র্ণতা সমগ্র বা প্রেণ । কারণ ইহা নিবিক্টিপ পদ—
ইহা বাহ্য ও আভাশ্তর ইন্দ্রির্গের বিশ্রামন্বর্গ । বিকল্পের অভাবই প্রের বোধক । জাগ্রতের অপ্রেণতা ঠিক এইপ্রকার সম্যক্ বা প্রেণ । কারণ, ইহা সংসার পদ ও গাঢ় বিকল্পের উদয় স্থান । ইহা ঘট-পটাদির অন্সন্ধানাত্মক —ইহাতে বিশ্রান্তির স্পর্শ পর্যশত নাই । এই বিকট্পন্বরই জাগ্রং অবস্থাকে মহাসন্কোচময় র্পে পরিণত করিয়ছে । ত্রুরীয় অবস্থাতে চিদ্-বিশ্রান্তির মিশ্রণ বিলয়া জানিতে হইবে । যদিও ত্রুরীয় অবস্থাতে চিদ্-বিশ্রান্তি ব্যাপক ভাবে আছে এবং চিদ্-বিশ্রান্তিই স্ম্কিণ্ত, তথাপি ঐ ব্যান্তির অন্সন্ধান হয় ঠেতা বর্গে বা জড় বৃত্তুতে । কাজেই বিকট্প-স্পৃষ্টতাও জাগ্রতের অন্বতী থাকে । স্বংনও মিশ্রর্প—ইহা জাগ্রং ও স্ম্ক্ণিতর সমবায় র্পে । ত্রুরীয়ে প্রেণিতা অসমগ্র । কিন্তু স্বন্নে সন্ধোচ অসমগ্র ।

পাঁচ

অনৈতে স্ফা সাহিত্যে পরমাত্মার তিনটি যাত্রার বিবরণ প্রাণ্ড হওয়া যায়।
তক্ষধ্যে প্রথম যাত্রা পরমাত্মা হইতে বহিম্ব্রথ গতিতে অবিদ্যাকে আশ্রয় করিয়া
এবং জীবভাব ধারণ করিয়া মন্যাভাবের প্রাণ্ডি পর্যক্ত। দ্বিতীয় যাত্রা
মন্যাভাব ইইতে জ্ঞান প্রাণ্ডির পরে অবিদ্যার নিবৃত্তি সাধনপর্বক প্রনায়
সচেতন ভাবে নিজ্ঞ ভাব বা পরমাত্মভাবের প্রাণ্ডি এবং সোহংর্পে সম্যক্
প্রকারে বোধন্বর্পে নিজের পরিচয় পর্যক্ত। এই দুইটি যাত্রার কথা অধ্যাত্ম
সাহিত্যে সর্বত্রই প্রচলিত আছে। প্রথম যাত্রা অজ্ঞানের যাত্রা। দ্বিতীয় যাত্রা
জ্ঞানের যাত্রা। পরমাত্মা অজ্ঞানকে গ্রহণ করেন, জীবভাব ধারণ করেন এবং
চরমে মন্যাদেহ অবলন্ত্রন করেন—ইহার একমাত্র উন্দেশ্য চৈতন্যের বিকাশ
সম্পাদন, যাহার জন্য দেহধারণ ও চৌরাশী লক্ষ্ণ যোনির মধ্য দিয়া দেহের
ক্রমবিকাশ আবশ্যক হয়। এই ক্রমবিকাশের ফলে দেহের ও চৈতন্যের বিকাশ
পর্ণে হইয়া মানবীয় সন্তার অভিব্যক্তি সম্ভবপর হয়। তথন মানব নিজেকে
নিজে প্রণ্রিপে সচেতন ভাবে জ্ঞানিবার অবসর প্রাণ্ড হয়, কারণ তথন
অহংভাবের বিকাশ হয়। কিম্তুর অবসর প্রাণ্ড হইলেও নিজেকে নিজে
অহংভাবের বিকাশ হয়। কিম্তুর অবসর প্রাণ্ড হইলেও নিজেকে নিজে
অহংভাবের বিকাশ হয়। তাহার কারণ, ক্রমবিকাশের ফলে বিকশিত

জ্ঞানের উপরে সংশ্কারের ঘনীভতে আবরণ বিদামান রহিয়াছে। এই আবরণ অপসারিত না হইলে আত্মজ্ঞানের পরিপণে স্ফ্তিও হওয়া সম্ভবপর নহে। আবরণের অপসারণের সঙ্গে সঙ্গে ক্রমশঃ দেহ-ইন্দ্রিয়-প্রাণ-মন বৃদ্ধি প্রভৃতির প্রাকৃত সন্তা হইতে অহংবোধ মৃক্ত হইয়া যায় এবং চরম্মিথতিতে উহা 'আমি' বিজিত হইয়া নিজেকেই নিজে প্রকাশ করে।

এই দুইটি যাত্রার ফলে আত্মা নিজের সর্বজ্ঞত্ব, সর্বকর্ত্ব ও অন্যান্য যাবতীয় ভাগবত গ্রের প্রকাশ অন্তব করে ও নিজের ভগবং-সন্তাতে জ্ঞান-পরে বি প্রতিষ্ঠা লাভ করে। পরমাত্মা সম্বন্ধে বস্তত্তঃ বোধ ও অবোধ প্রেক্ভাবে গ্রেটত হয় না। কিল্ডু বিশেলষণের ফলে ব্রাধির সৌক্ষের জনা বলা হয় যে, তাহাতে যেমন এক পক্ষে বোধ ও অবোধের কোন ভেদ নাই. অপর পক্ষে তেমনই তাহাতে দুইটি ভিন্ন ভিন্ন দিক্ও স্পন্টভাবে নিত্য বিদ্যমান রহিয়াছে। তন্মধ্যে যেটি অবোধের দিক্ সেটি নিতা সুষ্-িত বা জড়ভাব বিলয়া বণিত হইবার যোগ্য। এই সম্মাণ্ডভণের সংগে সংগেই জড়ভাব র্থান্ডত হ**ইয়া জডরপে ধারণ** করে এবং চিম্ভাবের উদ্দেষ জীবরূপে ধারণ করিয়া ক্রমাবকাশের পথে অগ্রসর হয়। এই পথে চিতের সঙ্গে অর্থাৎ জীবভাবের সঙ্গে জড়ের সম্বন্ধ—অর্থাৎ অচেতন দেহের সংযোগে জীবের অগ্রগতিতে মনুষ্যদেহ ধারণ পর্যশত আবশ্যক হইয়া পড়ে। চৈতনাের ক্রমবিকাশ বা ক্রমজাগরণই ইহার একমাত্র উদ্দেশ্য ও নিয়ামক। পক্ষাশ্তরে অন্য যেটি বোধের দিক্—সেটি নিত্য জান্তত স্থিতিরপে বাণিত হইয়া থাকে। ইহা নিত্যসিশ সমুকাশ চৈতনোর অবন্থা, মহাস্মৃহ্ণিত হইতে ইহা পৃথেক্। এই অবস্থায় আত্মা শ্বভাবতঃ নিজেকে অনাবৃতচেতন পরমাত্মা ও অন^নত শস্তিসম্পলরুপে বোধ করিরা থাকে। পর্বের অবস্থাটি প্রকৃতির পরমাবস্থা—এই অবস্থাটি পরুরুষের পরমাবস্থা; মলে কিম্ত্র প্রকৃতি ও পরুর্ষ অভিন্ন ইহা মনে রাখিতে হইবে। প্রথমাবশ্বায় অহংবোধের উদয় হয় না, বশ্তত্তঃ কোন বোধেরই উদয় হয় না— মহাসুষ্কিত ভণেগর পর সেই বোধের উদয় ও পর্ন্থি লাভ হয়। দ্বিতীয় অবস্থায় অহংবোধ প্রেহংরপে নিতা প্রতিষ্ঠিত।

স্ফীগণ বলেন, এই ম্বিতীয় যাত্রার পর কোন কোন ক্ষেত্রে একটি ত্তীয় যাত্রার সন্ধানও প্রাণত হওয়া যায়। একটি, ভগবং সন্তা নিজ স্বর্পে হইতে বাহির হইয়া আসে। অপরটি, বাহির হইতে এই সন্তা অন্তম্ব হইয়া নিজ ম্বর্পে প্রবেশ করে। নিজ স্বর্পে প্রবিষ্ট হওয়ার পর ঐ স্বর্পের মধ্যেই ভিতরে ভিতরে যে পরম অব্যক্তের দিকে যাত্রা তাহাই ত্তীয় যাত্রা বলিয়া ব্রিতে হইবে।

যাহাকে পরমশিবের প্ষত্মিম বলিয়া উল্লেখ করা হইয়াছে তাহার সন্ধান

এই তৃতীয় যাত্রার পথেই প্রাণ্ড হওয়া যায়। বলা বাহ্লা, এই যাত্রার একটি সীমা আছে। যদিও এই যাত্রা অনশ্ত তথাপি মন্যাদেহে অবশ্বিত ইইয়া এই যাত্রার অন্সরণ করিতে প্রবৃত্ত হইলে একটি পরম অব্যক্তর দ্বারে আসিয়া দ্র্তাদ্ভিত হওয়া অপরিহার্য। অতি স্ক্রোদশী প্রীন্টীয় অধ্যাত্মবিং যোগিগণের মধ্যে কেহ কেহ এইজনাই God হইতে Godheadকে প্রথক্ করিয়া বিশ্লেষণ করিবার চেন্টা করিয়াছেন। জ্ঞান ও বিজ্ঞানদ্দির নির্মালতার তারতম্যান্সারে কেহ অনপ দ্রে যাইয়াই মৌন অবলশ্বন করিতে বাধ্য হইয়াছেন, কেহ অপেক্ষাক্ত কিছন অধিক দ্রে পর্যন্ত অগ্রসর হইতে সমর্থ হইয়াছেন। কারণ, অবাজ্ঞ চির্মান অবাক্তই থাকে। তাহাকে ব্যক্ত করিবার যতই চেন্টা করা যাক্লা কেনত তথাপি চরমান্থাতিতে অব্যক্ত অব্যক্তই থাকিয়া যায়—"যতো বাচো নিবর্ত্ত অপ্রাণ্য মনসা সহ।"

আমাদের অধ্যাত্মশাস্ত্র, অতীব গাহা হইলেও, এই তাতীয় যান্তার সন্ধান দিতে বিরত হন নাই। বিশেষতঃ, তান্তিক শাস্ত্র গাহাতত্ত্বের প্রতিপাদক বালিয়া এই মার্গে অধিক দরে অগ্রসর হইতে সমর্থ হইয়াছে বালিয়া মনে হয়। অন্যান্য শাস্তেও স্থানবিশেষে ইহার পরিচয় যে না পাওয়া যায় তাহা নহে।

সাধারণ দৃণ্টিতে পরমশিবাবদ্থাই পূর্ণ'ত্বের প্রতিপাদক চরম অবস্থা বলিয়া আগমশাস্তে গৃহীত হইয়া থাকে। কারণ, এই অবস্থায় শিব ও শক্তিভাবের সামরস্য বা সাম্য আত্মপ্রকাশ করে। শিবভাব অভিবাক্ত প্রকাশের ভাব—ইহাই পরম প্রকাশ, বাহাকে আশ্রয় করিয়া সব কিছা প্রকাশিত হইয়া থাকে এবং সব কিছা না থাকিলেও যাহা স্বপ্রকাশ বলিয়া নিরন্তর নিজের মধ্যেই নিজে প্রকাশমান থাকে। এই প্রকাশের যেটি আত্মবিদ্রান্তি অর্থাৎ অহংরপ্রে বিমর্শন তাহাই শক্তি। শক্তির স্ফারণ হইতেই বিশ্বের উদয় ঘটিয়া থাকে—শাধ্য তাহাই নহে, বিশ্বের প্রিতি ও লয়ও শক্তির ক্ষুর্ণসাপেক্ষ। স্তেরাং শক্তির উন্মেষ অবঙ্খায় এই সমগ্র প্রকাশের মধ্যে বিশ্বের আভাস দর্শিটগোচর হয়। এই আভাস অহংরপে গহেতি হউক অথবা ইদংরপে গহেতি হউক তাহা প্রথক কথা— কিন্তু এই আভাসের সন্তাই মহাপ্রকাশকে সাভাস প্রকাশরূপে নিদেশি করে। আভাস না থাকিলে ঐ প্রকাশ নিরাভাসরপে প্রকাশমান হয়। যাহাকে লোক-দুষ্টিতে সুষ্টি বলিয়া বর্ণনা করা হয়, তাহা এই মহাপ্রকাশরপৌ পূর্ণে অহংএর ন্বাতন্ত্র্যকৃত্পিত ইদংর্পো বাহ্য সন্তামাত্র। এই বাহ্য সন্তা সর্বপ্রথম শনোরণে অর্থাৎ শ্রোতিশ্রোরূপে প্রকাশিত হইয়া ক্রমশঃ স্তরে স্তরে অনন্তভাবে আত্মপ্রকাশ করে।

আমরা এই বিশ্বাতীত ও বিশ্বময় পূর্ণে পরমশিবসম্ভার অশ্তরালে বা পৃষ্ঠভূমিতে কি আছে তাহাই শাদ্য ও গুরুষ্ণান্তর সহায়তায় কিঞিং ধারণা করিতে চেন্টা করিব। ইহা আপাততঃ গ্রহাতদ্বের আবরণ উন্মোচন বলিয়া মনে হইতে পারে, কিন্তু বাস্তবিক পক্ষে যাহা প্রকৃত গ্রহাতদ্ব তাহার আবরণ উন্মোচন করা যায় না। ইহা শ্র্য্ পরমশিব অবস্থার অন্তর্গত কতকগর্মল অতি সক্ষ্মে স্তরের বিশ্লেষণ মাত্র। এই বিশ্লেষণে যে ক্রম উপলিখিগোচর হয় তাহা কালগত ক্রমে নহে, বোধের ক্রমমাত্র। এই ক্রম না ধরিলে দেহবন্ধ চৈতন্য নিজের অন্তর্গথত অনন্ত বৈচিত্র্যের কিয়দংশ সচেতন ভাবে ধারণা করিতে পারে না।

ব্রহ্ম সচিচদানন্দ স্বরূপে, এ কথা শাস্তে প্রসিদ্ধ আছে। বৃষ্ত্রতঃ সং. চিৎ ও আনন্দ এই তিনটি ভাব অভিন্ন হইলেও প্রত্যেকটি একটি বিশিণ্ট অর্থের দ্যোতক। সংভাব অসমভাব হইতে প্রথক হইয়া সম্মান্তরপে বিদামান থাকিতে পারে. আবার চিম্ভাবের সহিত অভিনরপেও আত্মপ্রকাশ করিতে পারে। তদ্ধপ চিম্ভাব আনন্দের অতীত প্রমসন্তায় বিরাজ করিতে পারে, এবং পক্ষান্তরে উহা আনন্দের সহিত অভিন্ন হইয়াও আত্মপ্রকাশ করিতে পারে। পূর্ণেতত্ত্বের র্যোট গভীরতম স্থিতি, সেখানে সং, চিং ও আনন্দ কল্পিত হইতে পারে না। এই গভীরতম সন্মান্ত ন্থিতি হইতে ইহারই আত্মপ্রকাশরপে একটি কলা বা শক্তি নিগতি হয়, যাহাকে তান্ত্রিকগণ চিৎ বলিয়া বর্ণনা করিয়া থাকেন। এই চিম্ভাব এক হিসাবে দেখিতে গেলে পূর্ণে সত্যের বহিরুগ্যভাবের আদি প্রকাশ । তান্তিক সাহিত্যে এই চিম্ভাবকে 'অনুত্তর' বলিয়া অভিহিত করা হইয়াছে। সং হইতে নিজ সন্তা চিদ্রপে বহিগতি হইলে চিৎ প্রতিষ্ঠা লাভ করে। কিন্ত: যে বহিম: খ ম্পন্দন চিম্ভাবের প্রকাশক সেই ম্পন্দন চিম্ভাবের মধ্যেও পরেবিং কার্য করিয়া থাকে। তাহার ফলে চিৎ নিজ সন্তা হইতে আংশিক ভাবে বহিগতি হইয়া আনন্দরপে স্থিতিলাভ করে। কিল্ডু এই স্থলে মনে রাখিতে হইবে, যাহা শুন্ধ সন্মান্ত তাহা এক পক্ষে নিঃম্পন্দ হইলেও অপর পক্ষে স্পন্দনরহিত নহে। এই স্পন্দন বহিঃস্পন্দন—যাহার প্রভাবে সং চিদ্রপে প্রকাশিত হয়। কিন্তু ইহার অক্তঃম্পন্দন আমরা ধরিতে পারি না। অক্তঃম্পন্দন ম্বীকার করিলেও তাহা আলোচনার যোগ্য নহে। চিৎ প্রভাতির প্রত্যেকটির স্থিতির মধ্যে অন্তঃ-ম্পন্দন ও বহিঃম্পন্দন দুই-ই সমর্পে বিদামান আছে। সেজন্য চিং যেমন ম্পদ্দনবশতঃ আনন্দের অভিমুখ তেমনি অন্য দিকে উহা সংএরও অভিমুখ। অত্তর্প ও বহিম্পে এই দুইটি বৃত্তি মানব চিত্তের মধ্যে আমরা প্রতাক্ষ অনভেব করিতে পারি: ঠিক সেই প্রকার পরমসত্যের ভিতরেও চিং ও আনন্দ এই উভয়াংশের এই দ্বিবিধ দপন্দন গ্রহীত হয়। চিৎ হইতে বহিঃম্পন্দনের ফলে যখন দ্বিতীয় চিং আবিভূতি হয় তখন বহিম্বেখ প্রথম চিং ঐ দ্বিতীয় চিতের মধ্যে নিজেকে অর্থাৎ নিজের প্রতিবিম্বকে দেখিতে পায় এবং দেখিয়া উহা

নিজ্ঞ সন্তা বলিয়া চিনিতে পারে। উহারই শাস্ত্রীয় নাম আনন্দ। দপণে যেমন নিজের স্বর্প দেখিতে পাওয়া যায় এবং উহা প্রক্ মনে হইলেও নিজ সন্তা বলিয়া ব্রিক্তে পারা যায়—তদ্পে চিং হইতে বিশ্বিষ্ট চিংসভাতে চিং যখন নিজেকে দেখিতে পায় তখন উহাকে আনন্দ বলিয়া অন্ভব করে। বলত্তঃ উহা প্রক্ কিছু নহে। নিজেরই সন্তামাত্র। সং হইতে যেমন চিং প্রক্ নহে, কিল্তু তথাপি প্রক্, সেইর্প চিং হইতে আনন্দ প্রক্ নহে, কিল্তু তাহা হইলেও তাহাকে প্রক্ বলিয়া মনে করিতে হয়।

প্রবৈহি বলিয়াছি চিৎএর শাশ্চীয় নাম অনুত্তর । বর্ণমালার প্রতীক 'অ'। সর্ববর্ণের অগ্রভতে 'অ' বর্ণের দ্বারা অনুন্তরকেই লক্ষ্য করা হয়। সের্প 'আ' এই বর্ণটি আনন্দের প্রতীক। এই সং চিং ও আনন্দ অথন্ডভাবে গ্রেহীত হইলে এক অন্বৈত বন্ধারতে নিজের নিকট নিজে প্রকাশিত হয়। এই বন্ধসন্তা নিরংশ হইলেও ব্রঝিবার সৌক্ষের্বর জন্য ইহাতে ক্রিপত দুই অংশ আছে। একটি সম্মার, যাহা চিরদিন অব্যক্ত ও অব্যাক্ত – উহা চিরনিগড়ে এবং সত্যের গভীরতম স্থিতি । উহাকেই আশ্রয় করিয়া উহার প্রকাশ চিদ্রপে বিরাজমান— এই চিৎ বৃত্ত্বতঃ চিৎশক্তির স্বরূপ এবং ইহা যখন নিজের অভিমুখ হয় এবং অনুকলে সংসেদনরপে প্রকাশমান হয় তখন ইহা আনন্দ নামে পরিচিত হয়। এই আনন্দ হ্মাদিনী শক্তিম্বরূপ। চিৎ অবন্থা অনকলে-প্রতিকলৈ ভাববজিত, কিল্ড আনন্দ অবস্থা নিতা অনুকলে ভাবময়, প্রতিকলে ভাব ইহাতে নাই। চিৎ সন্তাতে একই এক, দ্বিতীয় কেহ নাই। কিন্তু আনন্দ সন্তাতে একই দ্বিতীয় সাজিয়া নিজের সংশা নিজে খেলা করিতেছে। যে অবস্থার কথা বলিতেছি উহা স্থির প্রের অবস্থা, স্থির যাবতীয় সামগ্রীর অভিব্যান্তর পরেবিস্থা। এই আনন্দ হইতেই আমরা যাহাকে সুন্দি বলি তাহার অভিবান্তি হইয়া থাকে। সেইজন্য শ্রুতি বলেন—'আনন্দাখোব খনিবমানি ভাতানি জায়নেত'। যাগলভাব ভিন্ন আনন্দ হয় না এবং আনন্দভাব ভিন্ন স্থাটি হয় না। বৃহদারণাক উপনিষদে আছে—'স একাকী ন অরমত। তদাত্মানং দ্বিধা অকরোং' ইত্যাদি। 'অ' হইতে 'আ' অভিবান্ত হওয়া আর এক হইতে দুই অভিবান্ত হওয়া—একই কথা। ইহাই আত্মরমণ—আত্মারাম অবন্থা, যাহার আন্বাদন ব্রন্ধবিদ্যোণ করিয়া থাকেন।

ফোয়ারা হইতে যেমন জলকণিকা নিরুত্বর উচ্ছর্নিসত হইয়া নিগ'ত হইয়া থাকে তদ্রপ এই আনন্দরপে প্রস্রবণ হইতে নিরুত্বর আনন্দের কণিকাসকল উচ্ছন্সিত হইয়া বহিমর্থ ধাবমান হইতেছে। বঙ্গত্তঃ বাহির বলিয়া কিছ্রই নাই, অথচ একটি কভিপত বাহাসন্তা প্রতিভাসরপে মানিয়া লইতে হয়। বঙ্গত্তঃ উহা আনন্দের সংক্ষাকণা আনন্দের ম্ল প্রস্রবণ হইতে নিগত হইলেই উহা একটি আবরণে আচ্ছম হইয়া পড়ে,

নিজের অশ্তঃ শ্বিত আনন্দসন্তাকে আর অন্তব করিতে পারে না। শাশ্রীয় পরিভাষাতে ইহাই ইচ্ছার বিকাশ। ইহার প্রতীক 'ই'। আনন্দ যেখানে প্রণ আর অভাব যেখানে শ্না, সেথানে ইচ্ছা বিলয়া কোন শক্তি ক্রিয়া করিতে পারে না। ইচ্ছার ষাহা বিষয় তাহাকেই ইন্ট বলা হয়—ইহা অপর কিছ্ন নহে, আনন্দই। কারণ, ইচ্ছামান্তই আনন্দকে চায় এবং আনন্দকে প্রাণ্ড হইয়া ইচ্ছা চরিতার্থ হইয়া আপনাতে আপনি বিলীন হইয়া যায়। ইচ্ছা বস্তত্তঃ আনন্দকে অন্বেষণ করিবার অথবা খ্রিজয়া বাহির করিবার শক্তি। বলা বাহ্লা, ইচ্ছা হইতেই জগতের স্থিত হইয়া থাকে। এইজনাই সমগ্র জগতের অন্তঃশ্বলে সর্বান্ত একটা অন্বেষণের ভাব বিদামান রহিয়াছে। অণ্যু পরমাণ, হইতে স্থেমান্ডল অথবা নক্ষ্যান্ডলপ পর্যান্ত, শ্বুল হইতে কারণ জগৎ পর্যান্ত, স্বর্গান্ত হওয়া যায়। ইহা অপর কিছ্ন নহে, একটি হারাধন ফিরিয়া পাইবার জন্য আন্তরিক বাসনা। এই হারাধন ইচ্ছার বিষয়ীভত্ত আনন্দ, অপর কিছ্ন নহে। আনন্দ না পাওয়া প্যান্ত অন্বেষণের বিরাম নাই, তাই ইচ্ছারও ত্তিত নাই, তাই প্রেণিত্ব লাভ হয় না।

এই আনন্দর্প ইণ্টবস্ত্র এখনও অম্ত্র অবস্থায় বিদ্যমান রহিয়াছে।
ইচ্ছাশন্তি যখন ঘনীভ্ত হয় অথবা সংবেগে স্পন্দিত হয় তখন ঈশনশন্তির উদয়
হয়। ইহার প্রতীক 'ঈ'। এই ঈশনশন্তিই ঐ শন্তির প্রাণ। বস্ত্তঃ ইহা
ইচ্ছা ভিন্ন অপর কিছ্ নহে। এই ইণ্টবস্ত্র এখন এবণীয় অর্থাৎ ইচ্ছার বিষয়ীভতে। ইহার প্রাবস্থায় যখন এই গ্রুণ্ডধন প্রকট হইয়া উঠে তখন উহা
ডেয়েরর্পে অ,অপ্রকাশ করে। তখন ইচ্ছাশন্তি জ্ঞানশন্তির আকার ধারণ করে।
এই জ্ঞানশন্তির নামান্তর উশ্মেষ, যাহার প্রতীক 'উ'।

উংশ্বেষর্পা জ্ঞানশক্তি নিজের বিষয় জ্ঞেয়সন্তাকে প্রকাশ করিয়া থাকে।
ইচ্ছা এবং এবণীয় যেমন পৃথক্ না হইলেও পৃথক্ বলিয়া মনে হয়, তদ্রপ্রজান হইতে জ্ঞেয় পৃথক্ না হইলেও পৃথক্ বলিয়া প্রতীত হয়। জ্ঞানশক্তি 'উ'কারের দ্বারা বর্ণিত হয় এবং উহার বিষয় জ্ঞেয় 'উ'কারের দ্বারা বর্ণমালাতে প্রথিত হইয়া থাকে। এই 'উ' বৃষ্ঠাকুত 'উ'রই ঘনীভ্ত অবঙ্গা। শাস্তীয় পরিভাষাতে ইহাকে উনতা বা উমি বলে।

জল হই তে বরফ যেমন স্বর্পেতঃ অভিন্ন তদ্রপ 'উ'কার হইতে 'উ'কার অভিন্ন এবং জল যেমন ঘনীভতে হইয়া বরফর্প ধারণ করে তদ্রপ জ্ঞ:নশান্তিও ঘনীভতে হইরা জ্ঞেয়র্প ধারণ করে। কিন্তু বরফ ঘনীভতে হওয়ার দর্শ জল হইতে পৃথক্ মনে হইলেও বাস্তবিক পক্ষে জলই এবং জল হইতে উৎপন্ন হইয়া জলকে আশ্রয় করিয়াই বিদামান থাকে। ঠিক সেইপ্রকার যাহাকে আমরা জ্ঞের বলি অর্থাৎ বাহা জ্ঞানের বিষয়, বৃষ্তা তাহা জ্ঞান হইতে প্রেক্ নহে—
তাহা জ্ঞানেরই মূর্ত অবৃষ্থা এবং জ্ঞান হইতে উল্ভাত হইয়া জ্ঞানকেই আশ্রয়
করিয়া আত্মপ্রকাশ করে।

ইহা হইতে ব্ঝা যাইতেছে যে জ্ঞেয় পদার্থ জ্ঞান হইতে পৃথক্ নহে—
অবিদ্যাবদতঃ পৃথক্ বলিয়া মনে হয়। কিশ্ত অবিদ্যা নিবৃত্তি হইলে উহাকে
জ্ঞান হইতে পৃথক্ মনে হয় না। কিশ্ত যে অবিদ্যার কথা এখানে বলা হইল,
যাহার প্রভাবে জ্ঞান হইতে জ্ঞেয়কে পৃথক্ বলিয়া প্রতীতি জ্ঞান, তাহা
শাশ্রান্সারে ক্রিয়াশক্তির নামাশ্তর। এই ক্রিয়াশক্তির প্রভাবে জ্ঞান হইতে জ্ঞেয়
পৃথক্ হইয়া য়য়। আমাদের প্রের্বের দৃষ্টান্তে জল হইতে উৎপশ্ব বরফের
ট্করা যতক্ষণ জ্ঞানে মধ্যে ভাসিতে থাকে ততক্ষণ ব্রিত্ত হইবে ক্রিয়াশক্তির
ব্যাপার আরশ্ভ হয় নাই। কিশ্ত যখন ঐ বরফের ট্করা জল হইতে অপসারিত
হয়, য়খন জল হইতে বরফ পৃথক্রপে প্রতীতিগম্য হয়, তখন অবিদ্যারপা
ক্রিয়াশক্তির খেলা আরশ্ভ হইয়াছে ব্রিক্তে হইবে। বর্ণমালাতে এই ক্রিয়াশক্তির
প্রকাশক বর্ণ চারিটি—এ-ঐ-ও-ও । ক্রিয়াশক্তির অংফর্ট, শ্ফুট্তর,
শ্রুট্তম এই চারিটি অবশ্বা ঐ চারিটি শ্বরবর্ণের শ্বারা দ্যোতিত হয়।
ক্রিয়াশক্তির খেলা পূর্ণরিপে সম্পন্ন হইলে ক্রিয়ার নিবৃত্তি ঘটে।

এইভাবে আমরা দেখিতে পাইতেছি যে স্পন্দনের বহিমর্থ সংবেগবশতঃ পর পর বিভিন্ন শক্তির অর্থাৎ কলার অভিব্যক্তি হইতেছে। স্থলে দৃষ্টিতে এই শক্তি বা কলাগন্ধল পাঁচ ভাগে বিভক্ত হইয়া থাকে—চিং আনন্দ ইচ্ছা জ্ঞান ও ক্রিয়া। প্রাচীন মহাজনগণ শিব অথবা প্রমেশ্বরের প্রথম্থ কল্পনা করিয়া এই পঞ্চশক্তিরই ইণ্গিত করিয়াছেন। এই পঞ্চশক্তির মধ্যে চিৎ ও আনন্দ স্বরপোন্তর অন্তর্গত। ইহারা সচিদানন্দ স্বর্পের অন্তভ**্রন্ত** এবং আপেক্ষিক দ্বিউতে ইচ্ছা, জ্ঞান ও ক্লিয়া এই তিনটি বহিরগ্গা শক্তিরপে কলিপত হইয়া थाक । এই বহিরণ্যা শক্তি तिকোণর পী বিশ্বযোনি বা মহামায়া। মলে কিন্ত্র পঞ্চণন্তিই শন্তি। যাহাকে স্বর্প বলি তাহাও শন্তি। শন্তি নয় শা্ধা সেই সন্তামাত্র যাহা নিগত্তেম রূপে এই অন্তরণ্গা শক্তিরও অন্তঃম্পলে বিদামান রহিয়াছে। এইজন্য শ্রুতি বলেন—'অন্তি ইতি ব্রবতো অন্যত্ত কথং তদ্বপলভাতে'—এই বলিয়া সেই পরমর্শক্তির শ্তব করিয়াছেন। এই যে শক্তিপ্রবাহ ইহা স্পন্দনের বহিঃপ্রবাহ। ইহা বলা বাহনলা যে প্রতি স্থিতিতেই একটা অশ্তঃপ্রবাহ আছে—যেমন স্থিম্থী গতি বহিম্থ ও প্রলয়ের গতি অশতমর্খ, যেমন বহরে দিকে ঈক্ষণ বহিমর্খ কিশতর শবরপের প্রতি ঈক্ষণ অশ্তম্ব্রথ। সর্বাত্তই এইরেপে ব্রক্তিতে হইবে। অবশা যেখানে অশ্তমর্থ নাই বহিমুখি নাই, এমন স্থিতিও আছে । এখানে তাহার সম্বন্ধে বলা হইবে না।

ভাহা বাণীর অগোচর। অতএব 'অ' হইতে 'উ' পর্য'ন্ত যে ধারা, যাহাকে প্রবৃত্তিধারা বলা হইরাছে তাহা শক্তির বহিম্ব'থ ধারা, কিল্ট্র ক্রিয়াশন্তির প্রেণিতার সংগে সংগে বহিম্ব'থ ধারার অবসান হয় এবং ঐ সময় স্বভাবতঃই অল্ট্রের্থ ধারার অভিব্যক্তি ঘটিয়া থাকে। প্রবৃত্তির ধারা এবার নিব্ তির ধারায় পরিণত হইল। তখন ঐসকল পৃথক্ পৃথক্ অবভাসমান শক্তি বা কলা অল্ট্রের্থ সপন্দনের ফলে একীভ্ত হইয়া সম্পিট্ভাবাপন্ন হয়, যাহার নাম দেওয়া হয় বিন্দ্র। এই বিন্দ্র যাবতীর কলার বা শক্তির একীভ্ত অবস্থার নামান্তর। বিন্দ্র অভিব্যক্তি হইলে ইহা স্বভাবতঃই অন্তর অথবা 'অ'কারকে আশ্রয় করিয়া প্রকাশিত হয়। কারণ, 'অ'কারই চিংশক্তি বা অন্তর। উহাকে অশ্রয় করিয়াই অর্থাং উহার প্রকাশে প্রকাশিত হইয়া সব কিছ্র প্রকাশিত হয়—'তসা ভাসা সব্যিদং বিভাতি'।

ইহারই নাম অংকার অর্থাৎ বিন্দ্বসংখ্য অন্যন্তর। প্রথমে বহিঃ পশ্লনের বেগে যে আবিভবি হয় তাহা সন্মাত্র বা অবাক্ত হইতে হইয়া থাকে। তাহার পর যে বহিম্ব খারার নিগম হয় তাহা চিৎ বা 'অ'কার হইতে হইয়া থাকে। উহার অবসান 'ঔ'কারে, অর্থাৎ চিৎশক্তি হইতে ক্রিয়াশক্তি পর্যন্ত পঞ্শক্তির আবিভবি সন্পর্শ হইল। এইবার অন্যন্তর পঞ্শক্তিসমন্বিত অর্থাৎ বিন্দ্বসংখ্য হইয়া গিয়াছে। এইবার যে স্টি ইইবে তাহা এই 'অং' হইতে, 'অ' হইতে নহে। প্রথম স্টি ছিল বৈন্দব স্টি। এইবার ঐ একবিন্দ্বই বিভক্ত হইয়া নিজেকে দ্বই বিন্দ্বতে পরিণত করে। ইহারই নামান্তর বিস্পর্ণ—এখন যে স্টি হইবে তাহা বৈস্থিকি স্টি। এই বৈস্থিকি স্টি বস্ত্বতঃ বাজনবর্ণের স্টি—তান্ত্রক পরিভাষাতে ইহাই তত্ত্বান্তি। 'ক' হইতে 'হ' পর্যন্ত বাঞ্জনবর্ণ বিভিন্ন তত্ত্বের দ্যোতক। বলা বাহ্না, এইগ্রনিও প্রতীক মাত্র। যথন এই তত্ত্বান্তি প্রতীক মাত্র। হথন এই ক্রার্নিও স্বতীক মাত্র। হথন এই তত্ত্বান্তি প্রতীক মাত্র। হথন ক্রান্তি স্ক্রিভার্যতে ইইয়া তত্ত্বস্থিতি অবসান হয় তথন ব্রিকতে হইবে হকার প্রযান্ত স্থিতি ইইয়া গিয়াছে।

বৈন্দব সৃষ্ণির সময়ে যেমন কলা বা শক্তিগৃলি বহিম্বথ বৃত্তির পর অশতমর্বথগতিতে বিন্দর্বপ ধারণ করিয়া অকারে সংয্ত হইয়াছে, এই স্থলেও সেইর্প 'অ'কার হইতে 'হ'কার পর্যন্ত সৃষ্ণি প্রত্যাবর্তন কমে 'অহং'ভাবে পর্যবিসত হইয়া থাকে। এইবার কলাসৃষ্ণি ও তত্ত্বসৃষ্ণির অবসানের ফলে অহংভাবের অভিব্যক্তি হইল। বলা বাহ্লা, ইহাই প্রণ অহং, কারণ ইহার প্রতিযোগী অন্য অহং আর নাই। সন্মান্ত অবস্থায় অহং নাই, ইহা বলা বাহ্লা। চিদানদ্দ অর্থাং সাচ্চদানন্দ অবস্থাতেও অহং নাই এবং শক্তি বা কলাসৃষ্টি যেখানে সমান্ত হইয়াছে সেখানেও অহং নাই। তত্ত্বসৃষ্টি সম্পূর্ণ হওয়ার ফলে অহং-এর প্রথম অভিব্যক্তি। এই প্রেণিং-এর অন্তরালে সমস্ত তত্ত্ব রহিয়াছে,

সমস্ত শক্তিবর্গ রহিয়াছে—অর্থাৎ বহিরণা ও অন্তরণা শক্তিবর্গ ও পরম অব্যক্ত গড়ে সক্তাও রহিয়াছে। বস্তত্তঃ এই পর্ণোহং পরম শিবাবস্থা, যাহার সংগ্র অভিন্নভাবে পরমাশক্তি বিরাজ করিতেছে। আমরা যাহাকে স্থিত বলি তাহা এই পরমশিব হইতেই হইয়া থাকে।

কিশ্ত; ইহার একটি সংক্ষা অবস্থা আছে—একটি স্থলে অবস্থাও আছে। আমরা অনন্ত ভ্বেনরাজিকে বা সমগ্র বিশ্বকে স্থি বলিয়া ধরিয়া থাকি— অহংভাব হইতে ইদংভাবের উদয় না হওয়া পর্য[±]ত তাহা পাওয়া যায় না। যখন এই প্রোহং হইতে স্বাতন্ত্যবশতঃ ইদংভাবের প্রথম বিকাশ হয় তখনই বিশ্বস্থিতীর স্চেনা ব্রন্থিতে হইবে। কিশ্ত্র এই ইদংভাবের আবিভাবের প্রের্ব এক অহংই অনন্ত অহংরপে আত্মপ্রকাশ করে। তখন 'সর্বং খাল্বদং ব্রহ্ম' এই শ্রুতিবাক্যের সাথ'কতা ঘটিয়া থাকে। ইহার পর ইদংভাবের **স্ফা্**রণ হই*লে* সর্বপ্রথম সর্বশ্নোরপে প্রমাকাশের আবিভবি হয় এবং তাহাকে আশ্রয় করিয়া এই অনন্ত অহং দ্বিতীয়র,পে প্রকাশিত হয়। ইহা ইদংস্ভিট। কিন্ত, ইহা মহাসমণ্টিরপে। এথনও কালের আবিভবি হয় নাই। কালের পর্বোভাস মহাকালের মধোই পাওয়া যায়। স্তরাং এই স্ভিতৈতও প্রকৃত ক্রম নাই। একটা আন্তরক্রম আছে বটে—তাহা বৃষ্তবুতঃ ক্রম নহে; সন্তরাং তখন অতীত অনাগত ও বর্তমান এই তিনকালের ক্রিয়া থাকে না, প্রচলিত কার্যকারণভাবও থাকে না। অনশ্ত বৈচিত্র্য থাকে বটে, কিশ্ত্র সকল সন্তার মধ্যেই সকল সন্তা অন্স্যুত থাকে। দেশগত ভেদও থাকে না, অথচ একটা ভেদের প্রতীতি প্রতিভাসমান হয় মাত্র। ইহার পর এই মহাস্থি হইতে খন্ডস্থির আবিভবি হয়। সেইগ[ু]লি ঐশ্বরিক সুণ্টি—তাহাতে কালগত, দেশগত, স্বর্পগত অন[ু]ত বৈচিত্র্য আছে। সমণ্টি সৃণ্টি ও ব্যাণ্টি সৃণ্টি ইহারই অন্তর্গত। মহাসমণ্টি স্থিত ইহা হইতে কিণ্ডিং পৃথেক্। মহাসমণ্টি স্থিতে সমণ্টি স্ভির ন্যায় কর্ম-জন্ম-মৃত্যু সূল্টি-প্রলয় প্রভূতির ব্যাপার নাই।

এ পর্যশত বাহা বর্ণনা করা হইল তাহা হইতে ব্ঝা বাইবে যে প্রচলিত ধারণা অন্সারে বিশ্বস্থিত পরমাণব হইতেই হইয়া থাকে। ইহা ব্যক্তিযুক্ত ধারণা তাহাতে সন্দেহ নাই। কিল্ড্র্ বাস্তবিক পক্ষে পরমাণব তত্ত্ব বৃথিতে হইলে তাহার অল্ডরালবতী অবস্থাও ব্ঝা আবশ্যক। এই নিগড়ে রহস্য মানবীয় ভাষার শ্বারা প্রকাশ্য নহে, তথাপি ভগবদ্বপদিন্ট তল্ত্বণাস্তের দ্ণিট অন্সারে অতি সংক্ষেপে এই অল্ডরাল অবস্থার একটা আভাস দিবার চেন্টা করা হইল।

শক্তির জাগরণ

আমরা এতক্ষণ বিশ্তারিতভাবে তান্ত্রিক সাধনার দৃণ্টিভণ্গী বা পটভ্মিকা সম্বন্ধে আলোচনা করিলাম। ইহা হইতে অম্ভতঃ এইট্বুক্ স্কুপ্ণট হইয়া ফ্রিটিয়া উঠিয়াছে যে তান্ত্রিক সাধনার মলে লক্ষ্য হইল প্রেজ্ঞলাভ এবং এই প্রেজিনাভের জন্য অপরিচ্ছিন্ন শন্তির সংগে সর্বদা সংযোগ থাকা প্রয়েজন। শন্তির সংকোচের ফলেই জাবের অপ্রেজিন। নাধ্যমে জাবের এই প্রস্কৃতাশন্তিকে স্বাত্তির বা মন্তি। সদ্গর্ম দাক্ষার মাধ্যমে জাবের এই প্রস্কৃতাশন্তিকে জাগাইয়া দেন—এ কথাও প্রের্জন সংগ্রহ্বস্য ও দাক্ষারহস্যের আলোচনায় দেখান হইয়াছে। এখন এই শন্তির জাগরণ বালতে কি ব্রুয়ায়, তাহার একটি স্কুপণ্ট ধারণা আবশ্যক এবং সেইজন্য তাহাই এখন আলোচনা করা যাইতেছে।

মনুষ্য জীবনের প্রকৃত উদ্দেশ্য কি এই প্রশ্ন মনুষ্যের জীবনে প্রাভাবিক জাগিয়া উঠে। মনুষ্যের প্রকৃত প্ররূপ কি ইহা জানিয়া সেই প্রকৃপের উপলম্পির চেণ্টা করা মনুষ্যের কর্তব্য। অনেকে মনে করেন, প্রকৃতির বন্ধন ইইতে মুক্ত হইয়া চিংশ্বরূপ আর্মানিজের প্ররূপে প্রতিষ্ঠিত হইলেই মনুষ্যজীবনের উদ্দেশ্য সফল হইল বলা চলে। বিবেকজ্ঞানের প্রভাবে মনুষ্য জড় ইইতে অর্থাং ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে নিজেকে পূথক্ বলিয়া চিনিতে পারে। এই প্ররূপটি দেণ্টার প্ররূপ। এইপ্রকারে নিজের প্ররূপের সাক্ষাংকার হইলে কর্মবিজ দন্ধ হইয়া যায়। এই অবস্থায় দেহ থাকে না, অর্থাং দেহের বোধ পরিস্ফুটভাবে বিদ্যমান থাকে না—শাধু নিজ্ঞিয় আত্মপ্ররূপ মাত্র প্রপ্রকাশ ভাবে বিদ্যমান থাকে। দেহবিজ দন্ধ হইয়া যাওয়াতে আর অভিনব দেহ গ্রহণ করিবার প্রয়োজন হয় না। এই অবস্থাকে সাধারণতঃ বিদেহকৈবল্য নামে অভিহিত করা হয়। এই স্থিতিলাভের পর জন্মমৃত্যুর স্লোত হইতে চিরদিনের জন্য অব্যাহতি পাওয়া যায়।

এইপ্রকার বিদেহ কৈবল্যলাভ মন্মাজীবনের পরম উদ্দেশ্য হইতে পারে না, ইহাই অপর পক্ষের বন্ধবা। এই পক্ষের সমর্থক মনীধিগণ বলেন, মন্মা পরমেশ্বরের স্বভাববিশিন্ট। জীব বস্তৃতঃ শিব ভিন্ন অপর কেহ নহে। এই মতান্সারে মান্ম যতদিন পর্যাত অস্ত্রনিহিত ভগবতাকে জাগাইতে না পারিবে ততদিন পর্যাত তাহার জীবনের উদ্দেশ্য অসম্পূর্ণ থাকিতে বাধ্য। ভগবত্তা বলিতে অনশ্ত শক্তিসম্পন্ন শিবভাবকে ব্রবিতে হইবে। শিব অর্থাৎ পরমেখ্বর লীলাপ্রসংগ্য আপন স্বাতন্ত্র্যবলে নিজকে সংকর্চিত করিয়া পশ্রভাব অর্থাৎ জ্বীবভাব ধারণ করিয়াছেন। তাঁহার স্বভাব, এই সণ্ণেকাচের ফলে পশ**ু** অবস্থায়, অতান্ত সংকর্মিত হইয়া পাঁডয়াছে। সেইজন্য তাঁহার স্বভাবসিন্ধ ষাড়াগুণা পরিচ্ছিন হইয়া পড়িয়াছে। তিনি শ্বরূপে সর্বস্তু, সর্বকর্তা, বিভ্রু নিত্য ও আপ্তকাম হইলেও এই সঞ্চোচের প্রভাবে অঙ্গজ্ঞ, অঙ্গপকর্তা, পরিচ্ছিন্ন দেহ বারা পরিমিত ও আয়ৢবিশিষ্ট বলিয়া নির্দিষ্ট কালের অধীন এবং নানাপ্রকার বাসনারাশি দ্বারা কন্সাণ্কত। জীব অবস্থায় ইহাই স্বাভাবিক। বিদেহ কৈবলো যদিও এই সীমাবন্ধ গণ্ডীভাব থাকে না, তথাপি অপরিচ্ছিল জ্ঞানক্রিয়া শক্তির উন্মেষও হইতে পারে না। স্কুতরাং এই সকল দিব্যগ্রনের প্রণবিকাশ না হইলে শুধু কৈবলা লাভ করিলেই মনুষোর প্রণপ্ত লাভ হইল, ইহা বলা চলে না। প্রে'ত্ব লাভের জন্য অপরিচ্ছিন্ন শক্তির নিত্য সংযোগ থাকা আবশ্যক। ভগবৎ শক্তি মুলে চিৎশক্তি ও আনন্দশক্তিরপো হইলেও বৃষ্ঠা ইচ্ছাশন্তি, জ্ঞানশন্তি ও ক্রিয়াশন্তি ঐ মলে অব্যক্তশন্তিরই অভিবাভ প্রকাশ মাত্র। ভগবানের অনন্ত শক্তি চিং, আনন্দ, ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়ারপ্রে প্রধানতঃ বিভক্ত। ইহার মধ্যে চিৎ ও আনন্দ তাঁহার স্বরূপের অন্তর্গত এবং ইচ্ছা জ্ঞান ও ক্রিয়া তাঁহার প্ররূপ হইতে অভিন্ন হইয়াও প্রমাতা-প্রমেয়ের সম্বন্ধ নিবন্ধন ইচ্ছাদির পে নিতা সমবেত হইয়া বিরাজ করে। মলে শাক্ত যে চিৎশক্তি তাহা বলাই বাহ্যল্য।

এই চিংশন্তি মন্যাদেহে স্বাপেক্ষা অত্তরতম শক্তির্পে বিরাজমান। আনন্দ এই চিতেরই শ্বাভিম্থ বিশ্রাম মাত্র। গ্বাভন্তাবশতঃ চিং যেমন আনন্দর্পে পরিণত হয়, তদুপে আনন্দ বহিম্থে উচ্ছালত হইলে ক্রমশঃ ইচ্ছা, জ্ঞান ও স্বাল্তে ক্রিয়ার্পে পরিণতি লাভ করে। প্রে' আমরা দেখিয়াছি, যাহাকে আমরা বর্ণমাত্কা (letters of of alphabets) বাল তাহা এই সকল প্রথক্ আমরা বর্ণমাত্কা (retters of of alphabets) বাল তাহা এই সকল প্রথক্ ভাবেরই শান্দিক দ্যোতনা মাত্র। তদন্সারে 'অ' হইতেছে অন্তর বা চিংশক্তি, আ—আনন্দর্শান্তি, ই—ইচ্ছাশন্তি, উ—উন্মেষ বা জ্ঞানশন্তি, এবং এ, ঐ, ও, ও—অক্ষ্রট, ক্ষ্রট প্রভৃতি বিভিন্ন ক্রিয়াশন্তি। ক্রিয়াশন্তির পর আর শন্তির বিক্তার হয় না। তখন উহা প্রত্যাপ্রত হইয়া অল্তরালবতী সকল শন্তিকে গ্রেট্রা লইয়া সমন্টিভাবে বিন্দ্র অবন্থা প্রাণ্ড হয় এবং ঐ বিন্দ্র অন্তর চিংশন্তির সহিত যুক্ত হয়। বস্ত্রতঃ ইহা শিববিন্দ্র তাহাতে সন্দেহ নাই। ইহার পর ঐ বিন্দ্র নিজেকে বিভক্তবং করিয়া দ্রইটি বিন্দ্রের্পে আজ্বপ্রকাশ করে। ইহাই বিন্দ্রের বিস্বর্গলীলা। এই বিস্বর্গলীলা প্রসণ্ডের তম্বত হয়য়া

অহংভাবের বিকাশ করে। ইহাই প্র্ণ অহশ্তা। এই অহং-এর প্রতিযোগির্প্রে ইদংভাবের বিকাশ তখনও হয় না। ইদংভাবই বিশ্বের প্রতীক। সর্বপ্রথম শ্বাভল্টা প্রভাবে অহং হইতে প্রথক্ না হইয়াও প্রথক্তাবে ইদং-এর প্রকাশ হয়। ইহাই মহাসমন্টি স্থির প্রেভাস। ইদং-এর এই প্রথম র্পেটিকে— মহাশ্নেরেও অতীত পরমশ্নো বিলয়া ধরিয়া লওয়া যাইতে পারে। মহাসম্ভি স্থি হইতে সমন্টি এবং সমন্টি হইতে ব্যন্টির উদয় ক্রমশঃ ঘটিয়া থাকে। বিভিন্ন শতরে বিভক্ত শ্নেরে পর ব্র্শে, প্রাণ, মন, ইন্দ্রিয় ও বিষয় ক্রমশঃ সাজান রহিয়াছে। ইহার ভিতর দিয়াই স্থির বহিম্প্রী ধারা বহিয়া চলিয়াছে। বিষয়-স্থির ম্লে প্রকৃতির সদ্শ-পরিণাম হইতে বিসদ্শ-পরিণামের উল্ভব আছে জানিতে হইবে। ইহার বিশ্তারিত বিবরণ এখানে অনাবশ্যক।

मुद्

প্রের্থ যে চিংশক্তি বা অন্তরের কথা বলা হইল, অতাত্ত সক্ষা দৃষ্টিতে দেখিতে গেলে ইহাই অক্ল শ্বরপের আদিভ্ত কৌলিকী শক্তি। এই ক্লশক্তি ক্লক্-ডলিনী নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। ইহা যে বিসর্গণিত্তরই সক্ষাত্ম রপে তাহাতে কোন সন্দেহ নাই। নিখিল বিশেবর গ্রুরণ এই শক্তি হইতেই হইয়া থাকে। স্কিট ভেদ, ভেদাভেদ এবং অভেদ এই তিন প্রকার। ভেদ স্থিট গ্রুর, ইহার নাম আণব বিসর্গ। ভেদাভেদ স্থিট সক্ষা, ইহার নাম শান্ত বিসর্গ। এবং অভেদ সৃষ্টি পরম বা সক্ষাতিসক্ষা, ইহার নাম শান্ত বিসর্গ। এই তিনটির মধ্যে গ্রুল বিসর্গটি সংক্রিটিত জ্ঞানাত্মক চিংএর বিসর্গ মাত্র। যে গ্রুরণে ভেদোক্ম্থ অবন্থা জাগ্রত থাকে তাহাতে প্রমাতা প্রমেষ প্রভাতি সমগ্র বিশ্বই স্ক্রিটির বিষয়র্পে প্রকাশ পায়। সক্ষা বিসর্গকে চিত্তের সংবোধ বলে। এই অবন্থায় চিত্ত নিজের নিন্দের মধ্যে সমগ্র চরাচরের আহ্তি ইতেছে এইর্পে মনে হয়। ইহাই শক্তির অবন্থা। সক্ষাতিসক্ষা বিসর্গে চিত্ত থাকে না, উহা আনন্দাত্মক অভেদ অবন্থা। এই অবন্থায় চিত্ত প্রদীন হইয়া যায় এবং সর্গবিং বা ঠৈতনামাত্র বিদামান থাকে।

এই বিসগ'শক্তি অথণ্ড প্রকাশের পরাশক্তি নামে পরিচিত। ইহা পরপ্রমাতার সংগ্য অভিন্নরূপে বর্তমান থাকে। অতি স্ক্ষেদ্দিতৈ ইহা ইচ্ছারূপে বর্ণিত ইইবার যোগ্য। কামকলা বিজ্ঞানে ইহাকেই কামকলারূপে গ্রহণ করা হইয়া থাকে। কামকলার স্বরূপ তত্ত্বসূদ্ির প্রবিদ্থার কথা। এই ইচ্ছা যখন বাহিরের দিকে উন্মুখ হয়় তথন ইহাকে বিসগ' বলে। ইহার কারণ ক্ষোভ।

212

ক্ষোভের পরেবিম্থা 'অ', পরাবম্থা 'আ'। 'অ' চিংশক্তি এবং 'আ' আনন্দশক্তি ধীরে ধীরে ক্রিয়া পর্যন্ত বিশ্তার প্রাণ্ড হইয়া এই বহির্দ্ধাসে খেলা করিতে থাকে।

তিন

এই যে পরাশক্তি 'অ'এর কথা বলা হইল, ইহারই নামান্তর সপতদশী কলা অমা। ইহা নিত্যোদিত, কারণ ইহার তিরোধান কখনই হয় না, ইহাই অম্তকলা। ইহাই অম্তকলা প্রভৃতি ষোড়শকলার আপ্যায়ন করিয়া থাকে। বিসার্গ দুইটি। যেটি পর বিসার্গ—তাহাই আনন্দ বা 'আ' এবং যেটি অপর বিসার্গ—তাহাই 'হ'। এই দুইটি বিসর্গের গ্র-শ্বর্পপথ বা আত্মভৃত দুইটি বিশ্বর আছে। এই দুইটি বিশ্বর গতির খ্বারা অর্থাৎ দুইটি বিশ্বর অবভাসন প্রেক প্রস্তুত হইয়া অমাকলা উল্লাসিত হইয়া থাকে। অর্থাৎ 'অ' তত্তংর্পের অবভাসন প্রেক প্রস্তুত ইইল অমাকলা উল্লাসত হইয়া থাকে। অর্থাৎ 'অ' তত্তংর্পের অবভাসন প্রেক ইচ্ছাপ্রঃসর বহিম্ব'থে প্রবাহিত হইতে থাকে। প্রমাতা, প্রমাণ ও প্রমেয় এই অমাকলা হইতে অভিন্ন। তথাপি অমাকলা তাহাদিগকে তত্তংর্পে ভিন্ন ভিন্ন নিয়ত প্রকাশর্পে প্রকাশিত করে।

এই অমাকলা যখন বিসগাত্মক হয় অর্থাৎ যখন ইহা বহিম্ব্'থে থাকে না তখন ইহাকে শক্তিক্-ডালনী বলা হয়। ইহা প্রস্কৃত ভ্রন্তগাকার স্বাত্মমাত্রবিশ্রান্ত পরা সংবিং। বিসর্গের দ্বই প্রান্তে আছে দ্বইটি ক্-ডালনী। আদি কোটিতে যে ক্-ডালনী আছে তাহার নাম প্রাণক্-ডালনী। কারণ, বহিম্ব্'থে সংবিং এখানে প্রাণর্পেই প্রকাশিত হয়। অভিতম কোটিতে যে ক্-ডালনী আছে তাহার নাম পরা ক্-ডালনী। ইহাই আত্মবিশ্রান্ত পরা সংবিং। ইহা অভ্রেক্সম্থ। এই সংতদশী কলা শিব-ব্যোম, পরব্রদ্ধ অথবা শব্ধে অ ম্থান বলিয়া বণিত হইয়া থাকে।

যদি সংবিৎ ভিন্ন আর কিছন না থাকে তাহা হইলে পরাশন্তি কিসের স্ভি বা সংহার করিয়া থাকেন ইহা ভাবিয়া দেখিবার বিষয়। আমরা যে অবস্থার কথা বালিতেছি সেখানে মায়া, প্রকৃতি প্রভৃতি ভিন্ন উপাদানের কোন স্থান নাই। কারণ, আত্মা নিজ হইতে স্ভি করেন, নিজের মধ্যেই করেন (কারণ, দেশ কালাদি তাহা হইতে ভিন্ন নহে) এবং নিজেকেই স্রন্টব্য বিষয়র্পে বাহিরে নিক্ষিণত করেন। যে কোন প্রমাতা বা প্রমেয় স্ভ ইউক্ না কেন, বস্ত্তঃ সবই নিজ্ঞাবর্প হইতে অভিন্ন। এই স্বভন্ত প্রে ঠৈতন্যশন্তি ক্রমণঃ 'অ' হইতে 'হ' প্র্যাণত স্ফ্রিত হইয়া থাকে।

মন্যাদেহে স্করণে এই ক্তিলনীশন্তি বিদামান রহিয়াছে। এই স্কেত-শন্তি জাগ্রত হইয়া ক্রমশঃ উধর্বিদকে উপিত হইতে থাকে। এই ক্রমিক উপানের কালে মন্যের বিকাশের পরিপশ্থী যাবতীয় বিকল্পজ্ঞান উপশম প্রাণত হয়। চক্রের পর চক্র ভেদের ইহাই উদ্দেশ্য। কয়েকটি চক্রভেদ সম্পন্ন হইলে আত্মার ত্তীয় নেত্র মলশন্ন্য হইয়া শ্বছ্ছ ও প্রসমর্প ধারণ করে। বিকল্পসন্তের নিব্তির ফলে নিবিকল্পক শ্বর্প দর্শন আপনিই ঘটিয়া থাকে। অর্থাৎ তথন জ্ঞাননেত্রের উন্মীলন হয় এবং শিবোহং রপে আত্মশ্বরপের সাক্ষাৎকার হয়।

শিবরপৌ আত্মা যখন স্ভির আদিতে পশ্র সাজিয়াছিলেন তখন মাত্কার সাহায্যেই নিজের স্বরূপ গোপন করিতে সমর্থ হইয়াছিলেন। মাত্কাগরিল ম্বভাবসিম্পর্পে 'অ' হইতে 'হ' পর্য'ত উল্লাসিত হয়। এই উল্লাসে কোন रिवस्ता थारक ना, क्रम थारक ना, এवং বেগের मन्प्रजा वा जीवजाउ थारक ना। ইহাই অহম্তারপৌ মহাশন্তির প্রকাশ, যাহাতে সর্বশন্তির সমাবেশ রহিয়াছে। পশ্ সাজিবার সময় এই উল্লাস খণ্ড এবং বিষমভাবে হইয়া থাকে। সেইজন্য পশানত অনন্তপ্রকার প্রকৃতির বিকাশ হয়। এই সব প্রকৃতিই পশাপ্রকৃতি। পশাুম্পলে শিবভাব আচ্ছন হইয়া যায় এবং স্বাতন্ত্র্যের পরিবর্তে পারতন্ত্র্য আসিয়া পড়ে। বৃহত্যতঃ শিব নিজ শক্তি বারা ব্যামোহিত হইয়াই পশ্র সাজেন এবং পশ্রভাব ত্যাগের স্থেগ স্থেগ্র শিবভাবের উন্মেষ দেদীপামান হয়। তন্তে আছে— "শব্দরাশিসম্খস্য শক্তিবর্গস্য ভোগ্যতাম্। কলাবিল্কত-বিভবো গতঃ সন্ সঃ পৃশঃ স্মৃতঃ ।।" ইহার তাৎপর্য এই—ভিন্ন ভিন্নরপে ক্ষরেণশীল অকারাদি নিজের অবয়বসমহেই কলাপদবাচ্য। আত্মার যে ঐশ্বর্য তাহার তাৎপর্য এই যে ইহাতে যাবতীয় বর্ণ অশ্তনি হৈত রহিয়াছে। প্রবেক্তি কলার প্রভাবে বিষম স্ফারণবশতঃ আত্মার এই স্বাভাবিক ঐশ্বর্থ লাকত হইয়া যায়। তথন এই আত্মা দৈন্য প্রাণ্ড হয় এবং নিজম্বর প হইতে সম্ভতে শান্তবগের অধীন হইয়া পডে। পদ্ৰ অবস্থায় ইহাই স্বাভাবিক।

ক্রণ্ডালিনী প্রব্রুখ হইলে চিংশন্তি নিজের সন্বিংর্পে মাত্র প্রকাশ করে।
ইহা অতি প্রবল অণিনুশ্বর্প। ইহাকেই চিদণিন বলা হয়। গ্রুক্পা, ঈশ্বরক্পা, কালের পরিপাক, প্রুষ্কার অথবা অন্য কোন কারণে এই শক্তি জাগ্রত
ইইতে পারে। এই জাগরণের মালে প্রাণ ও অপান শক্তির সাম্য স্থাপন বলিতে
ইইবে। প্রাণ ও অপান বলিতে এখানে যাবতীয় বিরুখে শক্তি ব্রিঝয়া লইতে
ইইবে। বিরুখ শক্তির সাম্যভাবের নামই সমান বায়্র ক্রিয়ার ফলপ্রাণ্ডি। এই
সময় নিচিতে ক্লক্ভিলিনী জাগিয়া উঠে এবং সাধকের মন ও প্রাণ এই জাগ্রং

ক্-ভিলিনীর্পা অণিনশন্তির সহিত একীভ্ত হয়। এই একীভ্ত শন্তির শ্বারা দেহািশ্বত ছয়টি চক্রের মধ্যে প্রত্যেকটি চক্রকে আয়ন্ত করিতে হয়। এই ছয়টি চক্র পঞ্চত্ত ও চিন্তের প্রতীক। এই ছয়টি চক্রের ক্রিয়া হওয়া মানেই পঞ্চত্ত তের শোধন ও তাহার সপো সপ্রেই চিন্ত শোধন। পঞ্চত্ত শা্ম হইলে তাহার ফলে চিন্ত শা্ম হয়, এবং চিন্ত শা্ম হইলে তাহার ফলে পঞ্চত্তের শা্ম হয়। বাশ্তবিক পক্ষে এই ছয়টি চক্র ভৌতিক চৈত্য সংশ্বারের বিকল্পজালের প্রসার ক্ষেত্র। এই চক্রগা্লি জাগ্রং ক্-ভালিনীর্পা চৈতন্যশন্তি ম্বারা আপর্রেরত করিতে হইবে। স্ভিক্রমা বিন্দ্র, নাদ ও কলা অর্থাং মাত্কা এই তিনটি শ্বরের পরিচয় প্রাণ্ড হওয়া যায়। কারণ, প্রত্যেকটি দৈহিক চক্রই বহিম্ব থে দেখিতে গেলে এক একটি কমলের আকার। ইহাতে কমলের দলর্পে মাত্কা-বর্ণান্লি রাশ্মর আকারে নিঃস্ত হইতেছে। ইহার পর একটা ব্যাপক ঢালা প্রকাশ উধ্ব বাক্রপে নাদের শ্বান অধিকার করিয়াছে। স্বান্তে কমলের কর্ণিকা হইতে বিন্দ্রপ্রে চক্রেশ্বর ও চক্রেশ্বরীর আসন প্রতিষ্ঠিত রহিয়াছে।

জাগ্রং চিংশক্তি দেহ হইতে উন্থিত হইরা প্রত্যেকটি চক্রকে আক্রমণ করে। প্রথমে মলোধার চক্রে এই আক্রমণ ঘটে। ইহার ফলে চক্রান্থিত চারিটি বর্ণ উক্ত চিদণ্নির প্রভাবে বিগলিত হইয়া প্রদক্ষিণ ক্রমে ধারা বহিতে থাকে। এই ধারা নিজ প্রভাবে পর পর চারিটি বর্ণকে জাগাইয়া এবং নিজের সহিত মিলিত করিয়া মধ্যবিন্দরে দিকে ক্ষিপ্র অথবা মন্দবেগে অগ্রসর হইতে থাকে। মধ্যবিন্দর্ভে প্রবিষ্ট হইলে নাদ উপসংস্থত হইয়া বিন্দ্যরূপে পরিণত হয়। প্রতি চক্রের বিন্দুটি অধঃ-উধর্বাহী মধ্যমার্গ বা শ্ন্যে পথে বিরাজ করে। বর্ণ, নাদ ও বিন্দু প্রতি কমলেই বিদামান রহিয়াছে। প্রথম কমলের বিন্দুটি সমণ্ড কমল গ্রাস করিবার পর ব্রহ্মনাডীর উধর্ব আকর্যণের ফলে উপরকার চক্রে প্রবিণ্ট হইয়া পার্বের ন্যায় উহার বর্ণ, নাদ ও বিন্দরকে গলাইয়া ও নিজের সংখ্য একীভত করিয়া পরেবিং মধ্যনাড়ীর একীভতে বিন্দা পথে ব্রহ্মনাড়ীর উধর্ব আকর্ষণের ফলে উধর্নিকে আকৃত হইতে থাকে। পৃথক্ পৃথক্ বিন্দর তখন এক বিন্দ্রতেই পর্যবিসত হয়। এইভাবে ঐ বিন্দৃত অন্য বিন্দৃর সহিত অভিন্ন হইয়া জীবকল্যাণের জন্য ক্রমশঃ মধ্যনাড়ীর দিকে ধাবমান হয়। পণভতোত্মক পণচক্র ও মনোময় ষষ্ঠ চক্র বিধনস্ত হইয়া যায়। পঞ্চভতে ও যোগীর চিক্ত শুন্ধ হইয়া নিবিকিল্প শ্বচ্ছ প্রজ্ঞাতে ডুবিয়া যায়। তাহার পর আজ্ঞা চক্রের উধের্ব দিবাজ্ঞানের কেন্দ্র উন্মান্ত হয় । ইহা বশ্ততেঃ ক্রন্ডলিনীশক্তিরই উন্মেষপ্রাপ্ত অকথা ।

ষট্চক্রভেদের পর ল্মেধ্যে নিশ্নদেশ হইতে যাবতীয় বিকল্প তিরোহিত হইতে থাকে। তথন ললাউপ্রদেশে দেহাভিমান বিশ্বতি হইয়া পরম জ্যোতির অনুভবের

শান্ত জন্মে, এবং প্রতিদিন ঐ মহাজ্যোতির আকর্ষণে আকৃণ্ট হইয়া ক্রমশঃ অশ্তরতম ভাবে মহাশ্নের মধ্যে সহস্রদল কমলের আভাস দেখিতে পাওয়া যায়। ভ্রমধ্যম্থ বিন্দা হইতে সহস্রারের মহাবিন্দা পর্যাত অনেকগালি শতর আছে। এই সকল শতর ক্রমশঃ অতিক্রম করিয়া মহাশক্তি মহাবিন্দঃখ্য প্রম শিবকে আলিশান করেন। স্বদীর্ঘকালের বিরহের পর শিবশান্তর এই মহামিলন সংঘটিত হয়। তখন ক্রন্ডালনীশক্তি ক্রন্ডলভাব ত্যাগ করিয়া দন্ডরপে ধারণ করেন এবং অল্ডে মহাবিন্দ্রতে পরমশিবের সহিত সামরস্য লাভ করেন। এই মিলনের ফলে যে অমৃতধারা নিঃসতে হয় সেই সুশীতল ধারাতে মন ও প্রাণ অভিষিক্ত হয় ও উধর্বমুখ হইয়া সেই ধারা পান করিতে থাকে। সমান বায়ুর ক্রিয়ার পর উদান বায়রে ক্রিয়ানিকখন কর্ন্ডালনীর উধর্বগতি নিম্পন্ন হয়। এই উধর্বগতি বস্ত্রতঃ সহস্রারে পরিসমাণ্ড না হইয়া—ব্রহ্মরুধ্র পর্যন্ত অগ্রসর হয়। ইহার পর আর উধর্বগতি থাকে না। তখন ব্যান-শক্তির প্রভাবে নিজের খণ্ডসন্তা অনন্ত ব্যাপকরপে ধারণ করে। ইহাই সংক্ষিণ্ডভাবে আত্মার নিজম্ব-রপে ফিরিয়া যাওয়ার ইতিহাস। বিশ্বপিতা, বিশ্বমাতা এবং সম্তান তখন একই মহাসন্তারপ্রে আত্মপ্রকাশ করেন। ইহাই পরিপর্ণে অণ্বৈত স্থিতি এবং নিজের পর্ণেতা লাভ।

